INDEX

PROCEEDINGS OF THE TRIPURA LEGISLATIVE ASSEMBLY ASSEMBLED UNDER THE PROVISIONS OF THE GOVERNMENT OF UNION TERRITORIES ACT, 1963.

April 6, 1966.

The Assembly met in the Assembly Chamber, Agartala on Wednesday, the 6th April, 1966 at 11 A. M.

PRESENT

Shri Upendra Kumar Roy, Speaker, in the Chair, the Deputy Speaker, the Chief Minister, three Deputy Ministers and nineteen members.

Mr. Speaker :—I take up the first item. Starred Question. I would call on Shri Atiqul Islam.

Shri Atiqul Islam :—574.

Shri B. Das :—Hon'ble Speaker, Sir, starred question No. 574.

QUESTION		ANSWER
1. Whether it is a fact that a large number of vehicles are kept under the open sky in the premises of the V. M. Hospital, Agartala ;	:	Yes.
2. if so, the reasons thereof ;	:	Vehicles are kept there for want of garrage.
3. whether the Govt. proposes to construct garrages for the purpose ?	:	Government has already taken up the matter and the construction work will be taken up very soon.

শ্রীআতিকুল ইসলাম :—এই ভি, এম, হসপিটালের সামনে এই গাড়ীগুলি কয় বছর যাবত এইভাবে খোলা আকাশের নীচে পড়ে আছে ?

শ্রীবিনোদ বিহারী দাস :—কয় বছর এটা আমি বলতে পারছি না। তবে বেশ কিছুদিন যাবত আছে এবং গভর্ণমেণ্ট সেটা লক্ষ্য করছিলেন এবং সেজন্যই সেখানে একটা গ্যারেজ করার চেষ্টা এখন হচ্ছে এবং আশা করি শীঘ্রই সেটা হবে।

শ্রীআতিকুল ইসলাম :—মাননীয় মন্ত্রী মহোদয় কি বলবেন যে আজকে ১০।১২ বছর বা তারও কিছু বেশী সময় যাবত গাড়ীগুলি খোলা ময়দানে পড়ে থাকাতে, তিনি কি মনে করেন না যে গাড়ীগুলি নষ্ট হয়ে যাচ্ছে ?

শ্রীবিনোদ বিহারী দাস :—গাড়ীগুলি নষ্ট হয়ে যাচ্ছে সেটা সত্যি কথা। তবে ১০।১২ বছর যাবৎ এত গাড়ী ছিল না। আরও কম গাড়ী ছিল এবং অন্যান্য গাড়ীগুলি অন্যত্র রাখার ব্যবস্থা ছিল এবং সেখানে গ্যারেজ ছিল।

শ্রীআতিকুল ইসলাম :—গভর্ণমেণ্ট এখানে গ্যারেজ করার স্কীম কবে নিয়েছেন ?

শ্রীবিনোদ বিহারী দাস :—আই ডিমাণ্ড নোটিশ।

শ্রীআতিকুল ইসলাম :—গভর্ণমেণ্ট কি কোন সাইট সিলেক্ট করেছেন যে কোথায় গ্যারেজ হবে ?

শ্রীবিনোদ বিহারী দাস ঃ—এই তথ্য আমার কাছে এখন নেই। তবে একটা প্রস্তাব আছে গভর্ণমেণ্টের, সেই প্রস্তাব অনুযায়ী সেটা হচ্ছে।

শ্রীআতিকুল ইসলাম ঃ—প্রস্তাবটা কি এই বৎসরের না গত বৎসরের ?

শ্রীবিনোদ বিহারী দাস ঃ—আই ডিমাণ্ড নোটিশ।

শ্রীআতিকুল ইসলাম ঃ—তাহলে কি আমি মনে করতে পারি যে এই বছর হয়েছে অথবা গত বছর হয়েছে ?

শ্রীবিনোদ বিহারী দাস ঃ—এই সম্বন্ধে আমি নোটিশ ডিমাণ্ড করেছি। সুতরাং এই সম্বন্ধে আমার কোন কিছু বলার নেই।

শ্রীআতিকুল ইসলাম ঃ—যেখানে মাননীয় মন্ত্রী মহাশয় স্বীকার করেছেন যে ১০।১২ বছর যাবত এতগুলি গাড়ী নয় আরও কম গাড়ী ছিল সেখানে এত বৎসর যাবত গ্যারেজ তৈরী হল না কেন ?

শ্রীবিনোদ বিহারী দাস ঃ—আমি এই কথা বলিনি। আমি বলেছি যে ১০।১২ বৎসরের যে কথাটা মাননীয় সদস্য বলছিলেন সেটা আমি এই মুহূর্তে বলতে পারছি না। তবে সেখানে এতগুলি গাড়ী কোনদিনই ছিল না। সেই গাড়ীগুলিকে অন্য গ্যারেজে রাখার ব্যবস্থা ছিল। এখানে যখন গভর্ণমেণ্ট দেখলেন যে খোলা ময়দানে এতগুলি গাড়ী পড়ে আছে তখন গভর্ণমেণ্ট গ্যারেজের জন্য প্রস্তাব করেছেন এবং সেটা শীঘ্রই হবে।

শ্রীআতিকুল ইসলাম ঃ—গ্যারেজ তো নাই, গাড়ীগুলির উপর কোন ঢাকনা দেওয়া হয় কি ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ ঃ—প্রথম কথা হল ১০।১২ বছর বলেছেন। আমাদের বিধানসভার আয়ুষ্কাল '৬৩ ইং থেকে তিন বছর। অতএব এই আয়ুষ্কালের কথাই এখানে বলতে পারি। আমরা গ্যারেজ করার একটা সিদ্ধান্ত গ্রহণ করেছি যে আমাদের গ্যারেজ করা খুবই দরকার। গ্যারেজের প্রপোজ্যাল হলেই গ্যারেজ হয়ে যায় না, তার জন্য সাইট সিলেকশান করতে হয় এবং তদুপরি অনুদানের উপর নির্ভর করতে হয়। মাননীয় সদস্য জানেন যে ইমারজেন্সী মেজার হিসাবে ভেহিক্যালস এবং গ্যারেজ কার্টেলমেণ্ট করতে হয়েছিল এবং তারি জন্য গ্যারেজ করতে দেরী হয়েছে।

শ্রীআতিকুল ইসলাম ঃ—ইমারজেন্সীর সময় অনেক পেট্রোল খরচ হয়েছে এবং অনেক জীপ কেনা হয়েছে। এই সমস্ত কথা আমরা আনতে চাই না। তিনি বলেছেন তিন বছর হয়েছে বিধানসভা হয়েছে। যদি তিন বছরের হিসাবও নেই তাহলে একটা স্কীম প্রিপেয়ার করতে তিন বছর লাগলো, আমাকে কি এই কথা মনে করতে হবে ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ :—মাননীয় সদস্য বললেন যে জরুরী অবস্থায় পেট্রোল লাগে, জীপ লাগে। পেট্রোল কনজাম্পশানকে রেষ্ট্রিকশান করা হয় এবং সেখানে সবকিছুই করা হয়। মাননীয় সদস্যদের ইমারজেন্সীতে গাড়ী চালানোর দরকার নাই। কারণ সোলজার্স'রা পায়ে হেঁটে যাবে। এটাকে যখন কটাক্ষ করা হয়েছে অতএব কটাক্ষের উত্তর দেওয়া সমীচীন। মাননীয় সদস্য বলেছেন জীপ চলে, পেট্রোল পুড়ে। জীপ আরও অধিক সংখ্যায় চলবে, নষ্ট হবে, এটা জানা কথা। অতএব জীপ চলবে এবং পেট্রোল পুড়বে।

শ্রীআতিকুল ইসলাম :— সেণ্ট্রাল গভর্ণমেণ্ট কি এই কথা জানিয়েছেন যে তোমরা গাড়ী কিনতে পারবে কিন্তু গেরেজ তৈরী করতে পারবেনা ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ :—গাড়ী কিনার সাথে গেরেজের সম্বন্ধ থাকে না। মাননীয় সদস্যের সেটা জানা থাকা দরকার।

শ্রীআতিকুল ইসলাম :— আমার জিজ্ঞাসা হচ্ছে সেণ্ট্রাল গভর্ণমেণ্ট কি এই ইনষ্ট্রাকশান দিয়েছে যে ইমারজেন্সীর সময়ে গাড়ী কেনা যাবে কিন্তু ইমারজেন্সীর সময়ে গেরেজ তৈরী করা যাবে না ? এই রকম ইনষ্ট্রাকশান সেণ্ট্রাল গভর্ণমেণ্ট দিয়েছেন কিনা ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ :—গাড়ী কিনতে গেলেই রেষ্ট্রিকশান আছে, ইমারজেন্সীর সময়ে কোন কোন খাতে গাড়ী কেনা যাবে। অতএব গাড়ী কেনার সাথে কনষ্ট্রাকশন অব গ্যারেজর কোন সম্পর্ক নাই।

শ্রীআতিকুল ইসলাম :—আমার প্রশ্ন ছিল সেণ্ট্রাল গভর্ণমেণ্ট এই রকম কোন ইনষ্ট্রাকশন দিয়েছেন কিনা যে এখন গ্যারেজ তৈরী করা চলবে না গাড়ীর জন্য ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ ঃ— সমস্ত নিউ কনষ্ট্রাকশন বন্ধ করা হয়েছে।

শ্রীআতিকুল ইসলাম :—কথাটা একদম সত্যি নয়।

শ্রীশচীন্দ্র লাল সিংহ :- আমিও বলছি সব সত্য।

Mr. Speaker .—It is not a question. So you need not reply. I would call on Shri Hlura Aung Mag.

Shri Hlura Aung Mag :— 705

Shri B. Das :— Hon'ble Speaker, Sir, Starred Question No. 705

QUESTION	ANSWER
১। ১৯৬৫-৬৬ সালে দেশী মদ তৈয়ারীর অপরাধে বিলনীয়া বিভাগের বগাফা এলাকার কতজন উপজাতীয় সম্প্রদায়ের বিরুদ্ধে মামলা দায়ের করা হইয়াছে,	১। ৪ (চার) জন
২। তাহাদের মধ্যে কতজনের শাস্তি হইয়াছে ?	২। মামলাগুলি বিচারাধীন আছে।

শ্রীলুড়া আং মগ :— মাননীয় মন্ত্রী মহোদয় জানেন কি, শান্তির বাজারে একটা মদের দোকান খোলা হয়েছে এবং তারজন্য এইগুলি ঘটছে ?

শ্রীএস, এল, সিংহ :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, এখানে বলা হয়েছে যে মামলাটা বিচারাধীন, অতএব কি খোলা আছে কি না আছে সেটা এখন আমরা বলতে পারি না। মদের দোকান সেখানে থাকবে এবং লাইসেনসড্ শপ যদি থাকে, তাহলে খোলা থাকবে, চলবে।

শ্রীলুড়া আং মগ :— যদি শান্তিরবাজারে মদের দোকান থাকে, তাহলে সেটা তুলে আনা হবে কিনা ?

মিঃ স্পীকার :— যদি থেকে থাকে, ইট ইজ হাইপথেটিক্যাল কোয়েশ্চান, সো আনসার ইজ নট নেসাসারী।

শ্রীলুড়া আং মগ :— আমার প্রশ্ন হচ্ছে মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই যে মদের দোকান খোলা হয়েছে সেখানে, সেটাকে কেন্দ্র করে এই সমস্ত চলছে। সুতরাং আমার কথা হল শান্তিরবাজারের যে মদের দোকান খোলা হয়েছে সেটা তুলে আনা হবে কিনা, এটা আমি জানতে চাই।

শ্রীএস, এল, সিংহ :— প্রথম কথা হচ্ছে, এই অপরাধের সাথে সেই মদের দোকানের কোন সম্পর্ক আছে কিনা, সেটা বিচারাধীন, সেটা তদন্ত সাপেক্ষ। অতএব সেটা এখনই উত্তর দেওয়া সম্পূর্ণ অসম্ভব।

মিঃ স্পীকার :— শ্রীমনছুর আলি।

শ্রীমনছুর আলি :— ৮৫৭

শ্রীবি, দাস :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, ষ্টার্ড কোয়েশ্চান নাম্বার ৮৫৭

প্রশ্ন	উত্তর
১) (ক) ১৯৬৪-৬৫ ইং সনে কত টাকা গৃহ নির্ম্মাণখাতে ঋণ দেওয়ার জন্য মঞ্জুর করা হইয়াছিল ?	৩ লক্ষ ৫০ হাজার টাকা।
(খ) মঞ্জুরীকৃত সমস্ত টাকা বিলি করা হইয়াছিল কিনা ?	না।

শ্রীমনছুর আলী :— মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি, কত টাকা বাকী ছিল মঞ্জুরী দেওয়ার ?

শ্রীবি, দাস :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, লো ইনকাম গ্রুপে মঞ্জুরীকৃত ছিল ২ লক্ষ টাকা। তার মধ্যে ১,৮০,০০০ টাকা খরচ হয়েছে। মিডল ইনকাম গ্রুপে ১ লক্ষ টাকা মঞ্জুর করা হয়েছিল, তার মধ্যে ৭৭, ৬০০ টাকা খরচ হয়েছে, ভিলেজ হাউসিং স্কীমে মঞ্জুর হয়েছিল ৫০,০০০ টাকা তার মধ্যে খরচ হয়েছে ৪৭,৫৫০ টাকা।

শ্রীমনছুর আলী :— মাননীয় মন্ত্রী মহোদয় যে টাকা খরচ হয়েছে বললেন সেই টাকা কতজনকে দেওয়া হয়েছে বলবেন কি ?

শ্রীবি, দাস :— আই ডিম্যাণ্ড নোটিশ।

শ্রীমনছুর আলী :— মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি এই টাকাগুলি মিউনিসিপ্যাল এবং সাবডিভিশন্যাল টাউনগুলিতেই সীমাবদ্ধ না গ্রামাঞ্চলেও দেওয়া হয় ?

শ্রীবি, দাস :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, ভিলেজ হাউসিং স্কীম যেটা আছে সেগুলি সাধারণতঃ গ্রামাঞ্চলে দেওয়া হয়।

শ্রীমনছুর আলী :— মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি ভিলেজের কতজন লোক পেয়েছে ?

শ্রীবি, দাস :— আই ডিম্যাণ্ড নোটিশ।

মিঃ স্পীকার ঃ— শ্রীসুনীল কুমার চৌধুরী।

শ্রীসুনীল কুমার চৌধুরী :— ৮৬০

শ্রী বি, দাস :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, ষ্টার্ড কোয়েশ্চান নাম্বার ৮৬০

প্রশ্ন	উত্তর
১। সাব্রুম-উদয়পুর রাস্তার জন্যে সাব্রুম শহরে যাহাদের জমি সরকার খাস নিয়েছেন, তাদের সকলকে ক্ষতি-পূরণ দেওয়া হইয়াছে কিনা ;	১। না
২। না হইলে কয়জনকে ক্ষতিপূরণ দেওয়া বাকী আছে ;	২। ৫ জনকে।
৩। এবং ইহার কারণ কি ?	৩। একব্যক্তি টাকা গ্রহণের যোগ্য কিনা, সে সম্বন্ধে উপযুক্ত প্রমাণ দাখিল করে নাই। অপর দুইজন তাহাদের নামে মঞ্জুরীকৃত টাকা নিতেই আসে নাই এবং বাকী দুইজনের ক্ষতিপূরণের টাকা "ল্যাণ্ড একুইজিশন একৃট" এর ১৮ ধারা অনুসারে আদালতে জমা করা হইয়াছে।

শ্রীসুনীল কুমার চৌধুরী ঃ— মাননীয় মন্ত্রী মহোদয় বলবেন কি যে ১৮ ধারা অনুসারে যেটা নাকি আদালতে জমাকরা হয়েছে সেটা কিভাবে তাবা পেতে পারে ?

শ্রী বি, দাস :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, সেই আইন অনুযায়ী অর্থাৎ ১৮ ধারা অনুযায়ী উনারা পাবেন।

শ্রীসুনীল কুমার চৌধুরী ঃ— অন্যান্যদের টাকা যেটা পড়ে আছে বললেন, উনারা টাকাটা কিভাবে পাবেন বলতে পারেন কি ?

শ্রী বি, দাস :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি প্রশ্নের উত্তরে বলেছিলাম যে এক ব্যক্তি টাকা পাওয়ার যোগ্য কিনা সেই বিষয়ে কোন প্রমাণ দাখিল করেন নি। আর দুইজন তাদের নামে মঞ্জুরীকৃত টাকা নিতে আসেন নাই, সুতরাং তারা এলেই পাবেন, এবং যোগ্য কিনা সেইটুকু প্রমাণ করলেই পাবেন।

শ্রী আতিকুল ইসলাম ঃ— মাননীয় মন্ত্রী মহোদয় কি জানাবেন টাকা পাওয়ার যোগ্য হতে হলে তাকে কি কি প্রমাণ দেখাতে হবে ?

শ্রী বি, দাস ঃ— অনেকগুলি প্রমাণের মধ্যে তার নাগরিকত্ব প্রমাণের দলিলপত্র দাখিল করাও হচ্ছে একটি, কিন্তু তিনি তা দেখান নাই।

শ্রীআতিকুল ইসলাম :— জায়গার ক্ষতিপূরণ পেতে হলে কি নাগরিকত্ব প্রমাণ করতে হয়, না প্রমাণ করতে হয় না ?

শ্রী বি, দাস ঃ— মাননীয় অধ্যক্ষ মহোদয় আমি বলছিলাম যে অনেকগুলির মধ্যে নাগরিকত্বও একটি। তার মধ্যে নাগরিকত্ব এবং ওনারশিপের প্রমাণ পত্র দাখিল করতে হবে।

Mr. Speaker :— The question was that, whether it is essential to one to get his money for land ?

শ্রী এম, এল, ভৌমিক :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, কাউকে জায়গার ক্ষতিপূরণ নিতে হলে নাগরিকত্বের দলিল দেখাতে হয় এবং সে যে জমির মালীক সেটা প্রমাণ করতে হয়।

শ্রী আতিকুল ইসলাম :—নাগরিকত্বের দলিল একজন কি করে দেখাবে, নাগরিকত্বের কি কোন দলিল থাকে ?

শ্রী এম, এল, ভৌমিক :— এখানকার সে যে নাগরিক, অধিবাসী, ইণ্ডিয়ান সিটিজেন, এখানে যে তার জমিজমা আছে তা প্রমাণ করতে হবে।

শ্রী আতিকুল ইসলাম :— অধিবাসী আর নাগরিক এক কথা নয়। অধিবাসী আর নাগরিকত্ব দুইটি ভিন্ন জিনিষ। কাজেই আমাকে কি নাগরিকত্ব প্রমাণ করতে হবে না জায়গার মালিকানা প্রমাণ করতে হবে ?

শ্রী এম, এল, ভৌমিক :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, যিনি এই দেশের নাগরিক তিনিই এই দেশের অধিবাসী।

শ্রী আতিকুল ইসলাম :— স্যার অধিবাসী আর নাগরিক কি এক জিনিষ ? আমি এখানকার বাসিন্দা আর নাগরিক সেটা কি এক কথা হল ?

Mr. Speaker :— One may be the resident of this territory even though he is not the citizen. For citizenship, residence is necessary but only residence is not sufficient to be a citizen.

শ্রী এম, এল, ভৌমিক :— But residence will prove that he is a citizen of India.

শ্রী আতিকুল ইসলাম :— বাসিন্দা এবং নাগরিক এই দুইটা ভিন্ন জিনিষ। যারা এখানকার নাগরিক তারা নিশ্চয়ই এখানকার অধিবাসী। কিন্তু যারা বাসিন্দা তারা নাগরিক নাও হতে পারে। কাজেই তাকে কোনটা প্রমাণ করতে হয় ? সে এখানকার পার্মানেণ্ট রেসিডেণ্ট এটা প্রমাণ করতে হয়, নাকি ইণ্ডিয়ান সিটিজেনশিপ প্রমাণ করতে হয় ?

শ্রী এম, এল, ভৌমিক ঃ— One who is a permanent resident of this State i. e. of India, is a citizen of India.

শ্রী আতিকুল ইসলাম :— এই সংজ্ঞা আপনি কোথায় পেয়েছেন ?

শ্রীএম, এল, ভৌমিক ঃ— মাননীয় অধ্যক্ষ মহোদয়, এটাই হচ্ছে প্রচলিত সংজ্ঞা।

শ্রীআতিকুল ইসলাম ঃ— এটা পলিটিক্যাল সাইন্সের সংজ্ঞা নয়। আই উইস টু নো, একটা লোককে ক্ষতিপূরণ পেতে হলে, নাগরিকত্ব প্রমাণ করতে হয় কি হয়না ? কারণ আগে একবার বলা হয়েছিল যে প্রমাণ করতে হয় না, এখন বলা হচ্ছে যে হয়।

শ্রী এম, এল, ভৌমিক :— মাননীয় সদস্যের প্রশ্নটা আমি বুঝতে পারছিনা। তিনি যদি প্রমাণ করতে না পারেন, তাহলে তিনি যে রাইট ক্লেইমেণ্ট সেটা কি করে প্রমাণ করবেন ?

Shri Atiqul Islam :— I may establish that I am the owner of the property, but I am not the citizen of India. এই কেপাসিটিতে আমি টাকাটা পাব কিনা ?

Shri M. L. Bhowmik :—Hon'ble Speaker, Sir, a man can be the owner of the property here without being a citizen ?

Shri Atiqul Islam : —Yes, he can be. আমার সম্পত্তি বিলাতে থাকতে পারে, আমেরিকায় থাকতে পারে, তারজন্য আমি সেখানকার নাগরিক হব না। কাজেই রেসিডেণ্ট এবং সিটিজেনশিপ আর নট দি সেম থিং।

শ্রীশচীন্দ্র লাল সিংহ :—In that case when his ownership is settled, he is to get the money through the International Bank. So he is to follow them and he is to follow all the formalities accordingly ;

শ্রীআতিকুল ইসলাম :—আমি যদি এখানে থাকি, আমি নাগরিক না হতে পারি, তাহলেও আমি টাকাটা ব্যাঙ্ক থেকে নিতে পারি। তারপর আমি যদি টাকাটা পাকিস্তানে নিয়ে যেতে চাই, তখন এই সমস্ত ফর্মালিটিজের প্রশ্ন আসবে আমি টাকাটা শিফট করতে পারব কিনা। কিন্তু আমি এখানে আছি, আমি নাগরিক নাও হতে পারি, টাকাটা তখন আমার কাছে ক্যাশ পেমেণ্ট করতে বাধা নাই, সোফার আই আণ্ডারষ্টেণ্ড দি ল।

শ্রীশচীন্দ্র লাল সিংহ :—তাহলে দেখতে হবে যে টাকাটা যে আমি তাকে দেব তার অ্যাস্যুরেনস আমাকে দিতে হবে যে টাকা দিলে পরে সে টাকাটা এখানে রাখবে, পাকিস্তানী সিটীজেন যদি হয়। অতএব সেইসমস্ত অ্যাস্যুরেনসের জন্য এটাও দেখা দরকার এবং সেই দিক দিয়ে লক্ষ্য রেখে ইণ্টারন্যাশন্যাল যে ম্যানেজমেণ্ট হবে সেই অনুসারেই সেই টাকা তাকে দেওয়া হবে। ডিরেকটলী দেওয়া হয় না।

শ্রীআতিকুল ইসলাম ঃ—একজন ইণ্ডিয়ান নাগরিক কি টাকাটা পাওয়ার পর টাকাটা পাকিস্তানে পাঠাতে পারে না ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ ঃ—ইণ্ডিয়ানদের বেলায় সেটা প্রয়োজ্য নয়।

শ্রীআতিকুল ইসলাম ঃ—আমি এই কথাটা জানতে চাচ্ছি স্যার, আমাকে ক্ষতিপূরণটা পেতে হলে নাগরিকত্ব প্রমাণ করতে হয়, নাকি আমাকে ওনারশিপ প্রমাণ করতে হয় ? কোনটা প্রমাণ করতে হয় ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ ঃ—পাকিস্তান ন্যাশনেল হলে পরে তাকে আমরা ডিরেকটলী টাকা দিতে পারি না। অ্যাকর্ডিং টু ল তাকে টাকা দিতে হবে through the Bank.

Mr. Speaker :—We are losing much time on this question,

শ্রীসুনীল কুমার চৌধুরী ঃ— মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি যে, কি কারণে ডিসপুটটা সেখানে উঠেছে ?

শ্রীমণীন্দ্র লাল ভৌমিক ঃ—সেটা আমি এখন বলতে পারব না।

শ্রীসুনীল কুমার চৌধুরী ঃ— মাননীয় মন্ত্রী মহোদয়, জানাবেন কি যে টাকাটা কোর্টে পড়ে আছে, সেটা কি ভাবে পাওয়া যাবে ?

শ্রীমণীন্দ্র লাল ভৌমিক ঃ—ডিসপুট শেষ হলেই টাকা কোর্ট দিয়ে দেবে।

শ্রীআতিকুল ইসলাম ঃ—মাননীয় মন্ত্রী মহোদয় কি জানাবেন, সুনীল কুমার চৌধুরী নামীয় কোন ভদ্রলোক কি ক্ষতিপূরণের টাকাটা পাবে ?

শ্রীমণীন্দ্র লাল ভৌমিক ঃ— সুনীল কুমার চৌধুরী মহাশয় ছাড়াও হয়ত বা অন্য কোন দাবীদার আছে, যেটার জন্য ডিসপুট অ্যারাইজ করেছে।

শ্রীলুড়া আং মগ ঃ—কি ধরণের ডিসপুট মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ ঃ—ল্যাণ্ড ডিসপুট। হয়ত উনি তার মালিক নন। আর একজন মালিক হতে পারে। সে এখানে এসে দাবীদার হতে পারে। হয়ত সেই জায়গা খাস আছে। তারপর রিজার্ভ ফরেষ্টের অন্তর্ভুক্ত আছে কিনা সেটা দেখতে হবে। সেইসমস্ত ডিসপুট আসতে পারে নানা কারণে। হয়ত তিনি প্রপার্টির রিয়েল ওনারই নন।

Mr. Speaker :—I see, we are turning the Assembly to a law court. So we shall put an end to this. Shri Monoranjan Nath.

Shri Monoranjan Nath :—916

Shri M. L. Bhowmik :—Hon'ble Speaker, Sir, Question No. 916.

QUESTION	ANSWER
1) How many S. P. T. Bridges are required for Dharmanagar-Tilthai Road ;	1) 9 (nine).
2) how many S. P. T. Bridges have actually been constructed or in the way of construction ;	2) None
3) when the Road and Bridges are hoped to be completed ?	3) Katcha road is expected to be completed by June, 1966. Bridges will be completed within a year after receipt of sanction to the estimate for bridge work.

শ্রীমনোরঞ্জন নাথ :— মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি, যে সেকেণ্ড প্ল্যানে একটা পুরাতন রাস্তা আরম্ভ হল যে রাস্তার দৈর্ঘ্য হল ৭ মাইল ১ ফার্লং সেই রাস্তাটা আজ পর্য্যন্ত না হওয়ার কারণটা কি ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ :—আগেই বলা হয়েছে যে ৯টা এস, পি, টি ব্রীজ সেখানে করতে হবে। ১৯৬৬ সনের জুন মাসে কাচ্চা রোড শেষ হবে বলে বলা হয়েছে। কাচ্চা রোডসগুলি যদি শেষ না হয় তাহলে পরে ব্রীজগুলি করা চলে না। কাচ্চা রোডসগুলি যদি তৈরী করতে হয় তাহলে তার ইকোয়াল গ্রেডিং থাকা চাই। গ্রেডিং যতক্ষণ পর্য্যন্ত না হবে ব্রীজ সেই জায়গাতে তৈরী করা চলে না। অতএব সেই সমস্ত কারণেই সেটা হয় নি।

শ্রীআতিকুল ইসলাম :— রাস্তা তৈরী হওয়ার পরে ব্রীজ তৈরী হয়, না ব্রীজ তৈরী হওয়ার পরে রাস্তা তৈরী হয় অথবা দুটো কাজ এক সঙ্গেই চলে ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ :— দুটো কাজ এক সঙ্গে চলে না। রাস্তা তৈরী হলে তারপর কাচ্চা রাস্তা যখন তৈরী হবে তার লেভেলিং যখন ঠিক হবে তখনি এস, পি, টি, ব্রীজ করা হয়। আর টেমপোরারী কতগুলি ব্রীজ করা হয়। সেটা ব্রীজের যে স্কীম থাকে তারি অন্তর্গত। অতএব সেইভাবে সে কাজ হয়। তারপর যদি রাস্তাটা সলিড হয়ে যায় তখনি এস, পি, টি ব্রীজের কাজ সুরু হয়। অতএব ৬৬ ইং মধ্যেই কাচ্চা রোড আমরা শেষ করব বলে আশা করছি।

শ্রীআতিকুল ইসলাম :— মাননীয় মন্ত্রী মহোদয় কি জানাবেন, যে অনেক জায়গায় রাস্তা হয় না। কিন্তু ব্রীজ হয়ে সেগুলি শূন্যে ঝুলছে কিনা ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ :—এটা হয় না। তবে এস, পি, টি, ব্রীজ করা হয়। আমি আগেই বলেছি, কাচ্চা রোডসের কাজকে তরান্বিত করার জন্য কতগুলি টেমপোরারী ব্রীজ করা হয় এবং এমন কোন জায়গা নাই যেখানে রাস্তা নাই, কিন্তু এস, পি, টি ব্রীজ হয়ে আছে।

শ্রীআতিকুল ইসলাম --- মাননীয় মন্ত্রী মহোদয় কি জানাবেন, যে দুর্গানগর থেকে কলম ছড়া যে রাস্তাটা হওয়ার কথা সেই রাস্তাটা এখনও হয় নি কিন্তু ব্রীজ হয়ে আছে কিনা ?

Shri M. L. Bhowmik :—That is not relevant.

Shri Atiqul Islam :—There is Speaker.

Mr. Speaker :— Yes, Hon'ble Minister may give the answers or he may demand notice.

শ্রীমণীন্দ্র লাল ভৌমিক :— মাননীয় অধ্যক্ষ মহোদয় টেমপোরারী ব্রীজ থাকতে পারে এবং তা ঝুলতে পারে।

শ্রীআতিকুল ইসলাম :—না, স্যার, এস, পি, টি, ব্রীজ।

শ্রীমনোরঞ্জন নাথ :—মাননীয় মন্ত্রী মহোদয় বলবেন কি, যে সমস্ত ব্রীজগুলি আগামী ৬৬ইং মধ্যেই কমপ্লীট হবে কিনা ?

শ্রীশচীন্দ্র লাল সিংহ :— সেটা আমি আগেই বলেছি যে আমরা স্যাংশান পেলে পরেই সেটা করতে পারব।

Mr. Speaker :— It depends upon the outside factors. I would call on Shri Nishikanta Sarkar.

Shri Nishikanta Sarkar :— 928.

Shri B. Das :— Hon'ble Speaker, Sir, Starred Question No. 928.

প্রশ্ন	উত্তর
১) উদয়পুরে বিভিন্ন ইজারাখাতে বিগত ১৯৬৫ইং সনে কত টাকা সরকারের আয় হইয়াছে এবং কত টাকা বকেয়া রহিয়াছে এবং কাহার নিকট রহিয়াছে ?	তথ্যাদি সংগ্রহ করা হইতেছে।

শ্রীলুড়া আং মগ :— মাননীয় মন্ত্রী মহোদয় কি জানাবেন, এই স্কীমটা কোন্ ডিপার্টমেন্ট থেকে করা হয়েছিল ?

শ্রীবি, দাস :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, স্কীমটা পি, ডব্লিও থেকে করা হয়েছিল।

শ্রীআজিকুল ইসলাম :—এটা কি থার্ড প্লেনের স্কীম ?

শ্রীএস, এল, সিংহ :— It is the proposed scheme. So when the scheme has not yet been sanctioned, we can not tell, whether it is in the 3rd plan or in the 4th plan scheme.

শ্রীলুড়া আং মগ :— মাননীয় মন্ত্রী মহোদয় কি জানাবেন, ট্রাইবেল ওয়েল ফেয়ার স্কীম থেকে এখানে সেকেণ্ড প্ল্যানে কিছু কাজ করান হয়েছিল, এটা ঠিক কিনা ?

শ্রীএস, এল, সিংহ :— আই ডিমাণ্ড নোটীশ।

শ্রীএরসাদ আলী চৌধুরী :— মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি, এই কাকরাবন টু বরপাথারি এবং মির্জা পর্য্যন্ত কত মাইল রাস্তা ?

শ্রীবি, দাস :— এ্যাবাউট ৩০ মাইলস।

মিঃ স্পীকার :— শ্রীআবদুল ওয়াজিদ।

শ্রীআবদুল ওয়াজিদ :— ৯৫১

শ্রীবি, দাস :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, ষ্টার্ড কোয়েশ্চান নাম্বার ৯৫১

QUESTION	ANSWER
1) When the land was acquired for agricultural firm at Churai Bari ;	1) On 19.2.59
2) whether the amount sanctioned for compensation was fully paid to the owners of the said land ;	2) No.

3) if not, the measure taken by the Govt ;	3) Payment to all the awardees was tendered in 1959, but they did not turn up to take payment.
4) whether any case was instituted by the owners of the land : If it be so, what is the result of the case ?	4) Yes. The case has been dismissed on 22.7.1963 on contest with cost to the respondent.

শ্রীআবদুল ওয়াজিদ ঃ— কেস নিষ্পত্তি হওয়ার পর, ওনার্স অব ল্যাণ্ড যারা, তাদেরকে টাকা নেওয়াব জন্য কোন নোটিশ দেওয়া হয়েছিল কিনা ?

শ্রীএম, এল, ভৌমিক :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই টাকা নেওয়ার জন্য নোটিশ দেওয়া হয় না, কারণ এটা রেভিন্যু ডিপজিটে আছে ।

মিঃ স্পীকার :— শ্রীহেমন্ত দেব ।

শ্রীহেমন্ত দেব :—২৫৭

শ্রীবি, দাস :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, ষ্টার্ড কোশ্চেন নাম্বার ২৫৭

প্রশ্ন	উত্তর
ক) কাশীপুর হইতে কামালঘাট পর্য্যন্ত যে রাস্তা তৈরী হইয়াছিল ঐ রাস্তাটি আজ পর্য্যন্ত কেন শেষ হইতেছে না ?	ক) কাশীপুর হইতে মৈরামনগর পর্য্যন্ত রাস্তা আছে। মৈরামনগর হইতে কামালঘাট পর্য্যন্ত রাস্তা করার কোন পরিকল্পনা সরকারের নাই।
খ) রাস্তায় যে কয়টি পুল দেওয়া হইয়াছিল, সেগুলি কত বৎসর যাবৎ চলাচলের অযোগ্য হইয়া পড়িয়া আছে।	খ) কাশীপুর হইতে মৈরামনগর পর্য্যন্ত পুল যাতায়াতের উপযোগী। মৈরামনগর হইতে কামালঘাট পর্য্যন্ত রাস্তায় পুল মেরামতের কোন পরিকল্পনা সরকারের নাই।
গ) রাস্তা এবং রাস্তার উপরে প্রয়োজনীয় জায়গায় পুল দিয়া রাস্তাটি মেরামত করার সরকারের কোন পরিকল্পনা আছে কি না ?	গ) কাশীপুর হইতে মৈরামনগর পর্য্যন্ত রাস্তা যথারীতি রক্ষণাবেক্ষণ করা হইতেছে। মৈরামনগর হইতে কামালঘাট পর্য্যন্ত রাস্তা মেরামত করার কোন পরিকল্পনা সরকারের নাই।

শ্রীহেমন্ত দেব ঃ—মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি, এই রাস্তা কোন সালে করা হয়েছিল ?

শ্রীবি, দাস ঃ—আই ডিমাণ্ড নোটিশ ।

শ্রীলুড়া আং মগ :—মৈরামনগর হইতে কামালঘাট রাস্তাটা করার কোন প্রয়োজনীয়তা সরকার মনে করেন কিনা ?

মিঃ স্পীকার :—অলরেডি বলা হয়েছে যে নেই।

শ্রীসুড়া আং মগ ঃ—করার প্রয়োজন বোধ করেন কিনা ?

শ্রীবি, দাস ঃ— মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই রাস্তা করার কোন পরিকল্পনা সরকারের নাই। তবে ফোর্থ প্ল্যানে জিরানীয়া হইতে মোহনপুর পর্য্যন্ত একটা রাস্তা যাবে, সেই রাস্তা দ্বারা মৈরামনগরের সঙ্গে যোগাযোগ রক্ষা হবে।

শ্রীহেমন্ত দেব ঃ—মাননীয় মন্ত্রী মহাশয় স্বীকার করবেন, যে কাশীপুর হইতে কামালঘাট পর্য্যন্ত রাস্তা করার জন্য কোন কনট্রাকটারকে কনট্রাক্ট দেওয়া হয়েছিল কিনা ?

শ্রীবি, দাস :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, সরকারের এটা জানা নাই।

মিঃ স্পীকার :—শ্রী আতিকুল ইসলাম।

শ্রীআতিকুল ইসলাম ঃ— ৬২৭

শ্রীবি, দাস ঃ—মাননীয় অধ্যক্ষ মহোদয়, ষ্টার্ড কোয়েশ্চান নাম্বার ৬২৭।

QUESTION	ANSWER
1) Whether it is a fact that a large number of vaccinators appointed under Small Pox Eradication Programme, have been served notices of termination;	No
2) if so, what are the reasons ?	Does not arise.

শ্রীআতিকুল ইসলাম ঃ—তারা কি এখনও চাকুরী করেছেন না করছেন না ?

শ্রীবি, দাস ঃ—মাননীয় অধ্যক্ষ মহোদয়, তারা চাকুরী করছেন।

মিঃ স্পীকার ঃ—শ্রীমুনছর আলী।

শ্রীমুনছর আলী ঃ—৮৭৭

শ্রীবি, দাস :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, ষ্টার্ড কোয়েশ্চান নাম্বার ৮৭৭

প্রশ্ন	উত্তর
সোনামুড়া সহর, অফিস কাছারী ও সোনামুড়া শহরের সংলগ্ন গ্রাম সমূহ গোমতী নদীর বন্যার প্রকোপ হইতে রক্ষা কল্পে উক্ত এলাকার গোমতীর গতিপথ পরিবর্তনের সরকারের পরিকল্পনা আছে কি ?	উহা বিবেচনাধীন আছে।

শ্রীমুনছর আলী ঃ— মাননীয় মন্ত্রী মহোদয়, জনসাধারণ এই নদী কাটিয়া অন্যদিকে এই জলটা কে সরিয়ে দেওয়ার জন্য দরখাস্ত করেছেন কিনা ?

শ্রীবি, দাস ঃ— আই ডিমাণ্ড নোটিশ।

মিঃ স্পীকার ঃ—শ্রীসুনীল কুমার চৌধুরী।

শ্রীসুনীল কুমার চৌধুরী ঃ—৮৫৯

শ্রীবি, দাস :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, ষ্টার্ড কোয়েশ্চান নাম্বার ৮৫৯।

QUESTION	ANSWER.
1) What is the progress of the work of the Radio Station, Tripura ;	1) The works for construction of building are nearing completion.
2) When it is expected to be completed ?	2) The building is expected to be completed by 31/5/1966.

শ্রীআতিকুল ইসলাম ঃ—তখন কি রেডিও ষ্টেশান কমপ্লীট হয়ে যাবে, সেটা কি তখন ফাংশান করবে ?

শ্রীবি, দাস ঃ—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি বলেছি যে বিল্‌ডিং ইজ একস্‌পেকটেড টু বি কমপ্লীটেড।

শ্রীআতিকুল ইসলাম ঃ—মাননীয় মন্ত্রী মহোদয় কি জানাবেন, যে রেডিও ষ্টেশানের আর সব যে যন্ত্রপাতি আছে, সেগুলি এনে কবে পর্য্যন্ত সেটা কমপ্লীট করা যাবে ?

শ্রীবি, দাস :— মাননীয় অধ্যক্ষ মহোদয় অল ইণ্ডিয়া রেডিও অথরিটি সেখানে কাজ করছেন, কাজেই এই সম্বন্ধে ডিটেলস আমরা বলতে পারবনা।

Mr. Speaker :— Shri Ershad Ali Choudhury.

Shri Ershad Ali Choudhury :— 938.

Shri B. Das :— Hon'ble Speaker Sir, Question No. 938.

QUESTION	ANSWER
What sum of money was sanctioned for construction of a bridge over Ranicherra near Rani Mouza under Salgara Tahasil at Udaipur Sub-division in the year 1961-62 ;	1. Rupees ten thousand.
2. if so, whether the work has been completed ;	2. No.
3. if not, the reason thereof ?	3. (a) Failure of the contractor to execute the work. (b) Subsequent contemplation for change in design of the bridge.

শ্রীএরসাদ আলী চৌধুরী :—এরপর আর কোন কনট্রাকটরকে দেওয়ার জন্য কোন চেষ্টা হয়েছে কিনা ?

শ্রীবি, দাস :— ডিজাইনের চেঞ্জের কথা বিবেচনা করা হচ্ছে। কাজেই আর কোন কনট্রাকটরকে দেওয়া হয় নাই।

শ্রীএরসাদ আলী চৌধুরী ঃ—মাননীয় মন্ত্রী মহোদয় কি বলবেন যে হাফ ডান অবস্থায় এটার উপর থেকে একজন লোক পড়ে মারা গিয়েছে, এটা সত্যি কি না ?

শ্রী বি, দাস :— এই মুহুর্ত্তে সেটা বলতে পারছি না।

Mr. Speaker :— Shri Abdul Wazid.

Shri Abdul Wazid :— 948.

Shri B. Das :— Hon'ble Speaker, Sir, Starred Question No. 948.

QUESTION.	ANSWER.
1) Whether there is any plan in Tripura to reserve any plot of lands for grazing field;	1) No. But in course of the present Settlement Operations, some areas in different Sub-divisions have already been recorded as 'Gochar' (Grazing field) because of the fact that these areas are already being used by the villagers as such. In villages where there is no such land already in existence, suitable khas land may be selected for pasturage and set apart for the purpose. Application for the purpose when received are disposed of u/s 13 of the Tripura Land Revenue and Land Reforms Act, 1960.
2) if it be so, the acres of lands (Sub-division-wise) ?	2) See table below.

2) Name of Sub-division.	Area of land already recorded as Gochar.	Area of land set apart for pasturage under section 13 of the T.L.R.& L. R. Act,	Total
Sadar	77.71	1.00	78.71
Dharma-nagar	2022.84	254.34	2277.18
Kailasahar	1496.59	46.70	1543.29
Kamalpur	1.76	—	1.76
Belonia	179.01	—	179.01
Amarpur	6649.84	—	6649.84
Sabroom	1220.65	—	1220.65

শ্রীআবদুল ওয়াজিদ ঃ—আমাদের ত্রিপুরাতে গরু যে পরিমাণ আছে তার তুলনায় যে পরিমাণ গোচারণ ভূমি রাখা হয়েছে সেটা যথেষ্ট কিনা ?

শ্রী বি, দাস :—মাননীয় সদস্য যে প্রশ্ন করেছেন সে সম্বন্ধে সরকার বিবেচনা করছেন এবং দেখছেন। তবে যতটুকু মনে হচ্ছে সেটা প্রচুর নয়।

শ্রীসুড়া আং মগ :—বিলোনীয়াতে ১৭৯ একর এর কিছু উপর যে গোচারণ ভূমি রেখেছেন সেটা কোন তহশীলের এবং কোন মৌজার মধ্যে রেখেছেন ?

শ্রী বি, দাস :—আই ডিমাণ্ড নোটিশ।

Mr. Speaker :—Shri Hemanta Deb

Shri Hemanta Deb :—958.

Shri B. Das :—Hon'ble Speaker, Sir question No. 958. The materials are under collection.

Mr. Speaker :—Shri Atiqul Islam.

Shri Atiqul Islam :—581

Shri B. Das :—Hon'ble Speaker, Sir, question No. 581.

QUESTION	ANSWER
1) Whether there is any Surgeon attached to the Children Clinic, V. M. Hospital,	None is specifically attached to Children Clinic.
2) if so time of his attending the Clinic ?	No specific time. As and when required.

শ্রীআতিকুল ইসলাম ঃ—চিলড্রেন ক্লিনিকে কি একজন সার্জেনকে ডিপুট করা প্রয়োজন নয় ?

শ্রীবি, দাস ঃ—আমাদের একজন সার্জন সেখানে আছে। তবে আমি বলেছি যে নান ইজ স্পেসিফিক্যালী এটাচড্। তবে সেখানে আমাদের দুইজন সার্জন আছে। তাদের মধ্যে অলটারনেট ডেতে জি, বি,তেও দেখেন এবং ভি, এম, এ ও দেখেন। সেখানকার অথরিটি যিনি আছেন তিনি যদি রেফার করেন তাহলে তিনি ইনডোর পেসেন্টও দেখেন।

শ্রীআতিকুল ইসলাম ঃ—ভি, এম, হসপিটালের জন্য একজন সার্জন কি সেখানে দেওয়া হয়েছে ?

শ্রীবি, দাস ঃ—ভি, এম, হসপিটালের জন্য দেওয়া হয় নাই। কিন্তু জি, বি, হসপিটালের জন্য সেখানে আছে। তবে ওনারা অলটারনেট ডেতে এখানে এসে দেখেন।

শ্রীআতিকুল ইসলাম :—এটা কি ঠিক নয় যে যদি কোন শিশুর হাত ভেঙে যায় তাহলে সেখানে ট্রিটমেন্ট না করে তাকে সঙ্গে সঙ্গে জি, বি,তে পাঠিয়ে দেওয়া হয় ?

শ্রীবি, দাস :—এই কথাটা ঠিক নয়। স্পেশালাইজড ট্রিটমেন্টের যদি দরকার হয় এবং ভি, এম, হসপিটালে যে ভদ্রলোক আছে উনি যদি রেফার করেন জি, বি,তে তখন সেখানে নিয়ে যাওয়া হয়।

শ্রীআতিকুল ইসলাম :—চিলড্রেন ক্লিনিকের জন্য একজন সার্জনকে ডেপুট করা কি উচিত নয় ?

শ্রীবি, দাস :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপাততঃ আমাদের যে ব্যবস্থা আছে তাতে কাজ চলছে।

Mr. Speaker :—Shri Sunil Kumar Choudhury.

Shri Sunil Kr. Choudhury :—862

Shri B. Das :—Hon'ble Speaker, Sir, Stared Question No. 862

QUESTION	ANSWER.
a) Have the Government any plan to construct a bund over Sinai River (Cherra) at a site near Pravapur bazar, Sadar ;	No.
b) if so, whether the site has been selected ?	Does not arise.

Mr. Speaker :—No supplementary ? Shri Ershad Ali Choudhury.

Shri Ershad Ali Choudhury :—944

Shri B. Das :—Hon'ble Speaker, Sir, Starred Question No. 944

QUESTION	ANSWER
a) What sum of money was sanctioned for test relief works in the year 1965-66 for Udaipur Sub-division ;	a) Rs. 7,000/-
b) how much of the sanctioned money was utilised for the test relief and how much was returned ?	b) Rs. 2,000/- has been utilised and the remaining Rs. 5,000/- has been surrendered.

শ্রীএরসাদ আলী চৌধুরী :—মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি, এই যে পাঁচ হাজার টাকা সারেণ্ডার করা হল, সেটা কি কারণে সারেণ্ডার হল ?

শ্রীএম, এল, ভৌমিক :— I demand Notice.

শ্রীএরসাদ আলী চৌধুরী :—মাননীয় মন্ত্রী মহোদয় কি জানাবেন, এই সমস্ত কাজ কোন কোন জায়গাতে হয়েছিল ?

শ্রীএম, এল, ভৌমিক :—আই ডিমাণ্ড নোটিশ।

মিঃ স্পীকার :—শ্রী আবদুল ওয়াজিদ।

শ্রীআবদুল ওয়াজিদ :—৯৫২

শ্রী এম, এল, ভৌমিক :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, ষ্টার্ড কোয়েশ্চান নাম্বার ৯৫২

QUESTION	ANSWER.
1) How many acres of land was acquired for the road from Dharmanagar to Kurti and Dharmanagar to Satsanga ;	1) 30 acres of land was acquired for Dharmanagar to Kurti road and 74.515 acres of land for Dharmanagar to Satsangha road
2) whether the amount sanctioned for compensation was fully paid up ;	2) No.
3) if not, the reason thereof ?	3) Due to non completion of varification as to permanent residence of the awardees as well as transfer of rights after date of notification.

Mr. Speaker :—No supplementary ? The Starred Questions of all the Members present are over. There are three Starred Questions given notices of by Shri Nripendra Chakraborty. Any Member who is interested may ask.

Shri Birchandra Deb Barma :—Starred Question No. 540

Shri B. Das :—Hon'ble Speaker, Sir, Starred Question No. 540

QUESTION	REPLY
Whether the Minor Irrigation Division, Agartala collected bricks costing Rs. 22,00)/- at site for the Rudrasagar Drainage Scheme in June, 1961 :	1. Yes.
2. if so, when was the construction of this scheme started ;	2. Not yet started.
3. if the scheme was delayed, who were responsible for bringing these bricks to site :	3. Originally it was proposed to construct a regulator-cum-bridge at the site for which estimate was properly sanctioned. Bricks were collected to start the work when the requiring Deptt., wanted a fishery Scheme. Hence the delay. The question of responsibility for collection of bricks does not arise.
4. the name of the contractors who supplied the bricks :	4. M/S. Associated Engineering & Co., Agartala.
5 steps taken by the Government in the matter ?	5. Steps already taken to prepare plan & estimate for modified work and to utilise the bricks.

Mr. Speaker :— No supplementary ? If any question more ?

Shri Birchandra Deb Barma :— 541

Shri B. Das :— Hon'ble Speaker, Sir, Starred Question No. 541

QUESTION	ANSWER
1) Whether it is a fact that N. S. rods, flats and cement of the value of Rs. 45,543 has been issued by Agartala Division No. III to contractor during February, 1961 without obtaining their acknowledgement.	The value of the materials involved is Rs. 13,793 approx. and not Rs. 45,543/-
2) if so, the name of the contractor to whom these materials were issued.	M/S Electric House Agartala. M/S Dutta & Co. Agartala.
3) if so, is it a fact that the contractors had refused to acknowledge the receipt of the materials.	Yes.
4) if so, steps taken in the matter.	Value will be recovered from the final bills of these contractors.

Mr. Speaker :— Question hour is over. I would now pass on to the next item. The next item is Calling Attention Notice. I have received a Calling Attention Notice from the Member Shri Monoranjan Nath, on the subject of sudden rise in the price of rice to Rs. 1·12 paise per Kg. in Dharmanagar town and in surrounding areas.

I have given my consent to this notice of motion of Sri Monoranjan Nath. I would request the Hon'ble Minister concernd to make a statement. If the Hon'ble Minister is not in a position to make a statement to-day, he would kindly give me a date when the calling attention Notice would be shown in Order Paper for statement.

Shri S. L. Singh (Chief Minister) :— Hon'ble Speaker Sir, মাননীয় সদস্য শ্রীমনোরঞ্জন নাথ মহোদয়, যে Calling Attention Notice এনেছেন, ধর্মনগরে হঠাৎ করে চালের

দাম বেড়ে গেছে এবং Kg. প্রতি ১ টাকা ১২ ন. প. করে বিক্রি হচ্ছে সে সম্পর্কে আমি একটি statement চাই। আমরা এ বিষয়ে খোঁজখবর নিয়েছি। চালের দাম বেড়ে গেছে সত্য, কিন্তু ১ টাকা ১২ পয়সায় বিক্রি হচ্ছে না। ধর্মনগর থেকে আমরা কোন চাল procure করিনি এবং কাউকে সেখান থেকে procure করতে বলাও হয়নি। তবুও সেখানে চালের দাম বেড়ে গেছে কেন? মুনাফাখোর, ফরিয়া যারা, তারা একটা ভীতির সঞ্চার সেখানে করতে চাইছে। কৃষকদের এই বলে ভয় দেখানো হচ্ছে, তারা যদি বাজারে যান এবং ধান, চাল বিক্রয় করেন, তাহলে তাদের arrest হবার সম্ভাবনা আছে। এই খবর পাওয়ার সাথে সাথে আমরা কৃষকদের এই মর্মে বোঝানোর চেষ্টা করেছি, তারা যেন এই বিভ্রান্তিকর প্রচারে ভীত না হন এবং বাজারে তারা অবাধে ধান চাল কেনা বেচা করতে পারেন। ফরিয়াদের কারসাজিতে কৃষকেরা বাজারে ধান চাল আনতে পারছে না এবং ফরিয়ারা অধিক দামে বাজারে চাল-ধান বিক্রয় করছে এবং কোন কোন স্থানে কৃত্রিম অভাব সৃষ্টি করছে। সরকার এ সম্পর্কে নিশ্চেষ্ট নয়। Fair price shop খোলার ব্যবস্থা করা হয়েছে। তারজন্য Radiogram করা হয়েছে যাতে সেখানে Fair Price Shop খোলা হয়। তাতে আমরা মনে করি যে বাজার নিয়ন্ত্রিত হবে। পঞ্চায়েতের মেম্বার এবং এম, এল, এদের কাছেও আমরা আবেদন করব যে ফরিয়ারা যদি কোন জায়গাতে stock করে থাকেন, তাহলে সেটাকে আমরা বের করার চেষ্টা করবো। আমরা আশা করি জনসাধারণ প্রত্যেকেই এই hoarding চাউলকে বের করার জন্য সর্ব্বপ্রকার সাহায্য করবেন। কারণ ধর্মনগরে Agriculturistদের কাছে চাউল আছে। তবে এও হতে পারে যার জন্য একটা আশঙ্কা, বোরোধানের চাষ ধর্মনগরে খুব বেশী হয় না, আউশের চাষটা হয়। আমি জানতে পেরেছি যে বৃষ্টির অভাবে আউশের জমিতে এখনো হাল দিতে পারছে না। অতএব এই সমস্ত কারণে ভয়ে ভয়ে হয়তো তারা আমনটা বাজারে আনছেনা—তাও হতে পারে। অতএব সেইজন্যই এই নীতি অবলম্বন করা হয়েছে যে আমরা Fair Price Shop সেখানে করবো, চাউল থাকা সত্ত্বেও দুষ্প্রাপ্যতার জন্য।

Mr. Speaker :— I pass on to the next item. The next item is Government Business. Voting on Demands for Grants for 1966-67. To-day on the List of Business there are six demands viz. Demand Nos. 27—Public works (including Roads), 28 Capital outlay on Public work, 42—Capital outlay on Public works, 21—Community Development Project, National Extension Service and Local Development works. 45—Loans and Advances by the State/Union Territory Governments. 46—Charges on account of Re-payment of Debt are to be disposed of. Members have received the List of Business along with the Appendix showing demands to be moved by the Chief Minister and the Cut Motions to be moved by the Members. Now the Chief Minister will move his demands standing in his name one by one when called a particular demand by me and as soon as the Chief Minister has

moved his demands I shall take all the Cut Motions to be moved and there will be discussion on the demands and the Cut Motions. Thereafter, when the debate is closed I shall dispose of them one after another by voice vote.

I may also inform the Hon'ble Members that I have decided to request the Chief Minister to move the Demand Nos. 27—Public works (including roads), 28—Capital outlay on Public works and 42—Capital outlay on Public works together and I shall have one general debate on these three demands as they are of allied nature ; of course I shall dispose of the demands separately.

Now, I call on Hon'ble Chief Minister to move his Demand Nos. 27—Public works (including roads), 28—Capital outlay on Public works and 42—Capital outlay on Public works together.

Shri S. L. Singh, (Chief Minister) :— Hon'ble Speaker, Sir, on the recommendation of the Administrator I beg to move that a sum not exceeding Rs. 2,43,61,000/- [inclusive of the sums specified in column 3 of the schedule to the Appropriation (Vote on Account) Bill, 1966], be granted to defray the charges which will come in course of payment during the year ending on the 31st day of March, 1967 in respect of Demand No. 27—Public works.

Hon'ble Speaker, Sir, on the recommendation of the Administrator I beg to move that a sum not exceeding Rs. 46,000/- [inclusive of the sums specified in column 3 of the schedule to the Appropriation (Vote on account) Bill, 1966.], be granted to defray the charges which will come in course of payment during the year ending on the 31st day of March, 1967 in respect of Demand No. 28—Capital outlay on Public works. এই দুইটি Demand আমি House-এর সামনে রাখছি। পূর্ত্ত-বিভাগের কাজ যেটাতে গৃহ এবং রাস্তা হয়, তাহা অতি প্রয়োজনীয়— সেইজন্য এই Deptt. উন্নতিমূলক সেই কাজ করে যাচ্ছেন দিনের পর দিন। সেই দু'টি Demand-কে House সর্ব্বসম্মতিক্রমে গ্রহণ করবার জন্য আমি আবেদন করছি।

Mr. Speaker :—Against the Demand for Grant No. 27 there are three Cut Motions. And against the Demand for Grant No. 42, there are two Cut Motions. First I would call on Shri Aghore Deb Barma to discuss his Cut Motions that the Demand be reduced by Rs. 100/- to discuss on Non-revision of Pay scale of the work-charged employees and inadequacy of provision for original works Communication.

Shri Aghore Deb Barma, M. L. A :—মাননীয় অধ্যক্ষ, মহোদয়, প্রায় Deptt.গুলির মধ্যেই কিছু কর্মচারী থাকে, তারা সব সময় neglected. under Demand No. 27 এই Deptt. এর মধ্যেও যারা Work-charged Asstt. তারাও ঠিক সেইভাবে neglected. অর্থাৎ

ত্রিপুরার মধ্যে বিভিন্ন সময়ে তিন তিনবার revision of pay scale হয়ে গেল কিন্তু আজ পর্য্যন্ত তাদের কোনরূপ pay scale revised করা হলো না। মাননীয় অধ্যক্ষ মহোদয়, Central Govt.এর সিদ্ধান্ত অনুযায়ী West Bengal pay scale মতে ত্রিপুরার যারা Work-charged Asstt. তাদেরও ঐ আওতায় আনার কথা। কিন্তু ত্রিপুরাতে আজ পর্য্যন্ত তাদের সেই revision of Pay scale চালু করা হচ্ছে না। ১৯৬১ সাল থেকে West Bengalএ এই Work-charged Asstt.দের revision of pay scaleএর effect দেওয়া হয়েছে, কিন্তু ত্রিপুরাতে এখন পর্য্যন্ত দেওয়া হচ্ছে না। আর একটা কথা হচ্ছে Special Compensatory Allowance অন্য সব কর্ম্মচারীরা regularly পেত কিন্তু Work-charged Asstt.রা এখন পর্য্যন্তও সেগুলি পায় নাই। Regular staffরা Special Compensatory Allowance পূর্ব্বে যা draw করেছে তা তাদের বেতন থেকে deduct করা হয় না। কিন্তু এই Work-charged Asstt.দের বেতন থেকে Special Compensatory Allowance deduct করা হয়। যেমন Division I এ যেসমস্ত কর্ম্মচারী আছে তাদের বেতন থেকে এই Spl. C. A. কাটা হয়। অবশ্য অনেক Division এর মধ্যে কাটা হয় নাই। আর new scale মতে Work-chargedদের বেতন দেওয়ার কোনরূপ ব্যবস্থা করা হয় নাই। Arrear billও দেওয়া হয় নাই। যেমন Driver, Chowkidar, Night Guard ইত্যাদি কেটাগরির মধ্যে যারা আছে তারা fixed pay পাচ্ছে। এখন পর্য্যন্ত তাদেরকে revision of pay scaleএর আওতায় আনা হচ্ছে না। আর অনেক সময় Work-charged Asstt.রা যখন কর্তৃপক্ষের কাছে revision of pay scale মতে বেতন পাওয়ার জন্য বলে, তখন তাদেরে শাসানী দেওয়া হয় যে তোমাদের বরখাস্ত করে দেওয়া হবে। আর শুধু তাই নয়, revision of pay scale মতে বেতন তো তারা পাচ্ছেই না তদুপরি তাদেরকে regularও করা হচ্ছে না, quasi-permanent declaration পর্য্যন্ত হয় না, permanent ইত্যাদিও করা হচ্ছে না। অথচ Central Govt.এর directionএ আছে C. P. W. Chief Engineerএর Order সত্ত্বেও বৎসর চারেক আগে regular করার জন্য যখন এখানকার Accountantকে বলা হয় তখন এই সমস্ত staffকে বরখাস্ত করা হবে বলে ধমক দেওয়া হয়। যেমন ১৯৬৩ সনে ২৭শে মে Work-charged Asstt.দের ছাঁটাই বন্ধ করে দেওয়ার পরও Union এর General Secretary জগদীশ বসাককে ছাঁটাই করা হয়েছে। আপীল করা সত্ত্বেও তাকে পুনর্বহাল না করার ফলে এখন J. C. Courtএ মামলা চলছে। আর একটি ঘটনা হয়েছে ভূতপূর্ব্ব Principal Engineer R. K. Sahaর আমলে অফিস করার জন্য সেই Unionকে জহর ব্রীজের নিকট একটি জায়গা দেওয়া হয় এবং ৭,৫০০/- টাকা Grantও দেওয়া হয়। বর্ত্তমান Principal Engineer, Accountant তালবাহানা করে ঐ টাকা এখন পর্য্যন্ত দিচ্ছে না, এবং জায়গায়ও দিচ্ছে না। ফলে তারা অফিস করতে পারছে না। এই হলো Work-charged Asstt.দের কথা। তদুপরি এই Deptt. এর মধ্যে অর্থের অপচয় হচ্ছে, একটা এলাকার মধ্যেই ৩ | ৪ জন S. D. O., Overseer

ইত্যাদি রেখে যেভাবে অর্থের অপচয় ঘটানো হচ্ছে তার অনেকগুলি কারণ আছে। যেখানে একজন S. D. O.র পক্ষে কাজ চালানো সম্ভব, সেখানে ৩ | ৪ জন S. D. O.কে deputationএ রেখে পোষণ করা হচ্ছে। এইভাবে Deptt.এর অর্থগুলি অপচয় করা হচ্ছে। এমন বহু জায়গা আছে আগরতলায় যেখানে ৩ | ৪ জন করে S D. O. একই এলাকায় deputationএ রেখে কাজ করানো হচ্ছে অথচ সেই কাজ করা একজন S. D. O.র পক্ষেই সম্ভব। অতএব যেখানে একজন S. D. O.র পক্ষেই সম্ভব সেখানে একই এলাকার মধ্যে ৩ | ৪ জন করে deputation এ রেখে কাজ করানো হচ্ছে। যেমন কলেজটীলায় আছে, I. T. I. এ আছে, G. B. Hospital areaতে আছে, Police Reserve, Kunjaban ইত্যাদি জায়গাতে ৩ | ৪ জন করে S. D. O. এবং Overseer রাখা হয়েছে।

তারপর ত্রিপুরার কয়েকটি ছেলে Engineering পাশ করে আসার পরেও তাদেরে Asstt. Engineerএর postএ appointment দেওয়া হয় নি। তাদেরে Overseer করে রাখা হয়েছে। যেমন হিরন্ময় ভট্টাচার্য্য P. W. Deptt.এ চাকুরী না পাওয়াতে অন্য Deptt.এ চাকুরী নিতে বাধ্য হয়েছে। অতএব Engineering পাশ করেও অন্য Deptt.এ চাকুরী নিতে হয়। আর Electrical Divisionএ Miss. Roy ও Mr Roy বলে দুইজনই B. E. পাশ, তাদেরকে Overseer করে রাখা হয়েছে। Matric pass Work-charged যখন L. D. Clerk এ Promotionএর জন্য দরখাস্ত করে তখন তাদেরে সুযোগ দেওয়া হয় না অথচ কোন কোন ক্ষেত্রে non-matricও চাকুরী পায়। এই সমস্ত প্রশ্ন যখন Deptt. এর কর্তাদের করা হয়, তখন তারা বলেন যে মন্ত্রীদের selection ছাড়া কোন ব্যক্তিকে চাকুরী দেওয়া সম্ভব নয়। তারা আরো বলেন যে ইচ্ছা থাকলেও আমরা দিতে পারি না। কিছুদিন আগে যখন শিক্ষকদের appointment হয়, তখন কত লোক আপনার বাসায় গেছে বলতে পারেন? আপনার কাছ থেকে কতগুলি list গেছে এই appointment purposeএ। এইভাবে প্রত্যেক মন্ত্রীর কাছ থেকে list যায় এবং ঐ list অনুযায়ীই appoinment হচ্ছে। অথচ Matriculate work-charged, যারা অভিজ্ঞ এবং L. D. Clerkএ promotion পাওয়ার কথা তারা তা পাচ্ছে না। এই হচ্ছে অবস্থা। (Interruption)

তাছাড়া আজকাল জিনিষপত্রের যে দুর্মূল্য তাতে যদি Work-charged Asstt.দের অতি সত্বর revision of pay scaleএর আওতায় না আনা হয় বা তাদের বেতন বৃদ্ধি করা না হয় তাহলে এই অল্প বেতনে সংসার চালানো বা পরিবার পরিজন নিয়ে, জীবনযাপন করা তাদের পক্ষে খুব কষ্টকর। কাজেই আমি এই Cut Motionএর মাধ্যমে, মাননীয় অধ্যক্ষ মহোদয়ের মাধ্যমে Houseএর দৃষ্টি আকর্ষণ করছি, যাতে অতি সত্বর তাদেরকে revision of pay scale এর আওতায় আনা হয়। তাছাড়া house rent পাওয়ার আদেশ থাকা সত্ত্বেও আগরতলা Division II, III, IV এ Work-charged Asstt.দেরে এখন পর্য্যন্ত তা দেওয়া হয় নাই। তারা বেতন তো এমনিতেই কম পায়, তদুপরি যে সমস্ত সুযোগ সুবিধা পাওয়ার কথা যেমন house rent, তাও তারা পায় নাই। অথচ অন্যান্য

সমস্ত Deptt.ই পায়। তাছাড়া যারা বাড়ী ভাড়া করে থাকে তাদেরেও দেওয়া হয় না। আর যারা নিজের বাড়ীতে থাকে তাদেরও দেওয়া হয় না। আর regular staffরা যে সমস্ত সুযোগ সুবিধা পায়, ছুটি ইত্যাদি ভোগ করে Work-charged Asstt.রা সেই সুযোগ সুবিধা পায় না। কাজেই কথা হলো এই যে তারাও Deptt. এর কর্মচারী, তারা ছোট হইতে পারে, অল্প বেতন পেতে পারে—কিন্তু যেখানে Deptt. এর regular staff রা বেতন, ছুটি house rent ইত্যাদির সুযোগ সুবিধা পেতে পারে, সেখানে তাদের এই সমস্ত সুযোগ সুবিধা না পাওয়ার কি হেতু আছে? তাদেরে এভাবে neglect করার কি অর্থ থাকতে পারে আমি বুঝতে পারি না। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আমার Cut Motion সম্পর্কে বললাম। Cut Motionএর পক্ষে বলা ছাড়াও আমার অন্যান্য বিষয়ে কিছু বলার দরকার আছে। গত ১৯৬৩ সনে লেম্বুছড়াতে ১০ ফুট ইন্টারনেল ডাইমিটার দিয়ে well করার কথা ছিল। কিন্তু এ কাজ এখন পর্যন্ত হচ্ছে না। এটার অনেকগুলি item, একটা item হলো 1st Class bricks works in cement morter করার কথা ছিল। কিন্তু সেখানে মজার কথা হলো যে Asstt. Engineer J. R. Banerjee, এবং Contractor শ্রীপ্রিয়নাথ সাহা উক্ত itemএর জন্য ফলস্ বিল করে ২১ শত টাকা নিয়ে যান।

Mr. Speaker :— Hon'ble Member, please see your Cut Motions only.

Shri Aghore Deb Barma, M. L. A. :—মাননীয় অধ্যক্ষ, মহোদয়, এটা কোন কথা নয়। আমি Engineering Deptt.এর উপর বক্তব্য রাখছি। কাজেই এই Deptt.এর উপর যে কোন কথা বলার অধিকার আমার আছে।

আজ এই Engineering Deptt. জনসাধারণের সুযোগ সুবিধার জন্য। কাজেই এই বাজেটের দিকে চাইলে দেখা যায় যে Communication এর দিক দিয়ে আমরা সেইরকম সুযোগ সুবিধা পাই না। লক্ষ লক্ষ টাকা আমরা রাস্তার জন্য রাখি। কিন্তু প্রথম, দ্বিতীয়, তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা শেষ হয়ে গেল কিন্তু রাস্তা হয় নাই। উদ্বৃত্ত টাকাগুলি ফেরৎ যায়। এই বিষয়ে Engineerদের জিজ্ঞাসা করলে, উনারা বলেন যে আমাদের পাথরের অভাব, শ্রমিকের অভাব ইত্যাদি, ইত্যাদি। কাজেই বাজেটে যেসব টাকা রাখা হয়, সেই টাকা যাতে ঠিক ঠিক ভাবে জনসাধারণের সুবিধার্থে ব্যয়িত হয় সেদিকে লক্ষ্য রাখা দরকার। জনসাধারণের সুবিধার জন্য আমরা বাজেটে ব্যয়বরাদ্দ রাখি কিন্তু সেখানে ব্যক্তিগত স্বার্থসিদ্ধির জন্য কতগুলি মানুষ সুযোগ সুবিধা মত সেইসব টাকা আত্মসাৎ করে। আমি মাত্র ১০ | ১৫ দিনের আগের একটি ঘটনা সম্পর্কে Ministerএর দৃষ্টি আকর্ষণের জন্য বলছি। সত্যি মিথ্যা জানি না। তবে আমি অনুরোধ করবো এবিষয়ে যেন উনি তদন্ত করে দেখেন। সাব্রুমের অন্তর্গত শান্তির বাজারে যে Engineering Office আছে, সেখানকার S. D. O. Office এ Audit Party, audit করতে যায়, শুনা যায়, যে Register অনুযায়ী Cashএ ৫০,০০০ টাকা থাকার কথা, কিন্তু Audit পার্টিকে physical cash ১৫,০০০ টাকার বেশী দেখানো সম্ভব হয়নি। ঘটনার সত্যতা নিরূপণ করার জন্য

মাননীয় মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি। চাপা না দিয়ে, তারা যদি সত্য সত্যই ঘটনাটি তদন্ত করেন তাহলে প্রকৃত সত্য উদ্ঘাটিত হবে বলে আমি মনে করি। P. W. Department এ লুঠের বাজার চলছে। কেউবা কাজ না করেই বিল নিয়ে যাচ্ছে, কাহাকেও আধা কাজ হওয়ার পরেই বিল দেওয়া হচ্ছে। এই অবস্থার অবসান দরকার। তাই আমি মাননীয় মন্ত্রী মহোদয়কে অনুরোধ করব, তিনি যেন সমস্ত ব্যাপার তদন্ত করেন এবং বাজেট বরাদ্দ যাতে যথার্থ ভাবে ব্যয় হয় তার দিকে নজর দেন। আমার আরেকটি Cut Motion আছে on Original Works Communication. এই সম্পর্কে আমি বলব যে communication অর্থাৎ রাস্তাঘাট যে একেবারে হয়নি তা নয়। কিছু কিছু হয়েছে একথা ঠিক। আমতলী থেকে টাকারজলা পর্য্যন্ত যে রাস্তাটি আছে, কিছুদিন পূর্ব্বে জানানো হয়েছিল P. W. D. সেই রাস্তার কাজ গ্রহণ করেননি। কিন্তু একজন মন্ত্রী বললেন P. W. D. রাস্তার কাজ গ্রহণ করেছে। সে যাহাই হউক, আমরা চাই অতি সত্বর রাস্তা হউক এবং P. W. D. সেগুলি গ্রহণ করুক। আরেকটি Scheme ছিল আমতলী থেকে জম্পুইজলা এবং জম্পুইজলা থেকে উদয়পুর রাস্তা করা। সেখানে বড় bridge avoid করে সে রাস্তাগুলি করা যায়। লালসিংহমুড়া থেকে দুর্গানগর যে রাস্তা আছে সেই রাস্তায় কাজ মাত্র সুরু হয়েছে কিন্তু দুর্গানগর থেকে চেরীখালের মধ্যে বুড়ীগাং এর উপর যে ব্রীজ থাকার দরকার— তা এখন পর্য্যন্ত হচ্ছে না। এইরূপ ভাবে অনেক জায়গার ব্রীজ হচ্ছে না। যেমন কাঁকুলিয়া, মনুনদীতে, চেবড়িঘাটে হচ্ছে না। কাঁকুলিয়াঘাট থেকে ডম্বুর বাজারে যে রাস্তা সেই রাস্তাকে যদি আমরা প্রতিরক্ষার দিক থেকে চিন্তা করি তবে দেখব যে, এই রাস্তাটি অত্যন্ত প্রয়োজনীয়। দুর্গানগর থেকে বক্সনগর পর্য্যন্ত রাস্তাটি যদি হয়েও যায়, তাহলেও ব্রীজ হতে কত যুগ লাগবে তা বলা শক্ত। এইভাবে আমরা বড় বড় কাজ, লক্ষ লক্ষ টাকার কাজ ফেলে রাখি। যেমন লালসিংহমুড়া থেকে বক্সনগর যে রাস্তা গেছে সেই রাস্তাটি যদি আমরা Via চেরীখোলা করি তাহলে আমরা ব্রীজ avoid করতে পারি। কিন্তু তা না করে আমরা কাজ ফেলে রেখে যোগাযোগ ব্যবস্থার উপর প্রকৃত নজর দিচ্ছি না। বিশ্রামগঞ্জ থেকে লালসিংহমুড়া রাস্তা হয়েছিল T. T. C.র আমলে election এর পূর্ব্বে। কিন্তু সে রাস্তার কাজ তখন শেষ না হওয়ায় রাস্তাটি এখন জঙ্গলে ভরে গেছে। এইভাবে রাস্তা করে তা যদি সম্পূর্ণ না হয় তবে জনসাধারণের টাকার অপচয় করার কোন অর্থ হয় না। এই সমস্ত অবস্থার পরিপ্রেক্ষিতে বাজেটে যে টাকা বরাদ্দ করা হয়েছে তাহা যথেষ্ট নয়।

তারপর আজ আমরা যদি একটি Paper Mill করতে চাই, যদি অন্য কোন Industry করতে চাই তবে আমাদের যোগাযোগ ব্যবস্থার অসুবিধার সম্মুখীন হতে হবে। যোগাযোগ ব্যবস্থার অসুবিধার সম্মুখীন হচ্ছে কৃষকেরা, কারণ উৎপন্ন দ্রব্যের ন্যায্য মূল্যে পাচ্ছে না। তাই গ্রামের অভ্যন্তরে কোন কোন অঞ্চলে বেগুনের মূল্য প্রতি Kg. ৫ পয়সা। বাজেটে টাকা বরাদ্দ করা হয় সত্য, কিন্তু তার কিছু অংশ ব্যয়িত হয়, কিছু অংশ লুঠ হয়, কিছু অংশ যথাযথভাবে ব্যয়িত হল না যার ফলে আমাদের পরিকল্পনা রূপায়ণে বাঁধা সৃষ্টি হয়। রাস্তাঘাট নির্ম্মাণ খাতে যে টাকা বরাদ্দকৃত আছে তা যদি

ঠিক ঠিক ভাবে ব্যয়িত হয় তাহলে রাস্তাঘাটও হয় কিন্তু দুঃখের বিষয় সুষ্ঠুভাবে সেই টাকা ব্যয়িত হয় না যার জন্যে আমাদের এত অসুবিধা। সুতরাং আমার এই Cut Motion এর বক্তব্য হল work-charged employee যারা আছেন তাদের pay scale revision করা। রাস্তাঘাট নির্মাণ কল্পে যে টাকা রাখা হয়েছে তা যথাযথ ভাবে যাতে ব্যয়িত হয় তার দিকে দৃষ্টি রাখা এবং প্রয়োজন বোধে রাস্তাঘাট নির্মাণকল্পে আরো অধিক অর্থের বরাদ্দ করা। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker : I would now call on Shri Sudhanwa Deb Barma to move his cut motion that the demand be reduced by Rs. 100/- to discuss on inadequacy of provision for construction & improvement of roads.

As the member is absent the cut motion falls through. There is another cut motion moved by Shri Atiqul Islam that the demand be reduced by Rs. 100/- to discuss on mismanagement in the P. W. D.

Shri Atiqul Islam:—মাননীয় অধ্যক্ষ মহোদয় P. W. D. সম্পর্কে আমরা আগেও বক্তৃতা করেছি। একথা সর্ব্বজন স্বীকৃত যে communication ছাড়া improvement সম্ভব নয়। দেশের উন্নতির জন্য প্রয়োজন industry, industryর জন্য প্রয়োজন marketing facility এবং marketing facilityর যদি সুষ্ঠু ব্যবস্থা করতে হয় তাহলে প্রয়োজন উন্নত ধরণের communication system. সুতরাং এক-কথায় আমরা বলতে পারি যে দেশের সর্ব্বাঙ্গীন উন্নতির জন্য সর্ব্বপ্রথম প্রয়োজন উন্নত ধরণের যোগাযোগ ব্যবস্থা। কিন্তু ত্রিপুরাতে আমরা কি দেখতে পাই ? দেখতে পাই, এই যোগাযোগ ব্যবস্থা বিশেষভাবে অবহেলিত। অবশ্য একথা বলব না যে রাস্তাঘাটের কিছুই উন্নতি হয় নি, তবে যতটা উন্নতি হওয়ার দরকার ততটা হয়নি। আমাদের বিচার্য্য বিষয় হচ্ছে, এই যাবৎ যে পরিমাণ টাকা আমরা এই রাস্তাঘাটে ফেলেছি সেই পরিমিত উন্নতি আমরা করতে পেরেছি কিনা ? স্বাধীনতা প্রাপ্তির দীর্ঘ ১৮ বৎসর পরেও ত্রিপুরার একটি রাস্তাকেও আমরা all weather road করতে পারিনি, একটি রাস্তাকেও National High Wayতে পরিণত করতে পারিনি। আজও বর্ষাকালে আগরতলা থেকে সাব্রুম, উদয়পুর, ধর্ম্মনগর যেতে হলে রাস্তায় মাঝে মাঝে যাত্রা স্থগিত রাখতে হয়। এই অবস্থার পরিপ্রেক্ষিতেও বলব যে আমরা রাস্তার নির্ম্মাণ কার্য্যে যথেষ্ট অগ্রসর হয়েছি, এই বিষয়ে আমাদের কিছু উন্নতি হয়েছে। কিন্তু এই সমস্ত রাস্তা নির্ম্মাণ কল্পে অর্থ ব্যয়ের খতিয়ান যদি দেখি, তাহলে দেখবো, সেদিকে আমরা একটুও কার্পণ্য করিনি। প্রায়ই আমরা এই Houseএ শুনতে পাই যে ত্রিপুরার মহারাজার আমলে রাস্তাঘাট কি ছিল, এখন কি হয়েছে ; আগে কত মাইল রাস্তা ছিল এখন আমরা কত মাইল করেছি। আমি বলব উন্নতির মাপকাঠি এটা নয়। বহু ক্ষেত্রে বহু রাস্তা নির্ম্মিত হয়েছে সত্য, Tribal Welfare Deptt. থেকে হয়েছে, T. T. C. করেছে, P. W. D. থেকে হয়েছে, কিন্তু প্রকৃত চিত্র কি ? অনেক ক্ষেত্রে দেখব যে রাস্তার অস্তিত্ব নেই, তার কারণ হচ্ছে maintenance এর অভাব। একটি রাস্তা বৈরাগী বাজার থেকে নলছড়, যার আজ কোন অস্তিত্ব নেই। তার কারণ হচ্ছে যে তৈরী হওয়ার পর এই রাস্তার কোন maintenance হয় নি।

আবার বাগমা বাজার থেকে কুমারীকরছা গ্রাম পর্যন্ত যে রাস্তা, সেই রাস্তার ঠিক একই অবস্থা, তার চিহ্ন পর্যন্ত নেই। এই সমস্ত রাস্তা এখন সাক্ষ্য দিচ্ছে যে এককালে আমরা রাস্তা ছিলাম, কিন্তু আজ আর আমরা তা নই। একদিকে রাস্তার এই অবস্থা, আর অন্য দিকে আমরা দেখি যে বরাদ্দকৃত অর্থের surrender এর ঘটা। ১৯৬৪-৬৫তে বরাদ্দকৃত অর্থের পরিমাণ ছিল 1.60 lakhs এবং আমরা খরচ করেছি মাত্র 86 lakhs ; আবার ১৯৬৫-৬৬ সালে বরাদ্দকৃত অর্থ ছিল 1.20 lakhs এবং সেই ক্ষেত্রে আমরা খরচ করেছি 97 lakhs. এইভাবে প্রতি বৎসর 20/22 lakhs টাকা আমাদের ফেরৎ যাচ্ছে। এই অবস্থা থেকে আমরা দেখছি, যে টাকা আমরা পাচ্ছি তাও আমরা খরচ করতে পারছি না এবং যা খরচ করছি তাও হচ্ছে অপব্যয়। আমরা যখন রাস্তার দাবী করি তখন আমাদের বই খুলে দেখিয়ে দেওয়া হয় অনেকগুলি রাস্তার নাম। আমরাও জানি যে বইএ অনেক রাস্তার নাম আছে, but we are interested to see that the works are done properly. অনেক রাস্তা আছে যেগুলো 3rd planএ করার কথা ছিল। সেগুলির মধ্যে অনেকগুলি এখনও formation হয়নি, alignment ও হয়নি। কবে রাস্তাগুলি তৈরী হবে তারও কোন হদিস আমরা পাচ্ছি না। দুর্গানগর বাজার থেকে বক্সনগর পর্যন্ত একটি রাস্তা করার কথা ছিল। যদিও সে রাস্তার কোন formation আজ পর্যন্ত হয়নি কিন্তু S. P. T. Bridge হয়ে গেছে। দুর্গানগর থেকে কলমছড়া রাস্তার, জন্য বরাদ্দ ছিল একলক্ষ টাকা কিন্তু সেখানে সে রাস্তার জন্য এখনও দশ হাজার টাকা খরচ করা হয়নি। সবেমাত্র সেদিন রাস্তার জন্য মাটি কাটা আরম্ভ হয়েছে। এইভাবে আমি দেখাতে পারি যে budgetএ provision করা হয়েছে কিন্তু একটি পয়সাও খরচ করা হয় নি। এই রকম budget provision এর কি সার্থকতা থাকতে পারে? অনেক ক্ষেত্রে বাজেট provision আছে কিন্তু কোন কাজ হয় নি, তবে কিছু টাকা খরচ দেখানো হয়েছে। এ ক্ষেত্রে এগুলি হয়েছে advance payment করে। কোন কাজও হল না, কিন্তু advance payment করা হল, এই হচ্ছে কাজের নমুনা। আমাদের P. W. D.র underএ মোট ১৩টি ডিভিশন আছে। কিন্তু এই ডিভিশনগুলীর অবস্থা হচ্ছে যে অনেক ক্ষেত্রে কাজের বরাদ্দকৃত যে অর্থ তার চাইতে বেশী provision ধরা হয়েছে establishment purposeএ। যেমন বিলোনীয়া শান্তির বাজারে একটি Division আছে। যেখানে volume of work এর চাইতে তার establishment খরচ অনেক বেশী। এই সম্পর্কে আমি একটি প্রশ্ন করেছিলাম। কিন্তু তার উত্তর আজও আসেনি, আসলে আমি দেখাতে পারতাম যে অনেক Division আছে সব ক্ষেত্রে এই রকম অবস্থা। আমাদের 3rd planএ ২০টি permanent Bridge করার কথা ছিল, কিন্তু তা কি আমরা করতে পেরেছি। এইভাবে provision রেখে কাজ না করে মানুষকে ফাঁকি দেওয়ার সার্থকতা কি থাকতে পারে তা আমরা বুঝি না। এই ভাবে planএর বহু কাজ due to long lingering and due to inefficiency of the administrative machinery অসম্পূর্ণ রয়ে যায়। ২০টা Bridge এর মধ্যে ৬টা করলাম আর ১৪টি করলাম না অথচ মানুষকে দেখালাম যে ২০টি bridge আমরা করবো। Piggery schemeএর construction সম্পর্কে আমরা বলেছি যে administrative authorityর অপদার্থতার দরুণ খাস জমি পেতে আমাদের বছরের পর বছর লেগেছে। Concerning Deptt. থেকে D. M. এর নিকট লেখা হয়েছে, কিন্তু

কাকস্য পরিবেদনা। Piggery scheme হোক্ বা না হোক্ D. M. বেতন পেলেই তো চলে। এই হচ্ছে আমাদের পরিকল্পনা রূপায়ণের নমুনা। এরকম তথ্য উদ্ঘাটিত হয়েছে আমাদের Public Accounts Committee report এ। আমাদের এখানের ছেলেরা Engineering পাশ করে আসে, কিন্তু আমরা তাদের Asstt. Engineer হিসাবে appointment দিতে পারি না। প্রথমত: Overseer হিসাবে তাদের appointment দিতে হয় এবং এক বৎসর পর U.P.S.C.তে appear হতে হয়, তার পর তারা হয়তো Asstt. Engineer এর appointment পায়। কিন্তু আমাদের এ ব্যবস্থার সমাপ্তির দরকার। আমাদের ছেলেরা উপযুক্ত যোগ্যতাসম্পন্ন হয়েও appointment পাবে না, অথচ দিল্লীর কর্তারা নিম্ন যোগ্যতাসম্পন্ন লোককে উচ্চ দায়িত্ব দিয়ে আমাদের এখানে পাঠায়। এই ব্যবস্থার অবসান আমরা চাই। এর একমাত্র প্রতিবিধান হচ্ছে আমাদের এখানে একটা cadre ঠিক করা দরকার, নতুবা এর প্রতিকার হবে বলে আমি মনে করি না। এই বলে আমার বক্তব্য শেষ করলাম।

Mr. Speaker :— I would now call on Shri Kamaljit Singh.

Shri Kamaljit Singh :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় মুখ্যমন্ত্রী যে demand Houseএ পেশ করেছেন আমি তা সমর্থন করি। বিরোধী পক্ষের সদস্য cut motionএর স্বপক্ষে কতকগুলি যুক্তির অবতারণা করেছেন। সেই যুক্তির কোন তাৎপর্য্য আছে বলে আমি মনে করি না। Public Works Deptt.এ যে কাজ, তা technical কাজ, রাস্তার কাজই বলুন বা অন্য কোন কাজই বলুন না কেন একটা পরিকল্পনার মাধ্যমে অগ্রসর হতে হয়। কি কি আমাদের resources, technical staff আমাদের কি আছে, materials locally কি আমরা পাবো, বাইর থেকে কি আনতে হবে, এই সমস্ত পরীক্ষা নিরীক্ষা করে আমাদের কাজে অগ্রসর হতে হবে। আমাদের এই ত্রিপুরা রাজ্যের local resourcesঅতি অল্প। পাথর আমাদের নেই, other materials ও আমারা সময় মত পাই না। সুতরাং আমাদের কাজের কিছু বিলম্ব হবে এটা স্বাভাবিক। আমাদের cement এর অসুবিধা আছে, লোহার অসুবিধা আছে এবং অন্যান্য অসুবিধাও আছে। তৎসত্ত্বেও 3rd 5 year plan এ এবং বিগত অন্য দু'টি পরিকল্পনাতেও রাস্তার কাজে আমরা যে ভাবে অগ্রসর হয়েছি তা একেবারে নগণ্য নয়। কাজ যে আমরা কিছু করতে পেরেছি, মাননীয় সদস্য শ্রী অঘোর বাবু তা স্বীকার করেছেন। আগে আমরা দেখেছি, সারা ত্রিপুরা রাজ্যে ১০৭ মাইল কাঁচা রাস্তা ছিল, কিন্তু ৩য় পঞ্চ বার্ষিক পরিকল্পনায় দেখা যায় যে আমরা ১৬৩৪ Km. রাস্তা করেছি এবং আরো ৪০০ Km. রাস্তা in process of construction এ আছে। চৈনিক আক্রমণ, পাকিস্তানের আক্রমণ এবং অন্যান্য বহু অসুবিধা থাকা সত্ত্বেও আমরা যে কাজে এতদূর অগ্রসর হতে পেরেছি তারজন্য মন্ত্রীমণ্ডলীকে ধন্যবাদ জানাই। এত অসুবিধা থাকা সত্ত্বেও আমাদের P. W. Deptt. যথাযত ভাবে কাজ করে যাচ্ছেন। সুতরাং এই অবস্থাতে cut motionএর কি যৌক্তিকতা আছে তা আমি বুঝতে পারি না। একজন S. D. O হলে যে কাজ হয়, সেই কাজের জন্য আমরা চারজন S. D. O রেখেছি বলে অভিযোগ করা হয়েছে। এই অভিযোগের কোন সারবর্ত্তা আছে বলে আমি মনে করিনা। কারণ post creation করবার আগে, India Govt. কে আমাদের যুক্তি

দেখাতে হয় যার ভিত্তিতে সেখান থেকে post created হয়ে আসে। সুতরাং এই অভিযোগের কোন সারবর্তা নেই। তদুপরি volumes of work এর উপর নির্ভর করে Executive Engieer এবং S. D. O এর পদ সৃষ্টি করতে হয়। আতিকুল ইসলাম সাহেব বলেছেন যে কাজে আমাদের যতটুকু অগ্রসর হওয়া উচিত, ততদুর অগ্রসর আমরা হতে পারিনি। আমি বলব, যে নানা প্রকার বাধা বিঘ্ন থাকা সত্ত্বেও, বৈদেশিক আক্রমণের মুখোমুখি হয়েও নাশকতা মূলক কার্য্যের মোকাবিলা করে আমরা আমাদের পরিকল্পনার সুষ্ঠু রূপায়ণ করতে পেরেছি বলে আমি মনে করি। স্থানীয় ছেলেদের Asstt. Engg.এর পদে appoinment যাতে করা যায় সে বিষয়ে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় ভারত সরকারের সাথে আলাপ আলোচনা সুরু করেছেন। সুতরাং আমি আশা করবো সে এবিষয়ে তিনি সুরাহা করতে পারবেন। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker :— There is another cut motion against the Demand No. 42 moved by Shri Hlura Aug Mag that the demand be reduced by Rs. 100/- to discuss on inadcquacy of provision for original works, Building.

Shri Hlura Aung Mag :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, Building works ঠিক মত হচ্ছে না বলেই এই cut motionটি রেখেছি এখানে। এই budget এ যে টাকা রাখা হয়েছে Building Constructionএর জন্য Plan & non-plan এ কিন্তু আজ 3rd plan পর্য্যন্ত সেই কাজ সুষ্ঠুভাবে করতে পারেন নাই। আমরা লক্ষ্য করলে দেখি যে জুলাইবাড়ীতে 6 beded Health Centre construction করার কাজে 2 lakhs......

Mr. Speaker : — The House stands adjurned till 2 P. M.

The discussion is to continue. I would call on Shri Hlura Aung Mag.

Shri Hlura Aung Mag, M.L.A :— মাননীয় অধ্যক্ষ মহোদয় Building Construction সম্পর্কে বলতে গিয়ে আমি এই কথাই বলতে চাই যে বাজেটে non-Plan এ ৪৩,৭৬,০০০/- টাকা এবং Plan এ ২৬,০২,০০০/- টাকা রাখা হয়েছে building construction এর জন্য। এই building construction করা আমাদের একান্ত প্রয়োজন এবং এই প্রয়োজনের দিকে লক্ষ্য রেখেই এটা করা একান্ত প্রয়োজন বলে মনে করি। কারণ যদি গঠনমূলকভাবে কাজ করার আমাদের উদ্দেশ্য থাকে তাহলে একথা আমি বলতে চাই যে, বিভিন্ন জায়গার মধ্যে সাব্রুম থেকে ধর্মনগর পর্য্যন্ত যেসমস্ত Senior Basic School কয়েক বৎসরের মধ্যে সরকার খুলেছেন সেই সমস্ত Senior Basic Schoolগুলির building construction এখনও করতে পারেন নি। আমি এই কথা বলি, এই জন্য যে Sabroom to Dharmanagar এই নয়টি Division এর মধ্যে তদন্ত করে দেখা উচিত যে আমাদের কোন কোন স্কুলএর building construction প্রয়োজন। অথচ সেদিকে লক্ষ্য করে মোটেই করা হয়নি বলে আমি মনে করি। বাজেটে যে অঙ্কটিকে পাশ করা হলো, সেটি একটি ছক মাত্র। তা প্রয়োজন অনুসারে বাজেটের মধ্যে স্থান পেয়েছে আমি একথা বলি না।

বিলোনীয়ার কলসীতে একটি Senior Basic School করেছেন, আমি বার বার একথা বলে এসেছি যে সেখানে building construction করা প্রয়োজন এবং বাইকুরাতে Senior Basic School আছে, সেখানেও building construction করা প্রয়োজন। শান্তির বাজারেও building construction একান্ত প্রয়োজন। এইভাবে যে যে জায়গার মধ্যে অবিলম্বে building construction প্রয়োজন সেইসব construction—এই বাজেটে স্থান পেয়েছে কিনা সন্দেহ হচ্ছে। এইজন্যই আমি বলতে চাই, গঠনমূলকভাবে যদি আমরা সেসব দিকে দৃষ্টি দেই, তাহলে জনসাধারণের যেসব প্রতিষ্ঠান আছে সেগুলিতে যাতে ঠিক ঠিক ভাবে তাদেরকে সুযোগসুবিধা দিতে পারি এবং ছাত্রদেরকে সমস্ত রকম সুযোগসুবিধা দিতে পারি সেই দিক দিয়ে লক্ষ্য রাখা একান্ত কর্তব্য বলে মনে করি। এই বাজেটের মধ্যে যে টাকা রেখেছেন তার দ্বারা বর্ত্তমানে Sub-Division এর যেসমস্ত জায়গায় এখনই building construction করা একান্ত প্রয়োজন সেসব দিকে লক্ষ্য রেখে করা হয়েছে কিনা তাতেও আমাদের সন্দেহ আছে। মাননীয় অধ্যক্ষ মহোদয়, বাস্তব দৃষ্টিভঙ্গি নিয়েই যে এই বাজেটটি করা হয়েছে, তা আমি বলতে পারি না। কারণ এগুলি তাদের একটা খামখেয়ালির উপর চলছে। বাইকুরা, শান্তিরবাজার এবং কলসী থেকে এই সমস্ত building construction এর জন্য জনসাধারণের মধ্য থেকে একটা রব উঠেছে এবং Deptt. এর কাছে ও বার বার বলা হয়েছে। এমন কি Ministryতে ও বলা হয়েছে। আমিও এই কথা বার বার হাউসে উল্লেখ করেছি। আজ পর্য্যন্ত একটি কাজও আমি করতে দেখলাম না। এই জন্যই বলেছি, যে এই বাজেটটির মধ্যে আমার সন্দেহ আছে। তাই আমি বলছি যে constructive wayতে Deptt. এর এবং মন্ত্রী মহোদয়গণের একান্ত দৃষ্টি রেখে এই বাজেট করা উচিত ছিল। কিন্তু তারা বিভিন্ন এলাকার মধ্যে বিভিন্ন কাজে যান ফুলের মালা আনতে। ফুলের মালা আনবার সময় তো প্রতিশ্রুতি দিয়ে আসেন। কিন্তু জীপ গাড়ীতে উঠে যখন আগরতলার দিকে রওয়ানা হন, তখন জনসাধারণের কাছে যে প্রতিশ্রুতি দিয়ে আসেন তা ভুলে যান।

Mr. Speaker :— I draw the attention of the Hon'ble member to be on the things.

(Interruption)

Shri Hlura Aung Mag, M.L.A :—আর একটি কথা আমি এই হাউসের মধ্যে রাখতে চাই যে প্লেন এর কাজগুলি আমরা দেখেছি। থার্ড প্লেনে যে building করার programme সরকারের ছিল, তা programme মত করা হয়নি, অথচ 3rd প্লেন শেষ হয়ে গেছে। এই April থেকে 4th plan এর কাজ আরম্ভ হচ্ছে। তার মধ্যেও দেখছি বিভিন্ন জায়গায় এখনও একটি পয়সা খরচ করা হয়নি building construction এর কাজে। যেমন জুলাইবাড়ীতে six beded health centre সম্পর্কে 3rd Planএ ২,৪৫,৪০০/- টাকা বাজেটে ধরা হয়েছে। তার মধ্যে 1965-66তে খরচ করার কথা ছিল ১০ হাজার টাকা, কিন্তু সেখানে একটি পয়সাও খরচ করা হয়নি। বৎসরের শেষে জনসাধারণকে বলা হল যে তোমরা যদি temporary ঘর তুলে দাও, তাহলে আমরা ডাক্তার পাঠাতে পারি। কি রকম একটা লজ্জার কথা। সরকার ৫ বৎসরের জন্য Planএ টাকা রাখা সত্ত্বেও একটি পয়সাও খরচ করতে পারলেন না।

Mr. Speaker :— The cut motion of the Hon'ble Member is inadequacy of Provision, i.e. the amount provided in the budget is insufficient for the purpose. That is to be discussed is.

Shri Hlua Aung Mag, M.L.A ;— মাননীয় অধ্যক্ষ, মহোদয়, cut motion আলোচনা করতে গিয়ে এসব কথা এসে পড়ে। কারণ এটা বাজেটের অন্তর্ভূক্ত।

Mr. Speaker :— Yours is a token cut to ventilate specific grievance and your grievance is that sufficient money has not been provided in the Budget for the different works. You mentioned one particular issue. (Interruption) Please let me say. That the amount provided for building of the Primary Health Centre at Jolaibari is not sufficient for the purpose. You may discuss on that.

Shri Hlura Aung Mag, M. L. A. :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, এখানে আমি এই কথা বলতে চাই যে এবারকার Budget এর মধ্যে সেটার construction হবে কিনা এবং টাকার ব্যবস্থা রাখা হয়েছে কিনা, সেই বিষয়ে আমার সন্দেহ আছে। সেইজন্য আমি মাননীয় অধ্যক্ষ মহোদয়ের মাধ্যমে এই Houseকে অনুরোধ করবো যাতে আমাদের বাজেটটি জনসাধারণের যে চাহিদা, তার প্রতি দৃষ্টি রেখে করা হয়। আমরা যখন বাইরে যাই, তখন প্রায়ই শুনি জনসাধারণ school constructionএর ব্যাপারে নানা কথা বলে থাকে এবং constructionএর ব্যাপারে তারা Deptt. কে জানানো সত্ত্বেও সেখানে কিছুই করা হচ্ছে না। বিভিন্ন জায়গায় যে plan এর কাজ, সেটাও হচ্ছে না এবং এই বৎসরের মধ্যে school এর যে কাজটা আমরা করবো, সেটার মধ্যে আমার সন্দেহ হচ্ছে। সুতরাং মাননীয় অধ্যক্ষ মহোদয়ের মাধ্যমে আমি বলবো যে সেগুলির প্রয়োজন আছে কিন্তু সেটাও sufficient নয়। এটার উপরে আমার আরো কুয়েরী করার প্রয়োজন আছে। প্রয়োজন আছে বলেই আমি মাননীয় অধ্যক্ষ মহোদয়ের মাধ্যমে Houseকে অনুরোধ করবো সেই plan programmeএর মধ্যে আমাদের যে construction এর কাজগুলি আছে, সেগুলি যাতে সম্পূর্ণ করা যায়। তারজন্য এই বাজেটে টাকার অঙ্ক বাড়ানো একান্ত প্রয়োজন এই দাবী রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker :—I would call on Shri Nishi Kanta Sarkar.

Shri Nishi Kanta Sarkar, M. L. A. :—মাননীয় অধ্যক্ষ মহোদয় আজকে Houseএর সামনে আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী যে Demand No. 27, 28 এবং 42 রেখেছেন তা আমি সম্পূর্ণ সমর্থন করছি আর বিরোধীপক্ষ থেকে যে cut motion আনা হয়েছে তার আমি বিরোধীতা করছি। বিরোধীতা এই জন্য করছি যে প্রথমেই বিরোধী দলের সদস্যরা cut motion এর যে যুক্তি দিয়েছেন, এটা যুক্তির মধ্যে আসতেই পারে না। তার কারণ একটা বিষয়ে উনি cut motion এনেছেন তাহচ্ছে work charged দের বেতন এবং চাকুরী সম্পর্কে। আমার মনে হয়, মাননীয় অধ্যক্ষ, মহোদয়, এই work charged দের Engineering এর কাজের জন্যই বা কাজের চাহিদা অনুযায়ীই বোধ হয় appointment দিয়ে থাকেন। সেটা বোধ হয় সম্পূর্ণ

temporary, তারপরে এগুলি নিয়ে আরো আলোচনা হয়েছে। কিন্তু আমাদের মন্ত্রীমণ্ডলী এটা চিন্তা করেছেন, যদিও কাজের প্রয়োজনে নেওয়া হয়, ঐসব employee যাতে অন্য ভাবে চাকুরী পায়। তাছাড়া এখানে আর একটি কথা ওনারা বলেছেন যে কোথাও কোথাও নাকি ৪ জন S. D. O. আছেন, যেখানে নাকি একজনের দ্বারাই কাজ হয়। কোথায়ও ৪ জন overseer আছেন যেখানে একজনের দ্বারাই কাজ হয়। এদিকে বলছেন কাজ হয় না, অন্য দিকে আবার বলছেন লোক বেশী। কাজেই এই যে প্রস্তাবগুলি আনেন, তার যে কি যৌক্তিকতা আছে তা বলতে পারি না। তার কারণ কোথায়ও হয়তো একজন Executive Engineer এর underএ ২।৪ জন S. D. O. থাকে কিন্তু তা নির্ভর করে কাজ কম বেশীর উপর। এতদকারণে তিনি এখানে G. B. Hospital, College Tilla, Police Reserve ইত্যাদি সম্পর্কে নানা কথা বলেছেন। উনারা হয়তো এটা লক্ষ্য করেন নাই যে ওখানে লক্ষ লক্ষ টাকার work হচ্ছে। সে ক্ষেত্রে একজন S. D. O. বা overseer দ্বারা সেটা সম্ভব কিনা আমি বলতে পারছি না। তা ছাড়া এখানে ওনারা রাস্তাঘাট ইত্যাদি হচ্ছে না বলে অভিযোগ এনেছেন। হলেও তার maintanence হচ্ছে না, repair হচ্ছেনা ইত্যাদি। আবার বলেছেন যে divisionএ কাজের আগেই staff, তার বাড়ী, গাড়ী সব কিছু হয়ে থাকে। এই যে যুক্তি, এই যুক্তি আসতে পারে কিনা আমি বুঝতে পারি না। বোধ হয় বিরোধীতা করার জন্যই এই সব প্রস্তাব ওনারা আনেন। আমি বলবো যে ত্রিপুরা রাজ্যে এখন যে ভাবে কাজ কর্ম, রাস্তাঘাট হচ্ছে, ১০।১৫ বৎসর পূর্বে হয়তো এতগুলি আমরা কল্পনাও করতে পারিনি। মানুষ দিন দিনই সুযোগ সুবিধা ও উন্নতি করতে চায়, আমাদের সরকার ও সেগুলি সানন্দে গ্রহণ করছে। কিন্তু একটা বাড়ী করতে হলে, একটা রাস্তা করতে হলে আমাদের ত্রিপুরার —যেমন আমি বলবো যে একটা building করতে বললেই তা হয়ে গেল না, তার Estimate চাই তার জায়গা চাই, তারপর Estimate sanction হলে পরে তার ইট চাই, লোহা চাই, সিমেণ্ট চাই। এতগুলি জিনিস করার পরে buildingএর কাজ আরম্ভ হওয়া সম্ভব। বিভিন্ন দিক দিয়ে ওনারা যা বলছেন তাতে, আমার কি আছে, না আছে কিভাবে Estimate হয়, না হয় সেটুকু সম্বন্ধে বোধ হয় ওনাদের কোন যোগাযোগ নেই। যেমন প্রথমেই আমাদের দেখতে হবে, সরকারী তরফ থেকে কোন কাজ করতে হলে, সেখানে জায়গা আছে কি-না, জায়গা acquire করলে পরে শীঘ্রই জায়গাটা পাওয়া যাবে কিনা ইত্যাদি তদন্ত করতে হয়। তারপরে আবার tender call করতে গেলে পরে সেখানে ইঁট আছে কিনা, contractor ঠিক ঠিকভাবে tender দিচ্ছে কিনা, সে সব দিকে চিন্তা না করেই উনারা বাজেটের আলোচনা করেন। একজন বলছেন টাকা কম রাখা হয়েছে, আর একজন বলছেন টাকা খুব বেশী রাখা হয়েছে। এখন কথা হলো আমাদের কাজের দরকার। যদি রাস্তা সম্বন্ধে আমি বলতে যাই তাহলে ঠিকই আমাদের রাস্তার প্রয়োজন আছে। তা আস্তে আস্তে হচ্ছে। পাথর আগে আমরা মোটেই পেতাম না। এখন আমাদের সরকার যে সমস্ত জায়গা থেকে পাথর সংগ্রহ করছে তা অত্যন্ত দুরূহ জায়গা। বোধহয় তেলাঙার বর্ডার, কুর্তি প্রভৃতি জায়গা থেকে পাথর collection করে আমাদের রাস্তা বা buildingএর কাজে লাগাতে হয়, তার জন্য ও সময়ের প্রয়োজন। এখন ইঁট কাটার সময় হচ্ছে তিন চার মাস। এর ভিতর দিয়ে আমাদের অত্যাধিক

works আছে, তাতে কতলক্ষ ইট আমরা পেতে পারি। তাই আমাদের কাজ হচ্ছে এবং যতটুকু সম্ভব সরকার সেদিকে নজর রাখছেন। আমার Sub-Divisionএ উত্তর মহারাণীর দিকে গর্জী পর্য্যন্ত একটা রাস্তা আছে। এটা সম্পর্কে আমি মাননীয় অধ্যক্ষ মহোদয়ের মাধ্যমে আবেদন করবো যাতে এই রাস্তাটি করা হয় এবং মহারাণীতে একটি পুল নিতান্ত দরকার। কারণ গ্রামের উন্নতি করতে গেলেই আগে রাস্তার উন্নতি করা দরকার বলে আমি মনে করি। আর একটি কথা আমি Houseএর কাছে রাখবো যে এখন ত্রিপুরাতে যে tender call করা হয়, তার যে schedule rate সেটা আমার মনে হয়, পরিবর্ত্তন করা দরকার। তা না হলে একটা tenderএ ৩০%, ৪০% এর উপর পরে। কারণ আগের scheduleএর সঙ্গে যে পরিস্থিতি এখনকার, জিনিষ পত্রের যে দাম— তাতে আমার মনে হয় এই schedule rateএর পরিবর্ত্তন না করলে পরে আমাদের এইসব কাজ করতে হয়তো একটু দেরী হয়ে যেতে পারে। আমি আমার মূল বাজেটের সমর্থনে বিরোধী পক্ষের Cut motionএর আপত্তিতে আমার বক্তব্য শেষ করলাম।

Mr. Speaker :—I would now call on Hon'ble Dy. Minister Shri M. L. Bhowmik.

Shri M. L. Bhowmik, Dy. Minister :—মাননীয় অধ্যক্ষ, মহোদয় Demand for Grant No. 27 এবং Grant No. 42 এই দুইটি Demand এর উপর পাঁচটি cut motion এসেছে। আমি সব কয়টি cut motionএর বিরোধীতা করছি। মাননীয় অধ্যক্ষ, মহোদয় বিরোধীদলের মাননীয় সদস্য শ্রীঅঘোর বাবু তার Cut motion এ বলেছেন 'non-revision of pay scale of the work-charged employees' আমাদের P. W. Deptt. এ যে work charge Establishment রয়েছে তার মধ্যে নানা প্রকারের অর্থাৎ বিভিন্ন কেটাগরির work-charged employees আছে এবং তারা সকলেই temporary। যতদিন পর্য্যন্ত তাদের quasi-permanent, permanent বা regular না করা হয়, ততদিন পর্য্যন্ত তাদের pay scale revision এর কোন প্রশ্নই উঠেনা। যাহা হউক, মাননীয় সদস্যকে আমি জানাচ্ছি এবং Houseকে জানাচ্ছি যে, ইতিমধ্যে seven catagories of non-industrial posts work-charged Establishmentএর অধীনে যারা ছিলেন, তাদিগকে regular করা হয়েছে এবং এই সাতটি কেটাগরির যারা work-charged employees ছিলেন, তার মধ্যে প্রায় ৫৭জন, চৌকিদার ১০১ জন, Store-guard ১৭জন, sweeper ১৪জন, Sub-overseer ৮জন, Surveyor ২৭জন, work-Asstt. ৩৪৭ জন এই কয়েকটি postকে regular করা হয়েছে। এখন কারা কারা এই postএ যাবেন তাদের নাম সংগ্রহ করা হচ্ছে এবং শীঘ্রই তাদের নাম জানা যাবে। মাননীয় অধ্যক্ষ মহোদয়, post have-been created. Now-we must know (Interruption) কাজেই আমরা এখন তাদের regular করছি এবং তারা বর্ত্তমানে যে pay-scaleএ আছেন, সেই scaleই থাকবেন এবং পরে তাদের pay scale revision এর জন্য আমরা বিবেচনা করবো এবং তারজন্য Govt. of Indiaর কাছে move করা হয়েছে এবং ভবিষ্যতে তাদের pay scaleও revision হবে। তারপর আর এক জায়গায় তিনি বলেছেন work-charged employeeদের union এর জন্য। আমাদের ভূতপূর্ব P. E., R. K. Saha

নাকি ৭,৫০০ টাকা মঞ্জুর করেছিলেন। আমি জানিনা কোথা থেকে তিনি এই খবর পেয়েছেন। এ জাতীয় কোন খবর আমরা অবগত নই। এ জাতীয় কোন Sanction তিনি দেন নি। আমি খুব ভালভাবে জেনেশুনেই একথা বলছি, মাননীয় অধ্যক্ষ মহোদয়, যে তিনি কোন Sanction দেন নি। কাজেই এই প্রশ্ন এখানে উঠতেই পারে না। তিনি আরেক জায়গায় বলেছেন যে আমরা House Rent দিচ্ছিনা, Division No. 2, 3, 4 প্রভৃতিতে যারা work-charged employee তাদিগকে এখনো দেওয়া হচ্ছেনা। In general, House Rent পাওয়ার যারা অধিকারী তাদের সকলকেই দেওয়া হয়েছে। তবে এখনও অনেক আছেন যারা আগরতলা শহরের বাইরে আছেন অথচ কাজ করছেন আগরতলা শহরের ভিতরে, এখন ঐ সমস্ত Caseএ বিবেচনা করা হচ্ছে। এখন Executive Engeneer তাদের Case recommend করলে পর Financial help এর জন্য যদি eligible হন তাহলে নিশ্চয়ই তারা পাবেন। ছুটির ব্যাপারেও তাই। যারা ছুটি পাওয়ার অধিকারী according to rules তারা তা পাচ্ছেন। মাননীয় সদস্য একটা গুজবের কথা বলেছেন যে Southern Divisionএর কোন একজন S. D. O. নাকি আড়াই লক্ষ টাকা আত্মসাৎ করেছেন। মাননীয় সদস্য একটা গুজবের খবর Houseএ প্রচার করেছেন। আমরা গুজবে বিশ্বাস করি না। আমি মাননীয় সদস্যকে অনুরোধ করবো তিনি যেন গুজবে বিশ্বাস না করেন। কারণ এ জাতীয় কোন Report আমাদের সরকারের কাছে এ যাবৎ এসে পৌঁছে নাই। যদি কোন S. D O. আড়াই লক্ষ টাকা আত্মসাৎ করতেন তাহলে সেই Report সঙ্গে সঙ্গেই আসত এবং আমাদের সরকার তার ব্যবস্থাও গ্রহণ করতেন। মাননীয় সদস্য ইসলাম সাহেব বলেছেন যে আমাদের রাজ্যে রাস্তাঘাটের কোন উল্লেখযোগ্য উন্নতি হয়নি। আমি লক্ষ্য করেছি মাননীয় সদস্য বাস্তবকে সব সময়ই অস্বীকার করছেন। আমাদের অবস্থা অন্ততঃ পক্ষে প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনার পূর্বে কি ছিল মাননীয় সদস্য তা জানেন। In existence ১০৭ কিলোমিটার রাস্তা আমরা পেয়েছিলাম, আর এখন আমাদের রাস্তার সংখ্যা দাঁড়িয়েছে ১৬,০৩৪ কিলোমিটার। তিনি বলেছেন আমাদের রাস্তাঘাট সব আমাদের বাজেটেও P.W.D.র Registerএ আছে। মাননীয় সদস্য যদি পথ চলতেন, ত্রিপুরা রাজ্যে যদি তিনি ঘুরতেন তাহলে তিনি নিশ্চয়ই দেখতে পেতেন যে সেই সমস্ত রাস্তার অস্তিত্ব আছে। আমি আরো জানাচ্ছি যে আমাদের শুধু ১৬,০৩৪ কিলোমিটার রাস্তাই নয় আরো প্রায় এক হাজার কিলোমিটারের উর্দ্ধে আছে এবং আরো ৪০০ কিলোমিটার রাস্তার কাজ আমরা আরম্ভ করবো। কাজেই রাস্তার কাজ খুব দ্রুত গতিতেই চলছে। যে রাজ্যে প্রকৃতপক্ষে কোন রাস্তা ছিলনা, আমাদের এক Sub-Division থেকে অন্য Sub-Division এ যাওয়ার কোন রাস্তা ছিল না, সেই অবস্থার যে আমূল পরিবর্তন ঘটেছে, যারা বাস্তববাদী তারা নিশ্চয়ই তা স্বীকার করবেন। মাননীয় সদস্য বলেছেন যে 2nd Planএ যে সমস্ত রাস্তা হওয়ার কথা ছিল তা এখনো শেষ হয়নি বা হয়নি। আমি আশ্চর্য্য হয়ে যাই এসব কথা শুনে। রাস্তার কাজ যে চলছে, রাস্তা যে হয়েছে এসব তিনি নিজেও দেখছেন। কি কারণে আমরা পরিকল্পনার সময়ের মধ্যে কাজ শেষ করতে পারছিনা একথা তিনিও জানেন। আমাদের রাজ্যে bold dustএর অভাব, Chipsএর অভাবে, Steelএর অভাব। আমরা অন্য রাজ্য থেকে সে সমস্ত materials আমদানী করে

থাকি এবং আমাদের communication এর difficulty সম্পর্কেও তিনি জানেন। তারপর bricks তৈয়ারী করতে হলে কয়লার প্রয়োজন। তাও আমাদের বাইরে থেকে আনতে হয়। সেইভাবে আমরা পরিকল্পনা অনুযায়ী কাজ করার চেষ্টা করছি এবং পরিকল্পনার মধ্যেই কাজ শেষ করার চেষ্টা করছি। নানা কারণে আমাদের রাস্তার কাজ বিলম্বিত হচ্ছে সেটা আমরা অস্বীকার করছি না। আমাদের dearth of materials, want of communication এবং Emergency প্রভৃতি কারণে রাস্তার কাজের দেরী হচ্ছে। তিনি আর এক জায়গায় বলেছেন যে ২০টি Permanent bridge 3rd Planএর মধ্যে শেষ করার কথা ছিল। একটি পুলের কাজও এখনো হয়নি। মাননীয় অধ্যক্ষ মহোদয়, তিনি কোন্ তথ্যের উপর ভিত্তি করে একথা বলছেন আমি জানি না। আমাদের তৃতীয় পঞ্চ বার্ষিক পরিকল্পনায় মাত্র ১০টি Permanent bridge ধরা ছিল। এ পর্যন্ত আমরা মাত্র একটির কাজ সম্পূর্ণ করতে পেরেছি। এজন্য আমরা লজ্জিত নহি মাননীয় অধ্যক্ষ মহোদয়। কারণ আমরা আন্তরীকভাবে চেষ্টা করছি। ১০টি bridgeএর মধ্যে আমরা একটি bridge শেষ করেছি সেটি হচ্ছে জম্বর ব্রীজ এবং দেও নদীর উপর যে ব্রীজ, কুমারঘাটে, ৩নং বুড়ীমা নদীর উপর ৪নং গোমতীর উপর, উদয়পুর এইগুলির কাজ চলছে। মুহুরী, কাকুলীঘাট এবং ১০ নং খোয়াইএর জন্য tender call করা হয়েছিল এবং tender accept করা হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহোদয়, ব্রীজের এই সব কাজ technical work—Design contractorএর এই রাজ্যে অভাব এবং এই সমস্ত design, Ministry of Transport মঞ্জুর করেন, তারপর কাজ হয়। Design contractorএর অভাব হেতু বাহির হতে contractor এখানে আসেন এবং কাজ করছেন। কিন্তু সেই contractorএর সংখ্যা অতি কম। কাজেই নির্দ্দিষ্ট সময়ের মধ্যে ঐ কাজ সম্পূর্ণ হতে পারেনি। আমরা কাজ করে যাচ্ছি এবং তা আমরা শেষ করব। কাজেই মাননীয় সদস্য যে সংবাদ পরিবেশন করেছেন যে 3rd planএর ভিতর ২০টি Bridge complete করার কথা ছিল তা ঠিক নয়। আরও একটি কথা বলেছিলেন যে আমাদের যে অনেকগুলি ডিভিসন আছে তার সংখ্যা অবশ্য তিনি বলেননি। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের ১৩টি ডিভিসন নেই, আমাদের ডিভিশন হচ্ছে ১০টা। মাননীয় সদস্যরা বোধ হয় জানেন যে অন্ততঃ ২০ লক্ষ টাকার কাজ না হলে একটা ডিভিসন খোলা যায় না। ১০টা ডিভিসন আমাদের আছে এবং ২ কোটি ৭৮ লক্ষ টাকার কাজ এই ১০টি ডিভিসনের উপর ন্যস্ত। কাজেই average এ ২৮ লক্ষ টাকার কাজ এক একটি ডিভিসনে আছে। কাজেই ১৩টি ডিভিসনের কথা যে তারা বলেছেন তা ঠিক নয় এবং আমরা codal formalities অনুযায়ী কাজ করে যাচ্ছি, এ কথাই আমি প্রমাণ করলাম। মাননীয় অধ্যক্ষ মহোদয়, তাঁরা বলেছেন যে ত্রিপুরার ছেলে যারা ইঞ্জিনিয়ার হয়ে এসেছেন তাদের উপর আমরা সুবিচার করছিনা। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের এখানে Asstt. Engineerদের যে Recruitment Rules—সেই Rule অনুযায়ী আমরা তাদের direct appointment দিতে পারিনা।

কিন্তু আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী Asstt. Engineerএর appointmentএর জন্য ভারত সরকারের নিকট correspondence করেছেন এবং এখনো করছেন। এবং ত্রিপুরার ষ্টাইপেণ্ডধারী ৫ জন ছেলেকে আমরা Asstt. Civil Engineer হিসাবে নিযুক্ত করেছি ও তারা কাজ করছেন এক বৎসর ধরে এবং U. P. S. C.তে appear হওয়ার পর তাদের regular করা হবে, if they are found suitable by U. P. S. C.। কাজেই আমরা কোন অবিচার তাদের উপর করিনি। আমরা তাদের উপর সুবিচার করার চেষ্টা করছি এবং আমাদের ত্রিপুরার ছেলেকে আমরা Asstt. Engineer হিসাবে appointment দেওয়ার জন্য চেষ্টা করছি। যদি recruitment rules change করা হয় তবে আমাদের কোন অসুবিধা হবে না। কিন্তু আমি জানি না আমাদের যে recruitment rules আছে for appointment of Asstt. Engineer সেটার কোন change সম্ভব হবে কিনা। যদি তা সম্ভব হয় তবে আমরা তাদের direct appointment দিতে পারব।

Mr. Speaker :—There is no more time.

Shri M. L. Bhowmik (Dy. Minister) :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমার আরো কথা বলার ছিল। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় তাহা বলবেন।

(Interruption)

Mr. Speaker :—I feel it necessary to draw the attention of the Hon'ble Members to a Parliamentary etiquette in addressing the members. I quote it from the Lok Sabha Rules—Hand Book for Members—Rule 44, Sub-rule 14. The mode of addressing the members—We address one like—মাননীয় অঘোর বাবু—That is not desirable according to the Parliamentary etiquette. The Rule is —"It is desirable that, as far as practicable a member should not be referred to by name, but in some other suitable way, e. g., as "the member who has last spoken" "the member representing such and such constituency", or the member from—etc. If unavoidably necessary, full name may be used.

Most Probably the Hon'ble members have marked when I call a member by name, I say e.g., just to-day I quote Shri Birchandra Deb-Barma, I did not say Birchandra Babu. I now call on the Hon'ble Chief Minister to wind the debate.

Shri S. L. Singh, Chief Minister :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই Demand এর উপর Cut Motion রাখতে গিয়ে oppositionএর মাননীয় সভাবৃন্দ যে ভাবে তা প্রকাশ করেছেন, সেই প্রকাশের ভঙ্গিতেই প্রমাণ হচ্ছে এই যে বিশেষ উদ্দেশ্য প্রণোদিত হয়েই যেন

তা বলছেন। তার কারণ হল এই কতকগুলি তথ্য এখানে প্রকাশ করা হয়েছে— প্রথম তথ্য হল এই যে Work-charged Asstt.দের জন্য P. E. নাকি কিছু টাকা দিয়েছেন ঘর উঠানর জন্য এবং ভূমিও দিয়েছেন তাও বলতে শুনেছি। শুনার উপর নির্ভর করে উনি তা বলেছেন, তবে শুনাটা তার শুনা হয়েই থাকুক। এ রকম কোন approval P. E. দেননি। অতএব এটাও যে, একটা বিশেষ উদ্দেশ্য প্রণোদিত হয়ে বলেছেন সেটা বুঝা যায়। তারা বলেছেন P. E টাকা Sanction করেছেন, জায়গা Sanction করে নিয়েছেন, সেই জায়গা দেওয়া হচ্ছে না, সেই টাকা দেওয়া হচ্ছে না। জায়গা—বিশেষ করে P. W. D.র জায়গাও যদি হয়, without Govt. approval P. E. সেই জায়গা দিতে পারে না। কারণ এই জায়গা তার নয়। অতএব এইটুকু মাননীয় সদস্যদের জানা থাকা উচিত এবং জেনে রাখা ভাল। তারপর বলেছেন যে Work Asstt.দের temporary রাখা হয়েছে, তাদিগকে কোন কিছুই সুখ সুবিধা দেওয়া হচ্ছে না। এই সম্বন্ধে আগেই বলেছি যে তাদিগকে Regular করা হচ্ছে এবং তার list আগেও দিয়েছি তাদের কাছে। যারা temporary রয়েছেন তাদের জন্যও আমরা Govt. of Indiaকে লিখেছি। We are not idle about it. এই সব তথ্য জেনেও আবার বলার ২টি কারণ আছে—একটি হল P. W. D.তে Mismanagement হচ্ছে এটা প্রমাণ করতে হবে, আর একটি হল এই যে, দেখ হে ভাই সব, আমরা তোমাদের জন্য কত কিছু বলছি। ঐ ব্যাটারা, কংগ্রেসীরা এখানে তোমাদের কোন কিছু সুখ সুবিধাটাই দিচ্ছে না। কাজেই এস আমাদের সাথে। আমাদিগকে ভবনদী পার করার জন্য— তোমরা সর্ব্বপ্রকার প্রচেষ্টা কর, এই হল তাদের বক্তব্য।

Mr. Speaker :— Is it ভবনদী or বৈতরণী—

Shri S. L. Singh, Chief Minister :—ভবনদীও হতে পারে— (হাস্য) কারণ ভবনদী পার হওয়ার সময় বৈতরণীর দরকার হয়। কারণ উনারা ত গরুতে বিশ্বাস করেনা, বৈতরণীতে বিশ্বাস করে না, উনারা শূন্য-তরণীতে বিশ্বাস করেন, শূন্যতেই যাবেন। অতএব আমরা যারা বিশ্বাসী মানুষ তাদের বৈতরণীর দরকার পড়ে।

তারপর বলেছেন এক ভদ্রলোক S. D. O. নাকি false bill করেন। এত শুনা কথা। অতএব তাদের কথায় P. W. D.তে যত কর্ম্মচারী আছে সমস্ত কর্ম্মচারীই অত্যন্ত খারাপ, তারা কোন কাজের নন, তারা শুধু অপকর্ম্মে অভ্যস্থ। এই সব তারা কোন facts এর উপর নির্ভর করে বলছেন না—বলছেন আমরা গুজব শুনেছি। তাহলে গুজব শুনে যারা গুজব রটাতে চায়—একটা Department এর Mismanagement এর ব্যাপার নিয়ে এ কথা যখন উঠে, তখন তারা যে বিশেষ উদ্দেশ্য নিয়েই গুজব ছড়াচ্ছেন। এবং যারা গুজব ছড়ায়, তারাই এখানে এসে এসব পরিবেশন করছে। আর একটি কথা গুজবের উপর ভিত্তি করে বলেছেন যে S. D. O. (South) misappropriate করেছেন। হয়ত কোন বিশেষ সুযোগ সুবিধা আদায় করার জন্য সেখানে গিয়েছিলেন, সেই সুযোগ সুবিধা সেখানে পান নাই, তাই আক্রোশ বশতঃ motivated হয়ে এই সব কথা তারা বলছেন। তাছাড়া আর কিছুই নয়। কারণ এই ধরণের গুজবে জনসাধারণ বিশ্বাস করেন না।

তারপর বলেছেন first plan এ ১০টি major bridge ধরা হয়েছে, সেগুলি হয় নি। মাননীয় সদস্যগণকে স্মরণ করে দেওয়া দরকার যে Bridge ধরা থাকলে তার Technical Sanction আনতে হয় Chief Executive Engineer থেকে। তার phase of work থাকে এবং সেই phase of work অনুসারেই financial sanction দেওয়া হইয়া থাকে। অতএব financial sanction যতক্ষণ পর্য্যন্ত না আসে কাজ আরম্ভ করা যায় না। ঐ কাজ যদি ১০ লক্ষ টাকার উপর হয় তাহলে Govt. of Indiaর sanction ছাড়া তা করা যায় না। ঐ সব technicalites এর জন্যই এখানকার কর্ম্মচারীরা অপদার্থ, plan অনুসারে কাজ হচ্ছে না এ সব তারা বলছেন। Phase অনুসারে কাজ হয়, 1st phase এ কতটুকু হবে, 2nd phase এ কতটুকু হবে, 3rd phase এ কতটুকু হবে, এই অনুসারে কাজ হয়। According to phased programme, Bridge work করা হয়েছে। তারপর মাননীয় সদস্যরা বলছেন— roads নেই বললে অত্যুক্তি হবে না। কাগজে road আছে হয়ত মাননীয় সদস্যরা এ কথা বলে জনসাধারণকে দেখাতে চাচ্ছেন তাদের বিশেষ উদ্দেশ্যই এটা। কারণ তারা বলছেন যে roads plan এ আছে, কিন্তু তা বাস্তবে নেই। বাস্তবের দু'একটা পরীক্ষা হয়, আমরা বাস্তবের দু'একটা পরীক্ষার মুখামুখী এসেছিলাম, আমরা প্রমাণ করেছি। পাকিস্তানের aggression এর সাথে সাথে সমস্ত roads connection বন্ধ হয়ে গেল, ত্রিপুরার এই life line তখন service দিচ্ছিল। আমরা জানি, বাস্তবের মুখোমুখী হয়ে আমরা চলেছি এবং প্রমাণ করেছি যে আমরা আমাদের Communicationকে বজায় রেখেছি। ১ হাজার ৩ শত ৬০ মাইল দূরত্ব সেই দূরত্বকে বজায় রেখে আমরা ত্রিপুরার supply, defenceকে ঠিক ভাবে রাখতে পেরেছি। তার কারণ আমরা আমাদের রাস্তাঘাটকে ঠিক সেই অবস্থায় করতে পেরেছি বলেই তা সম্ভব হয়েছে। অতএব ভীত হওয়ার কোন কারণ নেই। আমি ঐ দিকেই লক্ষ্য করে বলছি। অতএব আপনারা যদি মনে করে থাকেন যে আমি আপনাদের লক্ষ্য করে বলছি, কিন্তু লক্ষ্যটা হল মাননীয় অধ্যক্ষ মহোদয়কে তার মারফতেই আপনাদিগকে বলা হচ্ছে। অতএব আপনারা ঠিক সেইভাবে শুনুন, আর তা না হয় আমার দিকে মুখ না রেখে নীচু দিকে চেয়ে থাকেন, তাহলে আমি আনন্দিত-ই হব। কারণ আমরা জানি যে suspected man can not say face to face. অতএব সেটা যদি বিকৃত হয়ে থাকে তাহলে বলার আমার কিছুই নেই। মাননীয় opposition সভ্যবৃন্দ যারা আছেন তারা দেখাতে চেয়েছেন যে ত্রিপুরা রাজ্যে রাস্তা, building, bridge কোন কিছুই হয় নি, তারা তা এখানে বলতে পারেন, কিন্তু জনসাধারণ জানেন এবং বাস্তব আমাদিগকে দেখিয়েছে যে আমরা ১ হাজার ৬ শত ৩৪ কিলোমিটার রাস্তা ইতিমধ্যেই তৈরী করেছি। তার মধ্যে water bound roads ৫১৮ যেখানে কোন রাস্তা ছিল না, Betumen black topping Road ৫২০, মাননীয় সদস্যরা সেখানে হেচুর খেয়ে black topping এ গিয়ে তার

দাগ নিয়ে আসতে পারেন। আর যেখানে motor communication আছে, তারাই বারে বারে বলেছে যে bus চলছে, truck চলছে, Jeep চলছে—bus চলে, কারণ টাউন বাস চলছে। তবু তারা বলবেন রাস্তা তো, নেই। তাহলে টাউন বাস চলছে শূন্যে, হাজার হাজার যে ট্রাক তাও শূন্যে চলছে। এই যে অসংখ্য Jeep চলছে তাও শূন্য চলছে, তাদের কথাতে বুঝা যায় সবই without road চলছে, রাস্তা নেই। কারণ গরুর গাড়ী, মহিষের গাড়ী তো চলছে না। তুই তুং প্রথায় তো রাস্তায় চলা হচ্ছে না। কারণ সেই মহারাজার আমলে তুই তুং প্রথা ছিল। গরুর গাড়ী ছিল, মহিষের গাড়ী ছিল, তখন হাতীতে লোক টানত, মহিষে লোক টানত। এখন ট্রাকে লাকড়িও টানে। মানুষ টানে না বললেও অত্যুক্তি হবে না। সেই সমস্ত প্রথা বাতিল হয়েছে। কিসের বলে বাতিল হল? কিসের ফলে এই বৈজ্ঞানিক যান এসে হাজির হল। কারণ পথ নেই, ঘাট নেই সেই জন্যই তা হাজির হয়েছে। আজ ত্রিপুরা রাজ্যে হাজার হাজার মণ চাউল থেকে আরম্ভ করে সিমেন্ট, লোহা লক্কর পর্য্যন্ত এই রাস্তায় চলছে। এটা আমার মনে হয় তারা বাস্তবকে অস্বীকার করছেন। অস্বীকার করছেন এইজন্য যে তারা তুই তুং প্রথার সমর্থক ছিলেন এবং সেটাতেই তারা বিশ্বাসী, মহিষ ও গরুর গাড়ীর যোগে বিশ্বাসী, গরু মহিষ দিয়ে সেই গাড়ী চালানো হত, কিন্তু আজকের দিনে বৈজ্ঞানিক যুগেতে বৈজ্ঞানিক উপায়ে bridge, culvert, building তৈরী হচ্ছে, তৈরী হবে, শত বাধা বিঘ্ন থাকা স্বত্বেও আমরা তা করছি। কেবল তাই না, আমরা বিশ্বাস করি যে আমরা আমাদের যে পরিকল্পনা রেখেছি একটি বাস্তবতা সামনে রেখে আমরা তার works করে যাচ্ছি এবং করে যাব। অতএব আমরা জানি আমাদের করে যাওয়ার পথে নানা প্রকারের বাধা বিপত্তি থাকবে। তবে plan হল যাটি বাধা বিপত্তি ভ্রুক্ষেপ না করে, সেই motiveকে ভ্রুক্ষেপ না করে সে তার গতিকে চালিয়ে যাবে। এই গতি দেখে যদি ভীত হয়ে থাকেন, সন্ত্রস্ত হয়ে থাকেন—কারণ আমরা জানি যে একটি গল্প আছে সেই গল্পটি হল এই —পদ্য মালায় পড়েছিলাম—

বাঘ, পেঁচা, চোর লুকায়, এখানে
বাদুরেরা ঝুলে তেঁতুলের ডালে।

কারণ রবির আগমনের সাথে সাথে তারা ঐ সমস্ত বিবরে আশ্রয় নেয়। অতএব এই plan রূপ রবির আগমণের সাথে সাথে তাদের আশ্রয় ঐ তুই তুং এ হাতী দিয়ে লোক টানানো, আর মহিষ দিয়ে লোক টানানোর যুগে। তাই আমি Houseএর সামনে যে দুইটি Demand রেখেছি আমি আশা করব, যারা Cut Motion এনেছেন তারা সেই Cut Motion withdraw করে বাস্তবতাকে স্বীকার করে সেই Demand দুইটির গতিকে আরও গতিময় করে তুলবেন।

Mr. Speaker :— The discussion is closed. I would now put the Demand to vote. I would first put to vote the cut motion against the Demand for Grant No. 27. The question is that the Demand be reduced by Rs. 100/- to discuss on non-revision of pay scale of the Work Charged Employees.

As many as are of that opinion will please say 'Ayes'.

Voice—'Ayes'.

As many as are of contrary opinion will please say 'Noes',

Voice—'Noes'.

'Noes' have it, 'Noes' have it. The motion is lost.

Mr. Speaker :—I would now put the Cut Motion that the Demand be reduced by Rs. 100/- to discuss on mismanagement in the P. W. D.

As many as are of that opinion will please say 'Ayes',

Voice—'Ayes'.

As many as are of contrary opinion will please say 'Noes'.

Voice—'Noes'.

Mr. Speaker:—'Noes' have it, 'Noes' have it. The motion is lost.

I would now put to vote the main motion. The question is that a sum not exceeding Rs. 2,43,61,000/- [inclusive of the sums specified in column 3 of the Schedule to the Appropriation (Vote on Account) Bill 1966], be granted to defray the charges which will come in course of payment during the year ending on the 31st day of March, 1967 in respect of Demand No. 27. Public Works.

As many as are of that opinion will please say 'Ayes'.

Voice—'Ayes'.

As many as are of contrary opinion will please say 'Noes'.

(No voice)

'Ayes' have it, 'Ayes' have it. The motion is carried.

I would now put to vote the Demand for Grant No. 28. The Question is that a sum not exceeding Rs. 46,000/- [inclusive of sums specified in Column 3 of the Schedule to the Appropriation (Vote on Account) Bill 1966], be granted to defray the charges which will come in course of payment during the year ending on the 31st day of March, 1967 in respect of Demand No. 28—Capital Outlay on public Works.

As many as are of that opinion will please say 'Ayes'.

Voice—'Ayes'.

As many as are of contrary opinion will please say 'Noes'.

No voice.

'Ayes' have it, 'Ayes' have it. The motion is carried.

I would now take up the Demand for grant No. 42. I would first put to vote the cut motion, moved by Shri Hlura Aung Mag. The Question is that the Demand be reduced by Rs. 100/- to discuss on inadequacy of provision for original works—Building.

As many as are of that opinion will please say 'Ayes'.

Voice—'Ayes'.

As many as are of contrary opinion will please say 'Noes'

Voice—'Noes'.

'Noes' have it, 'Noes' have it.

I would now put to vote the cut motion by Shri Aghore Deb Barma. The question is that the demand be reduced by the Rs. 100/- to discuss on inadequacy of provision for original works—Communication.

As many as are of that opinion will please say 'Ayes'.

Voice—'Ayes'.

As many as are of contrary opinion will please say 'Noes'.

Voice—'Noes'.

'Noes' have it. 'Noes' have it. The motions are lost.

I would now put to vote the main motion. The question is tha a sum not exceeding Rs. 1,69,83,000/- [inclusive of sums specified in Column 3 of the Schedule to Appropriation (Vote on Account) Bill 1966], be granted to defray the charges which will come in course of payment during the year ending on the 31st day of March, 1967 in respect of Demand No. 42—Capital Outlay on Public Works.

As many as are of that opinion will please say 'Ayes'.

Voice—'Ayes'.

As many as are of contrary opinion will please say 'Noes'.

No voice.

'Ayes' have it. 'Ayes' have it. The motion is carried.

I would now call on the Hon'ble Sachindra Lal Singh to move his Demand for grant No. 21.

Shri S. L. Singh (Chief Minister) :—Hon'ble Speaker, Sir, on the re-commendation of the Administrator, I beg to move that a sum not exceeding Rs. 27,01,000/-, [inclusive of the sum specified in Column 3 of the Schedule to the Appropriation (Vote on Account) Bill 1966], be granted to defray the charges which will come in course of payment during the year ending on the 31st day of March, 1967 in respect of Demand No. 21 – Community Development Projects, National Extention Service and Local Development Works.

জন কল্যাণমূলক কাজের জন্য এই অর্থের বরাদ্দ ধরা হয়েছে। আশা করি হাউস সর্ব-সম্মতিক্রমে ইহা গ্রহণ করবে।

Mr. Speaker :—Against this demand there are four cut motions. No. 1 tabled by Shri BirChandra Deb Barma that the Demand be reduced by Rs. 20,000/- to economise the provision for maintenance of Jeep and cost of petrol etc. in N. E. S. Block. I would call on Shri Bir Chandra Deb Barma to start discussion.

Shri Bir Chandra Deb Barma :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের Block Development project, যেখানে Block Developmentএর officerরা আছে তাদের জন্য maintenance of jeep and cost of petrolএর জন্য টাকা রাখা হয়েছে।

আমার সর্ব্বপ্রথম বক্তব্য হবে যে Block Departmentএর কাজকর্ম্ম যেভাবে চলছে—it is not upto the mark. Actually Village Development work গুলির দায়িত্ব দেওয়া উচিত ছিল পাঞ্চায়েতের প্রধানদের হাতে। কেননা Village Development work without the co-operation of the villagers হতে পারে না। সেখানে Block Development Officerদের আমরা রেখেছি। তাদের কাজকর্ম্ম সম্পর্কে, পরবর্ত্তী যে সমস্ত cut motion আছে সেগুলিতে আসবে। কিন্তু আমি বলি যে তাদের jeepএর, petrolএর খরচ বাবদ কিছু টাকা রাখা হয়েছে। সেই টাকাটা economise করা হউক। তারা একটু হাটুক, হাটলে পর শরীর ভাল হয়, জনসংযোগ হয়। গ্রামের যে সমস্ত লোক খেতে পায় না, অর্দ্ধাহারে, অনাহারে যারা আছেন তাদের খোঁজখবর নিক। গ্রামে গ্রামে ঘুরে গ্রামের অবস্থাটা দেখুক এবং গ্রামের অবস্থা দেখে গ্রামের উন্নতি বিধান করুক। আজকাল একটা রেওয়াজ হয়েছে, যে কোন রকম অফিসার হলেই jeep চাই এবং জীপ চাইলেই petrol দরকার, কেননা petrol ছাড়া jeep চলে না। Jeep যদি একবার এসে পড়ে তবে সেই jeep চড়ে বেশ হাওয়া খাওয়া যায় এবং jeep সম্বন্ধে অনেক সময় আমরা অনেক অভিযোগ রাখি যে এই সমস্ত jeep এর ব্যবহার official purposeএ না হয়ে non-official purposeএ হয়, অর্থাৎ হাওয়া খাওয়ার ব্যাপারে jeep ব্যবহৃত হয়। আমার কথাটা হচ্ছে এই যে, গ্রামের উন্নতি যারা করে, গ্রামের উন্নতির জন্য যাদের রাখা হয়েছে, গ্রামের লোকদের সঙ্গে তাদের পরিচয় হওয়া দরকার। গ্রামের রাস্তায় jeep চলে না। কাজেই গ্রামের লোকদের সঙ্গে পরিচয় করতে গেলে পায়ে হাটা দরকার। কাজেই গ্রামে গিয়ে তাদের দেখা দরকার যে গ্রামের লোক কিভাবে জীবিকা নির্ব্বাহ করছে এবং কি তাদের অসুবিধা। এই সমস্ত অসুবিধা দূরীকরণের জন্য, গ্রামের উন্নতির জন্য তাদের উচিত পায়ে হেঁটে গ্রামে গিয়ে সমস্ত দেখা। কাজেই এখানে বলেছি economy করার জন্য, কিছু টাকা বাঁচাবার জন্য, বাজেটে ঐ টাকার বরাদ্দ কমিয়ে দেওয়া হউক। আপনারা বলতে পারেন যে, সব cut motionএ আপনারা বলেছেন যে inadequacy of provision, কিন্তু এইবেলা বলছেন to economise the provision. ১৯ কোটী টাকার বাজেট তবু বলেছি inadequacy of provision. কিন্তু এই petrol ইত্যাদি খরচের বেলায় কিছু economise করুন, তাতে Block Development Officerদের দৈহিক উন্নতি হবে, পায়ে হেঁটে গ্রামে গ্রামে যাবেন এবং জনসাধারণের সঙ্গে যোগাযোগ রক্ষা করবেন। তাতে তারা দেখতে পাবেন গ্রামের কি কি উন্নতি তারা করেছেন। আমি বলতে চাই এই যে Block Development Officerগুলি আছে, তারা কিছুই করছেন না, তাদের দ্বারা গ্রামের কোন উন্নতিই হচ্ছে না। পূর্ব্বেই বলেছি যে কৃষ্ণহস্তী পোষার যে একটা পরিকল্পনা, তাতে শুধু কৃষ্ণহস্তী পোষা হচ্ছে, আর কিছুই হচ্ছে না। কাজেই এ ব্যাপারে তাদের জীপের পেট্রল খরচ কমালে আমাদের ভালই হবে। তাদেরও ভাল হবে, গ্রামেরও ভাল হবে। সুতরাং এই টাকা গ্রামীন উন্নতির জন্য খরচ করলে সব দিক দিয়েই সুফল পাওয়া যাবে। কাজেই cut motion যেটা আমি রেখেছি, সেই টাকাটা গ্রামের উন্নতি—

কল্পে খরচ করার জন্য পেট্রোলের বরাদ্দ থেকে কমিয়ে। আমার এই cut motionকে সমর্থন করবেন এই আবেদন আমি জানাচ্ছি।

Mr. Speaker :—I would now call on Shri Atiqul Islam to discuss his cut motion that the demand be reduced to Re. 1/- to disapprove the policy regarding Community Development Project to abolish Block Development Organisation.

Shri Atiqul Islam :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, Block Development Organisation প্রকৃতপক্ষে আমাদের কোন দরকার নেই। এটা দিয়ে কোন কাজ হয় না। এইজন্য যে এটা agency মাত্র। টাকাটা সেখানে যায় তারা বিলি করে। বিলি করা ছাড়া ওদের কোন নিজস্ব সত্বা নেই। আর এই যে Block Development গুলি আছে তাদের মারফতে রাস্তা করানো হয়। Block রাস্তাঘাট তৈরী করেন। কিন্তু যখন রাস্তা তৈরীর প্রশ্নটা আসে তখন তাদের নিজের কোন কিছুই নেই, Overseer নেই, Engineer নেই কাজেই P. W. Department থেকে ধার করে নিয়ে তারপর কাজ করানো হয়। সেটিই সব না। তারপর তারা অনেক সময় বলেন, আমাদের staff নেই, Overseer নেই, Engineer নেই। কাজেই আমরা কাজ কি করে করবো। টাকা sanction হল, শুধু alignment করা যাচ্ছেনা বলে টাকাটা খরচ করা যাচ্ছে না।

আমি দেখেছি মধ্যপ্রদেশে এই Block Development Organisationটা abolish করে দিয়েছে। নিশ্চয়ই সেটা communist রাজ্য নয়, কংগ্রেস রাজ্য। তারা তাদের অভিজ্ঞতা দিয়ে বুঝেছেন যে সেখানে Block Development Organisationটার কোন প্রয়োজন নেই। কারণ সেখানে অন্য লোকের উন্নতি হয় না, একমাত্র উন্নতি হয় যাবা Block Development Officer তাদের। তারা হয় jeepএ ঘুরেন, T.A. কিছু পান কিন্তু যে purposeএ সেটা করা হয়েছে সেই purpose serve হয় না। কাজেই আমি বলব যে সেখানে অযথা কতগুলি টাকা খরচ হচ্ছে, officer রাখা হচ্ছে, T. A. দেওয়া হচ্ছে, Seeds বিলি করা হচ্ছে, কিন্তু বিশেষ কোন কাজে আসছে না। এগুলি সে organisation না থাকলেও বিলি করা যেতে পারে। তাতে কোন অসুবিধা হয় না। আমাদের যেসব রাস্তা করার কথা সেসমস্তগুলি আমরা P.W.D. দিয়ে করাতে পারি। seeds বিলি করতে হলে আমরা Agriculture Departmentএর মাধ্যমেই বিলি করাতে পারি। প্রত্যেক sub-division এ Agriculture office আছে। আমরা তার মাধ্যমেই fertilizer, seeds ইত্যাদি বিলি করতে পারি। এইগুলি বিলি করার জন্য আলাদা অফিস করার কোন দরকার আছে বলে আমি মনে করি না। এখন কথা হচ্ছে যে Block Development Deptt. থেকে যে সমস্ত Block Development Committee গঠন করা হয়, এগুলি ঠিক গ্রামের উন্নতির দিকে লক্ষ্য রেখে করা হয়, না নিজের দলটাকে সংগঠন করার দিকে লক্ষ্য রেখেই এগুলি করা হয়। It is one of the

point though not only, কারণ আপনারা যদি কেউ লক্ষ্য করেন তাহলে দেখতে পাবেন Committeeতে Communist Partyর কোন লোক নেওয়া হয় না। যেখানে নাকি M. L. A.রা আছেন নিতান্তই তাদের না নিলে জাত থাকে না, democracyর চেহারাটা নষ্ট হয়ে যেতে পারে, একেবারে লোকে যাচ্ছেতাই বলবে সেই জন্যই M. L. Aদের নেওয়া হয়। Because he is an M. L. A. not that he belongs to certain opposition party. যেহেতু সে M. L. A. সেহেতু তাকে নেওয়া হল অন্য কাউকে নেওয়া হবে না। উদাহরণস্বরূপ সোনামুড়ার কথা বলছি। সোনামুড়ার S. D. O.র স্ত্রীও Block Development Committeeর সদস্যা। S. D. Oর স্ত্রীও একজন সমাজ সেবিকা। তাকে নেওয়া যেতে পারে অন্য কাউকে নেওয়া যেতে পারে না। Oppositionএর গন্ধ আছে এমন কোন লোককে Committeeতে নেওয়া যেতে পারে না। বিলোনীয়ার কথাই ধরুন, সেখানে একজন opposition M. L. A. ছাড়া আর কাউকে নেওয়া হয়নি। দু'চারজন কংগ্রেসীকে নেওয়া হয়েছে। কাজেই motiveটা হচ্ছে এই যে, এই Block Development organisationটাকে কংগ্রেসের হাতে নিয়ে আসা এবং তাদের মাধ্যমে টাকা বিলিকরা, আমার দলের প্রচার ইত্যাদি করার পক্ষে সুবিধা হবে। কাজেই দুটি জিনিষ আমি এই হাউসে তুলে ধরতে চাই। একটা হচ্ছে যে সরকারী অর্থ দলীয় স্বার্থে ব্যবহৃত হচ্ছে, দলের কাজ করা হচ্ছে সরকারের টাকা দিয়ে। আর একটা হচ্ছে এই department যদি নাও থাকে, যদি Block Development Organisation নাও থাকে তাহলেও আজকে যে সমস্ত কাজ করা হচ্ছে সেগুলি করতে কোন অসুবিধা হবে না। Seedsগুলি বিলি আমরা Agriculture Deptt. থেকে করাতে পারি। রাস্তা ঘাটের জন্য রয়েছে P. W. D. তাতে কোন অসুবিধা হবে না। টাকা বিলি, কৃষি ঋণ, seeds বিলি S. D. O. Office থেকে করা যায়। S. D. Oর কাছে Petition করলে, S. D. O. তার Circle Officer দিয়ে enquiry করাতে পারেন, enquiry করে দেখতে পাবেন যে লোকটার claimটা justified কি justified নয়। কাজেই আজ যদি আমি ধরে নেই যে Block Development Committee নেই তাহলেও আজকে যাদের দিয়ে enquiry করানো হচ্ছে সেগুলি করাতে কোন অসুবিধা হবে বলে আমার মনে হয় না। কাজেই শুধু এই department দিয়ে প্রতি বৎসর এত টাকা খরচ করি কেন? যেখানে নাকি আমরা কথায় কথায় বলছি emergency, টাকা হিসাব করে খরচ করা দরকার সেই ক্ষেত্রে এ ধরণের একটা Deptt. রাখার কোন প্রয়োজন আছে বলে আমি মনে করি না। কারণ এর দ্বারা কারোর কোন development হচ্ছে না। এ ধরণের কথা কেউ বলতে পারবেন না যে Block Development Deptt. হওয়ার পর ত্রিপুরার কৃষকদের খুব একটা উন্নতি হয়েছে। গড়পড়তা ত্রিপুরার কৃষকদের ওজন বেড়ে গেছে, স্বাস্থ্য ভাল হয়ে গেছে, শিক্ষা খুব বেড়ে গিয়েছে। এরকম কোন উদাহরণ দেওয়ার সাধ্য উনাদের নেই। কাজেই এই departmentটা রেখে দিয়ে আমাদের লাভ কি? আর যখন নাকি আমি দেখতে পাচ্ছি যে মধ্যপ্রদেশে Block Development organisationকে

abolish করা হয়েছে। Last financial year তারা abolish করে দিয়েছেন এবং বিভিন্ন জায়গায়......

(Interruption)

Block Development Organisationকে উঠিয়ে দিয়ে অন্য জায়গায় তা adjust করে নিয়েছেন। যাহা হউক Positionটা হচ্ছে এই যে আমার রাজ্যে এই organisationটার বিশেষ কোন দরকার নেই। না রাখলেও আমাদের development workএর কোন অসুবিধা হয় না। কাজেই আমি আশা করি আমার cut motionটি সবাই মিলে সমর্থন করে পাশ করিয়ে দেবেন।

Mr Speaker :—I would now call on Shri Gopesh Ranjan Deb.

শ্রীগোপেশ রঞ্জন দেব :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, demand for grant No. 24-Community Development Projects, National Extension Service & Local Development works, যে demandটি এসেছে সেই demandএর সমর্থনে এবং তার বিরুদ্ধে যে সব ছাঁটাই প্রস্তাব এসেছে তার বিরোধীতা করে আমি আমার বক্তব্য রাখছি। আমরা জানি ত্রিপুরার গ্রামে সমষ্টি উন্নয়ন পরিকল্পনা সার্থক করার জন্য সমষ্টি উন্নয়ন সংস্থা ত্রিপুরাতে প্রতিষ্ঠিত হয়। বিশেষ করে গ্রামাঞ্চলের সর্বাঙ্গীন উন্নতির কথা চিন্তা করেই এবং জনসাধারণের সর্ব্বাঙ্গীন উন্নতি করার জন্যই এই Blockগুলি গঠিত হয়। সর্ব্ব প্রথমে আমরা দেখি ত্রিপুরা রাজ্যে ১৯৫২ সালে একটি Block স্থাপিত হয়। তারপর বছর বছর কয়েকটি কয়েকটি করে বর্ত্তমানে ১৭টি Block স্থাপিত হয়েছে। তার মধ্যে একটি হয়েছে Multipurpose Block, ৪টি T. D. Block এবং ১২টি হয়েছে Community Development Block. মাননীয় সদস্য বলেছেন যে block এর দ্বারা কোন কাজ হয়নি। কাজেই blockএর কোন দরকার নেই। এই Block Organisationকে উঠিয়ে দেওয়া হউক। কিন্তু আমি একটি সাধারণ কথা বলতে চাই যেখানে ত্রিপুরার মানুষ তার নিত্য প্রয়োজনীয় যে গোবর সার সেই গোবর সারকে utilise করার কথাটা পর্য্যন্ত কেউ জানতনা। সেই গোবরকে দূরে ছুঁড়ে ফেলে দিত। আর আজকে সেই মানুষ তার গোবর সারকে ব্যবহার করছে। তাছাড়া Chemical fertiliser ব্যবহার করছে, এমনকি তারা আবর্জ্জনা, লতাপাতা ইত্যাদি কৃষিকাজের উন্নতির জন্য নূতনভাবে সার হিসাবে কাজে লাগানোর জন্য চেষ্টা করছে। কাজেই জনগণের মনে এই প্রেরণা আনার পক্ষে block সংস্থা যে কতটুকু কাজে লেগেছে মাননীয় সদস্য তা চিন্তা করে দেখবেন। বিশেষ করে গ্রামের কৃষকরা যাদের নিজের চাহিদা সম্পর্কে কোন অনুভূতি ছিলনা, সেই অনুভূতি এনে দিয়েছে block. আমরা জানি একটি block officeএ বিভিন্ন Deptt. এর Technician থাকেন। যেমন Agriculture Industry, Panchayat, Social ইত্যাদি বিভিন্ন Deptt. এ Technicianরা থাকেন এবং গ্রামের উন্নতির জন্য তারা সকলে মিলিতভাবে চেষ্টা করেন। বিশেষ করে কৃষির উপর খুব জোর দেওয়া হয়েছে। সেই কৃষিক্ষেত্রে আমরা দেখি irrigation বাঁধ ইত্যাদি দিয়ে কৃষকদের কৃষিক্ষেত্রে সাহায্য করা হচ্ছে। তাদের উন্নত ধরণের চাষ প্রথা, Fertiliser ব্যবহার, নিড়ানি দেওয়া ইত্যাদি বিষয়ে উপদেশ দেওয়া হচ্ছে। তাছাড়া

পোকামাকড়ের আক্রমণ থেকে কৃষিকে রক্ষা করার জন্য নানা প্রকার উপায়ে সাহায্য করা হচ্ছে। সেগুলি নিতান্ত গণতান্ত্রিক ভিত্তিতে হচ্ছে। মাননীয় সদস্য যুক্তি দেখিয়েছেন যে normal Deptt. থেকে আমরা সেসব কাজ করতে পারি। করতে পারি ঠিকই, কিন্তু normal Deptt. থেকে কাজ করতে গেলেই সেখানকার officerরা তাদের খুশীমত কাজ করতে পারেন। কিন্তু block Development সংস্থাকে আমরা জানি, এটাতে জনগণের মাধ্যমে গঠিত একটা committee আছে। সেই committeeর যে chairman তিনি সব সময়ই non-official থাকেন এবং সেখানে non-official memberই বেশী। বিভিন্ন official কর্মচারীও অবশ্য সেখানে আছেন কিন্তু তাদের সেখানে কোনকিছু বলার থাকে না বলেন সাধারণতঃ জনগণ। সেই জনগণই তাদের বৎসরের বাজেট এবং সেখানে কোন বিভাগে কি কি কাজ হবে তার একটা plan তারা নিজেরাই তৈরী করেন। সেখানে সরকারী কর্মচারীদের বিশেষ কোন কিছু করার নাই। কাজেই গণতান্ত্রিক ভিত্তিতে গঠিত এই যে block তাতে জনগণের উন্নতির জন্যই চেষ্টা করে যাচ্ছে। সেটার কোন প্রয়োজন নেই বলে যে যুক্তি উনি দেখিয়েছেন, তা নিতান্তই অমূলক বলে আমি মনে করি। আরো বলা হয়েছে, যে জীপগাড়ী কেন রাখা হয়েছে, সেগুলি উঠিয়ে দেওয়া হউক। এতে block development officerদের স্বাস্থ্য ভাল হবে। আমাদের ১৭টি blockএর মধ্যে মাত্র ১৫টি জীপ গাড়ী আছে, এবং আমরা জানি যে ঐগুলি প্রায়ই পুরাতন। তারজন্য maintenance cost একটু বেশী লাগে। প্রতিটি জীপ গাড়ীর পেছনে বছরে ২ থেকে ২৷৷• হাজার টাকার মত maintenance cost এবং petrol খরচ বাবতও প্রায় ঐরকম খরচ পড়ে। সেটা ঐখানকার রাস্তাঘাট প্রভৃতি বিবেচনা করলে এই cost খুব বেশী বলে মনে হয় না। অবশ্য তারা প্রতিটি গ্রামে জীপ গাড়ী নিয়ে যেতে পারেন না, তবে যতটুকু সম্ভব তারা জীপগাড়ী দিয়েই যান তা সত্য। কাজেই জীপ গাড়ী দিয়ে গেলেও জনসাধারণের গাড়ী দিয়েই যান, এতে লাভই হচ্ছে, কেননা তারা অল্প সময়ের মধ্যে অনেকগুলি কাজ করতে পাচ্ছেন এবং বেশী সংখ্যক জনসাধারণের সঙ্গে মেলামেশা করতে পারছেন। কিন্তু এই যে জীপ গাড়ী, তা দিয়ে তারা যে হাওয়াই খাচ্ছেন তা মোটেই ঠিক নয়। আমরা জানি যে ঐ সমস্ত জীপ গাড়ীর সঙ্গে trailor থাকে, তাতে করে কিছু কিছু fertilizer, বীজধান ইত্যাদি carry করে গ্রামাঞ্চলে পেঁ ৗছিয়ে কৃষকদের সুবিধা করে দেন। কাজেই এই গাড়ীগুলি দিয়ে block এর কোন কাজই হচ্ছে না, সেগুলি ফেরৎ নিয়ে নেওয়া হউক, তার maintenance খরচ কমানো হউক এই জাতীয় যে প্রস্তাব, সেটা আমি কোন প্রকারে সমর্থন করতে পারি না।

আর মধ্যপ্রদেশে Block উঠিয়ে দেওয়া হয়েছে যে কথা তিনি বলেছেন, আজ ভারতের মধ্যে যে সকল অগ্রগামী States, Madras, Punjab প্রভৃতি, সেখান থেকেও যে Block Deptt. উঠিয়ে দেওয়া হয়েছে, এমন কোন কথা বা প্রমাণ তো মাননীয় সদস্য এখানে রাখেন নি। কাজেই আমরাও ত্রিপুরার কথা চিন্তা করে—বলব যে এখানেও blockএর দরকার নেই, এমন একটা অবাস্তর কথা উঠতেই পারে না। ত্রিপুরাতে উন্নয়নমূলক কাজ হয়নি, বা কোন প্রকার achievement হয়নি, বলে যে অভিযোগ মাননীয় সদস্য করেছেন, সেই সম্পর্কে বলতে গিয়ে আমি বলব যে ত্রিপুরাতে যতটুকু কাজ হওয়ার কথা ছিল, সেই অনুযায়ী হয়তো আনুপাতিক

হিসাবে কিছুটা কম হতে পারে। অবশ্য তার কারণটা আমাদের দেখতে হবে, ত্রিপুরার যে ভৌগোলিক অবস্থা, তার স্থল ভাগের যে অসমতা, এবং যোগাযোগ ব্যবস্থার অসুবিধা, তদুপরি প্রাকৃতিক দুর্যোগ ত আছেই। আশা করছি এই হাউসের যারা জনপ্রতিনিধি, বিভিন্ন অঞ্চল থেকে এসেছেন, তাঁরা তাদের আঞ্চলিক সুবিধা অসুবিধা সম্পর্কে সম্পূর্ণ সচেতন আছেন। তাছাড়া নানা বিষয়ে এই Assemblyতেও কতকগুলি কমিটি গঠিত হয়েছে এবং ঐ কমিটিগুলি তাদের recommendation রেখেছেন, উদাহরণ স্বরূপ আমি বলতে পারি—পাবলিক একাউন্টস কমিটি এব এসটিমেট কমিটি ইত্যাদি। তারা recommend করেছেন যে সরকারী দপ্তরগুলিতে co-ordinationএর অভাব। এই co-ordinationএর অত্যন্ত প্রয়োজন কেননা বিভিন্ন দপ্তরের মধ্যে যদি co-ordination আরো জোড়ালো থাকতো, তাহলে আমাদের achievement in developments works নিশ্চয়ই আরো বাড়ত। সেই জন্য এই কমিটিগুলিতে যে report দেওয়া হয় তার প্রতি আমাদের বেশী করে মনোনিবেশ করার প্রয়োজন আছে বলে, আমি মনে করি। এ বলে আমি cut motion গুলির বিরোধীতা করে আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker :— The cut motion moved by Shri Bulu Kuki M. L. A., is that the demand be reduced by Rs. 100/- to discuss on inadequacy of provision for village roads and water supply schemes under the Local Dev. works has alled through for the absence of the mover. There is another cut motion moved by Shri Aghore Deb Barma. M. L. A. the question is that the demand be reduced by Rs. 100/- to discuss on the mismanagement of C. D. Blocks.

Shri Aghore Deb Barma :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, ডিমাণ্ড ফর গ্র্যাণ্ট নং ২২ এর নামটি শুনতে খুবই ভাল ; "Community Dev. projects, National Extension Service & Local Dev. works". কিন্তু কাজ যে কি হচ্ছে, সেটাই হ'ল প্রশ্ন। মাননীয় অধ্যক্ষ মহোদয় আমি আমার cut motionএর সমর্থনে আমার বক্তব্য তুলে ধরতে চেষ্টা করব। আমার cut motionটি হচ্ছে "Mismanagement of C. D. Blocks. এই Block এর মধ্যে যে রকম ভাবে mismanagement চলছে, সেই সম্পর্কে অনেকগুলি ঘটনা আছে, কিন্তু আমি মাত্র কয়েকটি ঘটনার কথা এখানে রাখব। Block এর মাধ্যমে tank ইত্যাদি তৈরী করার জন্য টাকা পয়সা মঞ্জুর করা হয়। জিরানিয়া block এর বর্তমান সার্ভে অনুসারে রাধাপুর গ্রামে কুঞ্জ দেববর্মা নামে একজন গাঁও প্রধানের গত Financial yearএ একটি পুকুর খননের জন্য টাকা মঞ্জুর করা হয়। সেটা খননের কাজ শুরু হয়েছিল ঠিকই, প্রায় আধাআধি কাটাও হয়েছে, কিন্তু এই বছরও গত হতে চলছে, পুকুরটি আর কাটা হল না। ফলে, ঐ জায়গায় ফসলাদি তো হলই না, মাছের চাষও হ'ল না, মাঝখানে জমিটি নষ্ট হ'ল। তবে একটা কথা আছে, সে নিজে তো পুকুরটি কাটায়নি block এর মারফতে সেটা কাটানোর কাজ আরম্ভ হয়েছিল। Block Deptt. টাকাটা কি draw করেছে, কি করে নাই, তা সে বলতে পারে না। মূল কথা হল এই যে সে তার জমি registration করে দিয়েছে, সেখানে পুকুর করে জল সেচের ব্যবস্থা করাই ছিল উদ্দেশ্য। ফলে এখন জমিটাও নষ্ট হল, জলসেচও হল না, মাছ চাষের যে ব্যবস্থার কথা ছিল, তাও হ'ল না।

তারপর আর একটা ঘটনার কথা আপনারা শুনুন—T. D. Blockএর মাধ্যমে Block areaতে রাস্তাঘাট তৈরী, পানীয় জল ইত্যাদির ব্যবস্থা করা হয়। এই ব্যাপারে ট্রাইবেলদের যে কি ভাবে deprived করা হয় তার একটা ঘটনা সম্পর্কে আমি মাননীয় স্পীকার মহোদয়ের permission নিয়ে একটা সরকারী order পড়ছি।

Govt. of Tripura
Office of the B. D. O. Sadar,
JIRANIA

No. 10013/5/BD/5-2(part)/65 Dt. 10. 12. 65.

To

Shri RambhakthaDeb Barma,
Vill—Bhadranishipara,
P. O—Ranirbazar,
Tripura.

Sub—Tender for construction of roads/Culverts under the T. W.

D/Sir,

In connection with the tender submitted by you vide your letter dt. 27. 11. 65, I am to request you please to intimate, if you are agreeable to undertake all the items of works individually and separately @ Rs. 12 /· less estimated cost of tender offered by you.

Yours faithfully
Sd/— S. M. Gupta
B. D. O.

কথা হল Jirania block area রাস্তা করার বাবতে একটা tender notice issue করা হয়েছিল। তার মধ্যে tender দিয়েছিল ২৭।১১।৬৫ তারিখে রামভক্ত দেববর্মা ও আরও দুইজন। তারপর এই চিঠিটা তার কাছে পাঠানো হয়। সঙ্গে সঙ্গেই সে intimate করে। সে ইহা receive করল ২০।১২।৬৫ তারিখে এবং তাহা accept করে ২১।১২।৬৫ যখন তখনই submit করল। তারপর B. D. O. Office সেটা receive করল ২২।১২।৬৫ তারিখে Letter No. হল 6576, তারপর সেই মুহূর্তে S. M. Gupta, B. D. O. Office থেকে বদলী হয়ে গেলেন। তখন সেখানকার Head clerk ঐ inimation পাওয়ার পর যার tender accept করেছিল তাকে না দিয়ে অনিল ঘোষ নামক জিরানিয়ায় এক ভদ্রলোককে এই কাজগুলো দেওয়া হল without calling any tender এবং সেটা by negotiation তাকে দেওয়া হল। তারপর যখন রামভক্ত দেববর্মা এই ব্যাপারে লেখালেখি করতে শুরু করল তখন তাকে বলা হল যে তোমাকে একটা অংশ দেওয়া হবে তুমি সেটা কর। সেখানে culvert ও road maintenanceএর কাজ করানোর কথা ছিল। কিন্তু শেষ পর্য্যন্ত তাকে কোন কাজই দেওয়া হল না। অনিল ঘোষকে দিয়েই সব কাজ করা হল। এখন প্রশ্ন হচ্ছে Tribal welfare Scheme এর বিভিন্নখাতে যে সমস্ত টাকা মঞ্জুর থাকে সেই টাকাটা স্বাভাবিক ভাবে খরচ করার সময় Tribalদের কল্যাণে

ব্যয় করা উচিত। Dhebar Commission এর সুপারিশও উল্লেখ আছে যে Tribal welfare Scheme এ যে সমস্ত টাকা বরাদ্দ থাকে সেই অর্থ Tribalদেরই পাওয়া উচিত। এ ক্ষেত্রে Tribal welfare Scheme যে টাকাটা মঞ্জুর ছিল সেটার কাজের জন্য tender Call করে প্রথমে একজন Tribalকে দেওয়া হল, কিন্তু কার্যাতঃ তাকে দেওয়া হল না। অন্য একজন non-tribal কে দিল যিনি tenderও দেননি। ইচ্ছামত ভাবে এইসব mismanagement এর দ্বারা Tribalদের deprived করা হচ্ছে। এই হল অবস্থা।

Block departmentটা multipurpose-তাতে agri. Extension officer, Co-operative officer. industry আছে Social education এই রকম অনেক কিছুই আছে। আমি জিজ্ঞাসা করতে চাই, irrigationএর ব্যাপারে যেসমস্ত বাঁধ দেওয়া হয়েছিল সেই বাঁধগুলি হতে জল সেচের ব্যাপারে B D. O. মহাশয়ের কোন হাত আছে কিনা, ক্ষমতা আছে কি না? By the by আমি একটা instance দিচ্ছি। Estimate Committeeর programme মত আমি যখন খোয়াই যাই, তখন আমার সামনে B. D. O. Engineer কে বলল, Sir এখানে যে staffগুলো রেখেছেন তারা আমার কথা শুনেন না। কেননা তারা অন্য depttএর, কাজেই তারা আমার কথা শুনেনা। যেসমস্ত Block Developmentএ Agri. Extension officer আছেন বা Industry ও অন্যান্য অফিসের officer যারা থাকেন তাদের দিয়ে B. D .O কোন কাজ করাতে পারেন এমন সম্ভাবনা নেই। কাজেই B. D. O. Officeএ বিভিন্ন অফিসের লোক থাকায় কোন departmental co-ordination নেই। কাজেই আমরা Schemeগুলোর নাম দিব, যে খুব ভাল Scheme, কিন্তু কার্য্যতঃ কি হচ্ছে? কাজেই এই সব কারণে আমি মনে করছি এই যে Block Development Scheme সেটা একটা বোগাস্ Scheme. এটা দিয়ে কোন কাজ হবে বলে আমি মনে করিনা শুধু অর্থের একটা অপচয়। আর একটি কথাহল, মাননীয় সদস্য গোপেশ বাবু বললেন যে প্রত্যেক Blockএ জনপ্রতিনিধি নিয়া একটি committee আছে। হ্যাঁ, আমি নিজেও সেই Committeeর member, কিন্তু প্রতি বৎসর Blockএর থেকে Scheme করে যে সব অর্থ চাওয়া হয় সেটা কি সবটা মঞ্জুর হয়? যেমন last yearএ উদয়পুর থেকে রাস্তাঘাট ও বিভিন্ন Scheme বাবত টাকা মঞ্জুরী চেয়েছিল, কিন্তু ঐগুলোর কোনটাই আজ পর্য্যন্ত কার্য্যকরী হল না। কাজেই এই ভাবে গণতন্ত্রের একটা কৃত্তিম রূপ ফুটাইয়া তোলার জন্য সেখানে এসব জনপ্রতিনিধিমূলক Committee গঠন করে কোন লাভ নেই। সেখানে যে B. D. O.রা আছেন কিন্তু তাদের কোন কিছু করার মত কোন ক্ষমতা নেই। কোন একটা রাস্তা করার প্রয়োজন হলে মঞ্জুরীর জন্য D. M. এর নিকট চাওয়া হয়। D. M. কবে মঞ্জুর করবেন, তবে সেই কাজ start হবে, এই হল অবস্থা। যে এলাকার লোকের রাস্তার দরকার তারাই তো Direct D. M. এর কাছে আবেদন করে রাস্তার জন্য মঞ্জুরী চাইতে পারেন। কাজেই যেখানে B. D. Oকে কোন ক্ষমতাই দেওয়া হচ্ছেনা সেখানে তাকে বসাইয়ে তার সাথে একটা Jeep গাড়ী এবং বিরাট একটা staff maintain করার কোন আবশ্যকতা নেই। কাজেই আমি মনে করি এই যে একটা Scheme এটা একটা বোগাস স্কিম। এই Schemeটাকে বাদ দিয়ে এই বাবতে বরাদ্দকৃত অর্থ কৃষির production যাতে বাড়ে সেই খাতে খরচ করা দরকার।

C.D. Block এর মাধ্যমে জনসাধারণের উন্নতি বিধানই আমাদের একমাত্র উদ্দেশ্য। কিন্তু আজ পর্য্যন্ত যে সমস্ত block হয়েছে, তার প্রতি দৃষ্টি দিলে আমরা দেখতে পাই না যে জনসাধারণের অর্থনৈতিক উন্নতি হয়েছে। তারপর Industry, school প্রভৃতির দিকে তাকালে দেখা যায় সবই যেন একটা formalities বিশেষ। তারপর বিশালগড় এলাকায় একজন কৃষক তার জমি mortgage বা জমির কিছু অংশ বিক্রি করে প্রতি বছর ২।। হাজার টাকা খরচ করে ছড়াতে বাঁধ দেয়। কিন্তু সেই বাঁধ ঠিকে না, ফলে ঐ টাকাগুলি নষ্ট হয়ে যায়, জমির ফসলও নষ্ট হয়ে যায়। এদিকে Block এর কাছে দরখাস্ত করলে, তাকে বলা হয় যে এখন তুমি নিজেই কাজটা শুরু কর, পরে তোমাকে block টাকা পাওয়ার ব্যবস্থা করে দেবে। তাদের কথা অনুসারে সে কিছু জমি বন্ধক দিয়ে ঐ বাঁধের কাজ করল, কিন্তু block থেকে সে একটি পয়সাও পেল না। সে আবার block অফিসে গেল, তাকে আবার অনুরূপ কথাই বলা হল। তখন সে বলল যে আমি তো আপনাদের কথা অনুযায়ী জমি বন্ধক দিয়ে ছড়াতে বাঁধ দিলাম, অথচ বাঁধ টিকলো না, আমার জমি গেল, ফসল গেল, সব গেল। শুধু তাই নয়, সে এজন্য তাদেরকে আদর আপ্যায়ণ করতেও বাকী রাখে নাই, যার কথা এখানে না বললেও বুঝতে কষ্ট হয় না। কিন্তু এত কিছু করার পরও তাকে এবারও বলা হ'ল যে আপনি আবার চেষ্টা করুন, আমরা আপনার টাকাটা পাওয়ার ব্যবস্থা করতে পারি কি না দেখব। তবে একথা ঠিক যে তারা জীপ গাড়ী নিয়ে এখানে সেখানে আসা যাওয়া করে থাকে, কিন্তু block এর মাধ্যমে কোন ছড়াতে বাঁধ দিয়ে জমিতে জল দেওয়ার ব্যবস্থা করা হয়েছে, তা খুব কমই আছে। তারপর আর একটা ঘটনার কথা এখানে উল্লেখ করতে পারি যে জীবানীয়া ব্লক থেকে Grow More Food Campaign Scheme বাবতে বোরোধান চাষ করার জন্য ১ হাজার টাকা দেওয়া হ'ল। সেখানে ছড়াতে বাঁধ দেওয়া হ'ল, জল সেচের ব্যবস্থাও হল। কিন্তু যে বীজধান দেওয়া হ'ল, সবই নষ্ট, ফলে ঐখানে এক মুষ্টি বোরোধানও হ'ল না। অতএব আমার বক্তব্য হচ্ছে C. D. Block এর মাধ্যমে যে ভাবে mismanagement চলছে, তা যদি বন্ধ না করা হয়, তাহলে ঐ সব block রাখার কোন যৌক্তিকতা আছে বলে আমি মনে করি না।

Mr. Speaker :— Now I would call on Hon'ble Dy. Minister. Dr. B. Das.

Dr. B. Das, (Dy. Minister) :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় মুখ্যমন্ত্রী, এই হাউসে ডিমাণ্ড নং ২১ এনেছেন তাকে সমর্থন করছি এবং বিরোধী পক্ষ থেকে যে ছাঁটাই প্রস্তাব এসেছে তার বিরোধীতা করছি। কিছুক্ষণ আগে মাননীয় সদস্য ছাঁটাই প্রস্তাব আনতে গিয়ে যে কথা তুলে ধরেছেন যে C.D. Block এর কাজকর্ম "not up to the mark"। তাতে বুঝা যাচ্ছে, তিনি নিজেও স্বীকার করছেন যে block এ কিছু কাজকর্ম্ম হচ্ছে, তবে সেটা "not up to the mark", এখানে আমার বক্তব্য হ'ল তিনি যে ছাঁটাই প্রস্তাব এনেছেন, তাতে বলা হয়েছে জীপ গাড়ীর কোন দরকার নেই, সেগুলি উঠিয়ে দেওয়া হউক, petrol এর জন্য বেশী খরচ হচ্ছে ইত্যাদি। অথচ নিজের বক্তব্য রাখতে গিয়ে বলেছেন যে block এ যে কাজকর্ম্ম হচ্ছে তা not up to the mark. কাজেই তার যে উদ্দেশ্য এবং বক্তব্য তা সম্পূর্ণ contradictory, তারপর বলছেন জীপে করে হাওয়া খাওয়া হয়। মাননীয় অধ্যক্ষ, মহোদয়, জীপগুলি রাস্তায় চলে, তার যে medium টা

সেটা হাওয়ায় চলে, জলের ভিতর দিয়ে নয়, কাজেই যখন জীপটা যাবে, সে হাওয়ার ভিতর দিয়েই যাবে, কাজেই কিছু যদি খেতে হয় তবে সে হাওয়াই খাবে, অন্য কিছু নয়। গ্রামের লোকদের সঙ্গে যোগাযোগ করতে হলে সেখানে জীপে না নিয়ে, হেঁটে গেলে স্বাস্থ্য ভাল হয়, জনসংযোগ খুব ভাল হয় তা সত্যি কথা, physical exerciseএর একটু দরকার, স্বাস্থ্য ভাল থাকে স্বীকার করছি। কিন্তু একটা Block যখন আমরা করতে যাচ্ছি, সেটা অন্ততঃ India Govt. এর যে pattern, সেখানে কথা হচ্ছে যে Minimum ২৫০ Sq. miles area নিয়ে একটি Block হয়, আর লোকসংখ্যা হতে হয় অন্ততঃ ৬০ হাজার। আমরা ত্রিপুরা রাজ্যে যেটা করেছি সাধারণতঃ N.E.S. Blockগুলি, C.D. Blockগুলি, সেইগুলি হল 100 Sq. miles আর T. D. Blockগুলি 80—100 Sq. miles, এর মধ্যে আর লোকসংখ্যাটা আমরা করে নিয়েছি ২৫ হাজার। কিন্তু C.D. Blockএ লোকসংখ্যা অন্ততঃ ৬০ হাজার থাকতে হবে। কাজেই 250 Sq. miles যেখানে ছিল, সেখানে আমরা 100 Sq. miles করেছি। 100 Sq. milesএর যে population, আমাদের এখানে অন্ততঃ 60 thousand population, তাদের সঙ্গে যোগাযোগ করতে হবে হেঁটে হেঁটে, আর অফিসের কাজও করতে হবে, জনসংযোগও করতে হবে হেঁটে হেঁটে, স্বাস্থ্য তার ভাল রাখতে হবে, সব কিছুই করতে হবে—কিন্তু সেটা কি করে সম্ভব হয়? সে কি করে সম্ভব হতে পারে? 100 Sq. miles তাকে cover করতে হবে আবার Office এর কাজও করতে হবে অথচ জীপ গাড়ীর ব্যবহারও ছেড়ে দাও, কি অদ্ভুত একটা যুক্তি। (Interruption from opposition). সাইকেলের কথা এখানে আসেনি, উনারা কোন যুগে বাস করেছেন সেই সম্বন্ধে একটু আগে একটি চিত্র তুলে ধরা হয়েছিল—সেই যুগ সম্বন্ধে আবার একটু ভাবুন এবং ভেবে শুনে কথা বলুন। এটা একটা অদ্ভুত কথা যে ১০০ মাইলের ভিতরে লোকদের সঙ্গে হেঁটে হেঁটে কাজ করা, আবার অফিসও কর, তাদের জীপ গাড়ী দিও না। মাননীয় অধ্যক্ষ, মহোদয়, এটা দুঃখের কথা এই এসেম্বলী হাউসে বসেও আমাদের এই রকম কথা শুনতে হয়, এই রকম কথাই তারা সাধারণতঃ বলে থাকেন। Blockএ কোন কাজকর্ম্ম হয় না, সেটা একটা Agency মাত্র, তার মধ্য দিয়ে কতকগুলি টাকা যায়, সেগুলির কেবল বিলিব ব্যবস্থা করা হয়। সে কথা বলতে গিয়ে চমৎকার একটি কথা বলেছেন, সেখানে যে B. D. C আছে, সেই B. D. Cতে Communist Partyর কেউ নেই। কিন্তু জনসাধারণ সেখানে আছে, এইটুকু বলছেন যে জনপ্রতিনিধি সেখানে আছেন, Communist M.L.A. যারা আছেন, তাদের না নিলে একটা কেমন দেখায়, সেইজন্যেই যেন তাদের নেওয়া হয়—এই হল তাদের কথা। তাহলে জনপ্রতিনিধি যারা, তারা যদি কমিউনিষ্ট না হন, তাহলে কি তাদের সেখানে নেওয়াটা অন্যায় হবে? তারা কি সেখানে জনপ্রতিনিধিত্ব করছেন না? কাজেই এ কথাটা কি করে আসে? কোন particular Block থেকে কাউকে নিতে হবে এই ধরণেরও কোন কথা নয়। Blockএর উদ্দেশ্যটা কি? তার উদ্দেশ্যই হল, এটা সমষ্টি উন্নয়ন সংস্থা, এটা সমষ্টিগতভাবে সবাইর উন্নতি করবে এরকম কতকগুলি programme নিয়ে কাজ করা। কাজেই সেখানে যারা জনপ্রতিনিধি আছেন, তারা সেখানে আসেন B. D. C. form করেন, সেই কমিটির মারফতে plan programme হয় এবং সেই অনুযায়ী সেখানে কাজ হয়। কাজেই Block agency তার মধ্য দিয়ে টাকা দেওয়া হয় ইত্যাদি কথার কোন অর্থ নাই। এই সম্বন্ধে তিনি

বলেছেন যে মধ্যপ্রদেশে Block নাকি তুলে দেওয়া হয়েছে, সেই organisatsonই নাকি তুলে দওয়া হয়েছে। মাননীয় সদস্যের কাছে আমার অনুরোধ রইল যে তাঁরা আবার ভাল ভাবে খুঁজখবর নিয়ে জিনিষটা দেখুন। সেখানে কথাটা হয়েছিল এইটুকু যে যারা সেখানে B. D. O. আছেন তাদের সেই postটা abolish করে দেওয়ার জন্য তারা Govt. of Indiaর কাছে লিখেছিলেন। তারপর কি হয়েছে, তার কি কোন খোঁজখবর তারা নিয়েছেন? আমি অনুরোধ করব, তিনি তার খুঁজখবর নিয়ে এসেম্বলীতে কথাটা বললেই ভাল হত।

সোনামুড়ার S.D.O.র স্ত্রীকে নেওয়া হয়েছে, এটাতবড় একটা সাংঘাতিক কথা, উনি-ত জন প্রতিনিধি হতে পারেন না। যেহেতু মহিলা সেহেতু জনপ্রতিনিধি হতে পারেন না। যেহেতু তিনি S. D. O. এর স্ত্রী, সেহেতু একটা সাংঘাতিক কাজ করে ফেলেছেন। কাজেই এই ধরণের কথাবার্ত্তা এখানে এসে আমাকে শুনতে হচ্ছে। মাননীয় সদস্যের কাছে এর চেয়ে একটু উঁচু ধরণের কথা শুনব বলে আমাদের আশা ছিল, অনেক সময় উনি দাবী করে থাকেন—Law সম্বন্ধে তিনি ওয়াকিবহাল, ডাক্তারী সম্বন্ধে ওয়াকিবহাল, সর্ব বিষয়েই অভিজ্ঞ। কাজেই সব বিষয়ে অভিজ্ঞ যিনি উনার কাছ থেকে উঁচু ধরণের আলাপ আলোচনাই আমরা শুনব, এই আশা নিয়েই আমরা এখানে আসছি। কিন্তু যে ধরণের কথাবার্ত্তা উনি বলেছেন—তাহা চমৎকার এবং এমনই কতকগুলি তথ্য পরিবেশন করেন যা আমরা কিছুদিন পূর্ব্বেও আমরা লক্ষ্য করেছি একটা বই নিয়ে এসব ঘটনা, সেই ঘটনার কথা আর নাই বা তুলে ধরলাম। কাজেই মাননীয় অধ্যক্ষ মহোদয়, উনি অনেক সময়ই এ ধরণের কথা বলে থাকেন এবং বলেছেন যে শিক্ষার উন্নতি এখানে এতটুকুও হয়নি। মাননীয় অধ্যক্ষ মহোদয়, সেখানে আমি বলব যে Block এর মাধ্যমে অনেক কিছু programme আমাদের নেওয়া হয়, তারমধ্যে social education যেগুলি আছে, তারমধ্যে literacy centre started in the year 1961-62 যেখানে ছিল 101 এবং 1962-63 তে ছিল 30, 1963-64এ 22, এবং 1964-65 এ 18 এই যে centreগুলি খোলা হল তার মধ্যে Adult literacyও বালোয়ারী নার্সারীর জন্য আরেকটি আমাদের আছে, সেটা হল 1963-64তে 52, 1964-65 তে 30, তারমধ্যে দিয়ে সেখানে literacy সম্বন্ধে শিক্ষার নানারূপ ব্যবস্থা করা হচ্ছে। কাজেই শিক্ষার জন্য Blockএও একটা programme নিয়ে আমরা এগুচ্ছি। এইসব কথা মাননীয় সদস্যরা একেবারে অস্বীকার করতে চাইছেন। উনার পক্ষে অনেক কিছু অস্বীকার করা খুবই স্বাভাবিক।

Mismanagement of Community Development Block সম্বন্ধে বলতে গিয়ে প্রথম কথাটি খুব সুন্দর বলেছেন। নামটিত খুব সুন্দর, সত্যি সুন্দর, মাননীয় সদস্যের সাথে আমিও স্বীকার করছি। তবে সেটার বাংলা করলে, আরো সুন্দর শুনাবে, সেটার নাম হচ্ছে সমষ্টি উন্নয়ন সংস্থা—সমষ্টিগত ভাবে সবাইর উন্নতিকল্পে এই ব্লকের জন্ম এবং সেই organisation নিয়েই আমরা এগুচ্ছি। তবে ঐটার ব্যাখ্যাটুকু ঐভাবে না নিয়ে এই ভাবে নিলে আরেকটু আনন্দ পেতাম। সেই আনন্দের কথাটুকু আমি খুলে বলছি। Tank খনন করতে গিয়ে জিরানীয়াতে এমন একটি ঘটনা ঘটেছে। ঐ tank খননও একটা plan programme অনুযায়ী করতে হয়,

কতটুকু কাজ করলে পর সেটা দেখে তার Inspection Report এর উপর basis করে টাকা দেওয়া হয়। সেখানে যদি সে fail করে, সেটুকু যদি সে না করে, তাহলে টাকাটা দেওয়া হয় না। মাননীয় সদস্যকে আমি অনুরোধ করব উনাকে Belonia, Bagafa Blockএ বাইখোরাতে যাবার জন্যে। বাইখোরা বাজারের ঠিক উল্টো দিকে একটা পুকুর খনন করা হয়েছে, সেটা তিনি দয়া করে দেখে আসুন। মাননীয় সদস্য সেখানে আর একটা কথা তুলে ধরেছিলেন যে সেখানে জলের কোন ব্যবস্থা নেই, irrigation এর ব্যবস্থা নেই—আমি অনুরোধ করব যে খোয়াইর গণকি এলাকায় দয়া করে একটু যাবার জন্য, সেখানে জাম্বুরা বলে যে গ্রামটি, সেখানে যে overflow করে সেটুকু দেখে আসলে তিনি আনন্দ পাবেন। এখানে জিরানীয়া ব্লকের রামভক্ত দেববর্মার যে কেসটি তিনি তুলে ধরেছেন, সেটা সম্বন্ধে এই সেসনেই—তবে আমি ঠিক করে বলতে পারছি না—কালকে কি পরশু একটা প্রশ্ন এসেছিল, তার উত্তরে আমরা বলেছিলাম যে materials are under collection (Interruption). আমরা বলেছিলাম যে ঐ বিষয়ে খুঁজখবর নেওয়া হচ্ছে, সেই কথাটাই তুলে ধরে উনি অনেক কথা বলেছেন। এখানে আমি এমন কোন challenge করছি না, যে আপনার কথা আমি অস্বীকার করছি—আমরা বলছি সরকারী দিক থেকে চেষ্টা চলেছে এবং খবরা খবর নিচ্ছি। সেই কথাটাই আবার তুলে বাহবা নেওয়াটা খুবই সুন্দর জিনিষ। সেখানে tender call করা হয়েছিল, তিন জন tender দিয়েছিল। যেহেতু উনাকে দেওয়া হয় নাই সেইটা এমন কিছু খারাপ কাজ করা হয় নাই এবং আর একজনকে দেওয়া হয়েছে সেই কথাটা বলতে গিয়ে উনি বলেছেন সে কিনা Head clerkকে···। Head clerk কি সেখানে work order দিতে পারেন? মাননীয় সদস্যের পক্ষে একথা বলা সম্ভব। আর একটি কথা বলেছেন, যে কতকগুলি ভোয়া scheme সেখানে নেওয়া হয়েছে, বিশেষ করে irrigation সম্বন্ধে আমি একটু আগে তুলে ধরেছি। আর block বলতে সমস্ত blockই নাকি multipurpose. মাননীয় অধ্যক্ষ, মহোদয় আমি এখানে তুলে ধরছি যে আমাদের multipurpose block মাত্র ১টি—১৭টির মধ্যে মাত্র ১টি। মাননীয় অধ্যক্ষ, মহোদয় এই যে কতকগুলি cut motion তারা এনেছেন তার কোন যৌক্তিকতা নাই এইটা আমি প্রমাণ করতে পেরেছি এবং এখানে আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker :—I would now call on Hon'ble Chief Minister Shri S. L. Singh.

Shri Sachindra Lal Singh (Chief Minister) —মাননীয় অধ্যক্ষ, মহোদয়, বিরোধী পক্ষের সদস্যবৃন্দরা যে cut motion রেখেছেন আমার Demand No. 21 এর উপর যা বলতে গিয়ে বলেছেন যে জীপের চলাচল উঠিয়ে দেওয়া হউক, স্বাস্থ্য ভাল হবে যদি তারা পদব্রজে আসে, পাদুকা বেশী তৈরী হবে, কারণ পাদুকা তাড়াতাড়ি ক্ষয় হবে এবং Labourer, ও তার মালিক বেশী পয়সা পাবে। তারা হয়ত চিন্তা করেছেন ব্রজের রাখাল বালক হবেন, বাঁশী বাজাবেন এবং গাছের নীচে থাকবেন, আর জমদূতের মত মহিষের পৃষ্ঠে ভ্রমণ করবেন। কারণ Blockএর Jeep উঠিয়ে দিলে মহিষ অনেক ব্যবহৃত হবে এবং যারা মহিষ পালক, তাদের আয় হবে। তারপর গাছের নীচে শুয়ে থাকবেন, মহিষ দুগ্ধ পান করবেন। তারপর হয়ত হাতীর কল্পনা করছেন, হস্তীপৃষ্ঠে যাবেন এবং তার সাথে সাথে অনেক কিছু আনন্দ উপভোগ করবেন। তবে সেই দিন

চলে গেছে, অতএব সেই দিনের জন্য আক্ষেপ যেন না করেন। বনের আনাচে কানাচে, সেই গাছের নীচে শুয়ে, বাঁশী বাজিয়ে, সেই মহিষ দুগ্ধ পান করে, মহিষ পৃষ্ঠে হাঁটার যে কল্পনা, সেই কল্পনায় আনন্দ আছে বৈকি, কিন্তু সেদিন আর আসিবে না। জীপ গাড়ীর আবির্ভাবের সাথে সাথে সেই দিন চলে গেছে। আমাদের এখানে জীপগাড়ী, মোটর, এরোপ্লেন চলবে, চলবে রেলগাড়ী এবং আরো উন্নত ধরণের যানবাহন মানুষ আবিষ্কার করবে। অনবরত নূতন আবিষ্কারের দিকে মানুষ চলছে, চলবে। সেই গতির দিকে যে মানুষ চলতে না পারবে, তারা অনেকদূর পিছনে পড়ে যাবে। অতএব আজকে ২৫০ Sq. miles area তে ৬০,০০০ লোকের সাথে যোগাযোগ যদি করতে হয়, তাহলে জীপ কেন, আরো দ্রুতগামী যানবাহনের দরকার। সেই অনুসারে রাস্তাঘাটও তৈরী হওয়া দরকার, যাতে অতি অল্প সময়ের মধ্যে, ২৫০ Sq. milesএর জায়গা ১ ঘণ্টায় ঘুরে আসা চলে কিনা, ঠিক সেইভাবে চিন্তা করতে হবে। কারণ Block যারা চালাচ্ছেন, তাদের Industry, Agriculture, Extension, Hygiene, Roads, Tribal welfare, Grow more food Campaign এর কাজকে, পঞ্চায়েতের কাজকে, সবগুলিকে কেন্দ্রীভূত করে তাকে চালাতে হবে। সেই-ভাবেই ভারতের ৩টি five year plan শেষ হয়েছে এবং সেই plan অনুসারে ভারতবর্ষ Block এর মাধ্যমে সব কাজকে তড়ান্বিত করার জন্য যে ব্যবস্থা করেছেন, তা আমাদের এখানেও করা হয়েছে। ত্রিপুরার পরিপ্রেক্ষিতে চিন্তা করেই তা করা হয়েছে। তা বলতে গিয়ে তারা বলেছেন যে সাইকেল হলেও-ত কাজ চলে। লংতরাইএর উপর দিয়ে, সেই আঁকাবাঁকা পথে সাইকেল কোন দিন তাঁরা চালিয়েছেন কিনা, তা আমি বলতে পারি না। কারণ বাস্তবতার সঙ্গে যাদের যোগাযোগ নাই, তাদের পক্ষে এইরকম বলা স্বাভাবিক। কারণ, তারা বাস্তবকে অস্বীকার করে যাচ্ছেন এবং অস্বীকার করাই হল তাদের কর্ম্ম। তারা বলছেন যে জীপে কেবল হাওয়াই খাচ্ছে—তাহলে আমরা দেখছি যে আমাদের যে রাস্তাঘাট, সেই রাস্তাঘাট এমনভাবে তৈরী হয়েছে যে black top হয়ে গেছে, সেখানে ধূলা আর নাই। তাই নির্ম্মল বায়ু জীপযোগে তারা সেবন করছে। সেটাত অতি আনন্দের কথা, জীপে চড়ে নির্ম্মল বায়ু সেবন করছেন। এই মাত্র তারা বলেছেন যে রাস্তাঘাট কিছু হয় নাই, কিন্তু তাদের কথায়ই প্রমাণিত হয়েছে যে ত্রিপুরা রাজ্যে রাস্তাঘাট এমন সুন্দরভাবে আছে যেখানে জীপ চলে, সেখানে ধূলাবালি কোন কিছু নেই। তাতে দুঃখ করার কোন কারণ-ত আমরা দেখতে পাচ্ছি না, গণসংযোগের জন্য, সেই সমস্ত কাজকে অতি দ্রুতভাবে সুসম্পন্ন করার জন্যই এই গাড়ীর ব্যবস্থা করা হইয়াছে। জীপ তুলে দেওয়ার সাথে সাথে আর একজন চাইছেন— To abolish Block Development Organisation. কখনও বলবেন জীপটি ছাড়া, Block Development থাক, তাহলে দেখা যাচ্ছে যে ব্লকটি ভাল, কেবল মাত্র জীপটিই গণ্ডগোল করছে। তারপর মাননীয় সদস্য আরো একটু অগ্রসর হয়ে বলছেন to abolish the Block Development Organisation. এই Organisation ভেঙ্গে দাও, সেটাকে re-organise করা Co-ordination যেটা হচ্ছে, তাকে তোমরা ধ্বংস করে দাও। জনসংযোগ গড়ে উঠেছে, তাকে ধ্বংস করে দিয়ে তোমরা এখানে এমন একটি ব্যবস্থা চালু কর, যাতে রাখাল বালকের ব্যবস্থা থাকবে, কেবল মাত্র মহিষ থাকবে আর মানুষ থাকবে আর কোন কিছু থাকবেনা। ঐ চিন্তাধারা নিয়ে যদি তারা তা

বলে থাকেন, তবে আমার বলার কিছু নাই। তবে এই কথা বলব যে Block ত্রিপুরাকে উন্নতির পথে চালাবার জন্য যে Organisation গড়ে তুলেছেন এবং সেই Organisationএ Sericulture থেকে স্বরু করে Grow more food পর্য্যন্ত, Tribal Rehabilitation ইত্যাদি ব্যবস্থা Blockএর ভিতর দিয়েই গড়ে উঠেছে। ঐ জায়গাতে যারা পঞ্চায়েত আছেন, সেই সদস্যবৃন্দকে নিয়ে, এবং Blockএ আগে যারা সদস্য ছিলেন, তাদের নিয়ে একটি সমবায়কেন্দ্র গড়ে উঠেছে। স্বতরাং জনসাধারণের ভিতর দিয়েই ঐ Organisation গড়ে উঠেছে, অতএব সেইটা দেখে ভয় পাবার কোন কারণ নেই। তবে তাদের পক্ষে ভয় পাবার কারণ হয়েছে, জিরানীয়ার কথা আমি বলব—ঐ জায়গায় যখন এই Organisation started হয় তখন তারা Non-Co-operationএর যে বানা, সেই বাণীতে জনসাধারণকে পরিচালিত করার জন্য নানা রকম অপচেষ্টা করেছেন। সেই অপচেষ্টাকে জনসাধারণ কোন আমল দেন নাই, তখন তারা Blockকে developed করার জন্য তাদের সর্ব্বশক্তি দিয়ে সেখানে রাস্তাঘাট তৈরী করতে আরম্ভ করল। Grow more food Campaignকে জয়যুক্ত করার জন্য এগিয়ে আসল, তখন তারা বাধা দিয়েছিল। পশ্চাতে পরে গেছে, তাই তারা আজ বলছে যে এটাকে উঠিয়ে দাও। কারণ আমরা তোমাদের সমতালে চলতে পারছি না। অতএব প্রগতিকে বোধ করে, তাদের জন্য অপেক্ষা করার কোন কারণ এই Block এর নেই।

তারপর বলেছেন inadequacy of provision for village roads and water supply scheme under Local Davelopment Works এবং Mismanagement of C. D. Blocks সম্পর্কে বলতে গিয়ে জিরানীয়াতে একটী রাস্তা বলা হয়েছে। সেই রাস্তার জন্য তিনটি tender call করে পাওয়া যায়। তার মধ্যে lowest tenderকেই গ্রহণ করা হয়, এবং এটাই সাধারণত: নিয়ম। সেই নিয়ম অনুসারে যদি করে থাকে, তাহলে কি যে দোষ করেছে, আমি তা বুঝতে পারলাম না। সেখানে বলা হয়েছে যে Tribal ভাইয়েরা কাজ পায়নি। যদি তার lowest tender না হয়ে থাকে, working capacity যদি না থাকে, তাহলে পরে কি করে তাকে দিবে, আমি তা চিন্তা করতে পারি না।

তারপর বলা হয়েছে ঐ জায়গাতে একটা tank খনন করা হয়েছে, জল নেই। Schemeএর প্রস্তাব অনুযায়ী তাকে যে টাকা দেওয়া হয়েছে তাতে যদি উনি তার পুষ্করিনী, খনন করতে না পারেন, তবে তাকে সেই দুর্ভোগ ভোগতেই হবে। অতএব scheme অনুসারে যারা কাজ করে থাকেন, তারা সেই স্ববিধা ভোগ করেন। Block Committee যে schemeগুলি দেন, উনি বলেছেন যে সেগুলা মোটেই গ্রহণ করা হয় না। আমি জানি Block Committee যে সমস্ত scheme দেন, indent দেন সে সমস্ত scheme ও indent অনুসারে seeds ও manure supply দেওয়া হয়, রাস্তা করা হয়, tankএর কাজও করা হচ্ছে। কাজেই এই যে tank ও রাস্তা নিশ্চয়ই Block Committee অনুমোদন করেছিলেন। তা না হলে সেই জায়গাতে tank, irrigation ও roads এর কাজ আরম্ভ করতে পারে না। অতএব তাদেরই যুক্তির মধ্যে নিহিত আছে, যে তারা সত্যকে অস্বীকার করে যাচ্ছেন। অতএব আমার যে Demand তা হাউসের সামনে রেখেছি, আর এই যে Cut Motion হাউসের সামনে এসেছে, এই Cut

Motionকে যারা এনেছেন তাহাদিগকে অনুরোধ করব যে যাতে তারা Cut Motion with draw করেনা। আমি যে Motion এনেছি তাকে সমর্থন করে Block Community Development Project, National Extension Service, and Local Development Worksকে ত্বরান্বিত করবার জন্য সর্বপ্রকার চেষ্টা ও সমর্থন করেন।

Mr. Speaker :—The discussion on Demand for Grant No. 21 is over. I would now put the Motion to vote. First I would put to vote the Cut Motions one by one. The Cut Motion moved by Shri Bir Chandra Deb Barma, that the Demand be reduced by Rs. 20,000/- to economise the provision for maintenance of jeep and cost of petrol etc. in N. E. S. Block.

As many as are that opinion will please say 'Ayes'.

Voice—'Ayes'.

As many as are of contrary opinion will please say 'Noes'.

Voice—'Noes'.

'Noes' have it. 'Noes' have it So the Motion is lost.

The Cut Motion moved by Shri Atiqul Islam is that the Demand be reduced to Re. 1/- to disapprove the policy regarding Community Development Project to abolish Block Development Organisation.

As many as are of that opinion will please say Ayes'.

Voice—'Ayes'.

As many as are of contrary opinion will please say 'Noes'.

Voice—'Noes'.

'Noes' have it. 'Noes' have it. So the Motion is lost.

The Cut Motion moved by Shri Aghore Deb Barma is that the Demand be reduced by Rs. 100/- to discuss on mismanagement of C. D. Blocks.

As many as are of that opinion will please say 'Ayes'.

Voice—'Ayes'.

As many as are of contrary opinion will please say 'Noes'.

Voice—'Noes'

'Noes' have it. 'Noes' have it. So the Motion is lost.

I would now put to vote the main Motion moved by the Hon'ble Sachindra Lal Singh that a sum not exceeding Rs. 27,01,000/- [inclusiye of the sums specified in column 3 of the Schedule to the Appropriation (Vote on Account) Bill 1966], be granted to defray the charges which will come in course of payment during the year ending on the 31st day of Mach, 1967 in respect of Demand No. 21—Community Development Projects, National Extension Service and Local Development Works.

As many as are of that opinion will please say 'Ayes'.

Voice—'Ayes'.

As many as are of contrary opinion will please say 'Noes'.

No voice.

'Ayes' have it. 'Ayes' have it. So the Motion is carried.

Mr. Speaker :—Now I would call on the Hon'ble Chief Minister to move his Demand for Grant No. 45.

Shri Sachindra Lal Singh (Chief Minister) ;—Hon'ble Speaker, Sir, on the recommendation of the Administrator, I beg to move that a sum not exceeding Rs. 30,46,000/- [inclusive of the sums specified in column 3 of the schedule to the Appropriation (Vote on Account) Bill 1966], be granted to defray the charges which will come in course of payment during the year ending on the 31st day of March, 1967 in respect of Demand No. 45—Loans and Advances by the State/Union Territory Governments. এই Demandটি আমি House এর সামনে রাখছি। তার কারণ এটা হল ত্রিপুরা ষ্টেটের উন্নতির জন্য যে Loans and Advances আমরা দিয়ে যাচ্ছি, সেই জন্যই আমি House এর সামনে আবেদন করছি যে House এই প্রস্তাবটি সর্ব্বসম্মতিক্রমে গ্রহণ করবে।

Mr. Speaker :—There are 4 Cut Motions against the Demand No. 45. The Cut Motion moved by Shri Sudhanwa Deb Barma is that the Demand be reduced by Rs. 100/- to discuss on inadequacy of provision for loan to five victims. As the Member is absent the Cut Motion has fallen through.

The Cut Motion moved by Shri Agore Deb Barma is that the Demand be reduced by Rs. 100/ to discuss on absence of provision for improvement of markets.

There are two other Cut Motions moved by Shri Sunil Kumar Chowdhury (1) that the Demand be reduced by Rs. 100/- to discuss on inadequacy of provisions for loans for development of fisheries. Another is that the Demand be reduced by Rs. 100/- to discuss on 'Failure of the Govt. to start milk production centres at different parts of Tripura. The member is absent, but he has authorised Shri Aghore Deb Barma. M. L. A. So I request Shri Deb Barma to move the Cut Motions together.

Shri Aghore Deb Barma :— মাননীয় অধ্যক্ষ, মহোদয়, ত্রিপুরার সাবরুম থেকে ধর্ম্মনগর পর্য্যন্ত সমস্ত বাজারগুলির অবস্থা প্রায় একই রকম। বর্ষাকালে বাজার করা খুব কষ্টকর হয়ে দাঁড়ায় এবং বাজারের মধ্যে যে সমস্ত দোকানদার জিনিষপত্র বিক্রি করে, তাদের পক্ষে খুবই অসুবিধা হয়। অনেক ক্ষেত্রে আমরা দেখি বাজারের ভিতর যে সমস্ত ছোট গলি রাস্তা থাকে, সেগুলি কর্দ্দমাক্ত হয়ে থাকে। কাজেই এই সমস্ত অবস্থার পরিপ্রেক্ষিতে আজকে বাজেটের একটা জায়গার মধ্যে খালি আছে, Establishment of regulated markets in Tripura, এতে ৩০,০০০/- টাকা আছে আর item "A" non-plan এ কোন টাকাই নাই। Improvement of markets in Tripura (Non-plan) এতে কোন টাকাই ধরা হয়নি। এই হল অবস্থা। অথচ এমনকি তেলিয়ামুড়া বাজার, বিশালগড় বাজার, ও রাণীরবাজার প্রত্যেকটা বাজারেই বর্ষাকালে একই অবস্থা থাকে। এই সমস্ত বাজারগুলির অতি সত্বর improvement করার জন্য সরকারের scheme নেওয়া দরকার।

এই schemeএর মারফতে অনেক টাকা-পয়সা খরচ করে উদয়পুর বাজার করা হয়েছিল। কিন্তু যে purposeএ ইহা করা হয়েছিল সেটা serve হয়েছে কিনা বলা মুস্কিল। কারণ সেখানে আমার প্রশ্নও ছিল যে যারা ছোট দোকানদার তাদের পক্ষে দালানের কোঠার এত ভাড়া দিয়া থাকা প্রায় অসম্ভব হয়ে পড়েছে। বর্ত্তমানে যে সমস্ত ব্যবসায়ীরা আছেন তাদের মধ্যে অনেকেরই নাকি ৪।৫ মাসের কোঠার ভাড়া বাকী পড়ে আছে। তারমধ্যে নং ১৯, ২২, ২০, ১৭, ২৪, ২৫, ১৬, ১৫, ১৪, ২৭, ২৮, ২৯ এই কোঠাগুলিত vacantই। অর্থাৎ বর্ত্তমানে যে ভাড়ার হার আছে সে ভাড়া দিয়া তাদের পক্ষে ব্যবসা করা সম্ভবপর হয়ে উঠছে না। তাই এই কোঠাগুলি খালি থাকছে। এই হল অবস্থা। তদুপরি এত সরকারী টাকা-পয়সা খরচ করে বাজার করা হল অথচ সেখানে কোন drainage system নাই, জল খাবার ব্যবস্থা নাই, latrine এর কোন ব্যবস্থা নাই। কাজেই সারাদিন বাজারের মধ্যে বসে ব্যবসা করবে, বেচা বিক্রী করবে। অথচ সেখানে latrine এর কোন ব্যবস্থা নাই। তাহলে এইভাবে টাকা পয়সা খরচ করে বাজারের যদি development না হয় তা হলে তার কোন অর্থ হয় না।

বিশালগড় বাজারটি খুবই সংকীর্ণ। বাজারবার দিন ১টি গাড়ী pass করা কষ্টসাধ্য ব্যাপার। দু'টি গাড়ী cross করা সেখানে খুবই সাংঘাতিক ব্যাপার, যে কোন মুহূর্ত্তে সেখানে accident হতে পারে। আমরা শুনেছিলাম এই বাজারটি shift করা হবে, তার একটা plan দেওয়া হয়েছিল, কিছু জমিও নাকি acquire করা হয়েছে। কিন্তু আজ পর্য্যন্ত সেটার কোন কাজ আরম্ভ হয়নি। শুধু বিশালগড় বাজার-ই নয়, ত্রিপুরা রাজ্যের প্রায় সব বাজারেরই এই অবস্থা। কাজেই বাজারগুলো improvement করার জন্য বাজেটে টাকা ব্যয় বরাদ্দ রাখা উচিত ছিল বলে আমি মনে করি। বাজেটের মধ্যে ধরা আছে মাত্র ৩০ হাজার টাকা। এই ত্রিশ হাজার টাকায় ত্রিপুরা রাজ্যের বাজারগুলো improvement করা অসম্ভব।

আর একটি Cut Motion আমার আছে Inadequacy of provision for loans for Development of Fishery Scheme. ত্রিপুরাতে মৎস্যের যে চাহিদা তাহা সম্বন্ধে বলা নিষ্প্রয়োজন। দিনের পর দিন আমাদের চাহিদা বাড়ছে, সরকারী হউক, বেসরকারী হউক এবং তাহা পূরণের জন্য যেভাবে প্রচেষ্টা চালানো হচ্ছে এই ব্যবস্থা যথেষ্ট নয়।

কাজেই সেইদিক দিয়ে যে সমস্ত এলাকার মধ্যে বিল, লোঙ্গা আছে, সেখানে বাঁধ দিলে সারা বৎসর জল থাকবে তার সংস্কার বা খননের জন্য জনসাধারণকে বেশী পরিমাণে loan দিয়ে সেই সমস্ত এলাকাতে মৎস্যের চাষ করা দরকার। তা না হলে বর্ত্তমানে যে হারে আমাদের scheme চলছে তাতে মৎস্যের অভাব পূরণ হওয়ার কোন লক্ষণ নেই।

আর Milk production centere সম্পর্কে আমার বক্তব্য হচ্ছে যে বর্ত্তমানে আমাদের দুধের চাহিদা খুব বেশী। কিন্তু চাহিদা অনুযায়ী ঠিক ঠিক ভাবে দুধ supply করা সম্ভব হচ্ছে না। কারণ দুধ sufficient পাওয়া যায় না। দুধের production বাড়াতে হলে খয়েরপুরে যেমন একটা farm করা হয়েছে সেইরূপ সদরের বাইরে বিশ্রামগঞ্জ বা অন্য কোন suitable জায়গায় farm করা দরকার। Farm করে সেখান থেকে দুধ যাতে supply করতে পারি সরকারীভাবে সেদিকে আমাদের চেষ্টা করা উচিত। নতুবা বর্ত্তমানে যে system চালু

আছে তাতে আমাদের চাহিদা পূরণ হবে না। বিভিন্ন গ্রাম থেকে দুধ collection করে এনে supply দেওয়ার মধ্যে কোন নিশ্চয়তা থাকে না। কারণ কখন কি পরিমাণ দুধ পাওয়া যাবে তারও কোন নিশ্চয়তা নেই। বর্ত্তমানে artificial উপায়ে Milk Production বাড়ানোর যে Scheme নেওয়া হয়েছে আমি মনে করি সেই Scheme করা অনেকটা ভুল হয়েছে। কারণ অভিজ্ঞতায় দেখা গেছে যে একজন সাধারণ গৃহস্থের পক্ষে গরু পালা অত্যন্ত কষ্টকর হয়ে দাঁড়িয়েছে। গোচারণ ভূমির অভাব, চারিদিকে forest reserve. কাজেই তাদের একসঙ্গে অনেকগুলি গরু রাখা সম্ভব হয়ে উঠে না। তদুপরি উন্নত ধরণের গরু পালতে হলে তার পেছনে অত্যন্ত খাটুনি দেওয়া দরকার। সারাদিন কাজকর্ম্মের পর আবার গরুর পেছনে খাটুনি দেওয়া, তাদের পক্ষে সম্ভব হয়ে উঠে না। কাজেই গরুগুলি অযত্নে নষ্ট হয়ে যায়। দুগ্ধবতী গাভীও ঠিকমত খাবার না পাওয়ার ফলে, যতটুকু দুধ দেওয়ার কথা তার চাইতেও অনেক কম দেয়। কাজেই খয়েরপুরে যে farm আছে সেইরূপ সরকারের আরো Scheme করা দরকার। বিভিন্ন sub-division এভাবে farm করে প্রত্যেকটি farmএ ১০০, ১৫০, ২০০০ পর্য্যন্ত গাই রেখে পালনের ব্যবস্থা যদি করা হয় তাহলে আমাদের দুগ্ধের চাহিদা অনেকাংশে মিটাতে পারব বলে আমার ধারণা। এই বলেই আমার cut motion এর সমর্থনে আমি আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker :—Now I would call on Shri Promode Ranjan Das Gupta.

শ্রীপ্রমোদ রঞ্জন দাশগুপ্ত :—মাননীয় Speaker Sir, demand for grant No. 45 এর সমর্থনেও cut motionএর বিরোধাচরণ করে কয়েকটি কথা বলছি। প্রথমেই আমি বলছি যে cut motionটি এসেছে inadequacy of Provisions for loans for development of fisheries সেখানে loan হিসাবে আছে ২ লক্ষ ৩০ হাজার টাকা। কিন্তু fisheries development এর কথাটা উনারা যে এনেছেন এবং তার উপর নির্ভর করে cut motion এনেছেন সেখানে যদি demand No. 17— Agriculture এর fisheryতে দেখা যায় এক জায়গায় আছে for the development of fishery, tank ইত্যাদি করার ব্যাপারে ২লক্ষ ৯৫ হাজার টাকা রয়েছে। তারমধ্যে ৮৫ হাজার টাকা আছে grant to pisciculture loan ; আরেকটা আছে demand No. 17এ ২ লক্ষ ৭ হাজার। অতএব সেই দিক দিয়ে fishery development এর জন্য শুধু loan এর বাবত grant এর উপর আলোচনা, সেই grantএ শুধু loan এর উপর ২লক্ষ ৩০ হাজার রাখা হয়েছে। কিন্তু fishery development এর জন্য আরো অনেক টাকা অন্যান্য ভাবে বরাদ্দ রাখা হয়েছে। দ্বিতীয়তঃ হচ্ছে, absence of Provision for improvement of markets. আমি এটি বুঝলাম না যে loans & Advances এর উপরে improvement of market কি করে আসে। Market development at Udaipur ইত্যাদি হচ্ছে revenuএর income দ্বারা। Revenue deptt. থেকে market development works করানো হয়। সুতরাং loanএর Provision এ কথাটা যে কি করে আসল তা আমি বুঝতে পারলাম না। তবে regulated market সম্পর্কে টাকা রাখা হয়েছে এবং সেদিক দিয়ে আমার বক্তব্য হচ্ছে যে market এর যে Provision, revenue incomeএর মধ্য দিয়ে, তারদ্বারা

যাতে শহরের marketগুলি developed হয়, সেটা করা হচ্ছে এবং করার Provision রয়েছে, তা অবশ্য অন্য খাতে। তৃতীয়তঃ হচ্ছে failure of the Govt. to start milk Production centres at different Parts of Tripura. এখানে একটা Milk supply centre আছে। তার মাধ্যমে milk purchase করে no loss & no Profit basisএ তা করা হচ্ছে। তিনি বলেছেন যে খয়েরপুরের মত, যা নাকি কলকাতার হরিণঘাটায় আছে সে রকম কতগুলি গরু রেখে সরকার থেকে milk produce করা। এখানে অবশ্য একটা খাতে আছে ৬০,০০০ টাকা individualকে দুগ্ধবতী গাভী কিনার ব্যাপারে loan দেওয়ার জন্য। বক্তৃতায় উনি বলেছেন যে বিভিন্ন sub-division, Milk Production Centre খোলার জন্য। কিন্তু চিন্তা করে দেখতে হবে যে খোয়াই, কমলপুর প্রভৃতি জায়গার অবস্থান, লোকসংখ্যা, ইত্যাদি বিষয়ে। এখন একটা Milk supply centre খোলতে হলে তার establishment খরচ maintain করা, তার no loss, no profitএর ভিত্তিতে চলবে কিনা তা চিন্তা করে দেখতে হবে এবং তা দেখেই সেখানে Milk supply centre খোলার প্রশ্ন আসতে পারে। এবং সেইদিক দিয়ে মনে হয় আমাদের চিন্তা করা দরকার। তবে এটি সত্যি কথা যে আমাদের খয়েরপুরে খোলা হয়েছে এবং আরো কোন কোন জায়গায় খোলা হবে। কিন্তু একদিনেই সমস্তটা হচ্ছেনা। কারণ উন্নত ধরণের গরু আনা, যোগাড় করা প্রভৃতি বিষয়ে নানা প্রশ্ন আছে। আবার অনেক গরু আছে, যাদের ত্রিপুরার climate সহ্য হয়না। কাজেই এগুলিও চিন্তা করতে হবে এবং সেই সমস্ত গরুর ত্রিপুরা climateএর সাথে পরিচিত করে যাতে দুধের production বাড়ানো যায় তার চেষ্টা করা উচিত। প্রথমতঃ কতগুলি গরু এনে production বাড়িয়ে তারপর আস্তে আস্তে centre করা উচিত। কাজেই এটা একটা time factor. অতএব সেটা করা হচ্ছে, তিনি নিজেও স্বীকার করেছেন যে খয়েরপুরে একটি করা হয়েছে। অতএব সেই সম্বন্ধে failure of the Govt. সেটা আসতে পারে না। It is not the failure to start a Milk cows centre at Khayerpur. অতএব এই Grant এর উপর যেসব Cut Motion আনা হয়েছে সেগুলি আমি সমর্থন করতে পারছিনা এবং সেই যে ৩০, ৪৬,০০০ টাকা রাখা হয়েছে তার মধ্যে Planএ রাখা হয়েছে ২০,১১,০০০ টাকা এবং non-planএ রাখা হয়েছে ১০,৩৫,০০০ টাকা, তার মধ্যে অনেকগুলি Seheme আছে, যে Scheme গুলিতে Loanএর জন্য নানাভাবে টাকা রাখা হয়েছে। যেমন Development of Jute, Dispressed Peopleকে সাহায্য করা, Agriculturistকে loan দেওয়া সম্পর্কে দেড় লক্ষ টাকা, Small Scale Industryর জন্য চার লক্ষ টাকা, Ex-Servicemenকে সাহায্য দেওয়ার জন্য ৩, ২১,০০০টাকা এবং আরো অনেকগুলি উন্নয়নমূলক কাজের জন্য Loanএর বরাদ্দ এখানে রাখা হয়েছে। অতএব সেই দিক দিয়ে এই grantটিকে আমি সমর্থন করছি এবং cut motionএর বিরোধীতা করছি।

Mr. Speaker :—I would call on Hon'ble Chief Minister, Shri S. L. Singh.

শ্রী এস, এল, সিংহ (চীফ মিনিষ্টার) ঃ—মাননীয় অধ্যক্ষ মহোদয় আমাদের Loans & Advanceএর যে Demand তার উপরে cut motion রাখা হয়েছে এবং cut motion রাখতে গিয়ে বলা হয়েছে যে Inadequacy of Provision for loan to fire victimos. যারা

fire victimsএ আছে তাদের সাহায্যের জন্য যে টাকা এইখাতে রাখা হয়েছে তা অপর্য্যাপ্ত। যখনই প্রয়োজন হবে তখনই সেই অনুসারে fire victims যারা তাদেরে বরাদ্দকৃত যে অর্থ এবং খাদ্য, বস্ত্র যা প্রয়োজন তা আমরা দিয়ে থাকি এবং তার উপরে ভিত্তি করেই এই টাকা রাখা হয়েছে।

তারপরে বলা হয়েছে যে Absence of Provision for improvement of markets. এটি যে তারা কোথায় পেলেন তা আমি জানি না। কারণ Loans to Agartala Municipality for the Development of Markets on improvement of Markets in Tripura, Non-Planএতে তার জন্য অর্থের বরাদ্দ আছে। অতএব সেই জায়গাতে আমাদেরও দেখতে হবে যে আমরা প্রত্যেকটি জায়গাতে একই সময়ে সবটা আরম্ভ করতে পারি না। তারজন্যই আমরা সেচ Programme করি। আগরতলা Municipality থেকে জলের বন্দোবস্ত করার জন্য আমরা Plan scheme গ্রহণ করেছি। এবং সেই অনুসারে আমাদের অর্থের বরাদ্দ এখানে রাখা হয়েছে।

তারপর বলা হয়েছে, Inadequacy of Provision for loans for development of Fisheries. Fisheryর মধ্যেও রাখা হয়েছে ২,৩০,০০০ টাকা। Agriculture এর Headএ Loans to Cultivators' Land, Agricultureএর Headটা লক্ষ্য করলেই আপনারা দেখতে পাবেন অর্থের বরাদ্দ সেখানে আছে। তারপর Establishmentএও আছে কি ভাবে এগুলির সর্ব্বাঙ্গীন উন্নতি করা যায়। এর মধ্যে Fishery আছে, Marketগুলিকে Development করার ব্যবস্থা আছে এবং Cultivation এর জন্য Loan এর ব্যবস্থা প্রভৃতি বিষয়ে অর্থের বরাদ্দ রাখা হয়েছে। কৃষকেরা যাতে ফলমূলের বাগান করতে পারে সেইজন্যও ব্যবস্থা আছে। Development of Cashewnutএর জন্য অর্থের বরাদ্দ করা হয়েছে। Intensive Production of Vegitablesএর জন্যও আমাদের অর্থের বরাদ্দ করা হয়েছে। কারণ এই প্রত্যেকটাই হলো ত্রিপুরার সর্ব্বাঙ্গীন উন্নতিকল্পে, গ্রাম থেকে আরম্ভ করে শহর পর্য্যন্ত। আমাদের একমাত্র লক্ষ্য হলো কি করে প্রত্যেকটা স্থানে সামঞ্জস্য রেখে ত্রিপুরার সর্ব্বাঙ্গীন উন্নতি করতে পারি এবং তারজন্যই Loans and Advanceএ অর্থের বরাদ্দ রাখা হয়েছে।

তারপর হলো Jute Production। এটা মস্তবড় একটা important Factor in Tripura State কৃষকেরা যাতে তাদের কৃষিকে উন্নত করতে পারে তারজন্য সেই অর্থের বরাদ্দ এখানে রাখা হয়েছে। তারপর এখানে distressed People of Tripura & Agriculturist in Tripuraর জন্যও অর্থের বরাদ্দ রাখা হয়েছে ১,৫০,০০০/- করে মোট ৩,০০,০০০/- টাকা। Short term loan to cultivators for expansion of ground nut area in Tripura এখানেও রাখা হয়েছে ৬০,০০০/- টাকা। চীনা বাদামের চাষের জন্য, কারণ ত্রিপুরাতে চীনা বাদাম হয়, অতএব সেই কৃষককে উৎসাহিত করে তার কৃষিকাজ যাতে রেমোনারেটীভ হতে পারে সেইজন্যই এখানে চীনা বাদামের চাষ প্রভৃতিকে Developed করাবার জন্য চাষীকে উৎসাহিত করা এবং বাগান প্রভৃতি করে ফলমূলের

উৎপাদন বাড়িয়ে যাতে তারা প্রভূত অর্থ উপার্জন করতে পারে, কৃষি কাজ যাতে remunerative হতে পারে সেই দিকে লক্ষ্য রেখেই এই জায়গাতে Loansএর বরাদ্দ করা হয়েছে। Total Loans to cultivators Non-Planএ আমাদের অর্থের বরাদ্দ হয়েছে ৩,৬০,০০০/- টাকা। Loans to cultivatorsএ Plan and non-plan মিলিয়ে সর্বমোট হলো ৭,২৯,০০০/- টাকা।

তারপর Establishment of regulated markets in Tripura, তারজন্য রাখা হয়েছে ৩০,০০০/- টাকা। Construction of Go-downs, Medium term loan to Farming Societies যারা করবে তারজন্য রাখা হয়েছে ৮,০০০/- টাকা। কারণ এখানে Farming Societies আস্তে আস্তে grow করেছে এবং তাকে সাহায্য করা অত্যন্ত দরকার। কারণ Co-operativeএর উপর আমরা সর্বাঙ্গীন জোর দিচ্ছি। প্রথমে হচ্ছে Service Co-operative, তারপরে হচ্ছে Joint farming, তারপরে হচ্ছে collective farming. এই পদ্ধতি নিয়ে আমরা অর্থের বরাদ্দ করছি এবং সেই অনুসারে সেখানে অর্থের বরাদ্দ রাখা হয়েছে। Land Mortage Bank, সেটাও করা হয়েছে। কারণ কৃষক যারা তারা যাতে তাদের নিজেদের সেই membership নিয়ে তারা তাদের bank establish করে তার মাধ্যমে সেই অর্থ পেতে পারে তারজন্যই এখানে সেই অর্থ বরাদ্দ করা হয়েছে। Construction of godown-cum-cattle-shed of farming societyতে যারা cattle shed করবেন তাদের দিকে লক্ষ্য রেখে ৭,০০০/- টাকা বরাদ্দ করা হয়েছে। Loans for dealing in essential food-stuffs এর জন্য ৫০,০০০/- টাকা তারপর Loans to some selected Gaon Panchayat for Horticulture and Pisciculture; তারা যাতে পঞ্চায়েতের মাধ্যমে Horticulture এবং Pisciculture করতে পারে তার দিকে লক্ষ্য রেখে সেখানে অর্থের বরাদ্দ করা হয়েছে।

তারপর Community Development এর planএতে Community Development/village Housing/Low Income and middle Income Group Housing scheme এর জন্য ৫,০০,০০০/- টাকা বরাদ্দ করা হয়েছে; যাতে সর্বাঙ্গীন গ্রামীণ উন্নতি হতে পারে এবং তাদের ঘর বাড়ী উন্নত ধরণের করতে পারে সেই sheltering arrangement যাতে উন্নত ধরণের হতে পারে তার ব্যবস্থার দিকে লক্ষ্য রেখেই এই অর্থের বরাদ্দ করা হয়েছে। Village Housing Project থেকে আরম্ভ করে সমগ্র জিনিষগুলাকে নিয়ে আমরা একটা পরিকল্পনা রেখে সেই sheltering যাতে উন্নত করাতে পারি সেইজন্যই সেই অর্থের বরাদ্দ করা হয়েছে এবং Loans to fire victims এর জন্য ১০,০০০/- টাকার বরাদ্দ করা হয়েছে। Settlement of ex-servicemen in border areas in Tripura. সেই নওজোয়ানেরা service করে দেশের জন্য, জাতীর জন্য, সমাজের জন্য এবং দেশ রক্ষার জন্য। তারা হয়তো retired করেছেন, তাদের পরিবারবর্গকে যাতে আমরা উন্নত ধরণের সেই সমস্ত জায়গাতে বসাতে পারি তারজন্যই এখানে ৩,২১,০০০/- টাকা রাখা হয়েছে। Rehabilitationএর জন্যও আমরা একটা অর্থের বরাদ্দ করেছি। Aquisition of land for 40 colonies for displaced persons from Pakistan যারা এসেছেন তাদের জন্য এখানে ৫০ হাজার টাকা বরাদ্দ

করা হয়েছে। কেননা আমরা জানি যে পাকিস্তান থেকে অনবরত যে সমস্ত refugee ভাইয়েরা এখানে আসছেন তাদের settlementএর জন্য colonyতে land purchase করে যাতে তাদের উন্নতি করতে পারি তারজন্য এই অর্থ বরাদ্দ রাখা হয়েছে। আর একটা হ'ল, আমাদের এখানে যে small scale industry তাকে উন্নত করার জন্য যেখানে ১ লক্ষ টাকার বরাদ্দ ছিল, সেখানে আমরা ৪ লক্ষ ব্যয় বরাদ্দ ধরেছি। আমরা জানি যে cottage industryগুলিকে বাঁচিয়ে তুলতে হবে এবং গ্রামীণ সভ্যতা ও অর্থনীতি গড়ে উঠবে। তাকে শক্তিশালী করার জন্যই এই অর্থ এখানে রাখা হয়েছে। Development of handloom Industry এর জন্য working Capital হিসাবে সেখানে ২০ হাজার টাকা দেওয়া হবে এবং Share Capital হিসাবে ৩ হাজার টাকা করে দেওয়া হবে। Intensive development rural industries এর জন্য টাকা এখানে বরাদ্দ করা হয়েছে। Purchase of better milch cows এর জন্য ৬০ হাজার টাকা ধরা হয়েছে এবং সেই অনুসারে সরকার গরু খরিদ করে এনেছেন। অতএব আমরা বলব যে এখানে যে Dairy scheme করা হয়েছে, তাকে উন্নত করে ভাল pasturised milk যাতে সবলোক পেতে পারে বিশেষ করে শহরবাসীরা তারজন্যই আমরা চেষ্টা করছি। কিন্তু আমরা জানি সমস্ত লোককে তাদের চাহিদা অনুসারে supply দেওয়ার জন্য উন্নত ধরণের বৈজ্ঞানিক পদ্ধতি অবলম্বিত হচ্ছে, এখানে তারই চেষ্টা করে যাচ্ছি আমরা। কিন্তু এখানে যে cut motionগুলি রেখেছেন কি তার যে যৌক্তিকতা আছে তা আমি চিন্তা করে উঠতে পারছি না। যা হউক এই সব দিকে লক্ষ্য রেখে দেশ ও জাতীর মঙ্গলের জন্য, তাঁরা যে cut motionগুলি রেখেছেন আমি অনুরোধ করব সেগুলি যাতে withdraw করে আমার যে main motion Demand 45 তাকেই সমর্থন জানান।

Mr. Speaker :—The discussion on the demand for grant No. 45 is over. I would now put the motion to vote. First I would put the cut motions to vote one by one. The cut motion moved by Shri Aghore Deb Barma is that the demand be reduced by Rs. 100/- to discuss on absence of provision for improvement of markets.

As many as are of that opinion will please say—Ayes.

Voice—Ayes.

As many as are of contrary opinion will please say—Noes.

Voice—Noes.

Noes have it, Noes have it. So the cut motion is lost.

Mr. Speaker :— The cut motion moved by Shri Sunil Kr. Chowdhury is that the demand be reduced by Rs. 100/- to discuss on inadequacy of provision for loans for development of fisheries.

As many as are of that opinion will please say —Ayes.

Voice—Ayes.

As many as are of contrary opinion will please say—Noes.

Voice—Noes.
Noes have it, Noes have it,
so the cut motion is lost.

Another cut motion moved by him is that the demand be reduced by Rs. 100/- to discuss on failure of Govt. to start milk production centres at different parts of Tripura.

As many as are of that opinion will please say—Ayes.

Voice—Ayes.

As many as are of contrary opinion wiil please say—Noes.

Voice—Noes.

Noes have it—Noes have it.

So the cut motion is lost.

I would now put the main motion to vote, moved by Shri Sachindra Lal Singh, Chief Minister is that a sum not exceeding Rs.30,46,000/- [inclusive of the sums specified in column 3 of the schedule to the appropriation (vote on accounts) bill, 1966], be granted to defray the charges which will come in course of payment during the year ending on the 31st day of March, 1967 in respect of demand No. 45—Loans and advances by the State/-Union Teritory Govts.

As many as are of that opinion will please say—Ayes.

Voice—Ayes.

As many as are of contrary opinon will please say—Noes.

Voice—Nil.

Ayes have it, Ayes have it.

So the motion is carried.

Now I call on Hon'ble Chief Minister to move his demand No.—46.

Shri S. L. Singh (Chief Minister) :— Hon'ble speaker, Sir, on the recommendation of the Administrator, I beg to move that a sum not exceeding Rs. 7,000/- [inclusive of the sum specified in column 3 of the schedule to the Appropriation (vote on a/c) bill, 1966], be granted to defray, the charges which will come in course of payment during the year ending on the 31st day of March,1967 in respect of demand No.46—Charges on account of re-payment of Debt.

আমি আশা করছি, হাউস আমার এই demandটিকে সর্ব্বসম্মতিক্রমে গ্রহণ করবে।

Mr. Speaker :— There is no cut motion against this demand. So I would ask all the hon'ble members from the both sides, willing to discuss on it.

No one from any side. I would now put to vote the demand for grant No. 46—moved by Hon'ble Sachindra Lal Singh is that a sum not exceeding Rs. 7,000/- [inclusives of the sum specified in column—3 of the schedule to the Appropriation (vote on account) bill, 1966], be granted to defray the charges which will come in course of payment during the year ending on the 31st day of March, 1967 in respect of demand No. 46—Charges on account of re-payment of Debt.

As many as are of that opinion will please say—Ayes.

Voice—Ayes.

As many as are of contrary opinion will please say—Noes,

Voice—Nil.

Ayes have it, Ayes have it.

So the motion is carried.

As the business of day is over, this house stands adjourned till 11 A.M. on Thursday the 7th April, 1966.

APPENDIX 'A'

PAPERS LAID ON THE TABLE

STARRED QUESTION NO. 543 by

Shri Nripendra Chakraborty, M. L. A.

QUESTION	ANSWER
1. Whether Bisramganj Sub-Division obtained any supply of stone chips from Bridge construction Sub-Division in March, 1962.	1) Yes.
2. If so whether a comparison of the stock accounts of March, 1962 submitted by the two Sub-Division indicated that a quantity of 5302 cft. of stone chips valued at Rs. 11,925/- was received short by the Bisramganj Division.	2) Yes.
3. If so, what steps have been taken in the matter ?	3) Departmental action has been initiated against one officer and legal action is under consideration against another officer, who has already resigned.

STARRED QUESTION NO. 876 BY SHRI MONCHOR ALI, M. L. A.

QUESTION	ANSWER
সোনামুড়া মেলাঘর বাজারের উন্নয়নমূলক কাজ ১৯৬৬-৬৭ইং সনে করিবার জন্য সরকারের পরি-কল্পনা আছে কি ?	হ্যাঁ

APPENDIX 'B'

UNSTARRED QUESTION NO. 558 BY SHRI NRIPENDRA CHAKRABORTY, M. L. A.

QUESTION	ANSWER
1) A Sub-division-wise break-up of (a) State land, (b) Land with tenants and (c) Rented land; 2) whether any tenant's land is within the reserved forests ; 3) if so, reserved forest-wise break-up of that tenants' land.	Materials are still under collection.

UNSTARRED QUESTION NO. 730 BY SHRI BULU KUKI, M. L.A

প্রশ্ন	উত্তর
১) গত ১৯৬৪ইং সন হইতে ১৯৬৬ইং সনের ফেব্রুয়ারী মাস পর্য্যন্ত agricultural loan আদায়ের জন্য কাহারও জমি ক্রোক করা হইয়াছে কিনা ;	হ্যাঁ।
২) যদি হইয়া থাকে, কত জনের জমি ক্রোক করা হইয়াছে ;	১৯৬৪ইং সনে ২৭জনের এবং ১৯৬৫ইং সন হইতে ১৯৬৬ইং সনের ফেব্রুয়ারী মাস পর্য্যন্ত ৬৩৪ জনের মস্থাবর সম্পত্তি ক্রোক করা হইয়াছে।
৩) ১৯৬৫-৬৬ইং সনের ফেব্রুয়ারী মাস মধ্যে কত জনের নিকট ক্রোক পরোয়ানা জারী এবং কতজনের নিকট জমি ক্রোক করা হইয়াছে ? নাম সহ টাকার পরিমান ?	১৯৬৫ইং সন হইতে ১৯৬৬ইং সনের ফেব্রুয়ারী মাস পর্য্যন্ত ১২৯ জনের স্থাবর সম্পত্তির উপর ক্রোক পরোয়ানা জারী হয় এবং ঐ সময় মধ্যে ৬৩৪ জনের স্থাবর সম্পত্তি প্রকৃত পক্ষে ক্রোক করা হয়। প্রত্যেক ব্যক্তির নাম ও টাকার পরিমাণ উল্লেখ অত্যধিক বিস্তার সাপেক্ষ বিধায় ঐ বিস্তৃত বিবরণ দেওয়া এক্ষণে যুক্তিযুক্ত নহে।

UNSTARRED QUESTION NO. 788 BY SHRI NRIPENDRA CHAKRABORTY, M. L. A.

QUESTION	ANSWER		
1) A Sub division -wise break up of the acreage of khas (Govt.) land which is considered to be cultivable	1) Sadar	—	24,950.00
	Khowai	—	24,000.00
	Kamalpur	—	7,000.00
	Sonamura	—	2,562.00
	Udaipur	—	3,799.00
	Belonia	—	4,851.00
	Kailashahar	—	14,900.00
	Dharmanagar	—	30,000.00
	Amarpur	—	23,000.00
	Sabroom	—	15,000.00
2) whether any such khas land is unauthorised possession of agriculturists ;	2) Yes.		
3) If so, whether the Govt. proposes to settle these lands with them ?	3) Yes, if the land is not required for Government purpose or for other public purpose.		

UNSTARRED QUESTION NO. 875 BY SHRI MONCHOR ALI, M.L.A.

QUESTION	ANSWER
১) বর্ত্তমান জরিপী মতে খেদাবাড়ী মৌজায় পুরাতন কোন্ কোন্ গ্রাম সংযুক্ত হইয়াছে ;	১) বর্তমান জরিপে পুরাতন জুলাইবাড়ী, ধালয়াই, খেদাবাড়ী, রাঙ্গামাটিয়া, মধুবন ও ঠাকুরমুড়া গ্রামসমূহ খেদাবাড়ী মৌজার অন্তর্ভুক্ত হইয়াছে। The present settlement mouja Khedabari is comprised of the old hamlets Julaibari, Dhalhai, Kheda-bri, Rangamatia, Madhuban and Thakurmura.
২) বর্ত্তমান খেদাবাড়ী মৌজায় পুরাতন গ্রামসমূহ সংযুক্ত হওয়ায় মোট কত পরিমাণ ধানি জমি হইয়াছে ;	২) ৯৪০.৮৬ একর। 940.86 acres.
৩) তন্মধ্যে বন্যায় কত ধানি জমি ক্ষতিগ্রস্থ হয় ;	৩) বন্যা একটি নিয়মিত কিম্বা বাৎসরিক ঘটনা নহে। বন্যা কখনও হলেও ফসলের ক্ষতিসাধন সবসময় একই রকম হয় না। বৃষ্টিপাতের পরিমাণ, প্লাবনের ব্যপকতা এবং স্থায়িত্বের উপর সংশ্লিষ্ট এলাকার ক্ষতির পরিমাণ নির্ভর করে। সুতরাং খেদাবাড়ী মৌজায় সব বৎসর বন্যায় ধানি জমি ক্ষতিগ্রস্থ হয় কিনা বা কোন বৎসর কত ধানি জমি বন্যায় ক্ষতিগ্রস্থ হয় তাহার নির্দ্দিষ্ট পরিমাণ বলা সম্ভব নয়। Flood is not a regular feature, nor does it occur every year. Damage by flood also is not uniform. It is not, therefore, possible to say whether crop is damaged every year in mouja Khedabari or what quantity of paddy land is damaged by flood in the mouja in any year in which flood occurs.

UNSTARRED QUESTION NO. 107 BY SHRI NRIPENDRA CHAKRABORTY, M.L. A.

QUESTION	ANSWER
1) Whether it is a fact that the Central Govt. has asked Tripura Govt. to draw up programmes for relief and assistance to be extended to people of scarcity areas in lean period ;	1) No.
2) whether such programes have been drawn ;	2) Does not arise.
3) if so, details thereof ?	3) Does not arise.

UNSTARRED QUESTION NO. 912 BY SHRI NRIPENDRA CHAKRABORTY, M. L. A.

QUESTION	REPLY
1) Whether the Government opened some shops at Agartala for selling fuel to the public at cheaper rate ;	Yes.
2) If so, total quantity of fuel sold and the rate at which it was sold ;	5838 mds. @ Rs. 2,30 per md. 6085 mds. @ Rs. 2.25 per md.
3) whether the price of fuel is considered to be high in almost all the Sub-Divisional towns ;	No.
4) If so, whether such shops will be opened in all Sub-divisional towns ?	Does not arise.

UNSTARRED QUESTION NO. 915 BY SHRI NRIPENDRA CHAKRABORTY, M. L. A.

QUESTION	REPLY
1. Whether the employees working in different Electric Supply Units have submitted any charter of demands :	A Sangha of the workers of the Agartala and other Electric Supply units styled as "Tripura Bidyut Utpadak Sramik Sangha" recognition of which is yet to bye granted by the Government submitted demand.
2. If so, what are the demands put forward ;	i) Recognition of the Union by the Government.
3. what steps are being taken to satisfy their demands ?	ii) The case of giving recognition to the said Sangha is under consideration of the Government.

Unstarred Question No. 917 by Shri Nripendra Chakraborty M. L. A.

QUESTION	ANSWER
1. Total amount of money spent for the repair, maintenance and improvement of roads and bridges in the sub-division of Khowai during 1964-65and 1965-66 ;	
2. Whether roads constructed under various Test Relief Schemes and Local Development Programme have been repaired ;	Information is being collected
3. if not, the reasons therefor ?	

Unstarted Question No. 920 by Shri Nripendra Chakraborty, M. L. A.

QUESTION	ANSWER
1. Number of quarters (residential) made avilable to the (a) class IV and (b) class III employees of the Govt. in each of the Sub-Divisional Towns of Tripura ,	1. As in annexure "A" attached.
2. Whether the number is adequatef ;	2. Considered to be adequate for the present.
3. If not, steps taken to increase these facilities ?	3. Action is being taken for construction of more staff quarters for giving accommodation to various categories of staff including class IV and class III gradually as and where necessary.

ANNEXURE –'A'

Name of Sub-Division	(a) Quarters made available to class IV staffs.	(b) Qrs. made available to class III staffs.
1. Agartala Sadar Sub-Divn.	65 Nos.	142 Nos
2. Khowai Sub-Division.	5 ,,	13 ,,
3. Kamalpur Sub-Division.	28 ,,	25 ,,
4. Belonia Sub-Division.	2 ,,	7 ,,
5. Sabroom Sub-Division.	—	4 ,,
6. Udaipur Sub-Division.	37 ,,	55 ,,
7. Sonamura Sub-Division.	13 ,,	33 ,,
8. Dharmanagar Sub-Divison	66 ,,	83 ,,
9. Kailashahar Sub-Division.	65 ,,	127 ,,
10. Amarpur Sub-Division	8 ,,	32 ,,
	288 Nos.	521 Nos.

Unstarred Question No. 924 by Shri Nripendra Chakraborty, M. L. A.

QUESTION	REPLY
1) What are the buildings proposed to be constructed at Hatimara Tilla, Khowai as part of Township construction ;	1) Column No. 2 of Annexure 'A' may be seen.
2) When such constructions had started ?	2) In the year 1959.
3) Progress made so far in the work of each construction ;	3) As in column 3 of Annexure 'A'
4) If the construction has been delayed, the reasons therefor ?	4) Construction was delayed in some cases due to failure of the contractor.

ANNEXURE–'A'

1.	Name of buildings to be constructed at Hatimara Tilla. 2.	Progress made so far in the work of each construction. 3.
a)	Office-cum-Information Centre of Block Department.	a) Almost completed.
d)	Sub-Treasury building.	b) Roofing being done.
c)	S. D. O's (Civil) Office & Court.	c) Upto lintal level.
b)	Munsiff's Court.	d) Completed.
e)	Tahasil Office & Staff quarters.	e) Roofing being done.
f)	Quarters for S. T. O., Trying Magistrate & S. D. O.	f) —do—
g)	Quarters for Block Personal	g) 3 quarters completed, 2 B. D. O s quarters are being taken up.
h)	Office & quarters for Fish Centre.	h) Almost completed.
i)	Sub-Jail & Staff quarters.	i) Compound wall completed & quarters almost completed.

UNSTARRED QUESTION NO. 929 BY SHRI NISHI KANTA SARKAR, M. L. A.

QUESTION	ANSWER
১। উদয়পুরে গ্রাম্যরাস্তা কতটি এবং এই রাস্তা মেরামত হয়েছে কি না ;	তথ্য সংগ্রহ করা হচ্ছে।
২। গ্রাম্য রাস্তাগুলি সহরের রাস্তার সঙ্গে সংযোগ আছে কি না, না থাকিলে যোগাযোগের কোন পরিকল্পনা সরকারের আছে কি না ?	

UNSTARRED QUESTION NO. 932 BY SHRI NISHI KANTA SARKAR, M. L. A.

QUESTION	ANSWER
১) উদয়পুর বিভাগের এরিয়া কত স্কোয়ার মাইল এবং গ্রামের সংখ্যা কত। তম্মধ্যে প্রস্তাবিত রিজার্ভ ফরেষ্ট এরিয়া কত স্কোয়ার মাইল এবং সংরক্ষিত রিজার্ভ এরিয়া কত,	১) এরিয়া—২৫১.৩৭ স্কোয়ার মাইল, গ্রামের সংখ্যা—৬৪ রেভেনিউ মৌজা প্রস্তাবিত রিজার্ভ ফরেষ্ট এরিয়া ১১৮ স্কোয়ার মাইল। সংরক্ষিত ফরেষ্ট হিসাবে কোন ফরেষ্ট এরিয়া এখনও চূড়ান্তভাবে নির্দ্ধারিত হয় নাই। 1. Area — 251.37 sq. miles Number of villages--64 (revenue moujas) Proposed reserved forest area—118 sq. miles. But no reserved forest has yet been finally constituted.
২) গর্জি ও মগপুষ্করিণী মৌজার লোকসংখ্যা কত ?	২) গর্জি — ২৯১৩ জন। মগপুষ্করিণী — ২১৮৬ জন। Population of Garji — 2913 Mag Puskarini 2186

প্রশ্ন নং ৯৩৫, প্রশ্নকর্তা : **শ্রীনিশিকান্ত সরকার**, বিধান সভা সদস্য

প্রশ্ন

১। উদয়পুরে শুকসাগর জলার জল নিষ্কাশনের জন্য জামজুরিতে শ্লুইস গেট কোন সনের কত টাকার মঞ্জুরী ;

১। এই কাজের জন্য ১৯৬১ সালে ৪,৮০,০০০৲ টাকা মঞ্জুর হইয়াছে।

২। কাজ আরম্ভ হইয়া থাকিলে কোন সনে আরম্ভ হইয়াছে এবং কবে পর্য্যন্ত শেষ হইবার আশা আছে ?

২। শ্লুইস গেট নির্ম্মাণের প্রথম পর্য্যায়ের কাজ ১৯৬২ সালের ডিসেম্বর মাসে আরম্ভ হইয়াছে এবং আশা করা যাইতেছে যে ১৯৬৬ সালের জুন মাসের মধ্যে এই কাজ শেষ হইবে।
শ্লুইস গেট তৈরী হওয়ার পর দ্বিতীয় পর্য্যায় জামজুরী ছড়ার সংস্কারকার্য্য গ্রহণ করা হইবে।

PROCEEDINGS OF THE TRIPURA LEGISLATIVE ASSEMBLY ASSEMBLED UNDER THE PROVISIONS OF THE GOVERNMENT OF UNION TERRITORIES ACT, 1963.

7th April, 1966

The House met in the Assembly Chamber, Agartala at 11 A M. on Thursday the 7th April, 1966,

PRESENT

Shri Upendra Kr, Roy, Speaker in the Chair, three Deputy Ministers, the Deputy Speaker and twenty Members.

Mr. Speaker :— I take up the first item—Starred Quest'ons. Shri Atiqul Islam.

Shri Atiqul Islam :— 641

Shri B. Das :— Hon'ble Speaker Sir, Starred Question No, 641

QUESTION	ANSWER
1) Whether the Soil Testing Laboratory, Agartala has examined the various kinds of soil of this Territory;	Yes,
2) If so, what is the result of that examination ?	A statement showing the results of examination of different soils of different Sub-divisions during 1963-64 and 1964-65 is laid on the Table of the House,

শ্রীআতিকুল ইসলাম :— এই এক্জামিন করে আমাদের ত্রিপুরার মাটি সম্পর্কে তারা কি পেয়েছে, কি রকম সার এই মাটির পক্ষে উপযুক্ত ?

শ্রীএম, এল, ভৌমিক :— বিভিন্ন জায়গার বিভিন্ন রকমের সার রিকমেণ্ড করেছেন।

শ্রীআতিকুল ইসলাম :— আমাদের এখানে কি ক্যামিকেল ফার্টিলাইজার খুব সুট্যাবল ?

শ্রীএম, এল, ভৌমিক :— In some cases, in some sort of soils, it is suitab'e,

শ্রীআতিকুল ইসলাম :— কয় রকমের সয়েল টেষ্ট করা হয়েছে ?

শ্রীএম, এল, ভৌমিক :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, এক্ষণে ফিগার দেওয়া সম্ভব নয়, সো আই ডিম্যাণ্ড নোটিশ।

শ্রীআতিকুল ইসলাম :— ত্রিপুরার সয়েলটা ফল চাষের উপযোগী কি না ?

শ্রীবি, দাস :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, ডিটেলস রিপোর্ট আমরা এক্ষণে দিতে পারছিনা,

মিঃ স্পীকার :— শ্রীসুনীলকুমার চৌধুরী।

শ্রীসুনীলকুমার চৌধুরী :— ৮৭১

শ্রীবি, দাস :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, ষ্টার্ড কোয়েশ্চান নাম্বার ৮৭১

QUESTION	ANSWER
a) Whether it is a fact that supper phosphate was not supplied to the peasants during the time of potato producing season last year in Sabroom Sub-Division.	The information is under collection and will be laid on the House as soon as compiled,
b) if so, the reason therefor ?	

Shri Hlura Aung Mag :— Supplementary please.

Mr. Speaker : — As the information is under collection, no more supplementary,

Shri Ersad Ali Choudhury.

Shri Ershad Ali Choudhury :— 942

Shri M. L. Bhowmik :— Hon'ble Speaker Sir, Starred Question No. 942

QUESTION	ANSWER
a) When was the fishery nursery tank of Chandrasagar Dighi of Udaipur Sub-Division started and how much work has been done for this tank .	The work of construction of Fishery Nursery Tank of Chandrasagar Dighi has not yet been started.
b) What is the amount of expenses incurred uptill now ?	Does not arise.

শ্রীএরসাদ আলী চৌধুরী :— এই দীঘি মাছের চাষ করার জন্য রিক্লেমেশান করা হয়েছে কি না ?

শ্রীএম, এল, ভৌমিক :— রিক্লেমেশানের কাজ চলছে।

শ্রীএরসাদ আলী চৌধুরী :— কোন সন হইতে চলছে ?

শ্রীএম, এল, ভৌমিক :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, টাইমটা বলা এখন সম্ভব নয়, সো আই ডিমাণ্ড নোটীশ।

শ্রীলুড়া আং মগ :— যদি এই কাজটা আরম্ভ হয়ে থাকে, সেটা কি ডিপার্টমেণ্টওয়াইজ হচ্ছে না কণ্ট্রাক্ট মারফত হচ্ছে ?

শ্রীএম, এল, ভৌমিক :— কণ্ট্রাক্ট বেসিসে হচ্ছে।

শ্রীলুড়া আং মগ :— টাকার সংখ্যা কত বলতে পারেন ?

শ্রীএম, এল, ভৌমিক :— টাকার পরিমাণ এখন বলা সম্ভব নয়, সো আই ডিমাণ্ড নোটীশ।

মিঃ স্পীকার :— শ্রীবুলু কুকি।

শ্রীবুলু কুকি :— ১৩৩

শ্রীএম এল, ভৌমিক :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, ষ্টার্ড কোয়েশ্চান নাম্বার ১৩৩

প্রশ্ন	উত্তর
১। ১৯৬৫ ইং সনের নভেম্বর মাস হইতে ১৯৬৬ ইং সনের ২৮শে ফেব্রুয়ারী মাস পর্য্যন্ত কোন কোন বিভাগে এবং স্থানে কৃষি প্রদর্শনী হইয়াছে।	১৯৬৫ ইং নভেম্বর মাস হইতে ১৯৬৬ ইং ফেব্রুয়ারী মাস পর্য্যন্ত যে যে স্থানে কৃষি প্রদর্শনী হইয়াছে এবং প্রদর্শনী ব্যবস্থা বাবত যত টাকা খরচ হইয়াছে তাহা নিম্নে প্রদর্শিত হইল :—
২। কোন কোন প্রদর্শনী ব্যবস্থার জন্য কত টাকা খরচ হইয়াছে।	

স্থানের নাম		খরচ
সদর মহকুমা		
১। আগরতলা	টাকা	১২,৩৫৮·৭৫
২। বিশালগড়	,,	৫০০·০০
৩। পুরাতন আগরতলা	,,	৮০০·০০
৪। জিরানীয়া	,,	৬০০·০০
৫। মোহনপুর	,,	৫০০·০০
উদয়পুর মহকুমা		
১। উদয়পুর	,,	৩০০·০০
২। কাকড়াবন	,,	৩০০·০০

ধর্মনগর মহকুমা

১।	পানিসাগর	,,	৪৮৯.৮৫
২।	কাঞ্চনপুর	,,	১৫০.০০

কমলপুর মহকুমা

১।	কমলপুর	,,	৫০০.০০
২।	সালেমা	,,	৫০০.০০

অমরপুর মহকুমা

১।	তীর্থমুখ	,,	৩০০.০০
২।	অম্পীনগর	,,	১৯৮.০০
৩।	অমরপুর (গ্রামসেবক কেন্দ্র)	,,	২০০.০০
৪।	অমরপুর ব্লক কেন্দ্র	,,	২৯৮.০০
৫।	রাইমা	,,	২০০.০০
৬।	বলংবাস।	,,	৩০০.০০

খোয়াই মহকুমা

১।	তেলিয়ামুড়া	,,	১,০০০.০০
২।	চেবরী	,,	৫০০.০০
৩।	খোয়াই	,,	৫০০.০০

বিলোনীয়া মহকুমা

১।	কলসী	,,	৫০০.০০
২।	মতাই	,,	৫০০.০০

সোনামুড়া মহকুমা

১।	মেলাঘর	,,	৫০০.০০
২।	বক্সনগর	,,	৫০০.০০

সাব্রুম মহকুমা

১।	ছোটখিল	,,	১৩০.০০
২।	বুরাতলী	,,	১০০.০০
৩।	কালাচেপা	,,	১৫০.৯০
৪।	জালেফা	,,	১২০.০০

Mr. Speaker :— Shri Atiqul Islam.

Shri Atiqul Islam :— 642

Shri B. Das :— Hon'ble Speaker Sir, starred question No, 642

QUESTION	ANSWER
1. What kind of research is conducted by the Research-cum-Demonstration Farm, Arundhutinagar.	The following types of research works are being conducted at the Research-cum-Demonstration Farm, Arundhutinagar. i) Agronomical Research ii) Research on Plant Breeding. iii) Botanical Research. vi) Research on Programmes of soil Conservation. v) Research on Problems of plant Protection.
2 What is the result of such research ?	i) It has been possible to locate some good varieties of different crops like Paddy, Ground-nut Sesamum, Potato etc, which are expected to give better yield than that of the varieties now exist e, g. the new paddy varieties Korra-soil of Assam, Co. 25x Norin 6 (C.R.R.I) H_4 of Ceylon have been found to give higher yield by 10%, 12.9% and 8% respectively from the local latisail. The Kufrikuber variety of potato from Simla have been observed to have given 15% increase in yield over the local one. The ground-nut varieties C 501 (Punjab), K 17 of Bihar and

Sesamum B 14 of West Bengal hava also been tested and found quite suitable for this locality in term of yield, disease resistance and other characters.

ii) It would be possible to indicate suitable doses of different fertilizers very soon keeping in view the soil condition of Tripura from the experimental ready in progress e. g. upto 45 lbs. per acre application of Nitrogen has been found to be remunerative in aman paddy. 86 lbs. of nitrogen per acre increases the yield of potato by 58%, 48 lb of phosphorus and 90 lb of potash per acre are also necessary for the potato. Use of 50 kg. of lime per acre in acid soil have been found to be given 31% increase in yield of jute.

iii) It is expected that recommendation on suitable time of sowing, spacing of different crops can also be made available to the extension workers for dissemination to the cultivators from the experiment now in progress. It is found that sowing of aus after the month of April and transplanting of aman after the 2nd week of August has conside

balry decrease the yield .

It is expected that the recommendation of varieties and fertilizer doses and spacing critical time of sowing mentioned (i), (ii) and (iii) above will be disseminated to the cultivators shortly.

শ্রীআতিকুলইস্‌লামঃ—রিচার্স করে যে সমস্ত ফল পাওয়া গেল সেগুলি পাবলিকেশনের জন্য গভর্ণমেণ্ট কোন চিন্তা করেছেন কি অথবা কোন পুস্তিকা আকারে সেগুলি পাবলিককে জানানোর জন্য চিন্তা করছেন কি ?

শ্রীবি, দাসঃ—মাননীয় অধ্যক্ষ মহোদয়, রিচার্স করে যে সমস্ত ফল পাওয়া যায় আমাদের একটা মিউজিয়াম আছে এবং কালটিভেটারসরা ইন গ্রুপ সেখানে আসেন এবং সেগুলি সেখানে দেখেন। এছাড়া আমরা অন্যান্য প্রসেসে তাদের সেগুলি বুঝাবার চেষ্টা করছি।

শ্রীআতিকুল ইস্‌লামঃ—রিচার্স করে যেসকল ফল পাওয়া গেল সেগুলি পাবলিককে জানানোর জন্য কোন পুস্তিকা কি গভর্ণমেণ্ট বের করেছেন ?

শ্রীবি, দাসঃ—পুস্তিকা বের করিনি। কতকগুলি পামলেট আছে। মিউজিয়ামে কালটিভেটরসরা আসেন এবং হাতে কলমে শিক্ষা তারা নিয়ে যান এবং তাদের পুস্তিকা আকারে সেগুলি পৌছাইয়া দেওয়ার ব্যবস্থা করা হয়েছে।

শ্রীআতিকুল ইস্‌লামঃ—সরকার কোন্ কোন্ পত্রিকা বের করেছেন জানতে পারি কি ?

শ্রীবি, দাসঃ—পত্রিকা বলিনি মাননীয় অধ্যক্ষ মহোদয়. পুস্তিকা বলেছি ?

শ্রী আতিকুল ইস্‌লামঃ—সেগুলি কি বিক্রির জন্য অ্যাভেলেবল্ ! সেগুলি আমরা দেখতে চাই।

শ্রীবি, দাসঃ—যেগুলি বেরিয়েছে সেগুলি মিউজিয়ামে যারা যাচ্ছেন সেখান থেকে তারা তা নিয়ে আসেছেন।

শ্রীআতিকুল ইস্‌লামঃ—অর্থাত সেগুলি পুস্তিকা আকারে বিক্রি করার জন্য বা অন্য কোন রকমে প্রচার করার জন্য দেওয়া হয়নি। যারা মিউজিয়ামে যান তাদের হাতে বোধ হয় একটা একটা করে দেওয়া হয়। কিন্তু সেগুলি পুস্তিকা আকারে রিচার্সের রিজাল্ট জানাবার জন্য বোধ হয় করা হয়নি।

শ্রীবি, দাসঃ—মাননীয় অধ্যক্ষ মহোদয়, অ্যারেঞ্জমেণ্ট আছে। ব্লকের মাধ্যমে সেগুলি যাচ্ছে।

শ্রীনুড়া আং মগঃ—ব্লকের মাধ্যমে কোন্ জায়গায় এই বই বিলি বণ্টন করা হয়েছে।

শ্রীবি, দাসঃ—যেসব অ্যাগ্রিকালচারেল একজিবিশান হচ্ছে সেগুলি ব্লকের মাধ্যমে

সাধারণতঃ হয়ে থাকে। সেখানে যারা আসেন তারা নিয়ে যাচ্ছেন, দেখছেন এবং বিশেষ করে আমাদের অ্যাগ্রিকালচারাল রিচার্স ফার্ম যেটা আছে সেখানে এসে হাতে কলমে তারা অভিজ্ঞতা নিয়ে যাচ্ছেন।

শ্রীআতিকুল ইস্‌লাম ঃ—রিচার্স করলে পরে একটা জিনিষ বেরিয়ে আসে। সেই রিচার্সকে ভিত্তি করে এই বই গভর্ণমেন্ট পাবলিকেশন করেছেন কিনা। যেমন টেকনো ইকনমি সার্ভে গভর্ণমেন্ট করিয়েছেন। তার একটা বই বেরিয়েছে। তা থেকে আমরা জানতে পারি ত্রিপুরায় কি উইকনেস্। আমাদের রিচার্স ইউনিটটা ত্রিপুরায় ভ্যারাইটি অব ক্রপস্ রিচার্স করে এমন কোন পুস্তিকা বের করেছে কিনা যা থেকে আমরা জানতে পারি ত্রিপুরার কি ডিফিকালটিজ আছে, তার ইমপ্রুভমেণ্টের জন্য কি করতে হবে, এইরকম পুস্তিকা বের করেছেন কিনা ?

শ্রীবি, দাস ঃ—মাননীয় অধ্যক্ষ মহোদয়, সেই প্রশ্নের জবাবে আমি বলছি যে রিচার্স করে যে ফলটা পাওয়া গেছে সেটা পুস্তিকা আকারে বের করা হয়েছে এবং মিউজিয়ামে গেলে সেখানে হাতে কলমে শিক্ষা পেতে পারেন। এছাড়াও ব্লকের মাধ্যমে আমরা জানিয়ে দেবার চেষ্টা করছি এবং সেইভাবে আমাদের পরিকল্পনা আছে।

শ্রীআতিকুল ইস্‌লাম ঃ—আমার প্রশ্ন হচ্ছে তারা তো লিফলেট বাজারে ছাড়লেন, তাঁরা বললেন যে উন্নত ধরণের সার ব্যবহার কর। কিন্তু রিচার্স করে আমরা কি পেলাম সেই রিচার্সের ভিত্তি করে তাঁরা কোন বই বের করেছেন কিনা ?

শ্রীমনীন্দ্রলাল ভৌমিক ঃ—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের রিচার্স ইনসটিটিউশনের তিন বছর কন্টিনিউয়াস রিচার্স করার পর তাদের ফাইণ্ডিংস তারা প্রকাশ করেন। এখন পর্যন্ত আমাদের অল্প কয়েকটা ভ্যারাইটি অব ক্রপসের কাজ শেষ হয়েছে। যে কয়টি শেষ হয়েছে সেই কয়টির ফাইণ্ডিংস তারা প্রকাশ করছেন, সেগুলি লিফলেট আকারে সমস্ত ত্রিপুরায় ছাড়িয়ে দেওয়া হয় নি। সেগুলি মিউজিয়ামে আছে। যারা ইনটারেস্টেড অ্যাগ্রিকালচারে তারা সেগুলি সেখানে দেখতে পাবেন।

শ্রীআতিকুল ইস্‌লাম ঃ—আমাদের এই রিচার্স ফার্মটা কখন এস্টাব্লিশ্‌ড হয়েছে ?

শ্রীমনীন্দ্রলাল ভৌমিক ঃ—১৯৬৩ সালের জুলাইতে।

Mr. Speaker :—Shri Atiqul Islam again.

Shri Atiqul Isiam :—Starred Question No. 643.

Shri B. Das :—Hon'ble Speaker Sir, question No. 643 The information is under collection,

Mr Speaker :—There are some questions given notice of by Shri Aghore Deb Barma. If any body interested, he may ask the questions,

Shri Atiqul Islam :—625

শ্রীবি, দাস :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, ষ্টার্ড কোয়েশ্চান নাম্বার ৬২৫

প্রশ্ন

১) উজান অভয়নগর রাস্তাটি মটরষ্ট্যাণ্ড পর্যন্ত করার পরিকল্পনা আছে কিনা, — হ্যাঁ, আছে।

১) যদি থাকে, অদ্য পর্যন্ত হইতেছে না কেন ? — কার্যকরি করা হইতেছে।

শ্রীআতিকুল ইসলাম ঃ—এই রাস্তার কাজটা কবে পর্য্যন্ত আরম্ভ হবে বলতে পারেন কি ?

শ্রীবি, দাস ঃ—রাস্তার কাজ আরম্ভ হইয়াছে এবং মাটি ফেলার কাজ হচ্ছে।

শ্রীআতিকুল ইসলাম ঃ—এটাকি ঠিক যে রাস্তার বহু জায়গা পাবলিক এনক্রোচ করে রেখেছেন ?

শ্রীবি, দাস ঃ—ইহা সরকারের জানা নাই, সো আই ডিম্যাণ্ড নোটিস।

Mr, Speaker :—There are some questions given notice of by Shri Nripendra Chakraborty. If any Hon'ble Member is interested, he may ask the questions,

Shri Hemanta Deb :—560

Shri M. L, Bhowmik :—Hon'ble Speaker, Sir, Starreb Question No, 560

QUESTION	ANSWER
1) Total expenditure on police and Home Guards during 1962-63, 1963-64, 1964 65 & 1965-66 (upto January),	
2) Whether the expenditure is on the increase.	Information is under collection.
3) if so, whether increase on crimes justify this increase ?	

Mr. Speaker :—Any other question ?

Shri Hemanta Deb :—562

Shri B. Das :—Hon'ble Speaker Sir, Starred question No. 562

QUESTION	ANSWER
1) Food deficit of Tripura during 1664-65 and 1965-66 :	1964-65 = 51,000 M. T. 1965-66 = 49,000 M. T,
2) Aunnal yield and per capita cousumption on the basis of which defiets have been calculated :	Annual yield :— 1964-65 = 2,01,550 M. T. 1965-66 = 2,04,200 M. T. (estimated) Per capita consumption :— 4 mds. per annum.
3) whether the deficit is on the increase :	No
4) if so, the reasons therefor ?	Does not arise.

Mr. Speaker :—Any other question ?

Shri Hemanta Deb :—837

Shri B. Das :— Hon'ble Speaker Sir, Starred Question No. 837

QUESTION	REPLY
1. Whether Shri Ramesh Ch. Debnath, a labour of Shyama Prasad Coloney Anandanagar, Sadar, died at Teliamura, on 16-2-66, while working under a contractor ;	1. No such case has been reported to this Department.

2. if so, whether any compensation money has been paid by the contractor to the dependents of the deceased ; — 2. **Does not arise.**

3 if so, total amount paid ? — 3. Does not arise.

Mr Speaker :— No Supplementary ? All the Starred Questions by the Members are over. There are some Unstarred Questions. I would request the Hon'ble Minister to lay on the table of the House the reply to the Unstarred Questions (The replies of the unstarred questions are shown in appendix 'A')

Mr. Speaker :— I pass on to the Next Item—Government Business Voting on Demand for 1966-67.

Mr Speaker : — I pass on to the next item. Government business. Voting on Demand for grants for 1966-67. Next item in the list of business is voting on Demands viz Demand No. 34—Miscellaneous & 35—other Miscellaneous Compensations & Assignments are to be disposed of. Members have received the list of business along with the Appendix showing the demands to the moved by the Chief Minister, and the cut motions to be moved by the members concerned.

Now the Finance Minister will move the demands standing in his name one by one when he is called and as soon as the Chief Min'eter has moved the Demands I shall take all the cut motions to be moved. There will be discussion on the Demands and the cut motions. Thereafter when the debate is closed, I shall dispose of them one after another by voice vote. I also inform the Hon'ble members that I have decided to request the Hon'ble Minister to move the Demand No. 34—Miscellaneous & 35—other misc. Compensation & Assigrments together. I shall have one general debate on these demands as they are of allied nature of course, I shall dispose of the demands separately.

Now I shall call on the Hon'ble Minister to move his demand No. 34 Miscellaneous and 35—other misc. Compensations & Assignments together.

শ্রীমণীন্দ্রলাল ভৌমিক :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, I have been authorised by

the Hon'ble Finance Minister to move his Demand. মাননীয় অধ্যক্ষ মহোদয়, On the recomendation of Administrator. I beg to move that a sum not exceeding Rs 55,39,000/- [inclusive of the sums specified in column 3 of the sehedule to the Appropriation (Vote on Account) Bill, 1966] be granted to defray the charges which will come in course of payment during the year ending on the 31st day of March, 1967 in respect of Demand No 34—Miscellaneous

Hon'ble Speaker Sir, On the recommendation of the Administrator, I beg to move that a sum not exeeceding Rs. 2,46,000/ [inclusive of the sums specified in clolumn 3 of the Schedule to the Appropriation (Vote on Account) Bill, 1966] be granted to defray the charges which will come in course ef payment during the year ending on the 31st day of March, 1967 14 respect of Demand No. 35— other Miscellaneous Compensations and Assignments.

মাননীয় অধ্যক্ষ মহোদয় আমি দুইটি Demand—Demand for grant No. 34 & Demand for grant No. 35 হাউসের সামনে উপস্থিত করলাম। এই দুইটি Demand এর ব্যয় বরাদ্দের যে দাবী করছি তা ত্রিপুরার মঙ্গলের জন্য, ত্রিপুরার স্বার্থের জন্য আমরা উপযুক্ত বিবেচনা করেছি। আশা করি হাউস তা সর্ব্বসম্মতক্রমে গ্রহণ করবেন।

Mr. Speaker :— Against the Demand for grant No. 34, there are in cut motions and against Demand for grant No 35, there is one cut motion.

I would now call on Shri Bulu kuki to move his cut motion that the Demand be reduced to Rs 1/- to disapprove the policy regarding discrimenation between Zumia tribals & landless tribals.

শ্রীবুলুকুকি :—মাননীয় অধ্যক্ষ মহোদয় এখানে আমি একটা Cut motion রেখেছি, আমার Cut motion রাখার উদ্দেশ্য হল এখানে আমরা জানি যে উপজাতীয়দেয় কোন সময়ে কোন জায়গাতে landless হিসাবে গ্রহণ করা হয় না, তাদের সাধারণতঃ জুমিয়া হিসাবে গণ্য করা হয়। আমরা জানি ভারতবর্ষের বিভিন্ন এলাকায় যে উপজাতীরা আছে তাহারা বিশেষ করে অনুন্নত বলেই ভূমিহীন হিসাবে তাদের গ্রহণ না করে জুমিয়া হিসাবে গণ্য করা হয়। কারণ তারা অর্থনৈতিক দিক দিয়া খুবই দুর্ব্বল বলে বিভিন্ন সম্প্রদায়ের সঙ্গে Competetion করে পেরে উঠেনা। কাজেই তাদের পুনর্ব্বাসন ব্যাপারে যাতে বিশেষ ভাবে সেই facility পেতে পারে। তার জন্য যেন অন্য ভাবে তাদের ব্যবস্থা করা হয়। যারা জুমিয়া তাদের ৫০০ টাকা ও ৫ কাণি হইতে ১০ কাণি পর্য্যন্ত জমি দেওয়া হয়। কোন কোন জায়গায় যেমন T. D. Block করা হয়েছে, সেখানেও দেখা যায় যে ৫০০৲ টাকা এবং জায়গা জমি পেয়েও তারা সেখানে টিকতে পারে নাই। কারণ

সেই উপজাতিরা অর্থনৈতিক দিক দিয়ে দুর্ব্বল বলে তাদের নিজেদের যে জমি আছে তা থাকা স্বত্বেও তারা জমিতে ফসল ফলাতে পারে না। কাজেই Landless হিসাবে গণ্য করে তাদের ৩০০৲ টাকা করে দিলে তারা কোন দিন দাঁড়াতে পারবে না। সেই জন্য আমার Cut motion রাখার উদ্দেশ্য এই যে তাদের landless হিসাবে গ্রহণ না করে তাদের Jumia হিসাবে গ্রহণ করা হউক এবং সেই রূপ সুযোগ সুবিধা দেওয়া হউক। এই বলে আমার বক্তব্য শেষ করলাম।

Mr. Speaker :—I would call on Shri Aghore Deb Barma to discuss on his Cut motion that the demand be reduced by Rs. 100/- to discuss on inadequcy of Provision for expenditure on new migrants, Relief & Rehabilatation and scondly Absence of Provision for Grants to District Soldiers Board.

শ্রীঅঘোর দেববর্ম্মা :—মাননীয় অধ্যক্ষ মহোদয় ত্রিপুরা একটি কৃষি প্রধান এলাকা। পারিপার্শ্বিক অবস্থার চাপে, পূর্ব্ব পাকিস্তান থেকে লোক আগমন এখন পর্য্যন্ত শেষ হচ্ছে না। তার উপর মুসলমান যারা আছেন তারাও অধিকাংশই কৃষক এবং বিভিন্ন রকম কৃষিকার্য্যই ত্রিপুরাতে করছে। আজকে সাব্রুম হইতে ধর্ম্মনগর পর্য্যন্ত সমস্ত এলেকার অবস্থা আমরা যদি দেখি তাহলে দেখব যে ত্রিপুরা সম্পূর্ণভাবেই কৃষির উপর নির্ভরশীল। কাজেই যে সমস্ত কৃষক আছেন তারা exchangs করেই হউক বা যেভাবেই হউক, যারা ত্রিপুরাতে এসে বর্ত্তমানে কৃষিকার্য্যে রত আছেন তাদের যদি আমরা সাহায্য না করি তাহলে কৃষির দিক দিয়ে আমরা অগ্রসর হতে পারিনা। কাজেই এই সব চিন্তা করে ত্রিপুরাতে যারা migration করে এসেছেন তাদের উপযুক্ত সাহায্য আমাদের দেওয়া দরকার, কারণ আমরা ত্রিপুরাতেও দেখেছি যে উপজাতীয় এক জায়গা থেকে অন্য জায়গায় গেলে আবার ঠিক ভাবে বসবাস উপযোগী করে তুলতে সময় লাগে। আর আমাদের এখানে তারা রাজ্য ছেড়ে চলে এসেছেন। কাজেই তাদের সামাজিক ও অর্থনৈতিক দিক দিয়ে প্রতিষ্ঠা করা, এটা খুব সময় সাপেক্ষ ব্যাপার। এখানে শুধু জমি Reclamation এর প্রশ্ন নয়, বীজ, হাল. গরু, খোরাকি এবং অন্যান্য প্রশ্ন আছে। কাজেই তাদের টাকার প্রয়োজন। কাজেই তাদের উপযুক্ত সাহায্য দিয়ে, যাতে এখানে খাদ্যোৎপাদন করানো যায় সেদিক আমাদের ব্যবস্থা করা দরকার। দ্বিতীয় Cut motion হচ্ছে Absence of Provision for Grants to District Soldiers Board, আর আমাদের এখানে District Soldiers Board যেটা আছে তার financial Grant দরকার। সেই কথাই আমি আমার Cut Motion এর মধ্যে রাখছি। আর মাননীয় অধ্যক্ষ মহোদয় আজকে

এখানে মাননীয় সদস্য শ্রীসুধন্য দেববর্মার কয়েকটী Cut Motion আছে, যদিও তিনি আজ উপস্থিত নহনে।

Mr. Speaker :—He is not present. He has not authorised any body

Shri Aghore Deb Barma :—হ্যাঁ, তবে আমি তো আমার বক্তব্য বলতে পারি। I can speak. আমার এখানে আর একটি বক্তব্য হচ্ছে এখানে Schedule caste এবং Schedule tribes যারা আছেন, আজকে সংবিধানেও এ কথা স্বীকৃত আছে যে তারা সমাজে অনুন্নত এবং পশ্চাৎপদ। কাজেই শিক্ষা দীক্ষা চাকুরীর ক্ষেত্রে ও অন্যান্য ক্ষেত্রে তাদেরকে সুযোগ সুবিধা দেওয়া সম্পর্কে উল্লেখ আছে। কিন্তু আমরা অধিকাংশ ক্ষেত্র দেখেছি ত্রিপুরাতে কোন postএ যদি appoaintment দেওয়ার প্রয়োজন হয় তখন Sch. caste & Sch. tribes যারা তারা proportion অনুযায়ী চাকুরী পায়না। কারণ অধিকাংশ ক্ষেত্র আমরা দেখি ইদানিং, last financial year এ ও যে সমস্ত post এ appoaintment দেওয়া হয়েছে তাদের মধ্যে আমরা দেখেছি অনেক উপযুক্ত প্রার্থী থাকা স্বত্ত্বেও তাদের appoantment হয়নি। যদি মন্ত্রী মহোদয়গণের কোন রকম চিঠি পত্র department concerned এর কাছে না যায় তাহলে কোন candiate এর efficiency সম্বন্ধে কোন রকম বিচার বিবেচনা করা হয়না। কাজেই আমাদের সংবিধানের মধ্যে এটা সম্বন্ধে রক্ষা কবচ হিসাবে স্পষ্ট ভাবে উল্লেখ থাকা স্বত্ত্বেও তাদের proportion অনুযায়ী চাকুরী ও অন্যান্য ক্ষেত্রে তারা সুযোগ পায়না। অতএব সেই দিকে বিচার বিবেচনা কর দরকার। আর একটি কথা হচ্ছে, বর্তমানে বিশেষ করে Tribal মেয়েদের লেখাপড়ার অগ্রগতি হওয়া দরকার। শুধু ছেলেদের দিক দিয়ে নজর দিলে চলবেনা, মেয়েদেরও সঙ্গে সঙ্গে শিক্ষা পাওয়া দরকার। যদিও আগরতলা তুলসীবতী বালিকা বিদ্যালয়ে একটা boarding আছে, অনেক ছাত্রী এবারও ভিড় করছিল এই বোর্ডিং এ স্থান পাওয়ার জন্য, আমি নিজেও এই ব্যাপারে ভুক্ত ভোগী। কিন্তু কিছুতেই অনেক ছাত্রীকে সেখানে স্থান করে দেওয়া গেলনা। শুধু আগরতলাতে নয়, খোয়াইতেও এই একই অবস্থা। অতএব সাব্রুম থেকে ধর্মনগর পর্য্যন্ত বিভিন্ন মফঃস্বল শহরে যাতে Tribal মেয়েদের boarding House এর ব্যবস্থা করে লেখাপড়ার সুযোগ সুবিধা দেওয়া হয় তার জন্য বাজেটের মধ্যে বিশেষ ভাবে নজর দেওয়া দরকার ছিল। সরকারের শিক্ষা অধিকর্তা ও শিক্ষা বিভাগের অন্যান্য যারা উর্দ্ধতন কর্মচারী তারা অবশ্য অনেক সময় তাদের বক্তব্য বলেন, আমরা তাহা শুনিতে পাই, উপজাতীয় অনুন্নত, পশ্চাৎপদ সমাজের শিক্ষার অগ্রগতির জন্য তারা বিশেষভাবে চেষ্টা করছেন, কিন্তু কার্য্যতঃ অধিকাংশ ক্ষেত্রে তাদেরকে ঐ সমস্ত facility থেকে deprive করা হয়। এই সম্পর্কে একটি ঘটনা এই House এ আমি উল্লেখও করেছিলাম। গত T. T. C.র সময় থেকে আমরা এ কথা বলেছিলাম যে Schedule caste তারাও অনুন্নত সমাজ, তারাও শিক্ষা দীক্ষায় অনুন্নত। তাদের জন্যও boarding করা হউক, সঙ্গে সঙ্গে Sch. Tribes Students দের boarding ও থাকতেই হবে। কিন্তু এখন পর্য্যন্ত কর্তৃপক্ষ এ সমস্ত ক্ষেত্রে Sch. Caste Students boarding

করছেন না।

Mr. Speaker :—It has been discussed more and more again.

Shri Aghore Deb Barma :—কাজেই যাতে তারা ঠিক ঠিকভাবে সাহায্য সহায়তা পায়, সুযোগ সুবিধা পায় সেই দিক দিয়ে বাজেটে নজর রাখা দরকার। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করলাম।

Mr. Speaker :— I would call on Shri Hlura Aung Mog to discuss on his three cut motions that (i) the Demand be reduced by Rs 100/- to discuss on inadequacy of provision for loans to Gram Panchayats (2) to discuss on in adequacy of provision for settlement of landless agri-cultural labourers (3) to discuss on inadequacy of provision for drinking water under P. W. Scheme.

Shri Hlura Aung Mag — মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই যে cut motion রাখা হয়েছে তার সমর্থনে আমি এ কথা বলতে চাই যে আজ ত্রিপুরা রাজ্যে রিফুউজীদের মধ্যেও অনেকে landless আছে এবং তারা পুনর্ব্বাসন থেকে বঞ্চিত এবং এদেশেও অনেকে landless অবস্থায় আছে। sch. caste দের মধ্যেও landless এর সংখ্যা কম নয়। তাদের সুযোগ সুবিধা করে দেওয়া আমাদের কর্ত্তব্য। তারা যাতে ঠিক ঠিক ভাবে তাদের দৈনন্দিন জীবন যাপন করতে পারে তার জন্য এই বাজেটের মধ্যে অর্থ বরাদ্দ করা উচিত। এই সমস্ত landless পরিবার যারা আছেন তাদেরকে যাতে পুনর্ব্বাসন এবং কৃষি সরঞ্জাম দিয়ে সাহায্য করতে পারি সেই রকম ব্যবস্থা করা উচিত। যেহেতু ত্রিপুরা রাজ্যে খাদ্য উৎপাদন জনসংখ্যার দিক দিয়ে কম সেজন্য সরকারের grow more food programe কে সফল করে তোলার জন্য আমরা বিভিন্ন Block এর মাধ্যমে প্রোপাগাণ্ডা করছি। কিন্তু এই সমস্ত landless পরিবারকে সাহায্য না করার দরুণ এই সব programe ঠিক ঠিক ভাবে কাজে রূপায়িত হচ্ছে না। আর তারই জন্য আজ এই খাদ্য সঙ্কট। তাদেরকে যদি আমরা জমি এবং কৃষি সরঞ্জাম দিয়ে সাহায্য করতে পারি তাহলে ত্রিপুরা রাজ্যে আজ যে খাদ্যসঙ্কট তার কিছুটা হয়ত fulfil হতো। তাই আমি মাননীয় স্পীকারের মাধ্যমে মন্ত্রীমহোদয়গণের নিকট আবেদন রাখব যাতে যারা landless কৃষক আছে তাদেরকে বেশী করে টাকা মঞ্জুর করে অবিলম্বে তাদেরকে খাদ্যোৎপাদনের কাজে সুযোগ সুবিধা করে দেওয়া হয়। সেজন্য বাজেটের মধ্যে যে ৫০ হাজার টাকা রাখা হয়েছে for 1966-67 সেটা প্রয়োজনের অনুপাতে খুবই নগণ্য। এই টাকাটা পরিকল্পনা মাফিক হয় নাই বলে আমি মনে করি। আমাদের দশটি Sub-division এ landless দের একটি list তৈরী করা দরকার এবং সেই অনুসারে আমাদের একটা programme করা দরকার যে এই বৎসর আমরা কত landless কে পুনর্ব্বাসন দিচ্ছি এবং তার মাধ্যমে আমাদের খাদ্য উৎপাদন কত বাড়ছে। Target ঠিক করে ২।৩ বৎসরের মধ্যে যাতে সমস্ত landless কৃষকদিগকে জমির মধ্যে বসাতে পারি সেইদিকে চেষ্টা করা উচিত।

সেই রকম দৃষ্টিভঙ্গি এই বাজেটের মধ্যে নেই বলে আমি বলতে চাই আমাদের সেরূপ দৃষ্টিভঙ্গি হওয়া উচিত এবং এই খাতে টাকা আরও বৃদ্ধি করা উচিত।

আর একটি হল Panchayat সম্পর্কে। Panchayat loan সম্পর্কে এখানে মাত্র ২০ হাজার টাকা বাগান করা, মৎস চাষ ইত্যাদির জন্য রাখা হয়েছে। আমি জানি অনেক জায়গায় Panchayat election হয়ে গেছে ৩/৪ বৎসর হয়। কিন্তু আজ পর্যন্ত তাদের কোন রকম ক্ষমতাই দেওয়া হয় নি। একটি পয়সা খরচ করবার অধিকারও সরকার থেকে তাদের দেওয়া হয় নি। তাদেরকে ক্ষমতা দিতে সরকার কেন যে ভয় পাচ্ছেন তা আমি জানি না। তবে আমি মনে করি তাদের অবিলম্বে ক্ষমতা দেওয়া উচিত। তা না হলে এখানে যে ২০ হাজার টাকার provision রাখা হয়েছে ক্ষমতা না থাকলে তা কিভাবে যে খরচ করা হবে আমি তা বুঝে উঠতে পারছি না। তাই আমি বলব তাদেরকে ক্ষমতা দিয়ে একটা programe করা উচিত। সেই programe অনুযায়ী তারা দেশের খাদ্য উৎপাদন এবং অন্যান্য উন্নয়নমূলক কাজ করতে পারে। তবে এখানে এই বরাদ্দকৃত অর্থ হতে বুঝা যাচ্ছে যে তোমাদের জন্য এত টাকা ধরলাম যে তোমরা মাছ চাষ এবং বাগান ইত্যাদি নিয়ে চুপচাপ থাক। এটা কিন্তু একটা উন্নতির লক্ষণ নয়। এটা খাদ্য উৎপাদনের কোন লক্ষণ নয়। পঞ্চায়েতকে খুশী করানোর জন্য এটা একটা policy। কাজেই ইহাকে বর্জন করার জন্য আমি বলব। এই নীতি অবিলম্বে পরিত্যাগ করা উচিত। কারণ ইহা দেশ উন্নয়নের নীতি নয়। ইহা programe অনুসারে আনা উচিত। বিলোনীয়া ডিভিশনে Panchayat election হয়ে গেছে প্রায় ৩।৪ বৎসর হবে। ১৯৫৩ সালে পঞ্চায়েত হয়েছে, কিন্তু আজ পর্যন্ত তাদের হাতে ক্ষমতা দেওয়া হল না। একটি পয়সাও দেওয়া হল না। এবং এই পঞ্চায়েতের মাধ্যমে ringwell বা Tubewell করানোর কোন ব্যবস্থা করা হল না। তাদের হাতে যেন কোন ক্ষমতাই নেই as like statue, প্রতিমূর্তি দাঁড় করিয়ে রেখেছে। মানুষ কি করবে তাদেরকে নির্বাচিত করে? আজ তাদের মাধ্যমে কোন পাচ্ছে না। Govt. এইভাবে তাদের তৈরী করে রেখেছে। সেই জন্যই আমরা বলি সরকার এইজন্য দায়ী। U. P র আইন আমাদের এখানে প্রযোজ্য করা হয়েছে। কিন্তু সেই আইন প্রযোজ্য করা সত্ত্বেও কেন পঞ্চায়েৎ আজ ক্ষমতা থেকে বঞ্চিত হচ্ছে? তাহলে election না করা উচিত ছিল। কিন্তু আজ election করে তাদেরকে বসিয়ে রাখা হয়েছে। কাজেই দেশের উন্নয়নের কাজেও তারা আজ বঞ্চিত হচ্ছে।

ত্রিপুরাতে খাদ্য সংকট দেখা দিয়েছে একটা ক্ষয়রোগের মত। পঞ্চায়েতের মধ্যে অফিসারের অভাব নেই। তাদের T. A., D. A., Patrol এর ব্যাপারে অনেক টাকা খরচ হয়। আজ এই সব টাকা কেন খরচ করা হচ্ছে? It is nothing but & misuse কোন Programe মাফিক কাজ করানো হয় না। শুধু বসে বসে খাচ্ছে পঞ্চায়েত অফিসাররা আর গাড়ী হাঁকাচ্ছে ব্লকে ব্লকে। এইসব করে তারা আজ পর্যন্ত কি কাজ দেখাতে পেরেছে? কাজেই এই যে টাকা রাখা হয়েছে এটা কোন Programe মাফিক নয়, অফিসারদের মাথায় যা এসেছে সেই ধরণের একটা অংক এখানে রাখা হয়েছে। এটাই আমলাতন্ত্রের

প্রমান করা হয়েছে। কাজেই আমি বলব এই আমলাতান্ত্রিক মনোভাব অচিরেই পরিত্যাগ করা উচিত। গণতান্ত্রিক রাষ্ট্র এটা অস্য। সেই জিনিষটা, আমাদের গণতান্ত্রিক যে সংগঠন, একটা কাটামো, তার ভিত্তিতে একটা পরিকল্পনা রাখা উচিত। সেইজন্যই আমি বলছি যে পঞ্চায়েতের মাধ্যমে আমাদের এই কাজগুলি করতে হবে। এই ভাবে টাকা রাখাটা আমি মোটেই পছন্দ করিনা এবং Programme মাফিক কাজ করা যায় এবং পঞ্চায়েতের হাতে কাজ হওয়া চাই। এই ২০ হাজার টাকা বাড়িয়ে আরও বেশী বরাদ্দ রাখা দরকার, যাতে খাদ্য উৎপাদন, কৃষি, কারবার, মৎস্যচাষের জন্য যাতে পুর্ণ সুযোগ পাঞ্চায়েৎকে দিতে পারি। বাড়াবো কিভাবে ? ২০ হাজার থেকে ১ হাজার বাড়ালে চলবে না, ২০ হাজার থেকে ৩০ হাজার বাড়ালে চলবে না। এসব পঞ্চায়েত কি কি উন্নয়নমূলক কাজ করতে চায়—কোথায় বাঁধ দিবে কোথায় মৎস্যচাষ করবে, কোথায় Horticulture করবে, কোথায় agriculture করবে, এসবের মাধ্যমে তাদের একটা Programme করা দরকার। এইভাবে কতটাকা দরকার হবে, তা দেখে বাজেট বরাদ্দ করা দরকার। তাহলে আমরা, কোন বৎসরে কি হল না হল তার একটা হিসাব পাব এবং বুঝতে পারব কত বৎসরে আমাদের এই plan টা successful হবে।

আমার আর একটা Cut motion আছে—inadequacy of provision for drinking water under T. W. Scheme. এই Cut motion এর সমর্থনে আমি এই কথা বলতে চাই যে ১৯৬৫-৬৬ সালের মধ্যে Tribal Welfare Scheme এর মধ্যে একটি পয়সাও জলের জন্য খরচ করা হয় নাই এবং বাজেটে মধ্যেও রাখা হয় নাই, বার বার সরকারকে বলেছি যে Tribal এলাকাতে জলের জন্য যে ব্যবস্থা করা হয়েছে সেইসব টাকার অপব্যয় করা হয়েছে। Tribal area তে এই সব টাকা খরচ না হয়ে অন্য জায়গায় খরচ হয়েছে। স্বাধীনতার পর আজ ১৮ বৎসর হয়েছে কিন্তু আজও তারা নুংরার জল, ছড়ার জল পান করছে এবং ঐ দিকে মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণের জন্যই আমরা বলেছিলাম। এই হাউসে বলা অরণ্যে রোদন সমান কথা, আমি মনে করি জনজীবনের দিকে দৃষ্টি দিয়ে এই মন্ত্রীসভার কাজ করা উচিত, যাতে তাদের স্বার্থ রক্ষিত হয়। কিন্তু আজও তা দেখতে পেলামনা। গত বৎসর একটি কোটা জলেরও ব্যবস্থা Tribal area তে করা হয়—নাই। গতবার B. D. O. মিটিংয়ের মধ্যে যখন এই সম্পর্কে আলাপ হয় তখন B. D. O. সাহেব বললেন, "Tribal দের জন্য—ত কোন ব্যবস্থা নেই। কোথা থেকে আমরা জল দেব ? অফিসারদের মুখ থেকেও আমাদের এ ধরণের কথা শুনতে হয়। তারা বলেন যে, আমরা জানি Tribal দের বাড়ীতে জল নেই, দূষিত জল খাচ্ছে। কিন্তু আমরা কি করব ? এ সম্পর্কে department কে লেখা হয়েছে এবং তার উত্তরে তারা জানিয়েছে Tribal Welfare এ কোন টাকাই রাখা হয়নি। কি চমৎকার এই শাসকগোষ্ঠীরা। তারা শুধু ভারত রক্ষা আইন প্রয়োগ করতে পারেন, কিন্তু জল দিতে পারেন না। তারা জেলে আটক রাখতে পারে মানুষকে; কিন্তু তাদেরকে জল দেবেন না তারা। যদি এই ধরনের মনোবৃত্তি তাদের হয়ে থাকে, তবে অবিলম্বে সেটা পরিত্যাগ করা বাঞ্ছনীয়। সুতরাং

বাজেটে আজকে প্রকাশ পাচ্ছে যে জল পর্য্যন্ত Tribal কে দেবে না। এ বৎসরে ত একটু বৃষ্টি হয় নাই। সমস্ত ছড়া, নালা শুকিয়ে গেছে, Tribal দের মধ্যে জলের জন্য হাহাকার রব উঠেছে। কিন্তু তাদের জল দেবার কোন ক্ষমতাই নেই, দেখছি। তাই আমি মন্ত্রিমণ্ডলীকে অনুরোধ করব তাদের চাহিদা অনুযায়ী সেখানে গিয়ে ring well, tube-well বসানো উচিত। কিন্তু মন্ত্রীরা বিভিন্ন কাজে ঘুরেন এবং ফুলেরমালা নিয়ে আসেন। কিন্তু ফুলের মালা পাওয়ার জন্য কাঁটালিয়াতে লোক জমায়েত করতে পারলেন, জলের বেলায় না। ১০।২০ হাজার লোক উপস্থিত হয়ে ফুলের মালা দিল, তাদের মাথা পর্য্যন্ত ডুবে গেল ফুলের মধ্যে, কিন্তু তার পরেও দেখি Tribal দের এ অবস্থা। এই যদি হয় তাহলে গণতন্ত্র কাকে আমরা বলব? আমি একটা list মাননীয় অধ্যক্ষ মারফতে এই হাউসে রাখব যা দেখলে আপনারা বুঝতে পারবেন এলাকার অবস্থাটা, মনুর পুব গালমার এলাকায়—

Mr. Speaker :— If there be any list, the Hon'ble Member may lay on the table. (List of tube-wells are shown in Appendix 'B")

Shri Hlura Aung Mag :— এই list টা আমি এখানে রাখছি। এ সমস্ত জায়গার মধ্যে অবিলম্বে জলের ব্যবস্থা করা প্রয়োজন। এখানে আগরতলার G, B, Hospital এর নিকটে লুঙ্গার মধ্যে একটা tube-well পড়ে রয়েছে ৫।৭ মাস ধরে। শুধু শুধু লোক সেখানে যায় জলের আশায়, কিন্তু তারা সেখান থেকে নিরাশ হয়ে ফিরে, জল নেই। মন্ত্রীদের চোখের সামনে পড়ে আছে, সেখানে জল নেই, ৪.৫ জন মন্ত্রী এখানে প্রায়ই আনাগোনা করছে। কিন্তু G. B. Hospital এর নিকটের tube-well টিও এই অবস্থায় পড়ে আছে। অরণ্যের কথা তো বলে আর উপায় নেই। ৬ মাস বা ১ বৎসরে হয়ত একবার যায়। এখানেই এ অবস্থা, অরণ্যের কথা আর কি বলব। পাহাড়, জঙ্গল টিলায় যেখানে জুমিয়াদের আবাসস্থল, সেখানে আজ ২৮ বৎসরের মধ্যে একটা tube well পর্য্যন্ত তারা পেল না, সেই tube-well তাদের একান্ত প্রয়োজন তার জন্য এখানে তারা provision রাখলেন না। তাই আমি এই দাবীটুকু রাখব যে সারা ত্রিপুরা রাজ্যে Tribal Welfare Scheme এ কোন কোন পাড়াতে কত বাড়ী আছে, সেই সম্পর্কে তদন্ত করে list তৈরী করে, সেই list মাফিক আমাদের টাকার provision রাখা প্রয়োজন এবং priority হিসাবে কোন কোন জায়গায় আগে tube well বা ring well বসানো দরকার, সেটা ও list এর মধ্যে রাখা প্রয়োজন এবং সেই অনুসারে জল দেওয়ার ব্যবস্থা করা উচিত। তাহলে আমাদের জল দেওয়ার programme এ আমরা সুফল পাবো। এই বলেই এই খাতে আরও বেশী অর্থ রাখার জন্য আমি দাবী জানাচ্ছি।

Mr. Speaker :— I would now call on Shri Atiqul Islam. There are 5 cut motions to be discussed. First that the Demand be reduced by Rs. 100/- (1) to discuss on failure to execute Town & Country Planning (2) to discuss on mismanagement in the Directorate cum District Panchayat Office, (3) to discuss on mismanagement in the Agartala Municipality, (4 to discuss on misuse of money in Publicity works and in Press advertisement, (5) to

discuss on absence of provision for grant to distress Goldsmiths and their families.

Shri Atiqul Islam :—Hon'ble Speaker, Sir, আমি আমার সব কয়টি cut motion এই সঙ্গে আলোচনা করব। প্রথমে Municipality নিয়েই আমার বক্তব্যকে শুরু করব। আমরা শহরে থাকি। আগরতলা Municipality এখন আর জনপ্রতিনিধিরা চালায় না। সরকার স্বয়ং সেই Municipalityকে চালান এবং এই Municipalityর যাঁরা কর্তৃপক্ষ তাঁদের সম্পর্কে গত অধিবেশনেও আমি অনেক অভিযোগ উত্থাপন করেছিলাম, সে গুলো কি হয়েছে না হয়েছে সেটা আমি জানতে পারিনি। শুধু এইটুকু আমরা দেখেছি যে ঘটনার খুব বেশী পরিবর্তন হয়নি। যেহেতু সরকার Municipality চালাচ্ছেন, সেহেতু সেটা আমাদের আলোচ্য বিষয়। যদি সরকার না চালাতেন, তাহলে অবশ্য এই বিষয়ে এখানে আলাপ আলোচনা করা আমাদের প্রয়োজন ছিল না। আমরা জানি যে আগরতলা Municipalityকে বিভিন্ন খাতে Govt. অনেক টাকা দিয়ে থাকেন। কাজেই আমরা দেখতে চাইব যে সেই টাকা গুলো তারা যথাযথভাবে খরচ করেন কিনা। যে purposeএ সেই টাকাগুলো দেওয়া হয়, সেই purposeএ তাহা ঠিক ভাবে ব্যয়িত হয় কিনা? আমাদের টাকাগুলো দেওয়ার পর Municipalityতে জমে থাকে, পড়ে থাকে, files জমে থাকে, বহু কাজ গুলো হয়না। আমি item by item যতদূর পারি, এখানে তা দেখাবার চেষ্টা করব। রাস্তা ঘাটের জন্য road-non-planএ Agartala Municipality কে যে আজ পর্যন্ত (upto December, 1965) ৩ লক্ষ ৭০ হাজার টাকা দেওয়া হয়েছে। এই তিন লক্ষ সত্তর হাজার টাকার মধ্যে খুব সম্ভবতঃ দুই লক্ষ টাকা খরচ করতে পেরেছে। বাকী টাকাটা খরচ করতে তারা এখনো পারেননি। অথচ আগরতলা শহরে অনেক রাস্তা ঘাটের যা অবস্থা সেটা বর্ণনীয় নয়, খানিকটা বৃষ্টি হলে পরে আমরা হাঁটতে পারিনা, সমস্ত শহর কাদায় ভরে যায়, আর একদিকে municipalityকে যে Grant আমরা দেই সেই grant এর টাকাটা তারা খরচ করতে পারেননা। টাকা গুলো municipalityতে পড়ে থাকে। এটা হয় কেন? একদিকে রাস্তা হবেনা, রাস্তার জন্য আমরা যন্ত্রনা ভোগ করব, ঘর থেকে বেরোতে পারব না, কাদার জন্য হাঁটতে পারবনা, আর একদিকে municipalityর কাছে গিয়ে টাকা গুলো পড়ে থাকবে, এ রকম দুটি জিনিস এক সঙ্গে চলে কিভাবে? এটা কি municipalityর অপদার্থতা, না Local Self Govt. এর হস্তক্ষেপ? অথবা অন্য কোথায়ও কি কোন ত্রুটি আছে, যার জন্য তারা এগুলো খরচ করতে পারছেননা, It is to be find out যে কেন এগুলো হচ্ছেনা, কেন টাকা দেওয়ার পরেও municipality খরচ করতে পারছেন না। তারপরে অন্য Market Scheme. Market এ Plan Non-plan এ আমরা এখন পর্যন্ত Municipalityকে ৫ লক্ষ টাকা দিয়ে দিয়েছি। ৫ লক্ষ টাকার মধ্যে তারা বড় জোর, সাড়ে তিন লক্ষ টাকা খরচ করতে পেরেছেন, আর বাকীটা খরচ করতে পারেননি। এটা upto December বলছি। By this time amount বাড়তে পারে। বাজার গুলোর

position কি? আমরা যদি মহারাজগঞ্জ বাজারে যাই তা হলে দেখতে পাই যদি কখনো বৃষ্টি হয়, তা হলে বাজারে ঢুকা যায়না, সবটা বাজারে একেবারে কাদাময় হয়ে যায়। আগরতলার মহারাজগঞ্জ বাজার ত্রিপুরার সব চেয়ে একটা ভাল market, সেই market টিতে বর্ষাকালে সামান্য বৃষ্টি হলে ঢুকবার কোনউপায় নেই, এত কাঁদা হয় এই বাজারটিতে। বটতলা বাজারেও ঠিক একই অবস্থা, বৃষ্টি হলে পরে আর সেখানে যাবার কোন উপায় নেই, অথচ Market Development Schemeএ টাকা আছে এবং বহুবিধ Schemeও আছে। মন্ত্রী মহাশয়রা মাঝে মাঝে বিভিন্ন বাজার উদ্বোধনও করেন। উদ্বোধনের পর মালাটা নিয়ে চলে আসেন, কিন্তু বাজারের Developmentটা উদ্বোধনের পর আর কিছু হয়না। আমরা এখনও মহারাজগঞ্জ বাজারে দেখতে পাই, খানিকটা বৃষ্টি হলে সব লোক টিনের একটা shedএ গিয়ে আশ্রয় নেয়, সব লোকের সেখানে জায়গা হয়না, মানুষ যে কোথায় যাবে পথ খুঁজে পায়না। আমরা Sweepers passage এর জন্য Municipality কে upto December 1965, ২ লক্ষ ৩৫ হাজার টাকা দিয়েছি। And out of that amount তারা nearly 50 thousand খরচ করতে পেরেছে। যেখানে ২ লক্ষ ৩৫ হাজার টাকা আমরা দিয়েছি, সেখানে মাত্র তারা ৫০ হাজার টাকা খরচ করতে পেরেছে। এদিকে Sweepers passage এর জন্য আমরা হামেশাই চীৎকার করে থাকি, আমরা হামেশা বলি যে Sweeperরা আসছেনা, তারা রাস্তা ঘাট পাচ্ছেনা, আসতে পারছেনা। সবাই চীৎকার করছে যে Sweepers passage হওয়া দরকার। Still out of 2 Lakhs 35 thousands, মাত্র ৫০ হাজার টাকা তারা খরচ করতে পেরেছেন। Sweeper's passage হচ্ছেনা কেন? যদি কেউ বলে থাকেন যে আমরা জায়গা দেব না, তা হলে তাদের বিরুদ্ধ কি কোন action নিয়েছেন? তাদের নিকট কি কোন notice serve করেছেন? আমাদের Sweepers passage করতে হবে for public interest, কিন্তু আমি দেখিনা আজ পর্যন্ত কেউ আপত্তি করেছেন, এ রকম ঘটনা তো আমরা শুনিনি এবং Municipality কি action নিয়েছেন আমরা জানিনা। Municipality কে যে টাকা দেওয়ার কথা, সেই টাকা আমরা দিয়ে দিয়েছি। আর Municipality তে সেই টাকা দেওয়ার পর সেই টাকা পড়ে আছে, তা খরচ হচ্ছে না, out of 2 lakhs 35 thosandএ মাত্র ৫০ হাজার টাকা খরচ করতে পেরেছেন। আমরা for improvment of Shibnagar Municipality কে 3 lakhs 65 thousand টাকা দিয়েছি upto December, 1965, road আছে, culvert আছে, অনেক কিছু করতে হবে সেখানে। কিন্তু টাকা দেওয়ার পর আজ পর্যন্ত তারা কত খরচ করেছেন? So far my information goes, আজ পর্যন্ত তারা nearly 60 thousands rupees খরচ করেছেন। যদি আমরা এখনও শিবনগরে ঢুকি তাহলে দেখব, সেই রাস্তা দিয়ে হাঁটা চলে না। অনেক খানে রাস্তা এতই সরু যে একটা

সাইকেল নিয়ে পর্য্যন্ত হাঁটা চলে না। অথচ টাকা সেখানে আমরা দিয়ে দিয়েছি। কিন্তু সেই টাকা তারা খরচ করতে পারছেন না। আমি item wise আমরা কি দিয়েছি এবং Municipality কি খরচ করেছে তার একটা চিত্র এখানে দিলাম। আমি এতেই বুঝতে পারি, আর সবগুলো যে Head তার চেহারা কি হবে। কাজেই এখানে আমার জিজ্ঞাসা হচ্ছে এটা, যে Municipality'র এই চেহারা হবে কেন? আমাদের Municipality Govt. নিয়েছেন, কি জন্যে? নিয়েছেন একথা বলে যদি public এর হাতে থাকে তাহলে তারা Municipality চালাতে পারবে না, টাকাগুলো ঠিকমত খরচ হবে না, improvement টা ও ঠিকমত হবে না। তার জন্যই এত সব করা হয়েছে। এইসব কথা বলেই Municipality Govt. নিয়েছেন, নিয়ে সেখানে একজন Administrator বসিয়েছেন। Administrator সেখানে একজন আছেন। থাকার পরও আজকে টাউনের Development কি হয়েছে? আমরা এখানে Bengal Municipality Act. চালু করেছি। আমি শুধু এইটুকু দেখি Bengal Municipality Act চালু করার পর শুধু ট্যাক্স বাড়ান ছাড়া আর কোন ধারাকে তারা follow করেন না। তারা শুধু tax টাকে বাড়িয়ে দিয়েছেন. কিন্তু আমার যে একটা সুখ সাচ্ছন্দ্য পাওয়া কর্ত্তব্য, as an inhabitant of town, আমার যাহা পাওয়া উচিত, আমি তা পাচ্ছি না। Bengal Municipality Act এর বহু ধারা আছে, সেই ধারাগুলো chapter by chapter বলে লাভ নেই। Municipality তে এমন আইন আছে, যে শহরের কোন অঞ্চলে যদি পঁচা জমা হয়ে থাকে, বা থেকে কোন প্রকার দুর্গন্ধ বাহির হয় পঁচা পুকুর ইত্যাদি তাহলে যেমন ভাবে হউক, তাকে আবর্জ্জনা মুক্ত করতে হবে। আমি সারা শহরের কথা নাই বা বললাম, কিন্তু হরিগঙ্গাবসাক রোডের উপর যেখানে খাদি গ্রামোদ্যোগ ভাণ্ডার আছে, সেখানে গিয়ে যদি কেউ দাঁড়ান, তাহলে বুঝতে পারবেন যে সেখানে দুর্গন্ধের জন্য দাঁড়ানো যায় না। পাশেই যে গলিটি আছে, তার থেকে নানাপ্রকার আবর্জ্জনা পঁচে সাংঘাতিক একটা দুর্গন্ধ বের হচ্ছে, যার জন্য সেখানে দাঁড়াবার কোন উপায় নেই—অথচ এই আগরতলা শহরে Municipality আছে, তারা ইচ্ছা করলেই এইসব বন্ধ করতে পারেন, আবর্জ্জনা পরিস্কার করতে পারেন, আইন আছে, কিন্তু ঐদিকে কোন নজরই নেই। গন্ধ ছড়াচ্ছে এই যে দুর্গন্ধি সেইটুকু আর দূর হচ্ছে না। অথচ আগরতলা মিউনিসিপ্যালিটি আছে, আইন আছে, তারা ইচ্ছা করলে তা বন্ধ করতে পারেন। মিউনিসিপ্যালিটির আইনে আছে কোন পঁচা বা ডোবা জায়গা থাকলে, তার মালিককে notice serve করতে, মালিক যদি না করে, তাহলে উকিল নোটিশ দিয়ে করাতে হবে। আর যদি হয়, তাহলে মিউনিসিপ্যালিটী at own cost সেইসব দুর্গন্ধময় জায়গাকে পরিষ্কার করার ব্যবস্থা করবেন। কিন্তু আজ পর্য্যন্ত আমি দেখিনি, মিউনিসিপ্যালিটি কোন জায়গায় এমন কোন step নিয়েছেন। বর্ষা আসছে, রামনগরের বিভিন্ন জায়গায় জল জমে যাচ্ছে। কিছুদিন পর সেখানে দুর্গন্ধ বেড়োবে। শিবনগরেও জল জমে আছে, দুর্গন্ধ বেড়োবে, কিন্তু মিউনিসিপ্যালিটি এই দুর্গন্ধ দূর করার কোন ব্যবস্থা করছেন না। যদি প্রয়োজন হয় তবে ঐসব

ডোবাগুলি ভরাট করতে হবে অথবা অন্য কোন arrangement করতে হবে, যাতে জল জমে না পচঁতে পারে, দুর্গন্ধ না হতে পারে, কোন সংক্রামক রোগ সৃষ্টি না হতে পারে। তার কোন রকম step আজ পর্য্যন্তও তারা নিচ্ছেন না, অথচ একটা মিউনিসিপ্যালিটি সেখানে আছে। তাই বলছিলাম যে মিউনিসিপ্যালিটি আছে, এখানে শুধু ট্যাক্স বাড়াবার জন্য, এবং ইহা ছাড়া আর কোন সুযোগ সুবিধা আমরা সেখান থেকে পাই না। আমি বলেছিলাম সেদিন যে আগরতলা মিউনিসিপ্যালিটি পঞ্জিকা খোলে রাস্তার বাতি জ্বালান ও নিভান। এখন শুক্লপক্ষ, টিউব লাইট জ্বলবে না। আপনারা যদি দেখেন, তাহলে দেখবেন যে এখন street light জ্বলবে না। কারণ শুক্লপক্ষে, যদি আকাশ মেঘাচ্ছন্ন হয়ে যায়, তবুও জ্বলবে না। এ একটা অদ্ভুত ব্যবস্থা। কিন্তু আমি জানতে চাই এই রাস্তার বাতিগুলি না জ্বালাতে মিউনিসিপ্যালিটির আয় কত বাড়ল? এমন কিছু বাড়ল না। এমনও দেখা যায় যে, রাস্তায় একটা light নষ্ট হয়ে গেল, জ্বলছে না, সপ্তাহের পর সপ্তাহ, মাসের পর মাস, তা জ্বলছেই না। সেটাকে repair করার কোন বন্দোবস্ত তারা করছেন না। তাদের কর্ত্তব্য জানানো electricity কে, যে তা ঠিক করে দেওয়া হউক, কিন্তু তা তারা করেন না।

আমি আরো কয়েকটা ঘটনা এখানে বলব—আগরতলা সহরে কোন রাস্তার name plate নাই, কেউ যদি বাহির থেকে এখানে আসে, তাহলে জানতে পারবে না, কোনটা কোন রোড। নেম প্লেট, সে সাইনবোর্ডেই হোক, আর দেওয়ালে লিখাই হউক, কেন যে তা থাকবে না, তার কোন কারণ আমি খুঁজে পাইনা। সর্ব্বত্র এই ব্যবস্থা আছে, কিন্তু এখানে নাই। এ হল একটা দিক, আরেকটা হল, রাস্তার নাম আমরা পালটে দিয়েছি। হরিগঙ্গা বসাক রোড, কিন্তু সঙ্গে সঙ্গে name plate দেওয়া হলনা। Recently Central Road এর নাম পালটিয়ে করা হয়েছে স্বামী বিবেকানন্দ রোড, কিন্তু তা জানে কয়জনে? তার Name plate দেওয়া হয় না কেন? দিলে কি মহাভারত অশুদ্ধ হবে? আরেকটা প্রস্তাব এখানে আমি রাখতে চাই যে কতগুলি রাস্তার নাম পালটানো দরকার। কারণ অখাউড় রোড নাম রাখার আর কোন সার্থকতা নেই—বা মন্ত্রীবাড়ী রোড, থানা রোড এগুলি নাম রাখার আর কোন সার্থকতা নেই। এইসব নামগুলি পালটানো দরকার। কারণ অবস্থা পালটে গেছে, সেই জন্য আগের কতগুলি অদ্ভুত নাম আজকে আমরা বহন করে চলব, সেই মনোভাবটা পরিবর্ত্তন করে আমাদের রাস্তাগুলির নাম বদলানো দরকার (Interruption) মন্ত্রীর নাম হোক তাতে আমার কোন আপত্তি নেই, public যা চায়, তা হবে। কাজেই রাস্তার নামগুলি আমাদের পরিবর্ত্তন করা দরকার। আর একটা কথা আমি বলব, যে মিউনিসিপ্যালিটিকে গভর্ণমেন্ট যে টাকা দিচ্ছে, সে তা খরচ করতে পারুক, আর নাই পারুক, তার interest মিউনিসিপ্যালিটি দিচ্ছে এবং সেটা হচ্ছে compound interest, কাজেই আসলে যা সে loan করছে, সুদ তাকে তার বেশী দিতে হচ্ছে। ফলে Municipality র যে income তা থেকেই সুদ দিতে হচ্ছে। গত বৎসর দিয়েছে 60,000/- এবং এবার তারা দিয়েছে 63,000/- total including principal amount. এই অবস্থা চললে মিউনিসিপ্যালিটি জীবনেও ঋণ মুক্ত হতে পারবে না। কাজেই আমাদের দেখা

উচিৎ যে এই লোনকে grant হিসাবে convert করা যায় কি না। সেইদিকে যদি আমরা চেষ্টা করি তাহলে মিউনিসিপ্যালিটী saved হবে, তা না হলে পরে মিউনিসিপ্যালিটীর জীবনেও সেই ঋণ সুদ করতে পারবে না।

আমি আরেকটা কথা বলছি যে আমাদের মিউনিসিপ্যাল ইলেক্‌সন এখন করে ফেলা উচিৎ, তা যদি আমরা না করি, তাহলে যে গণতন্ত্রের কথা আমরা বলছি তার কোন সার্থকতা থাকেনা। একটা কথা বলা হয় যে মিউনিসিপ্যাটির ত আর্থিক স্বচ্ছলতা নেই, Ecection কি করে করানো যায়? আর্থিক স্বচ্ছলতা ত অনেকেরই নাই। আমরা ভারতের এমন কোন মিউনিসিপ্যালিটি দেখিনা যে তার আয় দিয়েই সে চলে, সে grant নেয়না। সব Municipalityই grant নেয়। কাজেই আমাদের Municipality grant নেবে এটা নূতন কোন ঘটনা নয়। আর grant এর কথা যদি বলি ত হলে বলতে হয় য আমাদের ত্রিপুরা রাজ্যই চলেছে grant এর উপর, Assembly চলছে grant এর উপরে, কাজেই Municipality grant এর উপরে চললে আপত্তির কি আছে? আরেকটা জিনিষ, আমি জানি এখানে মিউনিসিপ্যালিটির চেয়ারম্যানের একটা fund আছে। কোন সাইকেল বা রিক্স হয়ত বিনা লাইসেন্স চলল, তাকে ধরে ৫—৭ টাকা জরিমানা করা হল, এই জরিমানার টাকাই মিউনিসিপ্যালিটির fund এ জমা হয় না জমা হয় চেয়ারম্যানের fund এ, জরিমানার রসিদ ও চেয়ারম্যানের নামে দেওয়া হয়। এই টাকটা দলীয় স্বার্থে ব্যবহার করা হয় এবং চেয়ারম্যানের নামে এই রকম কোন fund থাকার provision কোন আইনে নাই। এই রকম headকে বন্ধ করে দেওয়া আমাদের উচিৎ।

পঞ্চায়েত সম্বন্ধে আমি ২।১টি কথা বলব। নাগরিক পত্রিকায় আমরা দেখেছি যে "আমলাতন্ত্রের নাগপাশে পঞ্চায়েতরাজের নাভিশ্বাস" এই head line দিয়ে 17th october, '65 প্রথম issueতে তারা লিখল এবং এর পরের ২টি issueতেও তারা লিখেছেন। সেখানে লিখেছেন যে পঞ্চায়েৎ অফিসার সরকারী আসবার পত্র বাড়ীতে নিয়ে নিজের ব্যবহারে লাগান, class IV employeo দিয়ে বাড়ীর কাজ করান। বিশেষ কতকগুলি জায়গায় উনি tour করেন এবং কয়েকজন extension officer আছেন তাদের T. A. বাবদ বেশ মোটা টাকা উনি পাশ করেন, এই ধরনের বহু অভিযোগ সেখানে লেখা হয়েছে। Assemblyতে এই সম্পর্কে আমরা প্রশ্নও করেছিলাম। উত্তর দেওয়া হয়েছে যে the matter is being looked into. আমরা এখন জানতে চাই যে, এই ব্যাপারে enquiry করে দেখা হয়েছে কিনা এবং যে সমস্ত অভিযোগ ঐ পত্রিকায় তোলা হয়েছে তা যদি সত্য হয়ে থাকে তাহলে সংশ্লিষ্ট অফিসারের বিরুদ্ধে কোন ব্যবস্থা গ্রহণ করা হয়েছে কিনা, আর যদি ঐ পত্রিকার সংবাদ সব ভুয়া ও মিথ্যা বলে প্রমাণিত হয় তাহলে একজন অফিসারের বিরুদ্ধে ঐ রকম অভিযোগ আনার জন্য পত্রিকার বিরুদ্ধে কোন রকম ব্যবস্থা গ্রহণ করা হয়েছে কিনা? একটি পত্রিকা একজন অফিসারের বিরুদ্ধে এভাবে লিখবে আর সরকার চুপ করে বসে থাকবে তা চলতে পারেনা। হয় পত্রিকার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে না হয় অফিসারের বিরুদ্ধে

শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে। দুজনই যে কসুর খালাস পাবে তা হতে পারে না, কাজেই কে খালাস পেল আর কে শাস্তি পেল তা আমরা আজ জানতে চাই।

পঞ্চায়েতকে ক্ষমতা দেওয়া সম্পর্কে আগে অনেক কথা বলা হয়েছে। আমি শুধু এই টুকু বলতে চাই যে পঞ্চায়েত সেক্রেটারীকে আগে T. A. দেওয়া হত, তা এখন বন্ধ করে দেওয়া হয়েছে এই জানুয়ারী মাস থেকে। অথচ তারা কাজ করছেন না এমন নয়, V. L, Wরা যা করে পঞ্চায়েত সেক্রেটারীরাও সেই কাজ করে বা তাদেরে দিয়ে করানো হয়। অথচ তাদের T. Aটা বন্ধ করে দেওয়া হয়েছে। একই রমক কাজ করে একজন employee T A, পাবেন আর একজন পাবেন না, এরকম একটা Anamoly চলতে দেওয়া ঠিক না। কাজেই V L, W. রা যেমন T. A. পায় তাদেরও সেই রকম T. A. পাওয়া উচিৎ বলে আমি মনে করি।

Town এবং country planning বলে এখানে একটা organisation আছে বলে আমরা জানি। কিন্তু তার যে কি কাজ সে সম্পর্কে আমরা কোন খবর পাই না। গতবারের বাজেটেও প্রায় ৫০ হাজার টাকা তারা খরচ করেছেন, কিন্তু কি কাজ তারা করেছেন, তার খবর আমরা জানিনা। আমরা শুনেছি এই যে town & country planning officer এর সঙ্গে তার উপরস্থ যে officer তার গড়মিল চলছে, ফলে ঐ department এ শুধু মাসিক মাইনে নেওয়া ছাড়া আর কোন কাজকর্ম চলছেনা। ঐ যে officer তাকে কোন financial power দেওয়া হচ্ছে না, ফলে নিজের initiative নিয়ে কোন কাজকর্মই সে করতে পারছে না। আমরা একজন অফিসার রাখলাম, বাজেটে কাজ করার programme ও আছে, কোন power দিলাম না, শুধু বসিয়ে রাখলাম, adequate staff দিলাম না, এই যদি হয় তা হলে ঐ deptt. রাখার সার্থকতা কি? কাজেই financial power তাকে দিয়ে দেওয়া উচিৎ অথবা যেভাবে কাজটা চলতে পারে তার ব্যবস্থা করা উচিৎ।

publicity deptt. সম্বন্ধে আমি বলতে চাই যে বিভিন্ন পত্রিকায় যে বিজ্ঞাপন দেওয়া হয়, সে সমস্ত বিজ্ঞাপন কি রকম type এ ছাপতে হবে, কতটুকু space লাগবে, সে সম্বন্ধে কোন রকম নির্দেশ দেওয়া হয় না। ফলে বিভিন্ন পত্রিকায় বিভিন্ন space এ তা ছাপানো হয় এবং এক এক পত্রিকায় এক এক রকম Bill নিয়ে নেয়। কেন যে এইটা করা হয়—আমরা বার বার এই ব্যাপারে বলা স্বত্ত্বেও তারা কোন রকম correction এ বিষয়ে করছেন না। একটা বিষয়ে আমি দৃষ্টি আকর্ষণ করতে চাই যে এখানকার publicity Deptt. 15 Agust হোক বা 26th January ই হউক, ঐ রকম function এ অনেক film তারা তুলেন। কিন্তু তারপর ঐ গুলি আমরা আর দেখতে পাইনা ঐগুলি কোথায় গিয়ে যে পড়ে তা আমরা জানিনা। কাবুলীওয়ালা, বা টুনী এই রকমের ছবি নানা জায়গায় দেখানো। হয় কিন্তু আমাদের রাজ্যে যে সব ছবি তোলা হয় সেগুলি কোথায় যায়, বহু টাকা খরচ করে এ সব ছবি তোলা হয়, তা যদি জনসাধারণকে না দেখানো হয় তা হলে এই টাকা খরচ করে ঐ ছবি তোলা হয় কেন? টাকাটা কি ভাবে খরচ হয় আমি বলছি। কেউ হয়ত Defence fund এ ৫ টাকা চাঁদা দিল

মুখ্যমন্ত্রীর নিকট, অমনি সঙ্গে সঙ্গে একখানা ফটো তোলা হয়ে গেল অর্থাৎ যত টাকা চাঁদা দিল, ফটো তোলাতে তার চেয়ে বেশী খরচ হয়ে গেল। ৫৲১০৲২৲১৲ টাকা, আট আনা যে যাই দিল, সঙ্গে সঙ্গে ক্লিক করে একখানা ফটো তোলা হয়ে গেল। এই ভাবে ফটো তুলে যে টাকাটা খরচ করা হচ্ছে, তার সার্থকতা কোথায়? সেটা শুধু অপচয়। এই ভাবে টাকাটা খরচ করা হচ্ছে। যখনই যে টাকা দেবে, তার ফটো তুলতে হবে, এইটা কি essential! এইটা কি Defence এর কোন কাজে লাগে? এইগুলি কি পত্রিকায় তোলা হয়েছে? না, শুধু বাক্স বন্দি করে রাখার জন্য। এমনত নয়, যে ফটো গুলি তোলা হয়েছে তা মিল করে সাজিয়ে দেখানো হচ্ছে, তা হলে এগুলি তোলার purpose টা কি? camera এনে ফটো তোলা হয়েছে, তারপর সেই ফটো বাক্স বন্ধ করে ফেলে রাখা হয়েছে। কাজেই এই ফটো তোলার কোন সার্থকতা আমি দেখিনা।

Goldsmith সম্পর্কে আমি বলব যে এই ত্রিপুরা রাজ্যে ৯৬০ জন স্বর্ণশিল্পী আছে, আজ পর্য্যন্ত একজন স্বর্ণশিল্পীও সাহায্য পায়নি। অনেক স্বর্ণশিল্পী না খেয়ে মরেছে, অনেক স্বর্ণশিল্পী চাকরের কাজ করছে, অনেকে আবার মন্ত্রীর বাড়ীতেও কাজ করছে। অনেক scheme Government এর আছে কিন্তু একটি পয়সাও কাউকে loan বা grant দেওয়া হয়নি, বরং যারা goldsmith নন এমন লোককে loan দেওয়া হয়েছে। বিভিন্ন রাজ্যে আমরা দেখেছি goldsmith দের সাহায্য করার জন্য নানা রকম কমিটি করা হয়েছে, কিন্তু ত্রিপুরা রাজ্যে কোন রকম কমিটি করা হয় নাই। goldsmith দের সাহায্য দেবার জন্য এই বাজেটে কোন টাকাই রাখা হয় নাই তাহলে তাদের অবস্থা কি হবে। আমাদের Deputy Minister এখানে আছেন। তিনি এক সময় কৈলাসহর goldsmith কমিটির President ছিলেন। তিনি জানেন আজকের দিনে যাদের জীবিকা নির্ব্বাহের ব্যবস্থা বন্ধ তাদের কি অবস্থায় চলতে হচ্ছে। কাজেই legally যারা grant বা সাহায্য পেতে পারে তাদের তা দেওয়া উচিৎ। আমার বক্তব্য এখানেই শেষ করছি।

Mr. Speaker :— I would call on Shri B. Das.

Shri B. Das, (Deputy Minister) :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, হাউসের সামনে Demand No. 34 ও Demand No, 35 এর সমর্থনে এবং বিরোধীপক্ষ যে ছাটাই প্রস্তাব উত্থাপন করেছেন তার বিরোধীতা করে আমার বক্তব্য রাখছি। একটা cut motion রাখা হয়েছে Discrimination between Jumia tribals & Landless tribals. বলা হয়েছে যে উপজাতিকে জুমিয়া হিসাবে গণ্য করা হয়। মাননীয় অধ্যক্ষ মহোদয়, একথাটা ঠিক যারা জুমিয়া তাদেরই জুমিয়া হিসাবে গণ্য করা হয়। অন্যদের তা করা হয় না। যারা জুমিয়া তাদের ৫০০ টাকা করে দেওয়া হয়, আর যারা landless agriculturist তাদের দেওয়া হয় ৩০০ টাকা এবং জমি দেওয়া হয়। কাজেই এই তথ্যটা উনি কোথা থেকে পেয়েছেন জানি না। তবে landless agriculturist যাদের আমরা সাহায্য করেছি তার মধ্যে scheduled caste &

scheduled tribe, first plan এ Scheduled caste—nil, 2nd plan এ 39, 3rd planএ 748, grant total 787 ; আর Jumia সেইখানে first plan এ ২৩৪২. 2nd planএ ১০,৮৮৭ 3rd planএ ৪৯৮৭, Grand total ১৮,২১৬, তাদের আমরা rehabilitate করেছি, এখনও প্রায় ৯০০০ জুমিয়া পরিবার বাকী আছে, তাদেরও যাতে rehabilitate করতে পারি সে পরিকল্পনা আছে, কাজেই যে cut motion টি এসেছে সেখানে discriminate করছি, কিন্তু discriminate করছি আমরা এই কারণে যে Landless দের একটি Scheme এবং Jumia দের জন্য আরেকটি আলাদা Scheme.

Mr. Speaker :— The cut motion asked the reason why this has been done, why or who has or have not been treated as on equal distribution.

Shri B. Das :— (Dy. Minister) — মাননীয় অধ্যক্ষ মহোদয় আমাদের schemeটিই আলাদা। Jumia দের জন্য আমরা সে টাকা ঋণ দিচ্ছি, কারণ Jumia রা shifting cultivation এ অভ্যস্ত ছিলেন, plain land এ cultivation এ তারা কোন দিন অভ্যস্থ ছিলেন না। এবং ঐটা তাদের habit, এইটা যাদের custom তাদের সেখানে বসাবার জন্য এবং যেহেতু plain land এ cultivation করতে গেলে সময়টা বেশী নেবে এবং পরিশ্রম বেশী লাগবে কিংবা যে ধরণের ফল পাওয়া উচিত হয়তো সেটা পাবেন না, সেইজন্য তাদের কিছু বেশী টাকার sanction দেই। আর Landless Agriculturist যারা, তারা তো সব বিষয়েই experienced। কাজেই তাদের জন্য, reclaim করার জন্য এবং bullock কিংবা অন্যান্য জিনিষ কেনার জন্য আমরা তাদের এই টাকাটা দিই। এছাড়াও অন্যান্য scheme থেকেও Jumia দের এবং landless দের সাহায্য করা হয়। মাননীয় অধ্যক্ষ মহোদয়, তারপর হল inadequacy of provision for expenditure on new migrants relief and rehabilitation. এই কথা বলতে গিয়ে বলা হয়েছিল যে ত্রিপুরা কৃষি প্রধান দেশ, মাননীয় সদস্য সেটা স্বীকার করেছেন। new migrants যারা এসেছেন তাদের বেশীর ভাগই যে কৃষক সেটাও আমরা জানি। তাদেরকে যদি একটা loan বা relief দিতে হয় তবে সেখানে কতকগুলি terms and conditions আছে এবং সে অনুযায়ী তাদের জমি বন্ধক দিতে হয়। এমন অনেকে এসেছেন যারা সেখানে deed of exchange করে এসেছেন এবং সেটা registered document নয়। কাজেই loan দিতে হলে এখানে তাদের এমন কোন কিছু asset নেই বা এমন কোন কিছু security উনারা রাখতে পারছেন না যার উপর basis করে একটা loan দেওয়া যেতে পারে। তবু সেখানে আমরা অন্যভাবে তাদের সাহায্য করছি। কৃষি ঋণ হিসাবে একটা loan তাদের আমরা দিচ্ছি এবং সেটা ও দেওয়া হচ্ছে ঐ deed of exchange যারা register অন্ততঃ করেছেন কিংবা একটা কিছু security তারা অন্ততঃ রাখতে পারছেন অর্থাৎ terms & conditions যেগুলি আমাদের আছে সেগুলি যারা দিতে পারছেন তাদের আমরা সাহায্য করছি bullock

and other agricultural equipments কিনবার জন্য। এইভাবে deed of exchange যারা করে এসছেন বা একটা কিছু security যারা দিতে পারছেন তাদের আমরা সাহায্য করছি।

আর যারা new migrants এখানে এসেছেন আমরা তাদের দণ্ডকারণ্যে পাঠাবার ব্যবস্থা করেছিলাম এবং যারা সেখানে যেতে চেয়েছেন তারা গিয়েছেন ও এবং যারা যেতে চান নাই তারা camp এ আছেন। এবং তাদের জন্য আমাদের যে পরিকল্পনা আছে সে অনুযায়ী আমরা এগোচ্ছি এবং টাকাও রাখা হয়েছে।

Scheduled Caste and Scheduled Tribes সর্ব্বজন স্বীকৃত যে তারা পশ্চাৎপদ। সে জন্য রক্ষা কবজের ব্যবস্থা আছে। এই ত্রিপুরা রাজ্যে চাকুরীর ব্যাপারে বিশেষ করে Scheduled Tribes এর জন্য ছিল 30% reserved quota আর $7\frac{1}{2}\%$ হচ্ছে Scheduled Caste এর জন্য reserved quota. কিছুদিন আগেও সেই quota টা filled up হয়নি। এখন যেটা আছে Scheduled Cast এর বেলায় 5 67 percent, কিন্তু সেটাকে যাতে $7\frac{1}{2}\%$ করা যায় তার জন্য কর্তৃপক্ষও চেষ্টা করছেন। এখন কতকগুলি অসুবিধা সেখানে আছে, অনুন্নত ও পশ্চাৎপদ বলে technically qualified candidate তাদের মধ্যে আমরা সাধারণতঃ পাচ্ছি না এবং একটা post এর জন্য particular যতটুকু qualification থাকা দরকার সে ধরণেরও আমরা পাচ্ছি না। এইজন্য হচ্ছে অসুবিধা। কিন্তু সেজন্য পরিকল্পনা অনুযায়ী এগোনো হচ্ছে, কাজ হচ্ছে এবং সেদিকে চেষ্টাও চলছে।

Tribal মেয়েদের জন্য কোন Boarding নেই এ কথা বলা হয়েছে। Tribal মেয়েদের জন্য মহারাণী তুলসীবতী স্কুলের সাথে একটি Boarding আছে। Government এর policy হচ্ছে শুধু Tribal মেয়েদের জন্য আলাদাভাবে না করে Tribal, Scheduled Cast and others কে নিয়ে যদি একটা Boarding করা যায় তা হলে সবারই উন্নতি হবে। এই বিশ্বাস নিয়ে বর্ত্তমানে মহারাণী তুলসীবতী স্কুলে যে attached Boarding আছে তাতে ৩০টি seat এর ব্যবস্থা আছে, তার মধ্যে ২৫টি reserved for the Scheduled Tribe. এ ছাড়াও ৬০টি seat এর একটি Tribal Boarding করার জন্য পরিকল্পনা হচ্ছে এবং শীঘ্রই তার কাজ আরম্ভ হবে। এ ছাড়াও Palace compound এর ভিতর ২০টি seat এর আর একটী মেয়েদের Boarding করার জন্য পরিকল্পনাও আমাদের আছে। খোয়াইয়ে ২৫টী seat এর একটী Boarding আমাদের আছে। কৈলাসহর, বিলোনীয়া এবং রামঠাকুর পাঠশালায় মেয়েদের জন্য Scheduled Cast Boarding আছে। এবং কিছু কিছু মেয়ে সেখানে এসেছে, সবাই সেখানে আসেনি।

মাননীয় অধ্যক্ষ মহোদয়, এখানে আর একটি cut motion রাখা হয়েছে inadequacy of provision for settlement of landless agricultural labourers. এ কথাটা বলতে গিয়ে মাননীয় সদস্য উক্তি করেছেন এবং উনার বক্তব্য রেখেছেন যে, তাদের টাকা দিয়ে তাড়াতাড়ি বসিয়ে দেওয়া হউক এবং আজকে আমাদের ত্রিপুরা রাজ্যে খাদ্যের যে ঘাটতি চলছে

তা রাতারাতি চলে যাবে। তাহলে প্রচুর পরিমাণে টাকা দেওয়া হউক এবং যে ভাবে জমি দেওয়ার কথা হচ্ছে সমস্ত দিয়ে দেওয়া হউক এবং দিয়ে দেওয়ার সাথে সাথে সেই ঘাটতি নাকি একদম আর থাকবে না। এই হচ্ছে বক্তব্য। পরিকল্পনা বাজেটেই আছে এবং পরিকল্পনা অনুযায়ী আমরা এগোচ্ছি। সেই অনুসারে landless agriculturist যারা তাদেরকে ২॥ একর মানে ১৫ কাণি জমি দেওয়া হবে এবং ১৯১০ টাকা করে দেওয়া হবে। এই যে পরিকল্পনা তার জন্য ৫০ হাজার টাকা রাখা হয়েছে। আজকেই তাদের জমি দিয়ে দিলাম, টাকা দিয়ে দিলাম এবং আজকেই কি করে ঘাটতি পূরণ হতে পারবে? তা ত হতে পারে না। তবে ঘাটতি পূরণের জন্য যে আমাদের লক্ষ্য আছে সেটুকুই আমি হাউসের সামনে তুলে ধরতে চাই। এবং আর একটি কথা বলা হয়েছে যে, তাদেরে বেশী করে টাকা দেওয়া হউক। কিন্তু পরিকল্পনার বাইরে আমরা কি করে টাকা দেব, জমি দেব এবং জমি আমাদের খোঁজে বের করতে হবে এবং জমি আমাদের থাকতে হবে। যতটুকু জমি আমরা পাব সে টুকুইত দিব। আরো বলছেন যে টাকা বাজেটে রাখা হয়েছে সেটা নাকি খুবই নগণ্য। টাকাটা নগণ্য সে প্রশ্ন তুলতে আমি চাইছি না তবে আমাদের পরিকল্পনার ভিতর দিয়ে আমরা এগোচ্ছি। এবং ঘাটতি পূরণের দিকেও যে আমাদের লক্ষ্য আছে সেটুকুই আমি তুলে ধরছি।

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি ত অনেক কিছুই বলতে চেয়েছিলাম তাই আমাকে একটু বেশী সময় দিতে হবে। মাননীয় অধ্যক্ষ মহোদয়, এখানে প্রশ্ন করতে গিয়ে আগরতলা মিউনিসিপ্যালটির কতকগুলি কথা এখানে বিশেষ করে তুলে ধরা হয়েছে এবং বলা হয়েছে যে টাকা Government দেন। টাকাত Govt. দিচ্ছেন সেখানে loan ও grant হিসাবে। দুইতেই দিচ্ছেন। কিন্তু এখানে শুধু loan এর কথাটাই তুলে ধরা হয়েছে। এখন road plan এর জন্য যে টাকাটা দেওয়া হয়েছিল সেটা সম্পূর্ণ খরচা হয়নি। কেন খরচা হয়নি সেটাও আমাদের খোঁজে দেখতে হবে। জমিটা আমাদের aquisition করে নিতে হবে। কাজেই তার একটা প্রস্তাব দিতে হবে সেখানে খানিকটা সময় নিবে। সেখানে যদি আমরা পুরোপুরি খরচা না করতে পারি তার কারণগুলি ত আমাদের দেখা উচিত। কিছু দিন আগে মাত্র আমাদের সেখানে ইঞ্জিনিয়ার এসেছে সেটাও তার আর একটা কারণ। এর আগে ইঞ্জিনিয়ার ছিল না। সে জন্যই আমরা সম্যক টাকা খরচা করতে পারিনি (Interruption) কেন ছিল না সেটা পরে আসবে। বাজার উন্নয়ন কল্পে যে টাকাটা রাখা হয়েছিল তার সমস্তটা খরচা হয়নি। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি হাউসের সামনে তুলে ধরছি—বিশেষ করে লেক্ মার্কেটটির জায়গা আমরা এখনো দিতে পারি নাই। কাজেই সে টাকাটা সেখানে রয়ে গেছে। সে জন্যই আমাদের সমস্ত টাকাটা খরচা হয়নি। বাজারের উন্নতি কল্পে সে কথাটা বলতে গিয়ে বলা হল যে মন্ত্রীরা বাজার উদ্বোধন করেন। সেখানে মালা নেন, হৈ হৈ করে চলে আসেন, তারপর সেখানে ত আমরা যেতে পারি না। মহারাজগঞ্জ বাজারের কথাই বলছি, সেখানে কিছুদিন আগে তরকারীর বাজারটি কি ছিল আর আজকে কি হয়েছে সে সম্বন্ধে মাননীয় সদস্য খুব ভাল রকমই জানেন এবং আমরা সবাই সেখানে যাই এবং জানিও। কাজেই সে দিকে আমাদের লক্ষ্য আছে এবং রাস্তাতে যাতে

কাদা না জমতে পারে সে জন্য রাস্তাটা পাকা করে দেওয়ার জন্য আমরা চিন্তা করছি এবং পরিকল্পনাও আছে সেভাবে। এ ছাড়া এখনও গেলে দেখতে পারেন সেখানে মাটি ফেলা হচ্ছে বাজারের উন্নতিকল্পেই। তরকারীর বাজারটি পাকা হয়ে গেছে, যেহেতু সেখানে কাঁদা হ'ত, সে জন্য পাকা ভিটি হয়েছে এবং তার উপর Shedও আছে। মাছ বাজারেরও Shed আছে। কাজেই সেখানে কাদা হয়না, তবে রাস্তায় আমাদের ত্রিপুরা রাজ্যের বিশেষ করে আগরতলা সহরটির অনেক জায়গাতেই মাটি damp ছিল এবং এখনো অনেক জায়গায়ই কাদা হয়। বিশেষ করে কতগুলি বাড়ীতে—এমনিতে খুব শুকনো জায়গা কিন্তু একটু বৃষ্টি হওয়ার সাথে সাথে সেখানে কাদা জমে যায় সেটা আমরা অনেকেই জানি। এই সব নানা রকম কারণ আছে। সে দিকে যে পরিকল্পনা নেই বা কিছুই যে হচ্ছেনা তা নয়।

Sweepers passage এর জন্য যে টাকাটা রাখা হয়ে ছিল সে টাকাটা সবটা খরচা হয়নি। এবং এটাও ঐ জায়গারই ব্যাপার। জায়গা acquisition করতে হয় এবং তার জন্য settlement Deptt. এ যেতে হয়। সেখানেও কতকগুলি process আছে যার জন্য দেরী হয়। কাজেই এই দেরী টুকু আমাদের সহ্য করতে হবে। শিবনগর area র জন্য যে বিরাট একটা টাকা রাখা হয়েছে স্বর্গ বানিয়ে দিয়ে দেওয়া হবে ইত্যাদি, ইত্যাদি, স্বর্গ বানানোর কথা নয়। যাতে লোকজনের সেখানে সুবিধা হয়, শিবনগরের যাতে উন্নতি হয় তথা সারা আগরতলা শহরের, ত্রিপুরা রাজ্যের তথা সারা ভারতবর্ষের সেই দিক দিয়েই আমাদের পরিকল্পনা। এবং যে টাকাটা রাখা হয়ে ছিল এবং যে অল্প টাকাটা খরচা হয়েছে সেটা শুধু জমি acquisition এর জন্য। এখন যদি মাননীয় সদস্য সেখানে যান বা আমরা যদি যাই তা হলে দেখতে পাব মাটি ফেলানো হচ্ছে এবং সে কাজ এগোচ্ছে। Bengal Municipality Act এখানে চালু হওয়ার পর tax বাড়ানো ছাড়া আর কিছুই করেন নি এ কথাই মাননীয় অধ্যক্ষ, মহাশয়, আমরা হাউসে শুনেছি। কথাটি বলতে গিয়ে কি এতটুকুও লক্ষ্য রাখা হয়নি যে তাদের বাড়ীঘর যেটা নাকি তৈরী করবেন সেটা plan অনুযায়ী যদি তৈরী করা হয় তাহলে রাস্তা ঘাটের যেমন সুবিধা হয় শহরটি দেখতেও সুন্দর হয় এবং স্বাস্থ্যের দিকেও সেটা ভাল। কাজেই সেই দিকে লক্ষ্য রেখে plan wise, plan করে প্রত্যেকটি বাড়ী তৈরী করতে হয়। আজকে আগরতলা মিউনিসিপ্যালটির ভিতর যদি কারো বাড়ী তৈরী করতে হয় তাকে প্রথমত মিউনিসিপ্যালিটির নিকট হতে permission নিতে হয় সে Construction এর জন্যও তাকে permission নিতে হয়। সেই দিকেও আমরা এগোচ্ছি। অন্যান্য আরো কতকগুলি plan নিয়ে আমরা এগোচ্ছি। যেমন এখন আমরা আগরতলা Municipalityর ভিতর কাঁচা পায়খানা রাখতে দিচ্ছি না। Senitary latrine ছাড়া অন্য কোন latrine তারা করতে পারবে না। ঠিক এই ধরনের উন্নতির দিকে লক্ষ্য রেখে ঐ Bengal Municipalityর যে ধারা গুলি আছে সেগুলি এখানে প্রযোজ্য হচ্ছে। এইটুকুই আমি হাউসের সামনে তুলে ধরতে চাই।

খাদি গ্রামোদ্যোগ ভাণ্ডারের সামনে রাস্তায় নাকি দাঁড়ানো যায় না দুর্গন্ধে। সেটা আমরা লক্ষ্য করেছি এবং তার জন্যই সেখানে কিছু দিনের মধ্যেই আমরা দেখতে পাব পাকা ড্রেইন হচ্ছে

এবং দুর্গন্ধ আর হবে না। Tenderও already call হয়ে গেছে এবং শিগ্‌গিরই তা হয়ে যাবে। সে দিকে লক্ষ্য আছে বলেই পরিকল্পনা অনুযায়ী আমরা এগোচ্ছি। রাতারাতি আমরা কিছু করতে পারব না এ কথা আমরা স্বীকার করছি। তবে আস্তে আস্তে আমরা এগোচ্ছি।

লাইট জ্বালানো হয় পঞ্জিকা দেখে, সেটা পঞ্জিকা দেখে নয়। যখন নাকি আকাশে চাঁদ থাকে এবং রাস্তা যখন পরিষ্কার দেখা যায় তখন সেখানে লাইট জ্বালানো হয় না। এটা অনেকদিন যাবতই চলে আসছে এবং সেদিকে সরকারেরও নজর আছে এবং চিন্তাও করছেন।

মাননীয় অধ্যক্ষ মহোদয়, অনেকগুলো রাস্তায় name plate নেই সেটা আমরা জানি। সেগুলির পরিকল্পনা এখনো হয়নি তবে কিছু কিছু এখনো আছে। তবে name plate গুলি কেন নেই সেটা এখানে তুলে ধরতে হয়। Name plate গুলা কেন থাকে না, আমি একটা name plate লাগিয়ে এলাম তারপর সেটা কি হয়ে গেল এবং মাননীয় সদস্য যে ইঙ্গিত দিয়েছেন সে ইঙ্গিতটি যদি তিনি ভালভাবে পরিষ্কার করে তুলে ধরতে পারতেন তা হলে আমরা খুশীই হতাম। কেন থাকে না সেটা মাননীয় সদস্যেরও জানা আছে এবং সেগুলি যাতে থাকে সে দিকে লক্ষ্য আমরা করছি। Compound interestএ Government এর কাছ থেকে টাকা নেওয়া হয়। সেটা loan নেওয়া হয় তার interest দেওয়া হবে কিন্তু সাথে সাথে Grant ও যাচ্ছে। এখন improvement এর জন্য, Development এর জন্য যদি টাকা নিতে হয় তবে সেটার জন্য interest দিতে হয়। তাতে এমন কোন বাধা যে থাকতে পারে সেটা আমি বুঝে উঠতে পারছি না। আর Municipalityর election হওয়া উচিত। তবে Municipalityর কি অবস্থা সে বিষয়ে মাননীয় সদস্যেরও জানা আছে। আমরা জানি সময় যখন আসবে election সেখানে হবে।

সেখানে এখন Chairman's fund আছে। রিক্সা কিংবা সাইকেলের fine বাবতে যেটা দিতে হয় সেটা Chairman's fundএ জমা হয়। সেটা কি বাবতে খরচা হয়, কেনই বা আছে, সেটা বহুদিন আগেকার, এই একটা fund আছে। এই টাকাটা সেখানে জমা হয় এবং তা কি করে খরচা হয় মাননীয় সদস্য যদি সে দিকে একটু আলোকপাত করতেন তা হলে আমরা খুশী হতাম কিন্তু সেটুকুন উনি তুলে ধরলেন না। উনি কেবল ঐ দিকটাই দেখালেন যে Chairman's fundটা কেন রইল। আবার এদিকে বলছেন যে Municipalityর election হওয়া উচিত। সেখানে কি Chairman আসবেন না, election হলে পরে? Chairman fund যদি এখন থেকে থাকে তবে এমন কি একটা সাংঘাতিক কিছু হয়ে গেল? কাজেই Fund এর টাকাটা কি ভাবে খরচা হয় সেটুকুন অন্তত আমি House এর সামনে তুলে ধরছি। বিশেষ করে হরিজন কিংবা other employees যারা আছেন তাদের Medical aid, তাদের কেউ মারা গেলে সৎকার ইত্যাদি নানা কাজে সেটা ব্যয়িত হয়। এটা Municipalityর ভিতর যে সমস্ত employees আছেন তাদের জন্যই। কাজেই মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি অনেকক্ষণ সময় নিয়েছি এবং আমি ছাঁটাই প্রস্তাবের বিরোধীতা করে আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker :— I would call on Shri Promode Ranjan Das Gupta.

Shri Promode Ranjan Das Gupta :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি demand No. 34এর সমর্থন করছি এবং সেই demandএর উপর cut motionগুলির সমর্থন দিতে পারছিনা। সেই বিষয়ে আমি দু'চারটি কথা বলছি। মাননীয় সদস্য বুলুকুকি যে cut motion এনেছেন on Discrimination between Jumia Tribals and landless Tribals সেই সম্পর্কে তিনি কেবল টাকার অংক দেখিয়ে গেছেন। Jumia Tribals and Landless Tribals এর যে পার্থক্য আছে সেদিকে তিনি যাননি। Landless tribals যারা তারা কোন এলাকার স্থায়ী বাসিন্দা। কিন্তু জুমিয়া যারা তারা nomadic কোন জায়গায়ই তারা স্থায়ীভাবে বসবাস করে না। Jumia tribals যারা, to settle them on land হচ্ছে Govt. policy এবং সেই উদ্দেশ্যেই তাদের মতের পরিবর্তন এবং সাথে সাথে চিরাচরিত জীবন যাত্রার পদ্ধতির পরিবর্তন কি ভাবে করা যায় সেটাই হচ্ছে সরকারের সমস্যা, তাই সেই ক্ষেত্রে অর্থের যে পরিমাণ তা কিছু বেশী লাগাবেই। কিন্তু এই ক্ষেত্রে আমি মাননীয় মন্ত্রী মহোদয়ের নিকট অনুরোধ রাখব যে landless tribals & Jumia tribals উভয় ক্ষেত্রেই যেন grant এর পরিমাণ কিছু বাড়ানো হয়। বর্ত্তমান দুর্ম্মূল্যের বাজারে তাদের সুষ্ঠ পুনর্ব্বাসনের জন্যই grant বাড়ানোর প্রয়োজনবোধ আমি মনে করি।

দ্বিতীয়তঃ হচ্ছে, মাননীয় সদস্য শ্রীঅঘোর বাবু যে cut motion রেখেছেন Relief and Rehabilitation for new migrants সেই সম্পর্কে আমি বলব যে ভারত সরকারের কাছ থেকে যতদিন পর্য্যন্ত না আমরা sanction পাচ্ছি ততদিন পর্যন্ত এই head এ Budget provision রাখলেই খরচ করা যাবে না। সুতরাং ভারত সরকারের অনুমোদন পাওয়ার পরে পরিমিত অর্থ বরাদ্দ আমরা Supplementary Badget এর মারফত নিতে পারবো।

Absence of provision for grants to District Soldiers Board এই সম্পর্কে যে cut motion এসেছে তার উত্তরে আমি বলব যে এই ব্যাপারে একটি permanent Board গঠন করা হয়েছে এবং অন্য একটি demand এ তাদের loan এর বাবৎ ১০,৩০০ টাকা provision করা হয়েছে।

শ্রীলুরা আং মগ যে cut motion on inadequacy of provision for settlement of landless agricultural labourers, সেই সম্পর্কে আমি বলব যে landless Agricultural labourers দের পুনর্ব্বাসন প্রয়োজন এবং এই প্রয়োজন co-operative basis এ হওয়া বাঞ্ছনীয়। সরকার এ বিষয়ে সচেতন এবং এই কারণেই Co-operative Depptt. খাতে provision রাখা হয়েছে। এই সম্পর্কে বলতে যেয়ে Co-operative সম্পর্কে যে অভিযোগ করা হয়েছে আমি তা মানতে রাজী নই। Co-operative সমাজতন্ত্রের গোড়ার কথা। সমাজতন্ত্রকে যদি স্বার্থকভাবে রূপায়িত করতে হয় তাহলে Co-operation কে আনতেই হবে, একে নস্যাৎ করলে চলবে না। গ্রাম পঞ্চায়েতকে ক্ষমতা দানের সম্পর্কে যা বলা হয়েছে তার উত্তরে আমি এইটুকুই বলব যে সরকার সে বিষয়ে সচেতন। আমি মাননীয় মন্ত্রীমহোদয়কে

অনুরোধ করবো যাতে এই কাজটি তারা ত্বরান্বিত করেন। Tribal Welfare Schemeএ inadequacy for drinking water facilities সম্পর্কে যে cut motion এসেছে তার উত্তরে আমি শুধু এইটুকুই বলব, Medical Public Health and Tribal Welfare খাতে ৩০ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে। সুতরাং কোন কিছু হচ্ছে না একথাটা ঠিক নয়। তাদের জন্য কাজ করা হচ্ছে, হয়ত কোন কোন জায়গায় কাজের মধ্যে দোষ ত্রুটি থাকতে পারে। সেই দোষত্রুটি যাতে দূর করা যায় সেইদিকে সরকার সচেষ্ট।

মাননীয় আতিকুল ইসলাম সাহেব অভিযোগ করেছেন যে মাননীয় মুখ্যমন্ত্রী সাহেব যখনই প্রতিরক্ষার জন্য টাকা গ্রহণ করেন, একটাকা আর দু'টাকা যাই হউক না কেন তখনই ফটো উঠে যায়। তিনি মনে করেন যে ফটো তোলাটাই মুখ্য বস্তু কিন্তু আমার বক্তব্য হচ্ছে যারা একটাকা বা দু'টাকা প্রতিরক্ষায় দেয় তাদের দানও আমাদের গ্রহণ করতে হবে। এবজন তার সারাদিনের রোজগার একটাকা বা দু'টাকা যদি প্রতিরক্ষা ভাণ্ডারে দান করে তখনই বুঝতে হবে তার এই দান করার পেছনেই আন্তরিকতা আছে। তাহলে কি ফটো তার উঠবে না? Country planning সম্পর্কে তার বক্তব্যের উত্তরে আমি বলবো এটা কর্তৃপক্ষের বিবেচনাধীনে আছে এবং যথাসময় একে রূপায়িত করার চেষ্টা করা হবে। এই বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker :— I would call on Hon'ble Dy. Minister M. L Bhowmik.

Shri M. L. Bhowmik (Dy Minister) :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, Demand No. 34 এবং 35 এ অনেকগুলি cut motion আছে এবং তাদের সবগুলারই উত্তর মাননীয় সদস্যরা আমাদের শাসক বৃন্দের পক্ষে দিয়েছেন। কাজেই আমি শুধু বাকীগুলির উত্তর দিতে চেষ্টা করব।

Mr. Speaker :— Hon'ble Dy. Minister, Dr. B. Das has left very little.

Shri M. L, Bhowmik :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্য শ্রীঅঘোর দেববর্ম্মা মহাশয় তাঁর cut motion এ বলেছেন যে absence of provision for grant to District Soldiers Board। আমি বলব যে তিনি যদি budget বইয়ের পৃষ্ঠায় দৃষ্টি দিতেন তাহলে দেখতেন যে সেখানে provision রাখা হয়েছে। তাছাড়া মাননীয় সদস্যের জানা আছে যে District Soldiers Board টা এখন আর private body নয়, এটাকে Govt. Dept হিসাবে declare করেছে in May, 1963 তাই সরকারী দপ্তর হিসাবে গণ্য করে এটার maintenance ও staff allowances ইত্যাদির জন্য আমাদের যে প্রয়োজন সেই অনুসারে বাজেটে অর্থ বরাদ্দ রাখা হয়েছে। আমার মনে হয় মাননীয় সদস্যের এইসব ব্যাপারে জানা ছিল না। কাজেই এইজন্য grant in aid এর কোন প্রশ্ন আসে না।

Mr, Speaker :— The house stands adjourned till 2 P. M.

Mr. Speaker :— The discussion is to continue. I would call on Hon'ble Deputy Minister M. L. Bhowmik.

Shri M. L. Bhowmik (Deputy Minister) :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, Demand No. 34 এর উপর মাননীয় সদস্য শ্রীলুরা আং মগ মহাশয় যে cut motion এনেছেন আমার মনে হয় তা আনতে গিয়ে বিস্‌মিল্লাতেই তিনি গলদ করেছেন। Demand No. 34 Head of Account 71 (Page 364) as quoted in the notice relates to the Provision for grant in aid & not to the Provision on loan. The Business for loan has been made under Demand No. 45. against Q-Loan & Advances vide No. 403, কাজেই আমি বলেছিলাম যে তাঁর এই cut motion বিসমিল্লাতেই গলদ করেছেন। যাহোক তিনি বলেছেন যে আমরা ২০ হাজার টাকার loan এর provision করেছি, কিন্তু তা ঠিক নয়। আমরা বাজেটে ১ লক্ষ ৫৫ হাজার টাকা Provision করেছি। কোথায় যে তিনি ঐ টাকার অঙ্ক দেখেছিলেন আমি জানিনা, তবে আমার মনে হয় তার দৃষ্টিবিভ্রম ঘটেছিল। আমরা গ্রাম পঞ্চায়েত ত্রিপুরার অনেক জায়গায় প্রতিষ্ঠা করেছি এবং তাদের আমরা ক্ষমতা দেব। এটা জানা কথা যে ক্ষমতার বিকেন্দ্রীয় করা হবে এবং আইনেই তার ব্যবস্থা হচ্ছে। আশা করি statutory যে সমস্ত ক্ষমতা আছে সেগুলি আমাদের সরকার তাদের কাছে হস্তান্তরিত করবেন। কাজেই ত্রিপুরায় পঞ্চায়েত রাজ প্রতিষ্ঠা হবে এবং ক্ষমতা তারা পরিচালনা করবেন তাতে কোন সন্দেহ নাই। তবে পঞ্চায়েত প্রসঙ্গে মাননীয় সদস্যরা বলছেন যে Panchayet officer এবং Extension officer রা T. A. বাবদ অনেক টাকা খরচ করছেন। পঞ্চায়েত আইন অনুসারে এখানে কাজ চলছে তার জন্য অফিসাররা বিভিন্ন জায়গায় থাকেন। কাজেই T. A. বাবত স্বাভাবিকই টাকা খরচ হবে। এখন আমরা লক্ষ্য করেছি যে অফিসাররা গাড়ী ব্যবহার করতে দেখলেই তারা ক্ষেপে উঠেন। তারা কাজ করবেন হেঁটে হেঁটে ? ত্রিপুরার এক প্রান্ত থেকে অপর প্রান্ত পর্যন্ত তারা হেঁটে হেঁটে কাজ করবেন এ কি করে সম্ভব ? আমরা কাজকে তরান্বিত করতে চাই এবং তা সুষ্ঠুভাবে পরিচালনার জন্য তারা গাড়ী ব্যবহার করবেন, they are entitled to use vehicle. তাঁরা শুধু গাড়ী চড়াটাই দেখেন, কাজ যে হচ্ছে সে দিকে তাদের কোন দৃষ্টি নেই। অপর এক মাননীয় সদস্য নাগরিক পত্রিকায় পঞ্চায়েত দপ্তর সম্বন্ধে যে সংবাদ বের হয়েছিল তার দিকে আমাদের দৃষ্টি পড়েছে কিনা জিজ্ঞাসা করেছিলেন। আমাদের দৃষ্টি যথা সময়েই ঐ সংবাদের উপর পড়েছে এবং সেটা তদন্ত হচ্ছে। যথা সময়ে তদন্তের ফল আমরা হাউসকে জানাব। মাননীয় সদস্য আজ বললেন আর কালইত এটা আমরা জানাতে পারিনা, officially তদন্ত হচ্ছে। যখন তা শেষ হবে, নিশ্চয়ই যথা সময়ে হাউসকে জানাব।

(Interruption)

মাননীয় সদস্য শ্রীআতিকুল ইস্‌লাম প্রচার দপ্তর সম্পর্কে বেশ কটাক্ষ করেছেন। তিনি বলেছেন যে প্রচার দপ্তর টাকা অপচয় করে থাকে। দৃষ্টান্ত স্বরূপ তিনি বললেন আমরা যে বিজ্ঞাপন দিয়ে থাকি সেই বিজ্ঞাপন দেওয়ার খরচা সকলে সমান ভাবে পায় না, কেউ কম বা কেউ বেশী পেয়ে থাকে। অর্থাৎ তার কোন নির্দিষ্ট নিয়ম নেই, বিজ্ঞাপন দেওয়ার খরচা

যথেচ্ছ ভাবে চলছে। কোন নিয়ম নেই সেটা হতেই পারেনা। প্রচার দপ্তর থেকে যারা বিজ্ঞাপন ছাপান তাদের পরিষ্কার Instruction দেওয়া আছে, কি ধরনের type ব্যবহার করতে হবে, কতখানি space ব্যবহার করতে হবে, সেই অনুসারে বিজ্ঞাপনের টাকা দেওয়া হয়ে থাকে। Space covered by the Advertisement—সেই অনুসারেই টাকা দেওয়া হয়ে থাকে। এই নিয়মই চলে আসছে। কাজেই মাননীয় সদস্য সে বললেন যথেচ্ছভাবে টাকা খরচ হচ্ছে, সেটা ঠিক নয়। একটা নির্দ্দিষ্ট নিয়মে টাকা দেওয়া হচ্ছে। আর একটি কটাক্ষ করেছেন যে মাননীয় মুখ্যমন্ত্রীর বাড়ীতে গিয়ে যারা টাকা দিচ্ছে, ১ টাকা ২ টাকা, তাদের ফটো তোলা হচ্ছে। এই যে ফটো তোলা, তার যে কি তাৎপর্য্য মাননীয় সদস্য তা বোধ হয় বুঝেন নাই। এই ফটো তোলা হল Publicityর একটা শক্তিশালী হাতিয়ার। ফটো রাখতে হবে, কারণ তা হল প্রচারের একটা মস্তবড় Medium। মাননীয় সদস্য বলেছেন যে আমরা যে ফটো গুলি তুলি সেগুলি আর বের করিনা, তা প্রচার দপ্তরের বাক্সের ভিতরেই থাকে। Tripura on the March বা সমৃদ্ধির পথে ত্রিপুরা. এই যে পুস্তিকাগুলি প্রচার দপ্তর হতে প্রতি বৎসর প্রকাশ করা হয় তাতে ত্রিপুরার কৃষিজীবি, আদিবাসী, শিল্পী প্রভৃতি নানা স্তরের লোকের ফটো ঐ পুস্তিকাগুলিতে সন্নিবেশিত করা হয়। জাতীয় সঙ্কট সময়ে যারা প্রতিরক্ষা তহবিলে সাহায্য করেছেন তাদের প্রত্যেকের ফটো তোলা হয়েছে এবং বিভিন্ন পত্রিকায় সেগুলি প্রকাশিত হয়েছে। জাতীয় সঙ্কটে আপনি কি দিয়ে সাহায্য করতে পারেন ? অর্থ দিয়ে, স্বর্ণ দিয়ে। শিল্পোৎপাদন বাড়ীয়ে, কৃষি বাড়িয়ে, সৈন্যবাহিনীতে যোগ দিয়ে, রক্ত দিয়ে, হোম গার্ডে যোগ দিয়ে। এইসব বিভিন্ন রকমের ফটো, বিভিন্ন সম্প্রদায়ের লোকের ফটো, বিভিন্ন পত্র পত্রিকায় বেরোচ্ছে, এগুলি প্রচার দপ্তরের বাক্সে পড়ে নাই। (Interruption Sankars weeklyতে বের হচ্ছে Donate Gold—contribute to the Natinal Defence Eund, আমাদের মুখ্যমন্ত্রী হাতনাড়া দিচ্ছেন তাতে সকলের ফটো দেখা যাচ্ছে, আমাদের লোকেরা সৈন্যদলে যোগ দিচ্ছেন তাদের ফটো দেখা যাচ্ছে, Increase Agricultural Production আমাদের কৃষিজীবিরা কাজ করছেন তাদের ফটো আছে, Increase Industrial Production শিল্পীরা বিভিন্ন ক্ষেত্রে কাজ করছে তার ফটো উঠেছে। কাজেই বিভিন্ন পত্র পত্রিকায় ত্রিপুরার এই সব ফটো বের হয়েছে, প্রচার দপ্তরের বাক্সে সেগুলি পড়ে নেই। (Interruption) তিনি অভিযোগ করেছেন যে আমাদের এখানে অনেক ফটো আছে, অনেক মুজরিম আছে, আজ পর্য্যন্তও ত্রিপুরার কোন film বের হয়নি। মাননীয় অধ্যক্ষ মহোদয় মারফতে আমি এই হাউসকে জানাচ্ছি যে আমরা এখন পর্য্যন্ত ২টি film produce করেছি। মাননীয় সদস্যের বোধ হয় জানা নেই film produce করতে কত সময়ের প্রয়োজন ও কি কি জিনিষের প্রয়োজন, তাই এ কথা বলছেন। শুধু ফটো তৈরী করলেই film তৈয়ার করা যায় না। তা ছাড়া film এখানে পাওয়া যায় না, সেটা Controlled goods. আর film তৈরীর Laboratoryও এখানে নেই। কলিকাতা না হয় বম্বেতে তা develop করে আনতে হয়। আমরা ২টি film ইতিমধ্যে তৈয়ার করেছি এবং ২টি filmই ত্রিপুরায়

বিভিন্ন জায়গায় দেখানো হয়েছে। মাননীয় সদস্য বোধ হয় তা দেখেননি। ত্রিপুরা অনেক দূর এগিয়ে গেছে, সেদিকে উনার দৃষ্টি নেই শুধু এখানে বসে সমালোচনা করছেন। শীঘ্রই আর একটি film বেরোবে এবং তার ফটোও তাতে বেরোবে। কাজেই প্রচার দপ্তর তার কাজ খুব দক্ষতার সঙ্গে করে যাচ্ছেন এবং তার কাজ খুবই প্রশংসনীয়। মাননীয় সদস্য হয়ত অস্বীকার করবেন কারণ চিরদিনই তাদের অস্বীকার করা অভ্যাস। তাঁরা এমন দৃষ্টি কোন থেকে এগুলি দেখেন যাতে মনে করেন এখানে কিছুই হচ্ছে না। কাজেই আমি প্রমাণ করলাম যে অর্থের কোন অপচয় এখানে হচ্ছে না এবং তা ঠিক ঠিক ভাবে ব্যয় হচ্ছে। Exhibitionএ তিনি নিশ্চয়ই গেছেনে এবং প্রচার দপ্তরের ফটো দেখেছেন যদি না দেখে থাকেন তাহলে বলতে হবে যে তিনি চোখ বুঝে থাকেন। কাজেই এখানের প্রচার দপ্তরের যে কাজ সেটা প্রশংসনীয়।

কাজেই মাননীয় অধ্যক্ষ মহোদয়, এখানে Demand No. 34 ও 35 এ যে ব্যয় বরাদ্দ রাখা হয়েছে তা খুব যুক্তি সম্মত এবং আমি আশা করি এই হাউস সর্ব্বসম্মতিক্রমে তা গ্রহণ করবেন।

Mr. Speaker :—The discussion is closed. I would now put the motions Vote to.

First I would put the cut motion. The question is that the Demand be reduced to Re. 1/- to disapprove the policy regardinng discrimination between Jumia tribals & landless tribals.

As many as are of that opinion will please say 'Ayes'

(Voice—Ayes)

As many as are of contrary opinion will please say 'Noes.'

(Voice—Noes)

Noes have it, Noes have it.

The motion is lost.

Next, item The question is that the demand be reduced by Rs 100/- to discuss on inadequacy of provisions for expenditure on new migrants Relief & Rehabilitation.

As many as are of that opinion will please say 'Ayes'

(Voice—Ayes)

As many as are of contrary opinion will please say 'Noes'

(Voice—Noes)

Noes have it, Noes have it.

The motion is lost.

Mr. Speaker :—Next, the question is that the demand be reduced by Rs. 100/- to discuss on absence of provision for grants to District Soldiers Board.

As many as are of that opinion will please say 'Ayes.

(Voice—Ayes)

As many as are of contray opinion will please say 'Noes'

(Voice—Noes)

Noes have it, Noes have it.

So, the motion is lost.

Next, the question is that the demand be reduced by Rs 100/- to discuss on inadequacy of Provision for loan to Gram Panchayots.

As many as are of that opinion will please say 'Ayes.'

(Voice—Ayes)

As many as are of contrary opinion will please say 'Noes.'

(Voice—Noes)

Noes have it, Noes have it.

The motion is lost.

Next, the question is that the demand be reduced by Rs 100/- to discuss on inadequacy of provision for settlement of landless Agriculturcist & wage labourer.

As many as are of that opinion will please say 'Ayes.'

(Voice—Ayes)

As many as are of countrary opinion will please say 'Noes.'

(Voice—Noes)

Noes have it, Noes have it. The motion is lost.

Next, the question is that the demand be reduced by Rs 100/- to discuss on inadequacy of provision for drinking water under T. W. scheme.

As many as are of that opinion will please say 'Ayes '

(Voice—Ayes)

As many as are of contrary opinion will please say 'Noes.'

(Voice—Noes)

Noes have it, Noes have it.

The motion is lost.

Mr. Speaker :— Next, the question is that the demand be reduced by Rs. 100/- to discuss on failure to execute Town & Country planning.

As many as are of that opinion will please say 'Ayes'

(Voice— Ayes)

As many as are of contrary opinion will please say 'Noes'

(Voice—Noes)

Noes have it, Noes have it.

The motion is lost.

Next, the question is that the demand be reduced by Rs 100/- to discuss on mismanagement in the Directorate cum District Panchayet Office.

As many as are of that opinion will please say 'Ayes'

(Voice—Ayes)

As many as are of contrary opinion will please say 'Noes'

(Voice—Noes)

Noes have it, Noes have it. The motion is lost.

Next, the question is that the demand be reduced by Rs 100/- to discuss on mismanagement of Agartala Municipality.

As many as are of that opinion will please say 'Ayes'

(Voice—Ayes)

As many as are of contrary opinion will please say 'Noes'

(Voice Noes)

Noes have it, Noes have it, The motion is lost.

Next, the question is that the demand be reduced by Rs 100/- to discuss on mis use of money in Publicity work & in press Advertisements.

As many as are of that opinion will please say 'Ayes'

(Voice—Ayes)

As many as are of contrary opinion will please say 'Noes'

(Voice—Noes)

Noes have it, Noes have it. The motion is lost.

Mr. Speaker :— Next. the question is that the demand be reduced by Rs 100/- to discuss on absence of provision for grant to displaced goldsmiths & their families.

As many as are of that opinion will please say 'Ayes'

(Voice—Ayes)

As many as are of contrary opinion will please say 'Noes'

(Voice—Noes)

Noes have it, Noes have it. The motion is lost.

I would now put the main motion to vote. The question is that a sum not exceeding Rs 55,39000/- [inclusive of the sums specified in column 3 of the schedule to the Appropriation (vote on Acctt) Bill, 1966] be granted to defray the charges which will come in course of payment during the year ending on the 31st day of March, 1967 in respect of Demand No. 34 Misscellaneous.

As many as are of that opinion will please say 'Ayes'

(Voice—Ayes)

As many as are of countrary opinion will please say 'Noes'

(No Voice)

Ayes have it, Ayes have it, The motion in carried.

Now we take up the demand for grant No. 35. There was one cut motion but this has been dropped on account of absence of the member. So, I put the main motion to vote. The question is that a sum not exceeding Rs. 2,46,000/- [inclusive of the sums specified in column 3 of the schedule to be Appropriation (vote of Account) Bill, 1966] be granted to defray the charges which will come in course of payment during the year ending on the 31st day of March, 1967 in respect of Demand No. 35—other Miscellaneous Compesations & Assignments,

As many as are of that opinion will please say 'Ayes'

(Voice—Ayes)

As many as are of contray opinion will please say 'Noes'

(No voice)

Ayes have it, Ayes have it.

So, the motion is carried. The House stands adjourned till 11 A.M. on Friday the 8th April, 1966.

(Appendix "A")

UNSTARRED QUESTION NO. 371 BY

Shri Nripendra Chakraborty. M. L. A.

QUESTION	ANSWER		
1) A Sub-division wise break up of the number of landless agriculturists in Tripura :	Dharmanagar	...	467
	Amarpur	...	38
	Kailashahar	...	416
	Sonamura	...	800
	Kamalpur	...	1851
	Udaipur	...	2561
	Sadar	...	22531
	Sabroom	...	1017
	Khowai	...	4000
	Belonia	...	3288
2) Sub division-wise break up of the number of Bargadars who cultivated land on lease basis.	Dharmanagar	...	351
	Amarpur	...	38
	Kailashahar	...	Nil.
	Sanamura	...	Nil
	Kamalpur	...	Nil
	Udaipur	...	Nil
	Sadar	...	Nil
	Sabroom	...	Nil
	Khowai	...	556
	Belonia	...	Nil

	Bargadars have all become under raiyats under section 2 (v) of the Tripura land Revenue and Land Reforms Act, 1960 wherever attestation has been completed. Therefore, Sub-divion-wise break up may not be accurate. There will be no Bargadars in future as all of them will become under-raiyats as soon as attestation is completed.
3) Whether numbers of both the above categories are in tbe increase ;	Regarding the first category, they are on the increase in 4 Sub-divisions viz. Kailashshar, Belonia, Udaipur and Khowai. As regards category 2,the question does not arise.
4) If so the reason thereof ?	Reason for increase in number of landless agriculturists is due to influx of migrants from East Pakistan.

UNSTARRED QUESTION No. 376 BY

Shri Nripendra Chakraborty, M. L. A.

Question	Answer
1) Average per capita indebtedness of Agricluturists (a) having no Iand, (b) having holding upto Basic limit, (c) upto a family limit and (d) upto a ceiling limits.	The information is not avaiiable.
2) Whether indebtedness is on the increase.	
3) If so, steps taken to relieve the Agriculturists from indebtedness ?	Doos not arlse.

UNSTARRED QUESTION NO 497 BY

Shri Nipendra Chakraborty, M. L. A.

Question	Answer
1. A. C. D Block-wise and T D Block-wise break-up of the quantity of - a) improved seeds, b) chemical fertilizers and, c) improved agricultural implements distributed during each of the plan periods;	Three separate statement showing the distribution of imopoved seeds, chemical fertilizers and improved agricultural implements during the lst, 2nd and 3rd plan periods are laid on the Table of the Honse.

2). whether any assessment has been made in these Blocks of its effect on yield of agricultural products;

No assessment, as such, has been made. The results of crop competitions and demonstrations taken as assessment for the purpose.

3) If so, the result of that asscessment ;

The result of such assessment have revealed that application of fertilizers, use of improved seeds and implements yields higher as compared to when these are not applied or used.

4) If the yield is better its detailed description ?

By use of chemical fertilizers, improved implements & improved seeds, the following additional yields are expected to be achieved :—

a) Pitregenous fertilizer :— one ton of fertilizer used is expected to yield 2 Tons of additional rice,

b) phosphatic & potassic fertilizers :— one Ton of fertiliser used is expected to yield one ton of additional rice.

c) Improved seeds ;— One ton of seeds used is expected to yield 2 Tons of additional rice.

d) Improved agricultural implements :— By use of implements 10% increase in yield is expected.

STATEMENT IN REPLY TO PART (1) OF THE UNSTARRED QUESTION NO. 497.

STATEMENT SHOWING THE DISTRIBUTION OF IMPROVED SEEDS DURING 1st PLAN, 2nd PLAN & 3rd PLAN PERIODS. (IN KG.)

Name of Block	Name of Plan	Paddy seeds.	Jute seeds.	Summer vegetables.	Winter vegetables.	Seed Potato	Rabi seeds.	Dhaincha.	Sunhamp.	Ground nut.	Sugar-cane	Arbar	Cashew nut
1	2	3	4	5	6	7	8	9	10	11	12	13	14
1. Kamalpur.	1st Plan	3,79,000 000	500 00	72 000	10.000	33,300,000	29 600.000	0	0	0	0	0	0
	2nd Plan	92 500,000	7,222 000	148,000	39 000	96,200 000	48,544 000	0	0	0	0	0	0
	3rd Plan	2,22,008.000	15,325.000	254,000	63 000	1 48,000 000	88,097.000	0	0	0	0	0	0
2. Melaghar.	1st Plan	1,[illegible]41,000	60 651	0	0	0	0	156.000	61,600	0	0	0	0
	2nd Plan	9,916 000	119.437	0	0	1,651 000	0	562,000	0	171 000	1,850 0	0	0
	3rd Plan	65,068,000	655 500	0	3,371 650	22,034 000	0	. 1,471.000	0	625 000	43,387 0	0	0
3. Udaipur.	1st Plan	0	0	0	0	0	0	0	0	0	0	0	0
	2nd Plan	0	0	0	0	0	0	0	0	0	0	0	0
	3rd Plan	1,85,710 000	1,566.360	0	5 910 125	23,973,000	0	1,881 000	0	459.00	89,725.0	0	0
4. Belonia	1st Plan	0	0	0	0	0	0	0	0	0	0	0	0
	2nd Plan	26,185 000	1,102.924	0	69 923	8,107.000	0	0	0	389.000	0	157.0	0
	3rd Plan	73,809 000	1,394.346	0	977.000	2,27,254 000	0	0	0	407 000	0	220.0	0
5. Bishalghar.	1st Plan	0	0	0	0	0	0	0	0	0	0	0	0
	2nd Plan	0	0	0	0	0	0	0	0	0	0	0	0
	3rd Plan	17,168 000	300 500	896 655	1,615,555	19,530 000	0	0	0	370 000	0	0	0
6. Teliamura.	1st Plan	0	0	0	0	0	0	0	0	0	0	0	0
	2nd Plan	0	0	0	0	0	0	0	0	0	0	0	0
	3rd Plan	8,855,600	481 000	5,470 000	7,573 060	0	0	0	0	0	0	0	0
7. Khowai.	1st Plan	0	0	0	0	0	0	0	0	0	0	0	0
	2nd Plan	2,8[illegible] 000	224 000	1,180 000	39 901 670	0	0	0	0	0	0	0	0
	3rd Plan	69,[illegible]2 000	740,000	24 [illegible]14 000	23,154 000	0	0	0	0	0	0	0	0
8. Satchand	1st Plan	13 800 000	0	27 000	0	8,212 000	0	0	0	0	0	0	0
	2nd Plan	1,478 000	112 000	2,911 000	3,135 000	0	0	0	0	0	0	0	0
	3rd Plan	14,615 000	243,000	2,[illegible]1 .000	1,710 060	8,029 000	0	0	0	0	0	0	0
9. Kailashahar.	1st Plan	0	0	9 000	0	1,988,000	0	0	0	0	0	0	0
	2nd Plan	55,944 000	9 9 000	0	580.000	19,380.000	0	0	3 332 000	0	29,970.000	0	0
	3rd Plan	1,25,800 000	750,000	0	440,000	60,805.000	0	0	666.000	0	3,78,8[illegible]0 000	0	0
10. Dharmanagar	1st Plan	0	0	0	0	0	0	0	0	0	0	0	0
	2nd Plan	0	0	0	0	0	0	0	0	0	0	0	0
	3rd Plan	46,911.000	0	0	0	0	0	0	0	0	0	0	0
11. Mohanpur.	1st Plan	0	0	0	0	0	0	0	0	0	0	0	0
	2nd plan	0	0	0	0	0	0	0	0	0	0	0	0
	3rd plan	31,599.000	688.000	0	3,519 956	37,708.000	1,305.190	0	0	0	0	20,467.750	0
12. Jirania.	1st plan	0	0	0	0	0	0	0	0	0	0	0	0
	2nd plan	38,702 000	1,517.000	0	76.280	0	0	0	0	0	0	0	0
	3rd plan	35,597.000	1,251 000	0	360.000	1,030 000	0	0	0	0	0	0	0
13. Amarpur.	1st plan	0	0	0	0	0	0	0	0	0	0	0	0
	2nd plan	16,338.000	925.000	5.000	84,278	2,863.000	624.540	1,070.000	0	8.000	4,810 000	0	156.000
	3rd plan	4 ,871 000	1,281.000	6.000	211.000	10,130.000	439.000	819.000	0	0	22,941.000	0	223.000
14. Chawmanu.	1st plan	0	0	0	0	0	0	0	0	0	0	0	0
	2nd plan	0	0	0	0	0	0	0	0	0	0	0	0
	3rd plan	52 548.000	93 000	0	793 000	14,607 000	2,848.000	0	0	121 000	0	0	258 000
15. Kanchanpur.	1st plan	0	0	0	0	0	0	0	0	0	0	0	0
	2nd plan	1,369.000	0	0	0	0	0	0	0	0	0	0	0
	3rd plan	37,615.000	1,016.000	0	0	34,940 000	1,283.000	0	0	0	0	0	0

STATEMENT IN REPLY TO PART (1) OF UNSTARRED QUESTION NO. 497.

STATEMENT SHOWING CHEMICAL FERTILIZERS DISTRIBUTED DURING 1ST PLAN, 2ND PLAN, 3RD PLAN PERIODS (IN KG.)

Name of Block	Name of Plan	Super-phosphate	C. A. N.	Amonium sulphate	Urea	Murate of Potash	Bon-meal	Mixed fertilizer	Spartin	Ammonium sulphate Nitrate	Remarks
1	2	3	4	5	6	7	8	9	10	11	12
1. Kamalpur	1st Plan	8,500 000	—	20,000.000	3,000.000	2,000 000	1,351.000	—	—	—	
	2nd Plan	10,222.000	22,000 000	5,000.000	5,000.000	5,445 000	26,902.000	—	—	—	
	3rd Plan	15,525 000	60,000 000	—	5,000 000	8,253 000	45,302 000	—	—	—	
2. Melaghar	1st Plan	1,000.283	—	1,057.202	729.684	—	—	2,869.283	—	—	
	2nd Plan	3,828.509	—	23,716.603	—	—	923.769	—	—	—	
	3rd Plan	18 707 000	60,728 000	—	—	722,000	4 802.000	—	—	—	
3. Udaipur	1st Plan	—	—	—	—	—	—	—	—	—	
	2nd Plan	—	—	—	—	—	—	—	—	—	
	3rd Plan	28,347.363	5,097,452	2,710,000	195,232	19,834,449	—	—	—	—	
4, Bilonia,	1st Plan	—	—	—	—	—	—	—	—	—	
	2nd Plan	14 000	1,380	71,187	—	—	—	—	—	—	
	3rd plan	52,697 00	1 39,683,485	1,526,870	86,098 000	6,088 637	—	—	—	—	
5, Bishalghar,	1st plan	—	—	—	—	—	—	—	—	—	
	2nd plan	—	—	—	—	—	—	—	—	—	
	3rd plan	17,318 138	27,027,448	—	73,572	2,879,317	—	—	34,000	—	
6, Telamura,	1st plan	—	—	—	—	—	—	—	—	—	
	2nd plan	—	—	—	—	—	—	—	—	—	
	3rd plan	17,121,409	15,071,078	—	—	194,562	1,522,729	—	—	—	
7, Khowai,	1st plan	—	—	—	—	—	—	—	—	—	
	2nd plan	595,000	872,000	2,560 000	75,000	—	—	—	—	93,600	
	3rd plan	23 494 400	31,952 000	837,000	12 000	710,000	1,295,000	—	—	48 000	
8, [illegible]enand	1st plan	15,355	—	114,000	—	—	—	—	—	—	
	2nd plan	11,775,000	1,925,000	17,591,375	199,000	—	742 000	—	—	197 000	
	3rd plan	5 246 000	8, 74,000	5 698 218	33,000	122,000	709 000	—	—	999,000	
9, Kailasahar,	1st plan	—	1,007,000	—	—	—	—	—	—	—	
	2nd plan	32,060,000	63,000 075	—	—	—	2,000,000	—	—	—	
	3rd plan	23 000,000	24,000 000	—	—	1 500,000	9,000,000	—	—	—	
10, Dharmanagar,	1st plan	—	—	—	—	—	—	—	—	—	
	2nd plan	—	—	—	—	—	—	—	—	—	
	3rd plan	4,445 000	67,497,000	5,095 000	—	1,755 500	6,957 000	—	—	—	
11, Mohanpur,	1st plan	—	—	—	—	—	—	—	—	—	
	2nd plan	—	—	—	—	—	—	—	—	—	
	3rd plan	11,775 575	33,653 000	353 000	125,000	1,094 733	22,158,000	—	20,000	31,500	
12, Jirania,	1st plan	—	—	—	—	—	—	—	—	—	
	2nd plan	16 823,000	—	12 876 000	—	—	—	—	—	—	
	3rd plan	7,975,345	30 893,000	1,825,000	—	473,000	4 239 825	—	—	—	
13, Amarpur,	1st plan	100,000	—	400,000	400,000	—	—	—	—	—	
	2nd plan	11,825,000	—	34,538,000	—	—	1,285,000	—	—	—	
	3rd plan	764,000	19,900 000	—	—	130,617	12,816,000	—	—	—	
14, Chowmanu	1st plan	—	—	—	—	—	—	—	—	—	
	2nd plan	—	—	—	—	—	—	—	—	—	
	3rd plan	6,693 000	7,961,000	—	—	35,000	5,283 000	—	—	—	
15, Kanchanpur,	1st plan	—	—	—	—	—	—	—	—	—	
	2nd plan	746,000	971,000	—	—	—	—	—	—	—	
	3rd plan	2,280,000	9,552,000	—	—	—	—	—	—	—	

STATEMENT IN REPLY TO PART (1) OF UNSTARRED QUESTION NO, 497,

STATEMENT SHOWING THE DISTRIBUTION OF AGRIL, IMPLEMENTS DURING 1ST PLAN, 2ND PLAN, 3RD PLAN PERIODS

(IN NUMBER)

Name of Block	Name of Plan	Weeder (J. P.)	Plough (M. B.)	Seed Drill.	Spade	Wheelhoo.	Hand Rake
1	2	3	4	5	6	7	8
1. Kamalpur.	1st Plan	48	30	21	400	—	—
	2nd Plan	63	49	47	772	—	—
	3rd Plan	85	62	33	1,402	—	—
2. Melaghar.	1st Plan	—	5	—	—	—	—
	2nd Plan	—	5	—	—	—	—
	3rd Plan	57	28	—	—	5	—
3. Udaipur.	1st Plan	—	—	—	—	—	—
	2nd Plan	—	—	—	—	—	—
	3rn Plan	10	2	12	—	6	—
4. Belonia.	1st Plan	—	—	—	—	—	—
	2nd Plan	—	—	—	—	—	—
	3rd Plan	8	7	1	—	—	—
5. Bishalghar.	1st Plan	—	—	—	—	—	—
	2nd Plan	—	—	—	—	—	—
	3rd Plan	—	—	3	—	3	—
6. Teliamura.	1st Plan	—	—	—	—	—	—
	2nd Plan	—	—	—	—	—	—
	3rd Plan	8	2	—	—	—	—
7. Khowai.	1st Plan	—	—	—	—	—	—
	2nd Plan	—	—	—	—	—	—
	3rd Plan	7	16	9	—	—	—
8. Satchand.	1st Plan	—	—	—	—	—	—
	2nd Plan	27	30	6	—	15	—
	3rd Plan	35	27	10	—	1	—
9. Kailashahar	1st Plan	—	—	—	—	—	—
	2nd Plan	—	—	—	—	—	—
	3rd Plan	30	17	2	—	4	—
10. Dharmanagar	1st Plan	—	—	—	—	—	—
	2nd Plan	—	—	—	—	—	—
	3rd Plan	16	2	6	—	—	28
11. Mohanpur.	1st Plan	—	—	—	—	—	—
	2nd Plan	—	—	—	—	—	—
	3rd Plan	55	2	28	—	—	7

2

1	2	3	4	5	6	7	8
12. Jirania.	1st Plan	—	—	—	—	—	—
	2nd Plan	—	—	—	—	—	—
	3rd Plan	4	16	8	—	—	—
13. Amarpur	1st Plan	—	—	—	—	—	—
	2nd Plan	—	—	—	—	—	—
	3rd Plan	—	—	2	—	3	—
14. Chowmanu.	1st Plan	—	—	—	—	—	—
	2nd Plan	—	—	—	—	—	—
	3rd Plan	—	25	—	—	5	—
15. Kanchanpur.	1st Plan	—	—	—	—	—	—
	2nd Plan	—	—	—	—	—	—
	3rd Plan	22	42	69	—	—	—

UNSTARRED QUESTION NO. 535 BY
Shri Nripendra Chakraborty, M. L. A.

Question	Answer
1) What percentage do the landless agricultusrists come to, campared with the total agriculturists population in each Sub-division ;	
2) Number of landless agricultural labourers hired for definite periods and number of such labourer employed seasonally ;	The information is still under collection and will be laid on the Table of the House as soon as compiled.
3) Steps taken to give them land for increasing agricultural productions ?	

UNSTARRED QUESTION NO. 536 BY
Shri Nr pendra Chakraborty, M. L. A.

Question	Reply
1) Average gross and net annual income of a peasant family in Tripura.	
2) Average gross and net expenditure ;	The information is not available with the Government.
3) How these avarage compare with all India figures.	

UNSTARRED QUESTION NO. 905 BY
Shri Nripendra Chakraborty, M. L. A.

Question	Answer
1) A Sub-division-wise break-up of areas (a) under one paddy, (b) double paddies and (c) three paddies ;	The information , is under collection and will be laid on the Table of the House as soon as compiled.
2) Steps taken to increase areas under double paddy in each Sub-division ?	

UNSTARRED QUESTION NO. 906 BY
Shri Nripendra Chakraborty, M. L. A.

Question	Answer
1) Whether the Government has received the recommendations of the All India Conference for consideration of programme of Intensive Cultivation held in Delhi, in December, 1965 ;	No
(2) If so, details of these recommendations and how the Government proposes to implement them ?	Does not arise.

UNSTARRED QUESTION NO 910 BY

Shri Nripendra Chakraborty, M. L. A.

Question	Answer
1) Whether area under production of sugarcane has increased during last 5 yerrs ;	Yes,
2) If so, sub-divisionwise increase in such areas ;	The Sub-division-wise estimated area under sugarcane during 1960-61 and 1964-65 is shown below indicating the extent of increase. :—

	Name of Sub division.	Area under Sugarcane (acres)			Increase (acres)
		1960-61	1964-65		
1.	Sadar	750	816		66
2.	Khowai	400	642		242
3.	Kailashahar	800	927		127
4.	Kamalpur	350	852		502
5,	Dharmanagar	3,000	2,051	(—)	949
6,	Udaipur	350	754		404
7,	Amarpur	250	272		22
8,	Sabroom	200	272		72
9,	Sonamura	300	395		95
10,	Belonia	200	235		35
	Total—	6,600	7,216		616

Question	Answer
3) What steps have been taken by the Govt, for further increase in production of sugarcanes ?	The Govt, are distributing sugarcane cuttings of improved high yielding variety to the cultivators at subsidised rate for increasing the per acre yield,

4) Total money spent during last 5 years for helping in the increase of sugarcane production.	On account of distribution of improved variety of sugarcane cuttings at subsidised rate in order to helf; the cultivator in increasing production of sugarcane, a total amount of Rs. 17,327, 90 paise has been spent from 1961-62 to 1965-66,

UNSTARRED QUESTION NO 911 BY
Shri Nripendra Chakraborty, M L. A.

Question	Answer
1) Total area covered by cash crops during 1964-65 and 1965-66	The total estimated area covered by cash crops during 1964-65 and 1965-66 is shown below :— 1964-65 93,116 Acres, 1965-66 1,09,616 ,,
2) Whether the area is on the increase, compared to increase in the area under food grains ;	Yes,
3) If so, the reasons therefor ?	The area under jute and mesta has increased during 1965-66 due to favourable price that prevailed at the end of 1964 65 which served as an incent to the growers to bring more land under cultivation of these crops. The increse in the areas under pape & Mustard Sesamum, Sugarcane, potato & Sweet potato has been more in the year 1965-66 than 1964-65 as a result of launching Grow More Food Campaign all

over the Territory to achieve maximum production in the context of the Emergency in the Country, There has not been increase in the area under Cotton as Jhum cultivation is being discouraged by the Government,

APDEnDIX "B"

টিউবওয়েল লিষ্ট. বিলোনীয়া বিভাগে

			টিউবওয়েল	
১।	স্বধা রিয়াং পাড়া কালমা (মুহুরীপুর)	...	১	একটি
২।	টৈলিচরণ রিয়াং পাড়া	...	১	"
৩।	বাতামনি সর্দার পাড়া	...	১	"
৪।	কান্‌চীরায় রিয়াং পাড়া	...	১	"
৫।	মানিকরাম বাড়ী—জরকুমার পাড়া পূর্ব্ব লক্ষীছড়া।	..	১	"
৬।	বিনয় প্রসাদ রিয়াং স্কুল	...	১	"
৭।	দেশরায় রিয়াং স্কুল পাড়া	...	১	"
৮।	পূর্ব্ব চরকবাই নাজিবায় পাড়া	...	১	"
৯।	পীতরায় রিয়াং পাড়া	...	১	"
১০।	পূর্ব্ব লক্ষীছড়া	...	১	"
১১।	মতাই এস, বি, স্কুল	...	১	"
১২।	উত্তর হরিপুর চন্দ্রশীল পাড়া	...	১	"
১৩।	গাদাং স্কুল	...	১	"
১৪।	বিবং মগ পাড়া	...	১	"
১৫।	কুমুফা পাড়া (কোয়াইফাং)	...	১	"
১৬।	অনন্ত সর্দার পাড়া (কোয়াইফাং)	...	১	"
১৭।	পৈইংগ মগ পাড়া (চাচাই মগ বাড়ী নিকটে) পশ্চিম বগাফা	...	১	"
১৮।	বলি মগপাড়া (দেবদারু)	...	১	"

১৯।	রাঙা বাড়ী (কলসী)	...	১	,,
২০।	বেতাগা রিয়াং বাড়ী (সর্বাধন পাড়া)	...	১	,,
২১।	পাথুং মগবাড়ী (মনু)	...	১	,,
২২।	মাসানাই মগপাড়া (বাইখুরা)	...	১	,,
২৩।	রুচাই মগপাড়া (ঐ)	...	১	,,
২৪।	চাথাইমগ পাড়া (রাধাকিশোর গড)	...	১	,,
২৫।	মগন্ত্রী মগ চৌঃ পাড়া (ছোট অলইছড়া মনু)	...	১	,,

PROCEEDINGS OF THE TRIPURA LEGISLATIVE ASSEMBLY
ASSEMBLED UNDER THE PROVISIONS OF THE
GOVERNMENT OF UNION TERRITORIES
ACT, 1963.

APRIL 8, 1966.

The Assembly met in the Assembly Chamber, Agartala, on Friday, the 8th April, 1966 at 11 A. M.

PRESENT

Shri Upendra Kumar Roy, Speaker in the Chair, the Deputy Speaker, three Deputy Ministers and twenty Members.

Mr. Speaker—I take up the first item of business, Starred Question. I would call on Shri Atiqul Islam.

Shri Atiqul Islam—618.

Shri B. Das—Hon'ble Speaker, Sir, Starred question No. 618.

QUESTION	ANSWER
1) Total numer .of Forest Roads constructed uptil now ;	41 Nos.

QUESTION	ANSWER
2) Total amount of expenditure incurred for the construction of the said roads.	Rs. 3,63,441.
3) Total amount of expenditure incurred for the maintenance of the said roads.	Rs. 1,76.218.

শ্রীআতিকুল ইসলাম—মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি যে এই রোডগুলি মেন্‌টেন্‌ করার জন্ত প্রত্যেক ইয়ারে কত করে টাকা দেওয়া হয়েছিল ?

শ্রী বি, দাস—আই ডিমাণ্ড নোটিশ।

শ্রীআতিকুল ইসলাম—কি হারে টাকাটা দেওয়া হয় জানাবেন কি ?

শ্রী বি, দাস—আমাদের যে ফাণ্ড থাকে, অ্যাভেলেবল্‌ ফাণ্ড, সেই টাকা থেকে প্রায়রিটি বেসিসে এবং যে রাস্তাটা একান্ত দরকার সেটাকে মেণ্টেন করা হয়।

শ্রীআতিকুল ইসলাম—আমার প্রশ্নটা হল মেণ্টেনেন্সের জন্য যে টাকা দেওয়া হয় সেটা পার মাইলে কত করে দেওয়া হয় ?

শ্রী বি, দাস—আই ডিমাণ্ড নোটিশ।

শ্রীআতিকুল ইসলাম—টাকাটা মাইল ভিত্তিক দেওয়া হয় না, লাম্পসাম্প ভিত্তিক দেওয়া হয় ?

শ্রী বি, দাস—আমাদের একটা ফাণ্ড আছে, সেই ফাণ্ড থেকে আমরা খরচ করি এবং

মাইল ভিত্তিক সেটা দেওয়া হয়ে থাকে।

শ্রী আতিকুল ইসলাম—মাইলের ভিত্তিটা বলতে পারছেন না?

শ্রী বি, দাস—এই মুহূর্তে বলতে পারছি না।

শ্রী আতিকুল ইসলাম—পি, ডব্লিউ, ডি, তার রোড মেন্টেন করতে গেলে যে হারে টাকা দেওয়া হয়, ফরেষ্ট ডিপার্টমেন্টকে কি সেই হারেই দেওয়া হয়, না তার কম হারে টাকাটা দেওয়া হয়?

শ্রী বি, দাস—এই তথ্যটা আমার কাছে না থাকাতেই আমি নোটিশ ডিমাণ্ড করেছিলাম।

শ্রীআতিকুল ইসলাম—প্রত্যেক ইয়ারে কতটা রোড মেন্টেন করা হয় তার কোন নিয়ম আছে কি?

শ্রী বি, দাস—আমাদের অ্যাভেলেবল ফাণ্ড অনুযায়ী সেটা করা হয়ে থাকে।

শ্রী আতিকুল ইসলাম— লাষ্ট ইয়ারে কত টাকা দেওয়া হয়েছে বলতে পারেন কি?

শ্রী বি, দাস—এটার উপর নোটিশ ডিমাণ্ড করেছিলাম অনেক আগেই।

শ্রীঅঘোর দেববর্ম্মা—মাননীয় মন্ত্রী মহোদয় কি বলতে পারেন যে সমস্ত ফরেষ্ট রোড করা হয়েছিল আজ পর্য্যন্ত সেগুলি মেণ্টেনেন্স না করার কি হেতু আছে?

শ্রীবি দাস—এই প্রশ্নের উত্তরে আমি আগেই বলেছি যে মেণ্টেনেন্স করা হয়ে থাকে এবং প্রায়রিটি বেসিসে করা হয়ে থাকে।

শ্রীঅঘোর দেববর্ম্মা—মাননীয় মন্ত্রী মহোদয় কি বলতে পারেন সিপাহিজলা থেকে ওয়ারংবাড়ী পর্য্যন্ত যে রাস্তাটা করা হয়েছিল সেটার কোন মেণ্টেনেন্স করা হয়েছিল কিনা?

শ্রীবি, দাস—আই ডিমাণ্ড নোটিশ।

শ্রীঅঘোর দেববর্ম্মা—মাননীয় মন্ত্রী মহোদয় বলতে পারেন কি এইরকম কতগুলো রাস্তার মেণ্টেনেন্স করা হচ্ছে না?

শ্রী বি, বাস—আই ডিমাণ্ড নোটিশ।

শ্রীআতিকুল ইসলাম—ফরেষ্ট ডিপার্টমেণ্ট যে সমস্ত রাস্তা কনষ্ট্রাক্ট করে সেগুলি কি পি, ডব্লিউ তে ট্রান্সফার করতে গভর্ণমেণ্ট চান ?

শ্রী বি, দাস—ফরেষ্ট ডিপার্টমেণ্ট থেকে মেণ্টেনেন্স হচ্ছে এবং নূতনভাবে রাস্তাও হচ্ছে।

শ্রীআতিকুল ইসলাম—রাস্তাগুলি এখন ফরেষ্ট ডিপার্টমেণ্ট মেণ্টেন্ করে, এই রাস্তাগুলিকে কি পি, ডব্লিও, ডি, এর কাছে ট্রান্সফার করে দেওয়া হবে কিনা মেণ্টেনেন্স করার জন্য ?

শ্রীমণীন্দ্রলাল ভৌমিক—আমাদের এই জাতীয় কোন পরিকল্পনা নেই ?

শ্রীমনস্থর আলী—মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি ফরেষ্ট ডিপার্টমেণ্ট যে সমস্ত রাস্তা করেছে এর এষ্টিমেট কে করে এবং তার টেকনিক্যাল স্যাংশান কে দিয়েছে ?

শ্রীমণীন্দ্রলাল ভৌমিক—এটার টেকনিক্যাল স্যাংশান নিতে হয় না। ফরেষ্ট ডিপার্টমেণ্টই করে থাকে।

শ্রীআতিকুল ইসলাম—ফরেষ্ট ডিপার্টমেণ্ট রাস্তাগুলি পি, ডব্লিও, ডি,তে ট্রান্সফার করে দিলেই কি তার মেণ্টেনেন্সটা সঠিকভাবে হবে বলে সরকার মনে করেন ?

শ্রীমণীন্দ্রলাল ভৌমিক—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আগেই বলেছিলাম যে সরকারের এই জাতীয় কোন পরিকল্পনা নেই ফরেষ্ট রোডগুলি পি, ডব্লিও, ডি, এর কাছেই ট্রান্সফার করার।

শ্রীআতিকুল ইসলাম—ফরেষ্ট ডিপার্টমেণ্ট কি এই জাতীয় কোন প্রস্তাব পাঠিয়েছেন যে আমাদের রাস্তাগুলি পি, ডব্লিও, ডি, কে দিয়ে দেওয়া হোক ?

শ্রীমণীন্দ্রলাল ভৌমিক— না, এই জাতীয় কোন প্রস্তাব ফরেষ্ট ডিপার্টমেণ্ট পাঠান নি।

শ্রীঅঘোর দেববর্ম্মা ঃ-- মাননীয় মন্ত্রী মহোদয় কি বলবেন যে সমস্ত রাস্তাগুলি ফরেস্ট ডিপার্টমেণ্টের মারফত হয়েছে এইগুলি কি ফরেষ্ট নিজে করেছে না কণ্ট্রাক্টার দিয়ে করানো হচ্ছে ?

শ্রী মণীন্দ্রলাল ভৌমিক :— ডিপার্টমেণ্টালী করা হয়ে থাকে।

শ্রীএরসাদ আলী চৌধুরী :— এটা কি কণ্ট্রাক্ট বেসিসে করায়, না মাষ্টার রোল বেসিসে করায় ?

শ্রীমণীন্দ্রলাল ভৌমিক :— মাষ্টার রোল বেসিসে করায়।

শ্রীআতিকুল ইসলাম :— ফরেষ্ট ডিপার্টমেণ্টে কি কোন ওভারসীয়ার আছে এইগুলি করবার জন্য ?

শ্রীমণীন্দ্রলাল ভৌমিক ঃ— ফরেষ্ট ডিপার্টমেণ্টে কোন ওভারসীয়ার নাই, ডিপার্টমেণ্টের লোক দিয়েই করা হয়।

শ্রীআতিকুল ইসলাম :— রাস্তাগুলি কে অ্যালাইন্মেণ্ট করে ?

শ্রীমণীন্দ্রলাল ভৌমিক :— ফরেষ্ট ডিপার্টমেণ্ট।

শ্রীআতিকুল ইসলাম :— ফরেষ্ট ডিপার্টমেণ্টে যদি ওভারসীয়ার না থাকে তাহলে অ্যালাইনমেণ্ট কে করবে ?

শ্রীমণীন্দ্রলাল ভৌমিক — ফরেষ্ট ডিপার্টমেণ্টে এই রকম অভিজ্ঞ কর্ম্মচারী রয়েছে যারা কিভাবে অ্যালাইনমেণ্ট করলে ভাল হবে সেটা ভাল বুঝেন। কাজেই ফরেষ্ট ডিপার্টমেণ্টে কোন ওভারসীয়ারের দরকার নাই।

শ্রীআতিকুল ইসলাম— ফরেষ্ট ডিপার্টমেণ্টের কোন্ ধরণের কর্মচারীরা রাস্তগুলির অ্যালাইনমেণ্ট করেন ?

শ্রীমণীন্দ্রলাল ভৌমিক—সাধারণতঃ ফরেষ্ট রেঞ্জাররা এগুলি করেন।

শ্রীআতিকুল ইসলাম— রেঞ্জারদের কি এ বিষয়ে কোন ট্রেনিং দেওয়া হয়েছে যে কিভাবে অ্যানলাইমেণ্ট করতে হয় রাস্তার ?

শ্রীমণীন্দ্রলাল ভৌমিক—তাদের যথেষ্ট অভিজ্ঞতা আছে।

শ্রীআতিকুল ইসলাম— যেখানে তাদের ট্রেনিং দেওয়া হয় দেরাদুনে সেখানে রাস্তা কিভাবে তৈরী হয় সেই ট্রেনিং তাদের দেওয়া হয় না। কাজেই এইগুলি একটা টেকনিক্যাল লোককে দিয়ে অ্যালাইনমেণ্ট করানো বাঞ্ছনীয় নয় কি ?

শ্রীমণীন্দ্রলাল ভৌমিক—মাননীয় অধ্যক্ষ মহোদয়, এখনপর্য্যন্ত যেভাবে কাজ চলছে তাতে ফরেষ্ট ডিপার্টমেণ্টের ফরেষ্ট রোডগুলি ভালভাবেই করা হয়েছে এবং তাতে কোন ডিফেক্ট আছে বলে আমরা মনে করি না।

মিঃ স্পীকার—তাঁরা কি প্রথম কন্ট্রাক্টরের থ্রুতে করান, না ফেইলিং কণ্ট্রাক্ট, দে টেক আপ দি ওয়ার্ক ?

শ্রীমণীন্দ্রলাল ভৌমিক—এর কোন প্রয়োজন নেই। কোন ফরেষ্ট রেঞ্জারকে আবার সাব ওভারসীয়ারীতে বা ওভারসীয়ারীতে দেওয়ার কোন প্রয়োজন নাই।

শ্রীমনচুর আলী—মাননীয় মন্ত্রী মহোদয় কি মনে করেন না যে এই সমস্ত রাস্তাগুলির টাকা মিসইউজ হতে পারে যদি এভাবে কোন ইঞ্জিনীয়ার দিয়ে না করান হয় ?

শ্রী বি, দাস—মাননীয় অধ্যক্ষ, মহোদয়, সেখানে আমাদের অভিজ্ঞ অফিসার রয়েছেন, ফরেষ্ট ডিপার্টমেণ্ট রয়ে গেছে এবং সেখানে তারা অ্যালাইনমেণ্ট করছেন, আমাদের পি, ডব্লিও, ডি, ডিপার্টমেণ্ট আছে তাদের সাথে প্রয়োজন বোধে আলোচনাও করা হয়, অ্যালাইনমেণ্ট করা হয়।

শ্রী আতিকুল ইসলাম—আগের মন্ত্রী বললেন যে আমরা ডিপার্টমেণ্টালী করি, আমরা ওদের কাছে যাই না, আর তিনি বললেন যে আমরা যাই, কোন কথাটা সত্যি?

শ্রীবি, দাস—দুটো কথাই সত্যি। আমবা ডিপার্টমেণ্টালী করি এইকথাও সত্যি এবং প্রয়োজনবোধে আমরা তাদের হেল্‌প নেই এই কথাও সত্যি।

Mr. Speaker—Shri Aghore Deb Barma.

Shri Aghore Deb Barma—Question No. 620 (Postponed)

Shri B. Das—Hon'ble Speaker, Sir, Starred Question No. 620

QUESTION	REPLY
1. Whether more than five hundred Jumia families had to leave the area of Chamanu, Rajdharnagar and Gobinda Bari ;	No. Only 213 families.
3. if so, what are the reasons ;	Shortage of land for Jhum cultivation.

QUESTION	ANSWER
3. if it is a fact, what are the actual numbers of family and where they have gone ?	213 families. Out of these 63 families shifted towards Myoni Forest 70 families towards Gumati in Amarpur Sub-Division,50 families towards Kanchanpur in Dharmanagar Sub-Divissian and 30 families towards Assam.

শ্রীঅঘোর দেববর্ম্মা—মাননীয় মন্ত্রী মহোদয় কি বলতে পারেন, যে সমস্ত জুমিয়া ফেমিলিজ ছামনু, রাজধরনগর, গোবিন্দবাড়ী এলাকা,পরিত্যাগ করতে বাধ্য হয়েছে, তারা কোন মাসে এই স্থান থেকে চলে গিয়েছিল ?

শ্রী বি, দাস—আই ডিমাণ্ড নোটিশ।

শ্রী লুড়া আং মগ—এই যে মায়নি ফরেষ্টের কথা বলছেন, এই মায়নি ফরেষ্ট কোন রাজ্যে অবস্থিত বলতে পারেন কি ?

শ্রী বি, দাস— মাননীয় অধ্যক্ষ, মহোদয়, মায়নি ফরেষ্ট কোথায় সেই তথ্যটি এই মুহূর্ত্তে আমার কাছে নাই, সো আই ডিমাণ্ড নোটিশ।

শ্রী লুড়া আং মগ—একথা কি সত্য নয় যে এই মায়নি ফরেষ্ট পাকিস্তানে ?

শ্রী বি, দাস—মাননীয় অধ্যক্ষ, মহোদয়, আমি বলেছি, এই তথ্যটি আমার কাছে নাই, সো ডিমাণ্ড নোটিশ।

Mr. Speaker—Hon'ble Minister not in a position to give evidence on this question.

শ্রী লুড়া আং মগ—পরিত্যাগ করে যাওয়ার কারণ জানতে পারি কি ?

মিঃ স্পীকার—আগেইত বলা হয়েছে যে shortage of Jhum land.

শ্রী অঘোর দেববর্ম্মা—এইভাবে যে জুমিয়ারা স্থান পরিত্যাগ করে চলে যেতে বাধ্য হচ্ছে, সেটা বন্ধ করার জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন ?

শ্রী বি, দাস—মাননীয় অধ্যক্ষ, মহোদয়, তারা বাধ্য হচ্ছে না সেখানে সর্টেজ অব ল্যাণ্ড আমি এ কথাটাই বলেছি এবং জুম কালটিভেশান ২/৩ বছর করার পর জুমিয়ারা সেই জায়গা ছেড়ে দিয়ে চলে যায়। কাজেই সেখানে বাধ্য হচ্ছেনা, তাদের প্রয়োজনের তাগিদে তারা যাচ্ছেন।

শ্রী অঘোর দেববর্ম্মা—ইহা কি সত্য, জুম কাটা নিষেধ করার ফলে তারা এই সব স্থান পরিত্যাগ করতে বাধ্য হয়েছিল ?

শ্রী বি, দাস—মাননীয় অধ্যক্ষ, মহোদয়, জুম কাটা কোনকালেই নিষেধ করা হয় নাই, এবং এখনও কাটছে।

Mr. Speaker—Shri Ershad Ali Chowdhury.

Shri Ershad Ali Chowdhury 949

Shri B. Das—Hon'ble Speaker, Sir, Sarred Question No. 949

QUESTION	REPLY
1. Whether it is a fact that a plantation of Patichari and another at Bisramganj has been burnt into ashes by a recent fire accident.	Yes at patichari. No plantation at Bisramganj.
2. if it be so, the amount of loss incurred for this reason ?	Rs. 900.00 (Approx).

শ্রী এরসাদ আলী চৌধুরী—যদি বিশ্রামগঞ্জ প্ল্যান্টেশান পোড়া না গিয়ে থাকে, তাহলে কি শ্রেণীর বন পোড়া গিয়েছে ?

শ্রী বি, দাস—মাননীয় অধ্যক্ষ, মহোদয়, এই প্রশ্নের জবাবে আমি বলেছি—নো প্ল্যান্টেশান এ্যাট বিশ্রামগঞ্জ।

Mr. Speaker—There is no plantation at Bisramganj.

শ্রী অঘোর দেববর্ম্মা—মাননীয় মন্ত্রী মহোদয় কি বলতে চান, বিশ্রামগঞ্জ এলাকার মধ্যে কোন ফরেষ্ট প্ল্যান্টেশান হচ্ছে না ?

শ্রী বি, দাস :—বিশ্রামগঞ্জে ফায়ার এ্যাকসিডেন্ট হয়নি এইটুকুনই আমি বলতে চাই।

মিঃ স্পীকার :—শ্রীহেমন্ত দেব।

।হেমন্ত দেব :—৯৫৬

শ্রী বি, দাস :—মাননীয় অধ্যক্ষ, মহোদয়, ষ্টার্ড কোশ্চান নাম্বার ৯৫৬

প্রশ্ন	উত্তর
সীমনা এলাকায় সরকার নূতন ভাবে ফরেষ্ট রিজার্ভ করার জন্য যে চৌহদ্দি দিয়া নোটিস দেওয়া হইয়াছে, এই চৌহদ্দির ভিতর কত সংখ্যক লোকের বাড়ীঘর পড়িয়াছে ?	তথ্য সংগ্রহ করা হইতেছে।

Mr. Speaker :— I would call on Shri Atiqul Islam again.

Shri Atiqul Islam :—629

Shri B. Das :—Hon'ble Speaker, Sir, Starred Question No. 629

QUESTION	ANSWER
1. Whether it is a fact that the Government of India, Ministry of Rehabilitation sanctioned a big amount as grant for the construction of a 40 bedded ward in the G. B. Hospital for the treatment of displaced persons from East Pakistan ;	Yes.

QUESTION	REPLY
2. if so, whether the said ward has been constructed ;	Works have been entrusted with the Engineering Dept. and necessary action has been taken up.
3. if not, the reasons of not constructing the ward so long ?	Delay was due to selection of site.

শ্রীআতিকুল ইসলাম :—সেণ্ট্রাল গভর্ণমেণ্ট এই স্যাংকশান কোন ইয়ারে দিয়েছেন ?

শ্রী বি, দাস :—ইন দি ইয়ার ১৯৬২।

শ্রীআতিকুল ইসলাম :—১৯৬২'তে যে স্যাংকশানটা আসল, ১৯৬৬'এ তার কনষ্ট্রাকশান সুরু হল না কেন ?

শ্রী বি, দাস :—কনষ্ট্রাকশান শীঘ্রই সুরু হচ্ছে, মাননীয় অধ্যক্ষ, মহোদয়, তারপর এই প্রশ্নের জবাবে আমি বলেছি যে delay was due to site selection.

শ্রী আতিকুল ইসলাম :—সাইট সিলেকশান হওয়ার আগেই কি স্যাংকশানটা এসে পড়েছিল ?

শ্রী বি, দাস :—স্যাংকশানটা ১৯৬২'তে এসেছে, কাজেই সাইট সিলেকশানের আগেই এসেছে।

শ্রীআতিকুল ইসলাম :—যখন স্কীমটা পাঠান হয়েছে, তখন কি সাইট সিলেকশান করে স্কীমটা পাঠান হয়নি ?

শ্রী বি, দাস :—মাননীয় অধ্যক্ষ, মহোদয়, এখানে প্রশ্নেতেই আছে যে— Whether it is a

fact that the Government of India, Ministry of Rehabilitation sanctioned a big amount as grant for the construction of a 40 bedded ward in the G, B. Hospital for the treatment of displaced persons from East Pakistan ; কাজেই টাকাটা ডিসপ্লেস্‌ড পার্সন্সদের জন্য টাকাটা সেখান থেকে আসছে, স্কীমটা এখান থেকে যায়নি, সেখান থেকেই টাকাটা আমাদের গ্র্যাণ্ট দিয়েছে।

শ্রীআতিকুল ইসলাম :—স্কীমটা কি সেণ্ট্রাল গভর্ণমেণ্ট করে পাঠিয়েছেন, না আপনারা পাঠাবার পর তারা সেটা স্যাংকশান করেছেন ?

শ্রী বি, দাস :—সেণ্ট্রাল গভর্ণমেণ্ট আমাদের টাকা দিয়েছেন ডিসপ্লেস্‌ড পার্সন্স যারা আছেন তাদের জন্য আমাদের যে জি, বি, হাসপাতাল আছে, তার মধ্যে ৪০ বেডের একটা ওয়ার্ড বাড়ানোর জন্য।

শ্রী আতিকুল ইসলাম :—১৯৬২'তে সেখানে স্যাংকশান আসল, সাইট সিলেকশান করতে সেখানে দেরী হল কেন ?

শ্রী বি, দাস— মাননীয় অধ্যক্ষ, মহোদয়, সাইট সিলেকশান সম্পর্কে, আমাকে এইটুকু বলতে হয় যে যখন টাকাটা এল, তখন এখানে আমরা চিন্তা করলাম যে জি, বি, হাসপাতাল যেখানে আমাদের আছে, সেখানে আরেকটু জায়গা নেওয়া যায় কিনা এবং সেটাকে বাড়ানো যায় কিনা, সেইজন্য আমরা মহারাজার কিছুটা জায়গা ছিল, সেই জায়গাটা আমরা চেয়েছিলাম। সেই জায়গাটা শেষ পর্য্যন্ত মহারাজার কাছ থেকে আমরা পাইনি, সেইজন্য আমাদের দেরী হয়ে গেল, এখন আমাদের সাইট সিলেকশান হয়ে গেছে।

শ্রীআতিকুল ইসলাম,—সাইট সিলেকশান এখন কোথায় হয়েছে ?

শ্রী বি, দাস :—জি, বি, হসপিট্যাল কম্পাউণ্ডের ভিতর।

শ্রীঅঘোর দেববর্ম্মা :—এই ওয়ার্কের জন্য কোন টেণ্ডার দেওয়া হয়েছে কিনা ?

শ্রী বি, দাস :–টেকনিক্যাল স্যাংকশান আমরা পেয়ে গেছি, শীঘ্রই টেণ্ডার কল করা হবে বলে আমরা আশা করছি।

শ্রীআতিকুল ইসলাম—এটা কি ঠিক যে ডিউ টু নেগলিজেন্স অব দি জি, বি হসপিট্যাল অথরিটি, এই কাজটা ঢীলে হয়েছে ?

শ্রী বি, দাস—মাননীয় অধ্যক্ষ, মহোদয়, এই কথাটা ঠিক নয়।

শ্রীরাজকুমার কমলজিত সিং—কত বেডের জন্য এক্সটেন্‌শান হবে ?

শ্রী বি, দাস—মাননীয় অধ্যক্ষ, মহোদয়, এটা প্রশ্নতেই লেখা আছে, ৪০ বেডেড।

মিঃ স্পীকার—শ্রীঅঘোর দেববর্ম্মা।

শ্রীঅঘোর দেববর্ম্মা—কোশ্চান নাম্বার ১৬৬

শ্রী বি, দাস—মাননীয় অধ্যক্ষ, মহোদয়, ষ্টার্ড কোশ্চান নাম্বার ১৬৬

QUESTION	ANSWER
1) Whether any proposal has been made by the Central Rubber Board to constitute a Rubber Plantation Department separate from the Forest Department in regard to Rubber Plantation in Tripura ;	No
2) if so, what steps have been taken by the Tripura Government ?	Does not arise.

শ্রীঅঘোর দেববর্ম্মা—মাননীয় মন্ত্রী মহোদয় বলতে পারেন কি, আমাদের বর্ত্তমান সি, এফ, ও, হেড অব দি ডিপার্টমেন্ট, রাবার প্ল্যান্টেশান সম্বন্ধে তার কোন ট্রেনিং আছে কিনা ?

শ্রী বি, দাস—আমাদের সি, এফ, ও'র রাবার প্ল্যান্টেশান ট্রেনিং নাই।

শ্রীঅঘোর দেববর্ম্মা—মাননীয় মন্ত্রী মহোদয়, এই রাবার প্ল্যাণ্টেশান আলাদা করা উচিত মনে করেন কি না ?

শ্রী বি দাস—রাবার প্ল্যান্টেশান বোর্ড কোনরকম প্রস্তাব করেন নি, কাজেই সেই প্রশ্ন এখানে আসে না।

শ্রীআতিকুল ইসলাম—এটা কি ঠিক, রাবার প্ল্যাণ্টেশান সম্পর্কে যাদের ট্রেনিং দিয়ে আনা হয়েছে, তাদের সঙ্গে সি, এফ, ও'র মতের মিল হচ্ছেনা এবং হচ্ছে না বলেই রাবার প্ল্যান্টেশান ট্রেনিং দিয়ে যাদের আনা হয়েছে, তাদের সেই সেন্টারে ডিপুট না করে অন্যদের সেখানে ডিপুট করা হচ্ছে ?

শ্রী বি, দাস—মাননীয় অধ্যক্ষ, মহোদয়, ব্যক্তিগত ব্যাপার এখানে চলে এল, সি, এফ, ও,এর ব্যাপার। রাবার প্ল্যান্টেশন বোর্ড সেটা প্রস্তাব করেন নি এবং উনারা সেখানে বুঝেছেন যে ফরেষ্ট ডিপার্টমেন্ট যেভাবে কাজ করছেন তাদের দিয়েই কাজ চলবে, সেইজন্যই হয়ত তারা সেটা করেন নি। আমি বলছি না যে এটাই তাদের ঠিক হবে। আমি যেটা ভাবছি সেটা হয়ত তারা ভেবেছে। কাজেই এই প্রসঙ্গটা এখানে আসে না যে সি, এফ, ও,এর সাথে অমুকের ঝগড়া ইত্যাদি ইত্যাদি।

Mr. Speaker—Shri Atiqul Islam.

Shri Atiqul Islam— 628.

Shri B. Das—Hon'ble Speaker, Sir, Starred Question No. 628.

QUESTION	ANSWER
1) Whether the accounts of the Ayurvedic Dispensary, Agartala for the years of 62-63, 63-64 and 64-65 have been audited by A.G. Assam & Nagaland ;	No.

QUESTION	REPLY
2) if not, the reasons there of?	It is seen from the records that the Audit Party did not ask for any detail information about the Ayurvedic Dispensary Agartala at the time of their inspection except during the year 1960-61 (i. e. at the time of the erstwhile TTC).

শ্রীআভিকুল ইসলাম—ত্রিপুরা গভর্ণমেণ্ট কি মনে করেন না যে আয়ুর্বেদিক ডিস্পেনসারীর অ্যাকাউনস্‌টা অডিটরকে দিয়ে অডিট করানো উচিত এবং সেখানে খুব অফ ইরেগুলারিটিজ রয়ে গেছে ?

শ্রী বি, দাস—আমাদের যে ডিরেক্টরেট অডিট পার্টি আছে তারাও মাঝে মাঝে সমস্ত ইন্সটিটিউশনে যান এবং ইন্সপেকশন করেন সমস্ত কাগজপত্র। কাজেই যে অডিট পার্টির কথা বলা হয়েছে তারা সেখানে মনে করেন নি যে সেটা আবার দেখার প্রয়োজন আছে।

শ্রীআভিকুল ইসলাম—এটা কি ঠিক নয় যে অডিট তার ইণ্টারনেল অডিটে পারচেজ অব হাবস্‌ সম্পর্কে খুব সিরিয়াস অবজেক্‌শান দিয়েছেন ?

শ্রী বি, দাস—আই ডিমাণ্ড নোটিশ।

Mr. Speaker—Shri Aghore Deb Barma.

Shri Aghore Deb Barma— 770.

Shri M. L. Bhowmik—Hon'ble Speaker, Sir, Question No. 770.

QUESTION	REPLY
1) What quantities of imported food-grains were found shortage at the time of transport, storage, handling and in other way from 1962 to last financial year ;	A statement is laid.
2) whether the shortage is abnormal ;	No.
3) what steps Govt. proposed to take to minimise the shortage ?	Departmental field staff are posted at Railway Stations to supervise clearance of foodgrains. Value of quantity found short beyond certain limits is deducted from the bills of the transport contractors at market prices. If shortage occurs due to fault of the contractors, value of the entire shortage is deducted from their bills. If shortage occurs in the godowns due to negligence of the staff discipli-

QUESTION REPLY

nary action is taken against them.

Instructions have been issued to all concerned for minimisation of storage losses.

All Sub-Divisional Officers/ Addl. Sub-Divisional Officers have been instructed to undertake surprise checks with a view to avoid transit shortages.

STATEMENT IN REPLY TO THE STARRED QUESTION NO. 770

Part (1) of the Question

Year	Rail Transit shortage.	Road transit shortage or handling shortage.	Storage shortage.	Damage shortage.
1961—62	1,27,825 Kg.	41,068,500 Kg.	32,735,269 Kg.	6359,200 Kg.
1962—63	8,48,724 „	64,017,488 „	8,034,163 „	16,415,137 „
1663—64	6,65,000 „	91,938,720 „	10,163,654 „	48,360,200 „
1964—65 (Estimated)	5,98,717 „	48,625,280 „	7,013,500 „	41,038,700 „

শ্রীঅঘোর দেববর্ম্মা—মাননীয় মন্ত্রী মহোদয় কি বলতে পারেন ডিউ টু নেগলিজেন্স অব ষ্টাফ যে বললেন এটা সম্পর্কে কার কার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ?

শ্রীমণীন্দ্রলাল ভৌমিক—আই ডিমাণ্ড নোটিশ।

শ্রীঅঘোর দেববর্ম্মা—লাষ্ট ফিনান্সিয়াল ইয়ারে চোরাইবাড়ী গোডাউন থেকে ৫০ টিন তেল নষ্ট হয়ে গেছে এই খবর রাখেন কিনা মাননীয় মন্ত্রী মহোদয় ?

শ্রীমণীন্দ্রলাল ভৌমিক—মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই জাতীয় খবর আমাদের কাছে নাই। সো আই ডিমাণ্ড নোটিশ।

Mr. Speaker—Shri Atiqul Islam.

Shri Atiqul Islam—630.

Shri B. Das—Hon'ble Speaker, Sir, Starred question No. 630

QUESTION	ANSWER
1) Whether it is a fact that all hospitals, Primary Health Centres, dispensaries have now been experiencing acute shortage of medicines ;	No
2) if so, what are the reasons of not supplying the prescribed medicines to the patients from the out patient department ;	It is not a fact that medicines are not supplied to the attending patients from the Out Patient Dept. Medicines are generally

QUESTION	ANSWER
	supplied to the attending patients as per prescription of the Medical Officer In-charge of the Out Patient Department.
3) whether all kinds of medicines are supplied to the Medical Officers attached to the hospitals, Primary Health Centres and Dispensaries as per requisition submitted by them ;	All possible medicines are generally supplied to the Medical Officers attached to the Hospitals, Primary Health Centres and Dispensaries as per their requisitions.
4) if not, the reasons therof?	Does not arise.

শ্রীআতিকুল ইসলাম—এটা কি ঠিক নয় যে আগরতলা জি, বি, হাসপাতালে কিছুকাল আগে স্টক মিকচার করার জন্য কোন ঔষধ ছিল না ?

শ্রী বি, দাস—মাননীয় অধ্যক্ষ মহোদয়, এটা ঠিক নয়।

শ্রীআতিকুল ইসলাম—এটা কি ঠিক নয় যে আগরতলার জি, বি, হাসপাতালে ঔষধ নষ্ট হওয়ার ফলে বাজার থেকে ঔষধ কিনে রোগীদের দিতে হয়েছিল ?

শ্রী বি, দাস—একথাটা ঠিক নয়। যে মেডিসিনগুলি হাসপাতাল থেকে দেওয়ার কথা সেগুলি বরাবরই দেওয়া হচ্ছে। এমন কতগুলি মেডিসিন প্রেসক্রাইব করেন ডিপার্টমেণ্টাল

মেডিক্যাল ইনচার্জ্জ, যেগুলি আউট ডোর পেসেন্টকে সাপ্লাই করা হয় না, তারা বাধ্য হয়ে সেগুলি কিনে থাকে।

শ্রীআতিকুল ইসলাম—আমি বলছি ইনডোর পেসেনটদের কথা। ইনডোর পেসেন্টদেরও হাসপাতালের স্টকে ঔষধ না থাকার ফলে বাজার থেকে ঔষধ কিনে দেওয়া হয়েছিল কিনা ?

শ্রী বি. দাস—ইনডোর পেসেনটদের বেলায় কতগুলি মেডিসিন আছে যেগুলি নাকি উনাদের বরাবরই কিনে নিতে হয় এবং যে মেডিসিনগুলি সাধারণতঃ আমরা দিয়ে থাকি সেগুলি সেখানে ছিল এবং তা দেওয়া হয়েছে।

শ্রীআতিকুল ইসলাম—মাননীয় মন্ত্রী মহোদয় কি জানাবেন যে জি, বি, হাসপাতালের জন্য লাষ্ট ফিনানসিয়াল ইয়ারে ঔষধ কেনার জন্য কত টাকা স্যাংকশান ছিল ?

শ্রী বি, দাস—আই ডিমাণ্ড নোটিশ।

শ্রীআতিকুল ইসলাম—এটা কি ঠিক নয় যে কৈলাসহরে প্রাইমারী সেন্টারে ঔষধ না থাকার ফলে রোগীরা খুব কষ্ট ভোগ করেছে এবং এই সম্পর্কে পত্রপত্রিকায় খুব লিখা হচ্ছে ?

শ্রীমনীন্দ্রলাল ভৌমিক—মাননীয় অধ্যক্ষ মহোদয়, কৈলাসহরে কোন প্রাইমারী হেলথ সেণ্টার নাই।

শ্রীআতিকুল ইসলাম—কৈলাসহর হাসপালে মেডিসিনের খুব অ্যাকিউট অভাব আছে এটা সত্যি কিনা ?

শ্রী বি, দাস—মাননীয় অধ্যক্ষ মহোদয়, কৈলাসহরের হাসপাতালে ঔষধ পত্রের অ্যাকিউট অভাব এই কথাটা ঠিক নয়। ইনডোর এবং আউটডোর পেসেন্টদের আমরা কতগুলি ঔষধ দিয়ে থাকি আর কতগুলি ঔষধ বরাবরই বাইরে থেকে কিনতে হয়। কাজেই ঔষধের আভাব ছিল এই কথাটা ঠিক নয়।

শ্রীআতিকুল ইসলাম—মাননীয় মন্ত্রী মহোদয় লক্ষ্য করেছেন কি যে কয় দিন আগে স্থানীয় পত্রিকায় কৈলাসহর হাসপাতালে ঔষধের অভাব সম্পর্কে একটা সিরিয়াস নিউজ বেরিয়েছিল ?

শ্রীমণীন্দ্রলাল ভৌমিক—মাননীয় অধ্যক্ষ মহোদয়, পত্রিকাতে প্রকাশিত সব সংবাদই সব সময় সত্য হয় না।

শ্রীআতিকুল ইসলাম—মাননীয় মন্ত্রী মহোদয় দেখেছেন কি এই সংবাদ সত্যি কিনা ?

শ্রীমণীন্দ্রলাল ভৌমিক—মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই সংবাদ আমার দৃষ্টি আকর্ষণ করেছে এবং আমি খবর নিয়ে দেখেছি যে ঔষধের কোন অভাব সেখানে নেই।

শ্রীঅঘোর দেববর্ম্মা—মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি যে সমস্ত ডিস্পেন্সারী কিংবা হেলথ সেন্টারগুলি আছে সেই সেন্টারগুলিতে ঔষধ কি আগরতলা সেন্ট্রাল ষ্টোর থেকে সাপ্লাই দেওয়া হয় ?

শ্রী বি, দাস—মাননীয় অধ্যক্ষ মহোদয়, এখানে একটু ইতিহাস বলতে হয়। ইয়ারলি একটি ইনডেণ্ট প্রত্যেকটি ডিস্পেন্সারী এবং প্রাইমারী হেলথ সেণ্টার, হাসপাতাল থেকে আসে এবং সেই ইণ্ডেণ্ট অনুযায়ী ঔষধগুলি তাদের কাছে যায়। তাছাড়া আমাদের একটা সেণ্ট্রাল ষ্টোর থাকে, প্রয়োজন বোধে সেখান থেকে সেখানে পাঠান হয়।

শ্রী অঘোর দেববর্ম্মা—বছরে কতবার ইণ্ডেণ্ট দেওয়া হয় ?

শ্রী বি, দাস—ইয়ারলি ইণ্ডেণ্ট একবারই দেওয়া হয়, তারপর প্রয়োজন মত সেণ্ট্রাল ষ্টোর থেকে তারা ঔষধ নিয়ে যান অথবা যদি প্রয়োজন হয় আবার ইণ্ডেণ্ট দিতে পারেন।

শ্রীআতিকুল ইসলাম—বিভিন্ন ডিস্পেন্সারীতে বা হস্পিটালে ষ্টক ভেরিফিকেশান করার জন্য কোন পদ্ধতি আমাদের ডিরেক্টরেট অব হেলথ সার্ভিসে আছে কিনা ?

শ্রী বি, দাস—ডিরেক্টার অব হেলথ সার্ভিসেস এবং অন্যান্য সিনিয়র অফিসার যারা আছেন তারা সাধারণতঃ গিয়ে থাকেন এবং সেটা ইন্সপেকশান করে থাকেন।

শ্রী আতিকুল ইসলাম—যখন নাকি একজন অফিসার কোন ঔষধ ক্লেম করেন বা বলেন যে আমার কাছে ঔষধ নাই, তখন সেই ডিস্পেন্সারীর ষ্টক পজিশানটাকে কি ভেরিফাই করেন ?

শ্রী বি, দাস— মাননীয় অধ্যক্ষ মহোদয়, এটা ঔষধের ব্যাপার, রোগীর প্রয়োজনে সাধারণতঃ সেটা চাওয়া হয় এবং মেডিক্যাল অফিসার ইন চার্জ যিনি আছেন উনি ম্যান অব পজিশান

এবং ম্যান অব রেসপন্সিবিলিটি। উনি যেটা চান সেটা সংগে সংগে পাঠিয়ে দেওয়া হয়। পরে সেই খবরাখবর নিয়ে প্রয়োজনবোধে সেই সম্বন্ধে যখন ইন্সপেকশানে সিনিয়ার অফিসার বা ডি, এইচ, এস যান তখন সেটা দেখেন।

Mr. Speaker—The Starred Questions given notice of by the Members present are all over. There is one Starred Question given notice of by Shri Sunil Kr. Choudhury. If any Member interested may ask the question.

Shri Aghore Deb Barma—Question No. 865

Shri B. Das—Hon'ble Speaker, Sir, Starred Question No, 865

QUESTION	ANSWER
1. Whether the Government have contemplation to set up a tribal colony at Sandu Cherra in the Amarpur Sub-Division during the financial year, 1966—67 ;	No
2. If the answer is in the affirmative when the work will be taken up by Department concerned ;	Does not arise.
3. How many tribal families will be rehabilitated in the proposed colony ?	Does not arise.

Mr. Speaker—There are three other questions, given notice of by Shri Nripendra Chakraborty. Any Member, who is interested may ask the questions.

Shri Hemanta Deb— 552

Shri B. Das :—Hon'ble Speaker, Sir, Starred Question No. 552

QUESTION	ANSWER
1. The arrears in the collection of revenue in respect of (a) land revenue and (b) other taxes on 31st December, 1965 ;	Materials are under collection.
2. Whether arrears are on the increase ;	
3. if so, the reasons therefor ?	

Mr. Speaker :— Any other question ?

Shri Hemanta Deb :—563

Shri B. Das :—Hon'ble Speaker, Sir, Starred Question No. 563

QUESTION	ANSWER
1. What concrete steps have been taken by the	Tripura Declaration of Foodgrains Order, 1965 and Tripura foodgrains

QUESTION	ANSWER
Government to prevent paddy and rice being hoarded for profiteering purposes	storage and sale (Prohibition Order, 1965 prescribe regulatory measures. Sub-Divisional Officers, Addl. Sub-Divisional Officers, sub-Divisional controllers, Inspectors of the Food & Civil Supplies Department and Police personnel have been asked to ensure rigid enforcement of the various provisions of the Orders. The various provisions of the statutory orders have been given wide publicity. Co-operation of the members of the public has been sought for unearthing hoarded stock of foodgrains, if any.
2. Whether the steps are considered to be adequate ?	yes

Mr. Speaker —Any other question ?

Shri Hemanta Deb :—831

Shri B Das—Hon'ble Speaker. Sir, Starred Ouestion No. 831

QUESTION	ANSWER
1) Whether Tripura Govt. has put up any complaint against M/S P. N. Deb who was the authorised agents for lifting C.I. Sheets and steel etc. for Tripura ;	yes
2) if so, nature of those complaints ;	Malpractices and black-marketing
3) whether any investigation has been made into the complaints ;	yes
4) if so, result of that investigation ?	It was recommended that M/S. P. N. Dev & Co. (Private) Ltd. should be blacklisted with immediate effect.

শ্রীঅঘোর দেববর্ম্মা :—মাননীয় মন্ত্রী মহোদয় কি বলতে পারেন, অভিযোগগুলি কি কি ছিল ?

শ্রী বি, দাস :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই প্রশ্নের উত্তরেই আমি বলেছি যে malpractices and black marketing

Mr. Speaker :—Now the Starred questions are all over. There are some unstarred questions. I would request the Hon'ble Minister to lay on the table

of the House the reply to the Unstarred questions.

(Replies to the unstarred questions are shown in Appendix 'A')

We pass on to the Next Item.--Government Business--Voting on Demands for grants for 1966-67. Next, in the list of Business is voting on 7 demands– namely Demand No. 13—Misc. Deptt., 23—Misc. Social & Dev. Organisation, 44—Schemes for capital out lay on Govt. Trading, 32—Stationery & Printing, 30—Pensions & other retirement benefits, 31—Privy Purses & Allowances to the Indian Rulers & 43—Payment of Commuted value of Pensions are to be disposed of. Members have received the List of Business alongwith the Appendix showing the demands to be moved by the Hon'ble Ministers and the Cut Motions to be moved by the members concerned. Now the Hon'ble Minister will move his demand standing in his name one by one. I shall take all the cut motions to be moved and there will be discussion on the demands and the cut motions. Thereafter when the debate is closed, I shall dispose of them one after another by voice vote. I may also inform the Hon'ble members that I have decided to request Hon'ble Minister to move his demand Nos. 13—Misc. Deptts., 23—Misc. Social & Dev. organisation together & Demand Nos. 30 — Pensions & other retirement benefits, 31—privy purses & allowances of Indian Rulers and 43—payment of commuted value of pensions together and I shall have one general debate on these two groups of demands respectively as they are of allied nature. Of course I shall dispose of the demand separately. Now I would call on Hon'ble Minister to move his demands No 13—Misc. Deptts. & 23—Misc. Social & Dev. Organisation together.

Shri M. L. Bhowmik, (Dy. Minister.)

Hon'ble Speaker, Sir, on the recommendation of the Administrator, I beg to

move that a sum not exceeding Rs. 6,00,000/-, [inclusive of the sums specified in column 3 of the schedule to the Apprapriation (Vote on Account) Bill 1966] be granted to defray the charge which will come in course of payment during the year ending on the 31st day of March, 1967 in respect of Demand No. 13. Misc. Deptt.

Hon'ble Speaker, Sir, on the recommendation of the Administrator, I beg to move that a sum not exceeding Rs. 13,24,000/- [inclusive of the sums specified in column 3 of the schedule to the Appropriation (Vote on Account) Bill 1966], be granted to defray the charges which will come in course of payment the year ending on the 31st day of March, 1967 in respect of Demand No. 23—Misc. Social & Dev. organisations.

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি Demand No. 13 & 23 এই হাউসের সামনে রাখছি। দুইটি ডিমাণ্ডেই আমরা যে ব্যয় বরাদ্দের দাবী চেয়েছি, তা যুক্তিসঙ্গত। ত্রিপুরার মঙ্গলার্থে এই দাবী দুইটি হাউসের সামনে রাখা হয়েছে। আমি আশা করছি এগুলি সর্ব্বসম্মতিক্রমে গৃহীত হবে।

Mr. Speaker—Against Demand No. 13.there are 4 cut motions given notices of by Shri Atiqul Islam (3) & Shri Sunil Kr. Chowdhury (1) and against Demand No. 23, there are two cut motions, one by Shri Bulu Kuki, and another by Shri Atiqul Islam.

I would now call on Shri Atiqul Islam to discuss on his cut motions,

(i) that the Demand be reduced by Rs. 100/- to discuss on mismanagement in the Civil Supplies Dept.

(ii) that the demand be reduced by Rs. 100/- to discuss on mismanagement in the Fire Services, at Agartala.

(iii) That the demand be reduced by Rs. 100/- to discuss on failure to fixup profit margin of the essential commodities.

(iv) That thn demand be reduced by Rs. 100/- to discuss on mismanagement in the Statistical Deptt.

Shri Atiqul Islam :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের একটি Fire Service Organisation আছে। Fire Service organisation একটা essential organisation. এই Deptt. যদি mismanagement, চলে, অরাজকতা চলে বা একটা খাম খেয়ালী চলে, তাহলে শুধুই Dept. এর staffরাই suffer করে না—publicরাও suffer করে। তাই ঐ Deptt এ যে কি কাণ্ড কীর্ত্তি বা negligency চলছে তা আমাদের দেখা দরকার এবং সেটাকে আমরা কতটুকু সংশোধন করতে পারি। আমাদের Fire Service এর যে গাড়ীগুলি আছে সেগুলি কেনার পর থেকে আজ পর্য্যন্তও মেরামত করা হয়নি। গাড়ীগুলির এমন অবস্থা হয়েছে যে পিছন থেকে ধাক্কা না দিলে Engine start হয় না। কোন repair হয়নি যেহেতু mechanics নেই। 1957এ আমাদের Fire Service Unit start হয়েছে, তারপর থেকে কোন mechanicsকে appointment দেওয়া হয়নি, তবে ইদানিং নাকি একজন mechanicকে appointment দেওয়া হয়েছে। এই দীর্ঘকাল চলে গেল, সেই সময়টুকুর মধ্যে এই গাড়ীগুলিতে কোন প্রকার হাতই দেওয়া হয়নি। প্রতি সপ্তাহে বা মাসে একবার করে প্রত্যেকটি গাড়ীকে servicing করার কথা আছে, এমন কি তার জন্য একটি servicing Dockও আমরা তৈরী করে রেখেছি সেই fire service unitএর পিছনে, যাতে গাড়ীগুলিকে ঐ Dockএ রাখলে সুবিধা হয়। অথচ ঐ Dockএ গাড়ীগুলি যেতে পারে না তাই Dockটি হাঁ করে দাঁড়িয়ে আছে, সেটি একটি পাকা Dock। সেই Dock যাওয়ার রাস্তা নেই। ফলে গাড়ীগুলির আর servicing হচ্ছে না। অথচ বহু টাকা খরচ করে ঐ dockটি তৈরী হয়েছে। আর একটি কথা হচ্ছে আমাদের মাত্র একটি water tank গাড়ী আছে, সেইটিকে যদি servicingএর জন্য নিয়ে যাওয়া হয় তাহলে যদি কোন call আসে সেটা attend করা যাবে না। কাজেই এখানে দুইটি problem আছে, একটি হ'ল আমরা গাড়ীগুলিকে servicingএর জন্য নিয়ে যেতে পারছি না, আর যদিই বা নিয়ে যাওয়া হয়, ঐ মুহূর্ত্তে যদি কোন call আসে তাতে attend করা যাবে না, কেননা এখানে আর কোন গাড়ী থাকবে না। তাছাড়া যে water tank গাড়ী আছে, সেটাও leak হয়ে আছে, কোন প্রকারে মোমবাতি বা সাবান ইত্যাদি দিয়ে ঐ leak বন্ধ করে কোন রকমে কাজ চালানো হচ্ছে। এই leak হল তাকে সারিয়ে নিয়ে বা তার বদলে অন্য একটি water tank দেওয়া হবে, এরকম কোন arrangement নেই। Fire serviceএর গাড়ীর যদি tankটি leak হয়ে থাকে, তাহলে যে কি মারাত্মক অবস্থা ঘটবে, তা আপনরা সহজে অনুমান করতে পারেন। আমাদের এখানে যারা Fire Serviceএ কাজ করে তাদেরকে ২/২॥ ঘণ্টা ধরে parade করানো হয়। ঐ সময় যদি কোন call আসে তখন কি অবস্থা দাঁড়াবে। যারা parade করছে তাদেরকেই ঐ callটা attend করতে হবে। যারা on dutyতে আছে তারাও যে parade করবে, এই রকম নিয়ম কোথায় আছে কিনা, আমার জানা নেই। যারা parade করছে, ঐ সময় যদি একটা call আসে তখন তাদেরকে ছুটে গিয়ে ready হতে হবে। তারপর গাড়ীতে উঠে যথা স্থানে পৌঁছলে পরেই তাদেরকে service attend করতে হবে। By this

time বাড়ীঘর পুড়ে সব ছাই হয়ে যাবে। এই রকম ঘটনা আছে বৈকি। যা হউক ঘটনা থাক আর নাই বা থাক—এই যে procedure তা correct কি না? যারা on dutyতে থাকবে, সকাল বেলায় তাদেরকে দিয়ে parade করানো হবে না, না কি paradeএর জন্য আলাদা একটা groupই থাকবে, and to attend serviceএর জন্য আলাদা আর একটা group থাকবে ইত্যাদি। What should be the principle or what is the procedure to adopt। কিন্তু এই যদি হয় যে যারা সকাল বেলায় dutyতে থাকবে তাদেরকেও parade করতে হবে, তাহলে এই chaos সব সময় চলতে থাকবে। কাজেই এটাকে আমরা সমর্থন করতে পারি না। কেননা যারা dutyতে থাকবে তাদেরকে parade করতে হবে—এই যে একটা মারাত্মক system এখানে চলছে যার জন্য Public suffer করছে। তাই আমি মনে করছি যে এটাকে immediately discotinue করা উচিত।

তারপর হচ্ছে এই Fire Serviceএ মোট ৫৭ জন driver আছেন, তার মধ্যে একজন কোন কাজ করেন না, সে শুধু supdt of policeএর গাড়ী চালায় এবং তার যত T.A. D.A. এবং বেতনটা রীতিমত Fire Service খাতে বরাদ্দকৃত অর্থ থেকে সে পেয়ে থাকে। এই যে driverটি service করবে supdt policeএর, আর টাকা পয়সা বা বেতন ইত্যাদি নেবে Fire Service থেকে, এটা যে কোন দেশের নিয়ম এবং এভাবে openly যে corrupt practice চলতে দেওয়া হচ্ছে এটা উচিত কি না। আর এটা শুধু যে আজকেই চলে আসছে তা নয়, দীর্ঘদিন ধরে চলছে কিন্তু আজ পর্য্যন্ত এটাকে বন্ধ করার কোন প্রচেষ্টা কর্ত্তৃপক্ষ করছেন কিনা সেটা অবশ্য আমার জানা নেই। তবে তারা যদি মনে করে থাকেন যে Policeএর উপর হাত দেওয়া অনুচিত। তিনি একজন Policeএর বড় সাহেব তাকে ক্ষেপাতে চান না, যেহেতু তাকে দিয়ে দেশ ঠাণ্ডা রাখতে হয়। কাজেই সে যে corrupt practice করছে তা করুক সেটাকে আমরা tolerate করে নেব। আর Police এর সাহেবকে ক্ষেপালে তো public কে আর ঠেঙ্গানো যাবে না। কাজেই তার যা খুশী সে করুক কিন্তু তার বিরুদ্ধে আমরা কোনরকম ব্যবস্থা অবলম্বন করতে পারব না। আমরা জানি যে fire Servicc এ যারা কাজ করেন, তাদের প্রত্যেকের ৮ ঘণ্টা করে একটা specific duty থাকে, এবং ২/৩ টা করে base থাকে। কিন্তু আমাদের এখানে যারা কাজ করছেন, তাদের dutyর কোন সীমা নেই। কোন কোন সময় তারা ১২ | ১৩ | ১৪ ঘণ্টা করে duty দিয়ে থাকেন। অতএব যাকে ৮ | ৯ ঘণ্টা কাজ করার পর আবার যদি একটা call আসে এবং সেখানে যদি তাকে পাঠানো হয় তাহলে তার কাছ থেকে আমরা আশানুরূপ কাজ পেতে পারি না। অথচ এখানে তা করা হচ্ছে। অন্যত্র যারা নাকি Fire Service এ কাজ করেন তাদেরকে বিভিন্ন রকম allowance দিতে হয়। কিন্তু আমাদের এখানে যারা কাজ করছে তাদের বেতনটুকু ছাড়া আর অন্য কোন allowance দেই না। এমন কি অতিরিক্ত কাজ করার জন্য overtime এর প্রশ্নও উঠে না। (Interuption) যদি আপনারা মনে করেন যে আমার statement টা ঠিক না—I can accept any kind of challenge from

any corner। আজ পর্য্যন্ত যে সব statement আমি দিয়েছি তার সবগুলিরই আমি অক্ষরে অক্ষরে প্রমাণ দিতে পারি—দুঃখ হ'ল এই যে এগুলির কোন প্রামাণ কেউ চান না।

তারপর আমরা জানি যে Fire Service এর কর্ম্মচারীদের জন্য quarter করা হয়েছে যেখানে জলের জন্য pumping machine ও বসানো হয়েছে, কিন্তু electric connection না দেওয়ার দরুণ সেগুলি আজও তারা ব্যবহার করতে পারছেনা। আর এটা দেওয়া হচ্ছে না এই জন্য যে তার খরচটা কে বহন করবে।

তারপ আর একটা information আমার কাছে এসে পৌঁছেছে যে সেখানে তারা Defence Fund এর জন্য যে টাকা তুলেছেন, তা নাকি আজ পর্য্যন্তও Defenc Fund এ জমা দেওয়া হয়নি। Fire Service এর কর্ম্মচারীরা Defence Fund জমা দেওয়ার জন্য ১৬০৲ টাকা চাঁদা দিয়েছেন।

(Interruption)

কে টাকাটা জমা দেবে তা খুঁজে বের করার দায়িত্ব হচ্ছে আপনাদের। তারা চাঁদটা তুলে যার কাছে টাকাটা দেওয়ার কথা তাকেই দিয়েছেন, কিন্তু সেখান থেকে টাকাটা আজও Defence Fund এর যে authority, তার কাছে এসে পৌঁছায়নি। অতএব Defence Fund এর জন্য যে চাঁদা বা সাহায্য তোলা হচ্ছে সেগুলি ঠিক মত Defence fund এ জমা হচ্ছে কি না, আমাদের তা দেখা দরকার।

তারপর হচ্ছে একজন leading Fireman কে নাগপুর National Fire Service Training Institute থেকে training দিয়ে নিয়ে আসা হয়েছে। তাকে promotion দিয়ে station officer বা Sub-officer করার কথা, আর সেই জন্যই তাকে training দিয়ে আনা হয়েছে। training দিয়ে আসার পর সে আজ পর্য্যন্ত ও বসে আছে; তার promotionটা legitimate, তা তাকে দেওয়া হচ্ছে না। ফলে Fire Service Organisation খুবই suffer করছে। কেননা trained person যেখানে না থাকার ফলে Fire Service এর যে কাজকর্ম তা সুষ্ঠুভাবে হওয়াটা আমরা আশা করতে পারি না। অথচ সেখানে একটা post vacant হয়ে পড়ে আছে, সেই Post এ তাকে বা অন্য কাউকে promotion দেওয়া হচ্ছে না। তাহ'লে তাকে যে এত টাকা সরকারী খরচে training দিয়ে আনা হ'ল তার স্বার্থকতা কি? তাছাড়া আমরা এমন অনেক equipments কিনে এনেছি গাড়ীগুলিকে repair বা Fire Service এর অন্যান্য প্রয়োজনীয় কাজের জন্য। কিন্তু সেই equipments গুলি যে কোথায় গেল আমরা তার কোন খোঁজ খবর পাইনা—এ দিকে গাড়ীগুলির properly repair হচ্ছে না। কাজেই এই যে equipments সেগুলি কেনার পর কোথায় সে যায়, তা নিশ্চয় আমাদের খোঁজ করে দেখা দরকার যে, কেনই আমরা এইগুলি কিনলাম, আর কেনার পর সেগুলির কেন ব্যবহার করতে পারছি না।

তারপর আমরা এমনও দেখেছি যে Fire Serviceএ যারা কাজ করছে, তাদের মধ্যে অনেকেই ৭।৮ বছর ধরে চাকুরী করছে, অথচ তাদেরকে আজ পর্য্যন্তও quasi-permanent বলে declare করা হয়নি। আর অন্য যারা পাশাপাশি থেকে কাজ করছেন, তাদের অনেককেই quasi-permanent declare করা হয়েছে। এই anamolyটাকে আমাদের অতিদ্রুত মিমাংসা করা দরকার।

(Interruption)

যারা Fire Service এ কাজ করে তাদেরকে তো আমি class III বলেই জানি। কাজেই আমাদের এই Fire Service সম্পর্কে যে সমস্ত question গুলি আমি এখানে raise করলাম, আশা করব সেগুলিকে Enquiry করে যে যে step নেওয়ার প্রয়োজন কর্তৃপক্ষ সে সমস্ত step নেবেন। এই প্রসঙ্গে আমি এটুকু বলতে চাচ্ছি যে এখন আমাদের Fire Service যা আছে তাতে তারা দু'টো call একসঙ্গে attend করতে পারে না। দু'টো Tankও নেই, দু'টো গাড়ীও নেই। কাজেই দু'টো call একসঙ্গে তারা attend করতে পারে না। করতে পারলেও Tank একসঙ্গে যেতে পারে না। হয়তো একটা Tank এর একটা গাড়ী গেল, আর একটি গাড়ী এমনিতেই গেল। গিয়ে পুকুর থেকে জল নিয়ে আগুন নিভাতে হবে। যদি পুকুর না থাকে তাহলে পরে আর একটা গাড়ী গেলেও আগুন নেভাবার তার কোন possibility নেই। ফলে দুটো call আসলে পরে, একটা callএর সঙ্গে Tankএর গাড়ীটা যায়,আর একটা callএ শুধু গাড়ীটা যায় পাইপ নিয়ে, গিয়ে আশেপাশে কোন পুকুর,নালা,বা খাল যদি থাকে তাহলে সেখান থেকে জল নিয়ে আগুন নেভাবার চেষ্টা করে। আর যদি না থাকে তাহলে গিয়ে তারা সেখানে বসে থাকে আগুন তারা নেভাতে পারেনা। কাজেই আগরতলায় আমাদের এইরকম system থাকা দরকার যাতে দুটো call অন্ততঃ একসঙ্গে attend করতে পারে এবং তারজন্য আমাদের আর একটা tank, গাড়ী রাখা অত্যন্ত essential. অনেক ক্ষেত্রে অনেক সময়ে এরকম হয়েছে যে দু'টো call এসেছে একসঙ্গে, কিন্তু দু'টো call তারা একসঙ্গে attend করতে পারেন নি। কাজেই এই Fire service সম্পর্কে এইসব anamoly যে চলছে আমি আশা করবো যে এই সবগুলি immediately stop করা হবে এবং আমাদের Fire service এর যে improvment সেই improvement টাকে আরো better করা হবে।

আমি Statistical Deptt. সম্পর্কে দু' একটি কথা রাখতে চাই। Statistical Deptt. আমাদের একটা আছে। তার N. S. S. Deptt. অনেক Socio Economic Survey করেছে। বোধ হয় ৩ রাউণ্ড কি ৪ রাউণ্ড survey তারা সারা ত্রিপুরায় ইতিমধ্যে করে ফেলেছেন। কিন্তু সেগুলি আজ পর্য্যন্ত Publish হয় নি। Publish হওয়ার জন্য ওটার যে Central Organisation সেখান থেকেও Pressure দিচ্ছে। এখানকার তারাও চেষ্টা

করছে। কিন্তু কি কারণ আমি জানি না এই reportটা আজ পর্য্যন্তও Publish হলো না। অথচ এই reportটা Publish করা দরকার। কারণ Publish না হলে পরে আমরা জানতে পারবো না ত্রিপুরার Socio Economic Position কি? এটা একটা valid এবং important document হবে। আমি শুনেছি এখন হচ্ছে না এইজন্য যে এই সবগুলি Figure নিয়ে study করে যে একটা বই বের করবে সেরকম Experienced Personকে আমাদের এখানে appointment দেওয়া হয়নি এবং দেওয়া হয়নি বলে এগুলি বেরুচ্ছে না। ত্রিপুরা Govt. Tribalদের মধ্যে ঋণ কি হারে আছে, তাদের indebtedness কি পরিমাণ through N. S. S. তার একটা Survey করেছে বলে আমি শুনেছি। এখন যদি সেই reportটা বের হতো তাহলে আমি দেখতাম যে Tribalদের ঘাড়ে Per head কত ঋণ সেখানে জমে আছে। এখন আমি যতদূর জানি ভারতবর্ষের আর কোন দেশেতে এত ঋণের বোঝা নিয়ে কোন কৃষক নেই। সাধারণ ভাবে overall কৃষকদের ঋণের বোঝাটা কি, কতটুকু survey করা হয়েছে, সেই reportগুলি যদি বের হতো তাহলে আমরা দেখতাম যে ত্রিপুরা রাজ্যের কৃষকদের ঋণ কি রকম চলে আসছে এবং সেখানে দেখা যেত যে year after year ঋণ কেবল বাড়ছে। এক বছরে যা ঋণ ছিল, Next yearএ যখন survey করা হতো তখন দেখা যেত সেখানে Total ঋণের পরিমাণটা Per head আরো বেড়ে গেছে। তাহলে আজ আমরা দেখতে পারতাম ত্রিপুরা রাজ্যের Economic conditionটা কি অবস্থায় আছে এবং আমাদের কি step নেওয়া উচিত ছিল। কিন্তু সেই reportটা আজ পর্য্যন্ত Publish হচ্ছে না। Publish না হওয়ার ফলে তার যে benifit আমাদের পাওয়ার কথা, সেখান থেকে যে উপকারটুকু পেতে চাই survey করে, সেটুকু আমরা পাচ্ছি না। তাহলে পরে আমাদের N. S. S. Deptt. দিয়ে এগুলি survey করানর সার্থকতা কি? কতগুলি Figure আমরা call করে এনে রাখলাম। Figureগুলি officeএ এসে পড়ে থাকল, সেগুলিকে study করে, research করে তার থেকে নিয়ে যে আমি একটা বই বের করব, আমি তা করলাম না। তাহলে পরে এই রকম একটা survey করে, কতগুলি Figure collect করে এনে officeএ রেখে দেওয়ার কোন সার্থকতা থাকে না। আমাদের পাঁচ পাঁচটি বছর নষ্ট হচ্ছে।

(Hon'ble Speaker will resumed the chair)

কাজেই আমাদের entire পাঁচ পাঁচটি বছর সেখানে suffer করেছে। কাজেই এই রকম একটা important subject সম্পর্কে যদি Govt. এই রকম neglectful attitude নিয়ে চলে তাহলে সেই Deptt কে চালু রাখার কোন সার্থকতা আমাদের নেই। আর একথা আমি আগেও অনেকবার বলেছি যে statistical Deptt থেকে যে বইপত্র বের করার কথা—quaterly bulletin, fortnightly bulletin বা other bulletin তারা এগুলি timely কোন সময়ে বের করেন না। অভ্যাস তাদেরও হয়ে গেছে, আমাদের ও হয়ে গেছে বোধ হয়, Govt. এরও হয়ে গেছে। Timely

ওরা সেগুলি কোন সময়েই বের করেন না। অবশ্য আমরা জানি Bengalএ daily bulletin daily publish হচ্ছে। আমাদের এখানে সেই সমস্ত বা quarterly bulletin টা, এক মাসের bulletin টা পরের মাসের শেষে গিয়ে বের হয়। quaterly bulletin এক মাস পার হয়ে গিয়ে পরের মাস আসলে পরে বের হয়। গত সপ্তাহেরটা এখনও আমাদের publishই হয়নি। এই পদ্ধতিটা যে আজকে আমি হাউসকে নূতন বলছি তা নয়, আমি আগে থেকেও বলে আসছি। কিন্তু মনে হয় আমাদের সরকারের চামরাটা গণ্ডারের মত হয়ে গেছে, কিছু বললে গায়ে আর লাগেনা। কাজেই চলছে তো চলছে, আমরা ও চলছি, তারা ও চলছে, Govt ও চলছে। কোন step কোন জায়গাতে নেওয়া হচ্ছে না বলে improvement কোন কিছু হচ্ছে না। যে ভাবে চলবার সেই ভাবেই চলেছে, কিন্তু গতানুগতিক বিধান সভা হওয়ার পর improvement হবে আশা করেছিলাম। কিন্তু এখন হতাশ হচ্ছি যে improvement ত হচ্ছে না, বরঞ্চ খানিকটা অবনতি হচ্ছে। আমি জানি এখানে দাঁড়িয়ে মন্ত্রীরা বলবেন যে এগুলির একটাও সত্যি নয়, সবই বানানো গল্প বলে বলা হবে। ওকালতি করার মত লোক এখানে আছেন, সাপাই গাওয়ার লোক আছে বলেই তারা তা করতে পারেন, আর সেই জন্যই তো corruption বা malpractice বন্ধ হয় না, সবই একভাবে চলতে থাকে। You please accept my challenge whether I can prove my allegation or not. But nobody accepts my challege, that is the affairs. যা হউক এই রকম একটা position চলছে। আর সরকারী গাড়ী কে ব্যবহার করেন, বা না করেন, তা আমি নাই বা বললাম। গাড়ী তো সবাই ব্যবহার করে থাকেন, কাজেই particular কোন অফিসারের কথা বলে লাভ নেই। statistical Dept. সম্পর্কে যদি Govt. কিছু করতে ইচ্ছুক হন, তবে শুধু এইটুকু করার চেষ্টা করুন, তারা যাতে quarterly bulletinগুলি সময়মত বের করেন এবং যে survey করা হল through Statisties Dept. তার থেকে research করে, study করে যে বইটি বের করার কথা, সেটা যাতে timely বের করা হয় আমাদের তা দেখা উচিত। এই বইটি বের করার জন্য Central Statisties Dept. থেকে ত্রিপুরা Govt. এর উপর খুব চাপ দেওয়া হচ্ছে। কিন্তু ত্রিপুরা সরকার নড়ছেন না। পাথরের মত বসে আছেন, তাই বই ও বের হচ্ছে না। যদি আমরা ত্রিপুরার socio economic position টা জানতে চাই তা হ'লে এই বইটা বের করা দরকার।

Civil Supply Dept. টাতো আসল। সেখানে uncivil custom ও চলে। সেইদিন তো তারা একটা কর্ম্মচারীকে ধরেছেন। অবশ্য আমরা জানি যে কর্ম্মচারীটি ধরা পড়বেন, তবে অফিসার যে ধরা পড়বেন না তা আমার অভিজ্ঞতা দিয়ে জানি। কেননা একটা Class III employee কে ধরা সহজ, কিন্তু অফিসার বা A.D.M. যখন ঘুষ খান তখন তাকে ধরা চলে না। আমি জানি যে একজন Class III বা Class IV employee এর বিরুদ্ধে complain দেই, যদি তা এখনি enquiry করা হবে, step ও নেওয়া হবে, কিন্তু অফিসারের বিরুদ্ধে যদি complain করি,

তাহলে protection দেওয়া হবে—যে সব ঝুটা হ্যায়, কিছুই ঠিক নয়। সেই অভিজ্ঞতা আমার আছে। কাজেই Class III or Class IV employee নিয়ে আমি মাথা ঘামাই না। আমি বরাবরই বলে আসছি যে corruption বন্ধ করতে হলে begin from the top, not from the bottom। Corruption বন্ধ করতে হলে সুরু করতে হয় from the officers, not from the employees in the lower rank এবং সেখান থেকে শুরু না করলে পরে corruption বন্ধ হবে না। আমরা জানি Civil Supply Inspector নানা জায়গায় গিয়ে অনেক case ধরেছেন—ধরার পরও কোন step নেওয়া হয় না। কারণ মন্ত্রীরা protection দেন। আমি উদাহরণ হিসাবে ২।১টি ঘটনার কথা বলছি। তার দ্বারা বুঝা যাবে যে ঘটনাটা কতখানি সত্য! ইন্দ্রনগরে কিছু-দিন আগে One Rakshit বলে একজন ভদ্রলোক, তিনি বোধ হয় কংগ্রেসের একজন পাণ্ডাই হবেন। উনার পুরা নামটা আমার মনে নেই। তাকে certain Food Inspector, যখন তিনি চাউলটা সেখান থেকে সরিয়ে নিয়ে যাচ্ছেন; তখন তাকে ধরেছিলেন, সেখানে ৪.৫ bag বা আরও বেশী হতে পারে। Food Inspector তাকে ৪/৫ bag চাউল সহ ধরলেন, ধরার পর তিনি আর সেই কেস্‌টি pursue করতে পারলেন না। কারণ বিভিন্ন দিক থেকে তার উপর চাপ আসতে লাগল।

(Interruption)

ইন্দ্রনগরে কোন রক্ষিতের নামে কোন Smuggling কেস্ ফাইলে আছে কিনা অনুগ্রহ করে খোঁজ নেবেন এবং দেখবেন আমি যা বলছি তা সত্যি। এই লোকটি শর্মা লোহার কো-অপারেটিভ দোকান থেকে চাউল পাচার করবার সময় ঐ একই ইন্সপেক্টার কর্ত্তৃক ধৃত হল কিন্তু তাদের বিরুদ্ধে কোন ব্যবস্থা গ্রহণ করা যায় না, কারণ there are ministers to give them protection. কাজেই বার বার ধরা পড়লে ও আসামী খালাসই পায়, কোন step আর নেওয়া হয় না। নুতন নগরে একটা Co-operative Ration Shop আছে, গভর্ণমেন্ট থেকে চাউল নিয়ে ঐ দোকান চালায়, কিছু দিন আগে তারা ঐ দোকানের চাউল নিয়ে বাজারে বিক্রী করে দিলেন। প্রায় ৫ হাজার মণের মত চাউল বিক্রী করে দিলেন। ঐ Co-operative Ration Shop by adopting resolution সব চাউল বাজারে বিক্রী করে দিলেন। Food Inspector যখন ঐ খবর পেলেন, তখন enquiry করে report দিলেন। Report দিবার পর আর কোন কিছুই হল না। ঐ ফাইল চাপাই পরে আছে। (Interruption) মন্ত্রী ছাড়া আর Protectionকে দিবে? কাজেই এতগুলি চাউল বাজারে পাচার হয়ে গেল। এই সমস্ত কয়েকটা ঘটনা থেকে বোঝা যায় corruption কোন স্তরে আছে, আর তা কেন বন্ধ করা যাচ্ছে না। আমরা জানি ত্রিপুরা রাজ্যের অনেক টিন এবং quotaর মাল পত্র এখানে আসে না তা, কলিকাতার বাজারে বিক্রী হয়ে যায়। বিভিন্ন agent ঐ সমস্ত জিনিষ handling করেন এবং তারা ঐসব কাজ করেন, ঐসব ঘটনা যে আমাদের

জানা নেই, তা নয়, কিন্তু সব জিনিষ দলিল পত্রে প্রমাণ করা যায় না, আর কোন কোন ক্ষেত্রে তা করা গেলেও এমন সব প্রতিবন্ধক আসে যে কিছু করা যায় না। নানা দিক থেকে ঐসব লোক-গুলিকে protection দেওয়া হয়। Government ইচ্ছা করলে তার একটা বিহিত করতে পারেন, যেখানে Anti corruption Deptt. আছে Vigilance Deptt. আছে, তাহারা enquiry করাতে পারেন, কেন এই রাজ্যের মাল এখানে আসার আগেই পথে বিক্রী হয়ে যায়। সেগুলি সরকার বন্ধ করতে পারেন, কিন্তু তা বন্ধ করানো হয় না। তা না হলে একজন অফিসার যার ৫ হাজার টাকার personal property ছিল, ১ বৎসর যেতে না যেতেই তার property ২ গুণ ৩ গুণ হয়ে যায় কি করে? কি করে তার বাড়ীতে দালান উঠে? যদি গভর্ণমেণ্ট সেই সব enquiry করতেন তাহলে সে সব তথ্য বের হত কিন্তু তা তারা করছেন না। এবং করেন না বলেই top rank এর যে Corruption তা দিন দিন বাড়ছে আর lower rank এর যে Corruption-class III, IV employeeরা ৫ টাকা খেয়ে ধরা পড়ে আর চাকুরী যায় বা suspend হয়। কাজেই coriuption বন্ধ করতে হলে তা higher level থেকে শুরু করতে হবে নতুবা তা বন্ধ করা যাবেনা।

এই Civil Supply Deptt. থেকে যে চাউল দেওয়া হয়, আমি জানি বিভিন্ন জায়গায় তা সময় মত গিয়ে পৌছে না, ছামনুতে প্রচণ্ড দুর্ভিক্ষ চলেছে—চাউলের দাম ৪০/৫০/৬০ টাকা গিয়ে পৌছেছে। কালই আমরা পত্রিকায় দেখেছি যে রেশনের চাউল সেখানে গিয়ে পৌছায় নাই। বিভিন্ন জায়গায় যে ধরণের চাউল দেন মানুষ তা খেতে চায় না, পঁচা, দুর্গন্ধময় চাউল। অথচ মন্ত্রীরাও রেশনের চাউল খান না। কাজেই তারা জানেন না রেশনের যে চাউল দেওয়া হয় তা কি ধরণের এবং তাতে যে ধান মেশানো থাকে তা আলাদা করলে চাউলের ওজন প্রায় অর্দ্ধেক হবে।

যারা রেশনের চাউল খান তারাই বুঝতে পারবেন যে আমি যা বলছি তা সত্য এবং এই ব্যবস্থা অনবরত চলে আসছে। তা দূর করার কোন চেষ্টাই এই ডিপার্টমেণ্ট করছেন না। আমরা একটা Syndicateকে চাউল কেনার permit দিয়েছি, profit করার জন্য তাদের একটা Rate আছে, এখন তারা যে দামে মালটা কিনল সেটা সত্যি কিনা তা কে Verify করে? তারা যে carrying cost charge করল, তা কে verify করে? তারা যে দরে কিনল এবং এবং Transport cost যা পরেছে বলল তারই সঙ্গে একটা Marginal profit ঠিক করে নিয়ে তারা খালাস। কাজেই ব্যবসায়ীরা যে carrying cost পড়েছে বলে claim করে সেটা যাতে properly verify করে তার উপর জিনিষের দাম নির্দ্ধারণ করা হয়, সে ব্যবস্থা করা দরকার।

Mr. Speaker—I would now call on Shri Bulu Kuki. He is absent. I would call on Shri Hlura Aung Mag 'to discuss on cut motion tabled by Shri Sunil Kr. Choudhury as he has been authorised. That the demand be

reduced by Rs. 100/- to discuss on inadequecy of provision for air lifting essential Commodities-

Shri Hlura Ang Mag—মাননীয় অধ্যক্ষ মহোদয়, এখানে এই cut motion রাখার উদ্দেশ্য হল ত্রিপুরা রাজ্যে নিত্য প্রয়োজনীয় খাদ্যদ্রব্যের মূল্য যেভাবে বৃদ্ধি হচ্ছে এবং সাথে সাথে যে অভাব দেখা দিচ্ছে তা পূরণের জন্যই। এখানে Subsidy of air lifting of essential Commodities বাবদ যে বাজেট রাখা হয়েছে তা মাত্র ১৫ হাজার টাকা। এই টাকা আমাদের প্রয়োজনের তুলনায় অতি নগণ্য। ত্রিপুরা রাজ্যে আমরা দেখি যে নিত্য প্রয়োজনীয় দ্রব্যের অভাব সব সময়ই থাকে, যেমন গতবার লবণ ২০ নঃ পয়সার জায়গায় তার সের দশ আনা পর্য্যন্ত মফঃস্বল এলাকায় উঠেছিল। কাজেই ঐসব জায়গায় যাতে নিত্য প্রয়োজনীয় দ্রব্য অতি দ্রুত পৌঁছাইয়া দিতে পারি তার ব্যবস্থা রাখার প্রয়োজন। এখানে নিত্য প্রয়োজনীয় জিনিষের যখন অভাব দেখা দেয় তখন যাতে এরোপ্লেন করে কলিকাতা থেকে মাল আনা যায় তার ব্যবস্থা করতে হবে। তা না করা গেলে অসৎ ব্যবসায়ীরা জিনিষের চরম দাম নেয় এবং তাতে জনসাধারণের অসুবিধা হয়। যারা অসাধু ব্যবসায়ী তারা সব সময়ই এইরূপ সুযোগের অপেক্ষায় থাকে। গতবার যখন কলিকাতা হইতে লবণ Booking বন্ধ হয় (যখন কাশ্মীরে পাকিস্তানী হানাদার আক্রমণ করে) এবং রেল লাইন নষ্ট হয়ে গেছে এই রকম একটা খবর এল, তখন সমস্ত জায়গায় নিত্য প্রয়োজনীয় জিনিষের দাম এত বাড়তে থাকল যে জনসাধারণের ক্রয় ক্ষমতা ছাড়িয়ে গেল। সাগু বাজারে পাঁচ টাকা পর্য্যন্ত উঠেছে। তাও পাওয়া যায় না। দোকানের মধ্যে সাগু থাকা সত্ত্বেও, আছে বলে স্বীকার করেনা। বলে এত মূল্য দিতে পারলে আমি সাগু দেব তা না হলে দেব না। অনেক দেকানেই আমরা এ রকম কথা শুনতে পাই। এই যে অস্বাভাবিক দামে নিত্য প্রয়োজনীয় জিনিষপত্র বিক্রী হচ্ছে তার নিয়ন্ত্রণের কোন ব্যবস্থা আজ পর্য্যন্ত সরকার করলেন না। যদিও দোকানে তখন জিনিষের দামের চার্ট টাঙ্গানো হল, তবু ঐ নির্দ্দিষ্ট দরে কেউ জিনিষ বেচল না এবং ঐ আদেশ পালনের জন্য কোন ব্যবস্থাই সরকার পক্ষ থেকে করা হয় নাই। শুধু চার্টই টাঙ্গানো হল, কি দরে জিনিষ বেচাকেনা হল তার কোন তদারকী সরকার করলেন না। ত্রিপুরা রাজ্যের জনসাধারণকে এই ভাবে অসহের হাতে তুলে দেওয়ার যে মনোবৃত্তি, সরকারের তা পরিবর্ত্তন করা দরকার এবং নিত্য প্রয়োজনীয় জিনিষের Buffer stock করে রাখার দিকেও নজর দিতে হবে। যে জিনিষগুলির অভাব দেখা দেয় সেই জিনিষগুলি কলিকাতা হইতে বিমানযোগে আনাইয়া সেই অভাব পূরণ করতে হবে এবং এইজন্য যে টাকার বরাদ্দ করা হয়েছে, প্রয়োজনের তুলনায় সেটা অতি নগণ্য। কাজেই মাননীয় অধ্যক্ষ মহোদয়ের মারফতে আমি অনুরোধ করব যে উদ্দেশ্য নিয়ে আমরা চলছি সেই উদ্দেশ্য আজ সফল হচ্ছে না যার ফলে অর্থনৈতিক দিক দিয়াও

ত্রিপুরা রাজ্য অনেক পশ্চাৎপদ হয়ে আছে। আর ত্রিপুরা রাজ্যের নাই বললেই চলে তার উপরে জিনিষপত্রের মূল্য যদি বাড়তে থাকে তা হলে জনসাধারণ কিছুতেই তাদের জীবিকা নির্ব্বাহ করে চলতে পারবে না। তাই জিনিসপত্রের দাম যাতে না বাড়ে তার জন্য ব্যবস্থা গ্রহণ করা হউক এবং এই খাতে আরো বেশী টাকার বরাদ্দ রাখা হউক যাতে air lifting করে কলিকাতা থেকে সময় মত মাল আনা যায়। এই বলেই আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker—I would call on Shri Promode Ranjan Das Gupta.

Shri Promode Ranjan Das Gupta— মাননীয় স্পীকার স্যার, আমি Demand No. 13 ও Demand No. 23এর সমর্থনে বক্তব্য রাখছি। প্রথমতঃ আমি মাননীয় সদস্য শ্রীযুত্ নূর কুকীর cut motion—failure to procure rice & paddy সম্বন্ধে বলব। খাদ্য সমস্যাটাকে প্রথমতঃ আমাদের সর্বভারতীয় ভিত্তিতে চিন্তা করতে হবে। সারা ভারতেই খাদ্যে ঘাটতি। আমেরিকা থেকে P. L. 480 অনুযায়ী, অষ্ট্রেলিয়া থেকে, কিউবা থেকে food এনে ঘাটতি অঞ্চলে সে সব Distribute করা হয়। সেদিকে ত্রিপুরা যে ঘাটতি এলাকা, তার প্রতি দৃষ্টি রেখে প্রতিবারই খাদ্য আমদানী করা হয় এবং এবারও ৩০ হাজার টন চাউল ও গম আনার একটি পরিকল্পনা আছে। সে খাতে টাকা রাখা হয়েছে। এই টাকার সেই সব food আনার অর্থ হচ্ছে to stabilise the price. তাছাড়া locally procurement করারও পরিকল্পনা আছে এবং সেই জায়গায় upto date ২ হাজার টন procure করা হয়েছে। তবে আমি বলব যে it is not up to the mark. কারণ আমাদের ৬ লক্ষ একর cultivable land আছে তার যে average production তা calculation করলে procurement আরো বেশী হওয়া উচিৎ ছিল কিন্তু সেই procurement এর জন্য ত্রিপুরা সরকার দায়ী নন, কারণ Central Govt. থেকে procurement করার যে একটা দর ঠিক করে দিয়েছে ১৩ টাকা করে সেই জন্য এইখানে levy প্রথা প্রয়োগ করা হয়নি এবং আশানুরূপ চাউল procure করা যায় নি। ত্রিপুরা সরকার যে জায়গায় ১৫ টাকা দর স্থির করার কথা বলেছিলেন, ভারত সরকার সেইখানে ১৩ টাকা দর ঠিক করেছেন। আমাদের যে Calculation—১১ মণ যেখানে average production. সেখানে তারা দেখিয়েছেন cost of production per maund পড়ে ১৩ টাকা ৩০ পয়সা। ত্রিপুরাতে cost of production আরো বেশী হবে অন্ততঃ ১৫ টাকার কমত হবেই না। ভারত সরকার সেই দর স্বীকার না করায় levy হয়নি, এবং ঠিক সময়মত procure করা যায়নি। তখনকার কৃষি বিভাগের যে statistics তা পরীক্ষা করলে মনে হয় যে মজুতদারদের ঘরে চাউল আছে। এটা নিঃসন্দেহ যে চাউল hoardingএ আছে, সেই চাউলটা যদি আমরা নিয়ে আসতে পারতাম, তাহলে বোধহয় বাজারের দর ৪০ | ৪২ টাকায় দাঁড়াত না। তবে সরকারের সেই দিকে চেষ্টা চলছে।

এরোপ্লেনে এবং ধান, চাউল, চিনি, লবন ইত্যাদির buffer stock করা হয়েছে এবং তার জন্য টাকারও বরাদ্দ রয়েছে। পাকিস্তানের সঙ্গে আমাদের যখন যুদ্ধ হয়েছিল তখন অনেক situation দাঁড়ায় এবং এরোপ্লেনে মাল আনা চলে না। কিন্তু by road যদি মাল আনা হয় তার জন্য subsidy দেওয়া হয় এবং এখানে token subsidy যে কথাটা বলা হচ্ছে ১৫ হাজার টাকা সেটা সামান্য কিন্তু token subsidyটা সেভাবে দেখলে চলবে না। এরোপ্লেনের যা fare আর roadএর যা fare তার যা difference সেটা subsidy দেওয়া হয়, আর এটা যে দেওয়া হচ্ছে না তা নয়, সব সময়ই মাল আনা হচ্ছে আর subsidy দেওয়া হচ্ছে, আর supplementary Budgetএ সেটা দেওয়া যাবে। Price stabilise করার জন্য একটা Buffer Stock রাখা হয়েছে যাতে মজুতদাররা বা অসাধু মহাজনরা অযথা দাম বাড়িয়ে জনসাধারণকে দুঃখ দুর্দশায় না ফেলতে পারে। তবে ভুল, ত্রুটি, corruption ইত্যাদি যে হয় না, তা নয়। অনেক সময় দাম বেড়ে যায়, তবে গভর্ণমেণ্টের তরফ থেকে সে প্রচেষ্টা Food সম্বন্ধে রাখা হচ্ছে এবং Food Deptt. সে সম্বন্ধে বিশেষ নজর দিচ্ছেন।

Statistical Deppt. সম্বন্ধে আমি দুই একটি কথা বলব। আমাদের Agriculture Deptt.এর statistical section আছে, land ও survey settlementএর ও statistical Section আছে। কিন্তু এই যে Independent একটা Statistical Deptt. আছে সেইটা ঐগুলি থেকে একটু ভিন্ন রকমের। তারা scientific wayতে চিন্তা করে এবং বিজ্ঞান সম্মতভাবে statistics রাখার চেষ্টা করে। যদিও আমি বলব যে Agriculture বা Land & Survey Settlement Deptt. থেকে যে statistics বের করা হয় সেটা not far from truth না হলেও, not nearer to truth কিন্তু Statistical Deptt. থেকে যে statistics বের হয় সেটা truth. না হলেও nearer truth. কারণ statistcisকে true বলা একটা সাংঘাতিক কথা, কারণ এই সম্পর্কে দায়িত্বশীল ব্যক্তিদের অনেক মন্তব্য আছে, সেটা আমি এখানে উল্লেখ করলাম না। আমরা দেখছি Bulletin এখানে বেরোচ্ছে—বেরোয় না এটা ঠিক নয়। দেখা যায় যে Statistical Abstracts of Tripura, Quaterly Bulletin of Economics & Statistics, Statistical outline of Tripura, Tripura in Statistics, তারপর Census of Tripura Govt. Employees and Local Bodies, Tea Bulletin of Tripura, and Price Bulletin এই কতগুলি Bulletin বেরোচ্ছে। অতএব বেরোয় না সেকথা ঠিক নয়, এটা নয়া পত্তন হয়েছে, এবং তার জন্য যে মেসিন দরকার সে মেসিন অন্যখানে নাই, মানে মনিপুর বা অন্য কোন জায়গায়ও নাকি নাই, অথচ এখানে এই মেসিন আনা হয়েছে, টেবুলেটিং মেসিন।

(Interruption)

অতএব এই দিক দিয়ে Statistical Deptt. এর brightest siteটাকে আমাদের দেখা দরকার। তার যে Bulletinগুলি বেরোচ্ছে সেদিক দিয়ে যে আমরা benifitted হচ্ছি এবং আস্তে আস্তে

perfactionএ যাবে। কারণ বেশীদিন হয়নি এর পত্তন হয়েছে। আমরা এখন আমাদের ত্রিপুরার সত্যিকারের চিত্র প্রত্যক্ষ বুঝতে পারব। এটা সত্যি কথা statistics যদি না থাকে তাহলে কোন Plan, কোন Programme, কোন Scheme নেওয়া যায় না। কোন Plan বা Scheme যদি without statistics নেওয়া হয় তাহলে সেই Plan বা Schemeএর সাথে জনসংযোগ থাকে না। তাই statistics সম্বন্ধে যে অন্যান্য mismanagement কি, সেটা feel করে, আমি মনে করি আমাদের মাননীয় মন্ত্রী মহোদয় উত্তর দেবেন। কিন্তু আমি ঐ জায়গায় দেখছি যে কিছু কাজ তারা করছে এবং কিছু কিছু report তারা পেশ করছে এবং আস্তে আস্তে devolopmentএর দিকে যাচ্ছে। অতএব Statistical Dept. সম্বন্ধে যে বক্তব্য তিনি রেখেছেন তার সবটা ঠিক নয়।

আর rice and paddy procure করা সম্বন্ধে যে ভুল ত্রুটি সম্পর্কে আমি বলেছি যে সেই India Govt. এর sanctionএর জন্য levy করা হয় নাই, ফলে Procurement ঠিক সময়ে হয় নাই—এই timeএ Procure করার অর্থ হচ্ছে জনসাধারণের উপর উৎপীড়ন করা। আমি মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে আবেদন রাখব যাতে ঠিক Economic Price কৃষকদের দিয়ে যথাসময়ে Levy করার চেষ্টা করা হয় এবং seasonএ,harvesting timeএ যাতে ধান চাউলগুলি hoarderএর হাতে চলে না যায় সেজন্য ভবিষ্যতে যাতে চেষ্টা করা হয়। India Govt. থেকে পূর্ব্ব থেকেই চেষ্টা করে সেগুলির sanction আনলে পরে আমি মনে করি যে পরিমাণ টাকা আমরা rice import এবং wheat import এর জন্য Central Govt. কে দিচ্ছি তার চেয়ে অনেক কম পরিমাণে টাকা দিতে হবে এবং আমরা আমাদের ত্রিপুরার development workএ সে টাকা ব্যয় করতে পারব। এই বলেই আমি cut motionএর বিরোধীতা করে এই দুইটি grantকে সমর্থন করছি।

Mr. Speaker—I would now call on Hon'ble Dy. Minister Dr. B. Das.

Shri B. Das—মাননীয় অধ্যক্ষ মহোদয়, হাউসের সামনে Demand No. 13 ও Demand No. 23 এসেছে আমি তার প্রতি আমার সমর্থন জানাচ্ছি। আর অপর পক্ষে বিরোধী দিক থেকে যে ছাঁটাই প্রস্তাব এসেছে তার বিরোধীতা করে আমি আমার বক্তব্য রাখছি। Cut Motion রাখতে গিয়ে মাননীয় সদস্য Fire Serviceএর ব্যাপারে যে কথাটি বলেছেন সে কথাটি হলো যে সেখানে গাড়ী আছে, গাড়ী চলে না। আগুন নিভে যায়, গাড়ী যেতে হয় না, গাড়ী চলেনা, লোকজন আছে, রাস্তায় ঘন্টা বাজছে। গাড়ী দৌড়িয়ে যাচ্ছে, আগুন নেভাচ্ছে, গাড়ী সেখানে চললো না, সেখানে

আগুন এমনিতেই নিভে গেল। এই হচ্ছে মাননীয় সদস্যের বক্তব্য। মাননীয় অধ্যক্ষ মহোদয়, গাড়ী সেখানে চলেনা, ইঞ্জিন সেখানে নেই ইত্যাদি, এই ধরণের সব বক্তব্য। মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্য যে কথাগুলি বলেছেন .... (interruption) তবে আমাদের মাথায় সাধারণতঃ মগজই থাকে এবং anatomy তেও তাই বলে। উনাদের ভাষায় কি বলে আমি জানি না, তবে anatomy তে বলে মাথায় সাধারণতঃ মগজই থাকে। মাননীয় অধ্যক্ষ মহোদয়, সেখানে duty period এর নাকি কোনরূপ ঠিক ঠিকানা নেই। ১২ ঘণ্টা, ১৪ ঘণ্টা, ২৪ ঘণ্টা এই ধরণের duty দেওয়া হয়। আমি শুধু এখানে এইটুকুই বলছি যে এই কথাটি ঠিক নয়। Duty hours সেখানে ৮ ঘণ্টা করে দেওয়া আছে এবং সেই ভাবেই করা হয়। তবে Fire Service যেটা, সেটা হলো একটা essential service. কাজেই সেখানে emergency work এর জন্য সব সময় লোকজন থাকতে হয়, সব সময় গাড়ী ready রাখতে হয়। সেইভাবেই আমাদের সেই Service চলছে। আমি শুধু এটুকুনই তুলে ধরতে চাই যে ৮ | ১০ বৎসর হয়ে গেল তাদের quasi-permanent করা হলো না—মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই সম্পর্কে হাউসের সামনে বেশ আলোচনা হয়েছে যে quasi-permanent হতে হলে eligibility এর প্রয়োজন আছে। কাজেই যারা eligible হবেন, তাদেরকে নিশ্চয়ই quasi-permanent করা হবে, এই বিষয়ে কোন প্রশ্ন উঠতে পারে না। ধর্মনগর ও উদয়পুরে আমাদের তিনটি Fire Service Station আছে, এছাড়া আমাদের আরো একটি Reserve Unit আছে। সেই reserve Unitএর Driver S.P. সাহেবর গাড়ী চালান। অতএব আমাদের দেখতে হবে যে সেখানে S P.কি ? Fire Service Dept is under the control of Supdt. of Police এই যে তিনটি Unit এখানে আছে সেগুলি তাকে Inspection করতে হয় এবং এটা তার দায়িত্ব। কাজেই ঐ Driver যদি তাঁকে নিয়ে কোথায় যায় তাহ'লে এমন কি মহাভারত অশুদ্ধ হয়ে যাবে। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমার মনে হয় যে হাউসের সামনে কিছু বলতে হবে,সেটা সত্য হউক আর মিথ্যাই হউক তা ভাববার দরকার ওনারা মনে করেন না। তাই বলা দরকার, বলেই যান। কিন্তু গঠনমূলক কিছু যদি আমরা তাদের থেকে পেতাম তাহলে আমরা সুখী হতাম।

(Interruption)

Mr. Speaker—Intention of the Hon'ble member is to provoke the Ministers.

Shri. B. Das—মাননীয় অধ্যক্ষ মহোদয়, এখানে Fire Service কি কি কাজ করেছে তার একটা হিসাব আমি দেব। গত ৩ বছরে আগরতলা, ধর্মনগর ও উদয়পুরে মোট ২৮৪ টি callএ attend করেছে। কিন্তু তিনি যে কোথায় Fire Service এর mismanagement দেখলেন

আমি তা বুঝতে পারছি না। তবে mismanagement সম্পর্কে বলতে গিয়ে এমন কতগুলি কথা বললেন, তাতে মনে হচ্ছে তিনি শুধু গলাবাজিই করলেন।

তারপর Statistical Deptt. সম্পর্কে তিনি যা বলেছেন তার উত্তরে আমি বলব, যে কিছুদিন আগে Socio Economic Survey যেটা করা হয়েছে, সেটা এই হাউসে এক প্রশ্নের উত্তরে বলা হয়েছে যে Tabulation এর জন্যই দেরী হচ্ছে। অথচ তিনি সেটা জেনেও, কিছু বলতে হবে তাই বলেছেন। এই যে organisation সেটা হচ্ছে Central Unit for Coordination. কাজেই তারা সেখানে কি ধরণের কাজ করছে সেটা আমাদের প্রথমে জানা দরকার। এই যে organisation সেটা 1st & 2nd plan এ ছিলনা, শুধু 3rd plan থেকেই এটির কাজ শুরু হয়েছে। কাজেই Statistical Deptt তখন কি ভাবে Compilation করেছেণ সেটা যদি ওনারা বলতে পারতেন তাহলে বুঝতাম যে তারা একটা গঠনমূলক আলোচনা করছেন। Statistical Deptt সেখানে করছেন, Compilation of planning statistics, Compilation of economic development & National extension services & socio economic survey, point tabulation unit for Tripura & Manipur ইত্যাদি। মাননীয় অধ্যক্ষ মহোদয়, ত্রিপুরা রাজ্যে Statistics Deptt এর যে achievement হয়েছে, আমি যদি এই কথাটি না বলি তাহ'লে আমার বক্তব্য complete হবে না : সেটা হ'ল এখানে একটা point machine installed আছে যার ফলে, এখানে ত্রিপুরার ও মণিপুরের সমস্ত Statistical ব্যাপার tabulate করা যায়। মনিপুরের Statiscal সমস্ত কিছুই এই রাজ্য থেকে tabulate হয়ে যাচ্ছে। কাজেই এটা একটা মস্ত বড় achievement. তাছাড়া মাননীয় সদস্য বলেছেন যে এখন পর্যান্ত নাকি socio economic surveyর যে Bulletion আছে, সেটা publish করা হয়নি—যেহেতু এখানে নাকি experience person এর অভাব আছে। একথাটা যে উনি কোথায় খুঁজে পেলেন অন্ততঃ আমার জানা নেই। Bulletin গুলি ঠিকমত বের হয় না তবে সেগুলি ছাপানো হয়। Govt of India র একটা relaxation আছে যে আমরা ৩ মাসের মধ্যে Bulletin বের করতে পারি। কাজেই September মাসে যেটা বের হওয়ার কথা সেটা March মাসে বের হ'লে কিছু অশুদ্ধ হয় না। এই রকম ব্যাপার সারা ভারতেই হচ্ছে। কিন্তু মাননীয় সদস্য দৃষ্টান্ত স্বরূপ বলেছেন যে West Bengal এ ঐ ধরণের Bulletin গুলি দৈনিক নাকি বের হয়ে থাকে। কিন্তু সেইগুলি Statiscal Deptt. এর Bulletin কিনা তার কোন কিছুই মাননীয় সদস্য বুঝিয়ে বলেননি। তবে সেখানে Bulletin এর আকারে কিছু পত্রিকা যে বের হবে তা ঠিক, কিন্তু সেগুলি Statistical Deptt এর Bulletin নয়।

তারপর Civil Supply Deptt সম্পর্কে বলতে গিয়ে উনি বলেছেন যে Food Inspector রা নাকি বেশ কিছু case ধরেন অথচ মন্ত্রীরা নাকি protection দিয়ে থাকেন। তবে এখানে কিছু

কিছু reportও হয়ে থাকে, অথচ সেগুলির যে কি হয় তা আর জানা যায় না। সেগুলি বোধ হয় ঘুমিয়ে থাকে—এই হল মাননীয় সদস্যের উক্তি। মাননীয় অধ্যক্ষ মহোদয় তিনি যে reportএর কথা বললেন সেগুলি কবে কোথায় করা হল তার কোন কিছুর উল্লেখ করলেন না। তাহলে হয়তো ওনার প্রমাণ করার মত সৎসাহস নেই বলেই সেগুলির কোন নির্দিষ্ট দিন বা সময়ের কথা উল্লেখ করেন নি—এটাই আমাদের বুঝে নিতে হবে। তারপর ত্রিপুরার জন্য Civil Snpply Deptt কলকাতায় বা অন্য কোথায়ও নানাবিধ জিনিষপত্র কিনে থাকেন, কিন্তু সেগুলি এখানে না এনে সেইসব জায়গাতেই বিক্রি করে দেওয়া হয়। মাননীয় অধ্যক্ষ মহোদয়, কিছুদিন আগে এক প্রশ্নের উত্তরে আমরা বলেছিলাম—ত্রিপুরা রাজ্যের জন্য যে টিন allotment ছিল, তার সবটা lifted করা হয়নি। তার মধ্যে বেশ কিছু টিন আমাদের এখানে এসেছে এবং কোথায় কোথায় সেগুলো distributed হয়েছে তাও আমরা তুলে ধরেছি। ত্রিপুরা রাজ্যে allotment of G.C.I. sheets for 1965-66এ ছিল ৮২৫ ম্যাট্রিক টন। এখানে quantity lifted ৪০১ ম্যাট্রিক টন, অর্থাৎ ৩ হাজার ১ শত ৭৯ বাণ্ডেল, তার মধ্যে total number of persons & 10 institutions to whom distributed ৫২২টি। তার মধ্যে quantity distributed in Town area, ১,৩৩৭টি বাণ্ডেল, আর quantity distributed in rural area, ১ হাজার ৪ শত ৮৫ বাণ্ডেল। এইযে ৪০১ ম্যাট্রিক টন এসেছে তার quantity lifted by civil supply ৩০৪ ম্যাট্রিক টন, আর Education Depttএ ৫৫ ম্যাট্রিক টন, Industry 21 Metric ton, Rehabilitation—21 Metrit ton. এখন এই যে C.I. sheetsগুলো এখানে এসেছে তা distributed হয়েছে in town area ১,৩৩০ ম্যাট্রিক টন, এবং rural areaতে ১,৪৮৫ বাণ্ডেল; কিন্তু ওনারা বলছেন সেগুলো Calcuttaতেই বিলি হয়ে গেছে। সেটা ত্রিপুরা রাজ্যে এল না, কলিকাতায় বিলি হল, black marketing হয়ে গেল। Black marketing কলকাতায় হয়ে গেল, আর এটা পৌঁছে গেল এখানে town areaতে এত লোকের কাছে এবং rural areaতে এত লোকের কাছে। মাননীয় অধ্যক্ষ মহোদয়, Houseএর সামনে প্রশ্নের উত্তরে তুলে ধরা স্বত্বেও এ ধরনের উক্তিও আমাদের শুনতে হয় এবং তাও শুনতে হয় এইAssembly Houseএ। তারপর মাননীয় সদস্য বক্তব্য রাখতে গিয়ে বলেছেন যে গতবার বাজার থেকে লবণ উধাও হয়ে গেল। Air liftingএর subsidy কেন সেখানে বাড়িয়ে রাখা হল না। সঙ্গে সঙ্গে তিনি বললেন যে কাশ্মীর যখন আক্রান্ত হল, পাকিস্তান যখন আক্রমণ করল তখন airএ কেন সেই commoditiesগুলো আনা হল না। কাশ্মীর যখন আক্রান্ত হল পাকিস্তান যখন আক্রমণ করল তখন আগরতলা এরোপ্লেন কি এসেছিল? তখন কি regular service ছিল? এখানে এটা ছিল না। পাকিস্তানের উপর দিয়ে আগরতলাতে প্লেন আসতে দেয় নি। সেটা ঘুরে আসছিল এবং বেশ কিছুদিন পর সেটার ব্যবস্থা হয়েছিল। লবণের shortage

খানিকটা হয়েছিল এবং সঙ্গে সঙ্গে লবণ, সাগু ইত্যাদি আনাবার জন্য আমরা All India routeএ ব্যবস্থা করেছিলাম এবং সেটা এসেছিল। মাননীয় সদস্যরাও জানেন একটা Buffer Stock আমরা এখানে করেছিলাম ২ মাসের জন্য। সেই buffer stock আমাদের হাতে এসে পৌঁছার পর এইসব commoditiesএর দাম বাড়েনি। কাজেই এখানে যে provision রাখা হয়েছে সেটা token provision. গেলবার সেখানে air subsidyতে একটি পয়সাও রাখা হয়নি, কারণ দরকারও ছিল না। কিন্তু এবার যেটা রাখা হয়েছে সেটা একটা tocken provision. কারণ আমরা আগের থেকেই বলতে পারিনা যে air liftingএর আমাদের দরকার হবে কিনা, যেহেতু এখন আমাদের রাস্তা খোলা আছে। All India routeএ আমাদের মালপত্রগুলো আসছে। কাজেই যদি প্রয়োজন হয় সেই token provisionটা বাড়ানো যেতে পারে। আগের থেকে আমরা বলতে পারি না যে আমাদের কত টাকা লাগবে, সেই জন্য token provision ধরা হয়েছে। কাজেই মাননীয় অধ্যক্ষ মহোদয়, যে Demandগুলো এখানে এসেছে তার প্রতি সমর্থন জানিয়ে এবং ছাটাই প্রস্তাব যেগুলো এসেছে তার বিরোধীতা করে আমি আমার বক্তব্য শেষ করলাম।

Mr. Speaker—I would now call on Shri Aghore Deb Barma.

Shri Aghore Deb Barma—মাননীয় অধ্যক্ষ মহোদয়, এখানে যে cut motion গুলো এসেছে তার সমর্থনে আমি আমার বক্তব্য রাখছি। প্রথম কথা হচ্ছে, Fire Service মাত্র আগরতলা এবং কয়েকটি মফঃস্বল শহরের মধ্যে আছে। যে সমস্ত মফঃস্বল শহরের মধ্যে Fire Serviceএর ব্যবস্থা নেই সেই সমস্ত শহরের মধ্যে immediately ব্যবস্থা করা দরকার। তদুপরি আর একটি কথা হচ্ছে সাব্রুম থেকে ধর্মনগর পর্য্যন্ত ত্রিপুরা রাজ্যের বিভিন্ন অঞ্চলে অভ্যন্তরে বড় বড় বাজার আছে। ইদানিং কাঞ্চনপুর একটা বাজার পুড়ে ছাই হয়ে গেল। এ ভাবে বহু বাজার বৎসরের পর বৎসর আগুনে নষ্ট হয়ে যায় এবং বহু ধন সম্পত্তি সেখানে নষ্ট হয়। এই বাজার গুলো রক্ষা করার জন্য সরকার এখন পর্য্যন্ত কোন ব্যবস্থা করছেন না। কাজেই আমি এখানে একটি constructive সাজেসান রাখছি। মফঃস্বল এলাকাতে যে সমস্ত স্থানে বড় বড় market আছে সেই market গুলোর মধ্যে অন্ততঃ experimental basisএ হলেও, water tank করে, নল রেখে আগুন নিভাবার ব্যবস্থা রাখা দরকারি বলে আমি মনে করি। নতুবা বৎসরের পর বৎসর বাজার গুলো যেভাবে পুড়ে ছাই হয়ে যাচ্ছে, তাতে বহু মানুষ নিঃস্ব হচ্ছে এবং বহু ধন সম্পদ নষ্ট হচ্ছে। কাজেই সরকারের একটা ব্যবস্থা অবলম্বন করা দরকার বলে আমি মনে করি। আর Civil Supply Deptt. সম্বন্ধে আমার বক্তব্য হচ্ছে এই Deptt. টা হল একটা কেলেঙ্কারীময়

Deptt. কেন আমি এ কথা বলছি তার কারণ হল এই Deptt. যে সমস্ত কাণ্ড কীর্ত্তি করে বসে, অনেকটা যেন whimsically করে। মাননীয় অধ্যক্ষ মহোদয়, এবার levy প্রথায় ধান চাউল সংগ্রহ করবে বলে তারা একটা সিদ্ধান্ত করল।

Mr. Speaker :—"কেলেঙ্কারী" is un-parliamentary.

Shri Aghore Deb Barma—আচ্ছা আমি withdraw করলাম। কিন্তু এমন সময় notice টা serve করা হল সাধারণত যখন কৃষকের ঘরে ধান চাউল থাকেনা। Notice serve করার আগে অনেকদিন থেকে লেভি হবে হবে এই রকম একটা কথা গ্রামাঞ্চলে প্রচার হয়েছিল। প্রত্যেক তহশীল থেকে কার জমি কতটুকু তার হিসাব পত্র করা হচ্ছিল। তখন সরকারী তরফ থেকে এই লেভি প্রথা সম্পর্কে সমস্ত কৃষককে ভালভাবে বুঝানো হয়নি। তারফলে ঘটনা এমন হল যে, যে সমস্ত কৃষকের ঘর থেকে লেভির মাধ্যমে ধান চাউল পাওয়ার কথা ছিল বা সম্ভাবনা ছিল, সেই সমস্ত কৃষকরা আতঙ্কগ্রস্ত হয়ে ৮.৯ টাকা মন দরে ব্যাপকভাবে ধান গুলো বিক্রি করতে আরম্ভ করল। তারা লেভি সম্পর্কে ওয়াকিবহাল নয়। লেভি জিনিষটা কি এই সম্পর্কে তাদের ধারণা, চেতনা কম। কাজেই তারা ধারণা করল সরকার বুঝি এবার সমস্ত ধান সিজ করবে। এই ধারণা করে সস্তায় সমস্ত ধান তারা বিক্রি করতে আরম্ভ করল। তারফলে বেশ কিছু সংখ্যক মহাজন লাভবান হল। আর পরবর্ত্তী যে সময়ে কৃষকদের নিকট লেভির notice গেল তখন তাদের গোলার মধ্যে আর ধান নেই। এই হল অবস্থা। পরবর্ত্তী সময়ে আবার দেখা গেল যে সরকার লেভী প্রথা উঠিয়ে দিয়েছেন। কাজেই এই সমস্ত ঘটনা থেকে আমরা একথা নিশ্চয়ই বলতে পারি যে হয়তো তারা উদ্দেশ্যমূলকভাবে করেছে বা তাদের কোন বাস্তব দৃষ্টিভঙ্গি ছিল না। তারজন্যই এই অবস্থার সৃষ্টি হয়েছে। সরকারের পক্ষ থেকে যদিও কোন পরিষ্কার ঘোষণা নেই তথাপি আমরা D. M. এর কাছ থেকে জেনেছি যে অন্ততঃ ১০ একরের নীচে যাদের জমি, তাদের উপর এই levy ধার্য্য করা হবে না, এই ছিল প্রথা। কিন্তু notice যখন serve করা হয় তখন সরকারের সেই নীতি থাকে না। ২০ কানি, ১৪ কানি অথবা ১০ কানি জমির যারা মালিক তাদেরকে পর্য্যন্ত ঢালাও ভাবে notice serve করা হয়। পরবর্ত্তী সময়ে সরকার যখন এই levy system উঠিয়ে নিল তার পরিপ্রেক্ষিতে যদি আমরা চিন্তা করি তাহলে একথা বলতে বাধ্য যে সরকারের আদৌ levy system এর মাধ্যমে ধান চাউল সংগ্রহ করার ইচ্ছা

ছিল কিনা একথা আমরা বলতে পারি না। আর লাভের মধ্যে লাভবান হলো মজুতদারেরা। তারা গ্রামের মধ্যে আতঙ্ক ছড়িয়ে দিল, যার ফলে কৃষকরা সস্তা দরে ধান চাউল বিক্রি করতে বাধ্য হলো। আর মজুতদাররা সস্তাদরে সেই ধান চাউল কিনে মজুত করলো।

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আর একটি ঘটনা আমি বলছি যে এই Civil Supply Deptt. অর্থাৎ D.M. Food Section থেকে যে সমস্ত Order issue করে বিভিন্ন এলাকা কর্ডন এলাকা করা হয়, এক এলাকা থেকে আর এক এলাকায় ধান চাউল নিতে তারা এটা করে। কিন্তু সাধারণতঃ আমরা দেখি, যখন রাত ১২টা হয় তখন ট্রাকে ট্রাকে ধান চাউল চলে আসে, কোন বাধা থাকে না। বাধা কাদের জন্য যারা আধমন, দশসের কিনে এক জায়গা থেকে আরেক জায়গায় যাবে, তাদের বেলায় এই আইন ঠিক ঠিক ভাবে কার্য্যকরী করা হয়। কিন্তু রাত ১২টার পরে যখন ট্রাকে ট্রাকে চলে যায় তখন আইনের কোন বেড়া সেখানে থাকে না। কাজেই এই সমস্ত ঘটনার ভিতর দিয়ে সরকারের একমাত্র উদ্দেশ্যই হলো মজুতদাররা যাতে লাভবান হয়। কারণ নির্বাচন সামনে আসছে, তাদের পকেটে কিছু দিতে হবে, কাজেই এই সমস্ত বক্কর চক্কর আইন করে তাদের পকেটে কিছু পয়সা পাওয়ার ব্যবস্থা করে দিতে হবে. সেইজন্যই নিশ্চয় এসব করেছেন।

Mr. Speaker—This will not be allowed. You can't describe in proper motive.

Shri Aghore Deb Barma—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি এই কথা withdraw করছি। Mismanagement সম্পর্কে—

Mr. Speaker—You have only two minutes time.

Shri Aghore Deb Barma—1964এ সরকারী store, central godownএর গৌরাঙ্গ বণিক Store-keeper, A. D. M.এর কাছে নিজেই স্বীকার করেছিল যে এই central godown থেকে ৫০ ব্যাগ চাউল বিক্রি করেছিল। অথচ এটা শুধু একটা ঘটনা নয়, এরকম বহু ঘটনা আছে। আমি শুধু একটা ঘটনার কথা উল্লেখ করছি। এ রকম দুর্নীতির তো অন্তই নাই। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমার মোটামুটি বক্তব্য হলো যে আজকে এই Depttএর জনসাধারণের যেভাবে উপকার করা দরকার, তা না করে জনসাধারণের অসুবিধাই সৃষ্টি করছে। অতএব আমি এই cut motionএর সমর্থনে আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker—The House stands adjourned till 2 P.M.

Mr. Speaker—I would call on Shri Ershad Ali Chowdury.

Shri Ersahd Ali Chowdhury—Hon'ble Speaker, Sir, মাননীয় মন্ত্রী মহোদয় যে নং ১৩ এই হাউসের সামনে রেখেছেন, তা সমর্থন করছি, এবং তার বিরুদ্ধে যে ৪টী cut motion রাখা হয়েছে তার বিরোধীতা করছি। আমার পূর্ব্ববর্ত্তী বক্তা Hon'ble Dy. Minister, এবং শ্রীদাসগুপ্ত ঐ cut motionগুলির বিপক্ষে অনেক মূল্যবান তথ্য পরিবেশন করেছেন, সেগুলিও আমি সর্ব্বান্তঃকরণে সমর্থন করছি। আমার বক্তব্য হচ্ছে, শুধু Civil Supply Dept এর যে mismanagement এবং Inadequacy of provision for air lifting of essential commodities সম্পর্কে। মাননীয় সদস্য শ্রীআতিকুল ইসলাম সাহেব অভিযোগ করেছেন যে Civil Supply Dept টা হচ্ছে একটা corruption Dept. তিনি দৃষ্টান্ত স্বরূপ ২ | ৩টি ঘটনার কথাও উল্লেখ করেছেন। প্রথমটি হ'ল ইন্দ্রনগরের চাউল পাচার, দ্বিতীয়টি হ'ল শর্ম্মালুঙা আর তৃতীয়টী হচ্ছে যোগেন্দ্রনগর Co-operative Ration shop এর প্রায় ৫ শত মণ চাউল বিক্রী। তিনি যোগেন্দ্রনগর Co-operative সম্পর্কে বলেছেন যে ৫ হাজার মণ চাউল তারা বিক্রি করে দিয়েছেন। আমি এই সম্পর্কে বলব, It is not a matter of joke. এই ঘটনাটির কথা মাননীয় সদস্য নিশ্চয় জানতেন-- কিন্তু তিনি এই চাউল বিক্রির ব্যাপারে কোথায়, কে, কার কাছে এই চাউল বিক্রি করল, আর কবে বা বিক্রি হল, তার কোন তথ্য তিনি এই হাউসে পরিবেশন করেন নি। তবে তিনি হয়ত এই রকম একটা গুজব শুনেই তা এই হাউসে পরিবেশন করেছেন, যার জন্য ঐ সব তথ্য পরিবেশন করা উনার পক্ষে সম্ভব হয়নি। তবে মাননীয় সদস্য একটা partyর জাদরেল leader হয়ে এই রকম একটা সংবাদ শুনে চুপ করে যে বসে'ছলেন তা আমি মনে করি না। তিনি নিশ্চয় সেখানে গিয়ে সম্পূর্ণ তথ্য সংগ্রহ করেছেন, কিন্তু who is to bell the cat ? তিনি হয়তো আজ মনে করছেন যে এই যে তথ্যটি আমি পেয়েছি সেটি যদি আমি জানিয়ে দেই তাহলে উহা প্রমাণের দায়িত্ব আমার উপর পরবে। কারণ যিনি informer তার উপরই উহার প্রমাণের ভার পরে। সেই জন্য তিনি হয়তো বহু চেষ্টা করেছেন এবং চেষ্টা করে তিনি বিফল হয়েছেন। কারণ ৫০০০ মন চাউল যদি পাচার হয় বা বিক্রি হয় তাহলে নিশ্চয়ই তিনি বলছেন যে there are Ministers to protect them. তাই যদি সত্য হয়ে থাকে, তাহলে আমি বলবো যে তিনি কোন Minister এর কাছে এই তথ্য পরিবেশন করেছেন এবং Minister এর কাছে উনি কিছু শুনেছেন। যদি তাই হয়, তাহলে আমরা, আমাদের মাননীয় সদস্যগণ যারা এই House এর মধ্যে আছেন, সকলেই বাস্তবিকই খুশী হতাম। এত বড় একটি ঘটনা ঘটল কিন্তু উনি উনার তরফ থেকে কি করলেন ? তিনি কি করলেন সে বিষয়ে কোন তথ্য আমাদের এখানে পরিবেশিত হয় নাই। তিনি তাঁর বক্তৃতায় বললেন যে চাউল পাচার বা বিক্রি হয়েছে ঠিকই, কিন্তু দলিল পত্রে তা প্রমাণ করা যাবে না। একথা ঠিকই। তিনি হয়তো সেখানে গিয়েছেন কিন্তু কোন রকম Documentary evidence নেই এবং

Documentary Evidence তো দূরের কথা Oral Evidence ও হয়তো তিনি পান নাই। কাজেই এই ৫ হাজার মন চাউল বিক্রি হয়ে গেল তার কোন তথ্যই তিনি পরিবেশন করতে পারলেন না। আমি মাননীয় সদস্যের কাছে একটা কথা জানতে চাই যে তিনি একজন ভারতীয় নাগরিক হিসাবে তার যা কর্ত্তব্য তার তিনি কতটুকু পালন করলেন? ৫ হাজার মণ চাউল বিক্রি হয়ে গেল অথচ মাননীয় সদস্য চুপটি করে তা হজম করে গেলেন। এর পরও তিনি কিছুই করলেন না। এই হলো ঘটনা।

তারপর আর একটি কথা হলো যে সিণ্ডিকেট চাউল কিনে, কিন্তু কি দরে কিনল, carrying cost কত পড়ল তা যাচাই করা হয় না। আমি বলছি সেটা সম্পূর্ণভাবে যাচাই করা হয়। ব্যবসায়ীরা মালগুলি ক্রয় করার পর তার ক্রয় মূল্য এবং carrying cost কত পরল সেই সম্পর্কে Civil Supplies Deptt.এ এসে voucher produce করে। তারপর Civil Supplies Deptt. থেকে S.D. O বা Inspector সে বিষয়ে enquiry করে। Enquiryর পর কি দরে তারা বিক্রি করবে তা তাদেরে জানিয়ে দেন এবং এই নির্দ্ধারিত দর Sub-Divisionগুলিও জানিয়ে দেন। সুতরাং সেখানে কোনরূপ mismanagement হয় না। তদুপরি তাদের optionএ যদি কেউ carrying cost দেখিয়ে থাকেন তাহলে তাদের পূর্ব্বাপর যে একটা records হয়ে গেছে সেই records অনুযায়ী যদি সেটা অস্বাভাবিক হয় তাহলে Enquiry করে দেওয়া হয়। তার মধ্যে কোনরূপ mismanagement করা হয় না। তারপর higher levelএ যারা তাদের থেকে corruption বন্ধ করতে হবে, এই কথা তিনি বলেছেন। আমি বলছি higher levelএর কানে বা Depttএ যদি mismanagement বা Black marketing সম্পর্কে কোন অভিযোগ যায় তাহলে যথা সময়ে প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বন করা হয়! যেমন আজকে মাননীয় সদস্য টিনের ব্যাপারে যে একটা প্রশ্ন করলেন সে প্রশ্নের উত্তরে মামনীয় মন্ত্রী মহোদয়ের নিকট থেকে জানতে পারলাম যে টিনের ব্যাপারে যে অভিযোগ করা হয়েছে তাতে সেই লোকটাকে Black listed করা হয়েছে এবং এ ব্যাপারে legal step কি নেওয়া যায় সে সম্বন্ধে সংশ্লিষ্ট Companyকে লিখা হয়েছে। সুতরাং Department থেকে কোন allegationএর যে তদন্ত হয় না সেটা আমি মনে করি সত্য নয়। Civil Supdly departmentএ কোন দুর্নীতি আছে তা আমি বিশ্বাস করি না। তারপর মুহুরীপুর থেকে নির্ব্বাচিত সদস্য যে ব্যাপারে বলেছেন সেই সম্পর্কে আমি বলব যে আমাদের ত্রিপুরার যে ভৌগোলিক অবস্থা সেটা প্রত্যেক সদস্যরই জানা আছে। ত্রিপুরার তিন দিক পাকিস্তান দ্বারা পরিবেষ্টিত—এই অবস্থায় আমাদের মাত্র ২টি servicing roads আছে, একটি হ'ল Akhaura Rly Station, সেটা পাকিস্তানে অবস্থিত, আর একটা হ'ল All India Road, তাতে মাল পত্র প্রথমে Steamerএ করে, পরে truck বা লরী ইত্যাদিতে carry করতে হয়। প্রায়শঃ এমনি কতগুলি ঘটনা ঘটে থাকে, আমাদের যে সব মালপত্র via Pakistan হয়ে আসে সেগুলি পাকিস্তান authority ইচ্ছায়, অনিচ্ছায় আটক বা খালাস করে রাখে। আর তাছাড়া All India

roadএ যে সব মালপত্র আসে, সেখানে Steamer গুলিতে অধিকাংশ পাকিস্তানী নাগরিক হওয়ায় তারা তাদের নানারকম দাবী আদায় করার জন্য ধর্মঘট ইত্যাদি করে থাকে, আবার আসাম— আগরতলা রোডে বর্ষাকালে বৃষ্টিপাতের দারুণ ধ্বশ নামায় সাময়িকভাবে হয়তো ২৪ দিন বন্ধ থাকে। তাতে কিছুটা অসুবিধা হতে পারে কিন্তু বিশেষ কিছুই নয়। আজকে কলকাতায় চাউলের ও কেরোসিন তেলের যে অভাব, আমরা ত্রিপুরাতে সেটা তত অনুভব করি না। আমরা কোন অভাবই অনুভব করি না যেহেতু আমাদের সরকার এদিকে সর্ব্বদা সতর্ক দৃষ্টি রাখেন। অথচ তিনি বললেন যে সাগু প্রতি সের ৫ টাকায় বিক্রি হচ্ছে আর তিন আনার লবণ দশ আনায় বিক্রি হচ্ছে। এই মাল-পত্রগুলি অবশ্য দোকানদারের কাছে মজুত আছে, এই ব্যাপারে তিনি শুধু শুনেই গেলেন, কিন্তু মান্যগণ্য সদস্য হয়ে তার তরফ থেকে কি করলেন। উনারা তো হামেশাই বলে থাকেন যে কংগ্রেস নাকি ব্যবসায়ী আর দোকানদারদের পোষণ করে থাকে Electionএ জিতবার জন্য এবং Electionএর জন্য টাকা সংগ্রহের জন্য। কিন্তু জিজ্ঞাসা করছি, মাননীয় সদস্য সেখানে তিনি তার কর্ত্তব্য পালন করেছেন কিনা? দুঃখের বিষয় উনি তা করেন নি। আর তিনি যদি উনার কর্ত্তব্য পালন করতেন, তাহলে সেই অসাধু ব্যবসায়ীর ক্ষমতা নেই যে সে ৫ টাকা সের সাগু আর দশ আনা সের লবণ বিক্রি করতে পারে। অতএব আমি মনে করছি যে মাননীয় সদস্য সম্পূর্ণরূপে তার কর্ত্তব্যে অবহেলা করেছেন। কারণ কথা আছে যে অন্যায় যে করে আর অন্যায় যে সহে, বিধাতার অভিশাপ তার প্রতি রহে। কাজেই এই দিকে বিবেচনা করলে, আমি মনে করছি যে Civil Supply Deptt. mismanagement বলতে কিছুই হয়নি, তদুপরি ১৫ হাজার টাকা যে sub-sidy হিসাবে রেখেছেন তাও অত্যাধিক নয়। কেননা—১৯৬২।৬৩ এবং ৬৪।৬৫এ আমাদের কোন টাকা ব্যয় হয়নি, এবার হয়তো token হিসাবেই এই টাকা রাখা হয়েছে। যদি প্রয়োজন হয় তবে supplementary budgetএ অর্থ বরাদ্দ করা যেতে পারে। তবে আমার মনে হয়, যে ভাবে আমাদের সরকার সুষ্ঠুভাবে কাজকর্ম্ম চালিয়ে যাচ্ছেন, তাতে এই ১৫ হাজার টাকাও খরচ হবে না। তাই আমি cut motionএর বিরোধীতা করছি।

Mr. Speaker—I would call on Hon'ble Dy. Minister, Shri ManIndra Lal Bhowmik.

Shri M. L Bhowmik, Dy. Minister—মাননীয় অধ্যক্ষ মহোদয়, Demand No. 13 & 23 এর উপর বেশ কয়েকটি cut motion আনা হয়েছে। প্রত্যেকটি cut motion এর জবাব মাননীয় সদস্যরা দিয়েছেন। সে জন্য আমি ঐসবগুলির আলোচনা করব না, কেননা তাহলে পুনরাবৃত্তি ঘটবে। তবে মাননীয় সদস্য শ্রীআতিকুল ইসলাম সাহেব Fire Service সম্পর্কে যে

কয়েকটি মন্তব্য করেছেন, তার উত্তর দিতে চেষ্টা করব। তিনি বলেছেন যে Fire Service এর যে গাড়ী, সেগুলি মেরামতের অভাবে জরজরে হয়ে আছে। আমরা দেখছি যে যখনই কোন আগুন লাগার সংবাদ পাওয়া যায় তখনই ঐ গাড়ীগুলি তাড়াতাড়ি ছুটে যায়, এবং তাদের কর্তব্য কাজ বেশ দ্রুত গতিতেই করে থাকে। যদি সেগুলির অবস্থা জর জর হয়ে থাকে তা'হলে কি করে সে সেগুলি রাস্তার উপর দিয়ে এতগতিতে চলে, শুধু শহরেই নয় তার বাহিরে ১০।২০ মাইল দূরেও Fire Service এর গাড়ীগুলি ছুটে যায় এবং যেখানে আগুন লাগার দুর্ঘটনা ঘটছে সেখানেই তারা তাদের কাজ সম্পূর্ণ করে আসছে। হয়তো পূর্ব্বে এই unit এর repairing & servicingএর ব্যবস্থা ছিল না। বর্ত্তমানে যেখানে একটি repairing & servicing unit এর ব্যবস্থা আছে, সেখানে গাড়ীগুলি repairing & servicing করা হয়। তাছাড়া গাড়ীগুলি এমনভাবে এখানে রাখা হয় যে কোন মুহুর্ত্তে সেগুলি দুর্ঘটনার খবর পেলেই যথাসময়ে দুর্ঘটনাস্থলে যেতে পারে। আমাদের কোন কোন সদস্যও জানিয়েছেন যে Agartala, Dharmanagar এবং Udaipurএ আমাদের তিনটি Fire service আছে তারা প্রত্যেকটি call attend করেছেন এবং দুর্ঘটনা স্থানে গিয়ে তাদের কর্ত্তব্য কাজ সম্পূর্ণ করেছে। তিনি এক জায়গায় বলেছেন যে যারা Fire Service এর কর্ম্মচারী তাদেরকে ১২।১৩ ঘণ্টা পর্য্যন্ত কাজ করতে হয়। এমন কি যারা সকাল বেলায় dutyতে থাকেন তাদেরকে parade এ যেতে হয়। কিন্তু যারা dutyতে থাকেন তাদেরকে যে কিভাবে parade এ যেতে হয় তা আমি বুঝে উঠতে পারছি না। আর তাদের serviceটা হচ্ছে essential service অর্থাৎ round the clock 24 hours duty. কাজেই তাদের মধ্যে যারা dutyতে আছে, তাদেরকে paradeএ পাঠানো কি করে সম্ভব? আর এই রকম যে একটা ঘটনা ঘটতে পারে তা আমি অবিশ্বাস্য বলে মনে করি। তবে আমি জানি আমাদের যে fire service তাকে যথেষ্ট develop করা হয়েছে। শুধু equimpentsএর দিক দিয়েও না staff strength ও বাড়ানো হয়েছে। এটা এমন ও নয় যে staff কম। Those who are on duties they cannot be asked to attend in the parade. তারপর তিনি আরো একটা অভিযোগ করেছেন যে আমাদের মাত্র ৫ জন driver আছে, তারমধ্যে একজন Supdt of Police তার গাড়ীতে ব্যবহার করে। যদি ৫ জন driver এর মধ্যে একজন driver এর service সেখানে কোন প্রয়োজনে না লাগে তা হ'লে সেই একজন driver can be utilized by the Supdt. of Police যেহেতু Fire Service Dept. is under the Police organisation. সেক্ষেত্রে এই রকম একটা ব্যবস্থা করা যেতে পারে। তারপর তিনি বলেছেন যে Fire Services এর কর্ম্মচারীরা Defence fundএ যে টাকা দিয়েছিলেন, সেটা নাকি জমা করা হয়নি। এই জাতীয় খবর আমি এই প্রথম শুনলাম যে Defence fund এর টাকা নিয়ে জমা দেওয়া হয়নি। এই সম্বন্ধে আমি খোঁজ নেব। তারপর Fire Service Organisation কে বিভিন্ন Sub-Divnএ Sub-centre করে তার capacity বাড়াবার চেষ্টা করছি, তা হয়তো মাননীয় সদস্য জানেন না।

তাছাড়া Fire Service গাড়ীগুলির মধ্যে সংবাদ আদান প্রদানের জন্য wireless system introduce করা হচ্ছে। শুধু তাই নয় গ্রামাঞ্চলের লোকেরাও যাতে এই Eire services এর সুযোগ সুবিধা পায় তারজন্য আমাদের পরিকল্পনা আছে কাজেই একটা কিছু move করলেই হয় না যে এটা ওটা হচ্ছে না কেন? এখানে শুধু expenditure involved হচ্ছে। According to plan & programme সমস্ত কাজই হচ্ছে।

তারপর মাননীয় সদস্য শ্রীঅঘোর দেববর্ম্মা বলেছেন শহরের বাহিরে যে সমস্ত বাজার আছে, সেগুলিতে প্রায়ই আগুন লেগে থাকে। এটা বাস্তবিক খুবই দুঃখের এবং অগ্নির ব্যাপারে আমাদের প্রচার দপ্তর সতর্কতা অবলম্বন করার জন্য সমস্ত নির্দ্দেশ দিয়েছেন, সেগুলি যদি জনসাধারণ ঠিক ঠিক মত মেনে চলেন, আমার মনে হয় তাহলে অগ্নিকাণ্ডের দুর্ঘটনা কমে যাবে। আমি যতটুকু জানি যে অধিকাংশ ক্ষেত্রেই আমাদের অসতর্কতার জন্যই এই সমস্ত ঘটনা ঘটছে। তবে তিনি যে suggestion দিয়েছেন fire extinguishing measure সম্পর্কে তা বিবেচনার বিষয় যা জনসাধারণের সহযোগীতায় আমাদের করা দরকার। Fire extinguishing measure বিভিন্ন বাজারে নেওয়া হয়েছে, এটা আমি জানি। Fire Service Organisation এ অনেক কর্মী ১০।১২ বছর যাবত temporary হিসাবে কাজ করে যাচ্ছেন, তাদেরকে এখনও quasi permanent করা হয়নি। এই যে ঘটনার কথা তিনি বললেন এটা আমাদের জানা নেই। এটার কতটুকু সত্যতা আছে সেটা আমার সন্দেহ হয়। কেননা ১৭ | ১৮ বৎসর যাবৎ একটা লোক temporary এটা খুবই দুঃখের বিষয়। আমরা এই বিষয়ে খোঁজ নেব কেন তাদেরকে quasi permanent করা হয়নি। নিশ্চয়ই কোন অসুবিধা আছে যার জন্য হচ্ছে না।

তারপর Civil Supplyর mismanagement সম্পর্কে কয়েকটা কথা বলেছেন। তিনি ইন্দ্রনগরের একটা ঘটনার কথা বলেছেন। সেখানে some রক্ষিত কয়েক bag চাউল নিয়ে যাচ্ছিল এবং Police নাকি ধরেছেন, report দিয়েছেন কিন্তু তার কোন বিচার হচ্ছে না। আমি এটা স্বীকার করিনা। যদি কোন Case থাকে তাহলে সেটা undisposed হয়ে থাকে না। যদি কারও বিরুদ্ধে কোন case থাকে তাহলে সরকার নিশ্চয়ই তার againstএ step নিয়েছে। তবে just at this movement—যদি সরকার কিছু করে থাকে, Police যদি report করে থাকে এবং enquiry হয়ে থাকে তাহলে কোন action নেওয়া হয়নি সেটা আমি বিশ্বাস করিনা। তারপর যোগেন্দ্রনগরের যে ঘটনার কথা তিনি বলেছেন সেটা একটা তাজ্জব ব্যাপার আমি বলব। তিনি বলেছেন যে যোগেন্দ্রনগরের co-operative ৫ হাজার মণ চাউল বাজারে বিক্রি করে দিয়েছে। Ration card holder দের চাউল না দিয়ে ৫ হাজার মণ চাউল বাজারে বিক্রি করে দিয়েছে এটা কি করে সম্ভব হয় আমি বুঝতে পারি না। কারণ Ration card holder রাই তখন ধরবে যে আমাদের চাউল দিচ্ছে না কেন? ঐ অঞ্চলে যারা ration card holder তারাই তো

সরকারের কাছে এই অভিযোগ করবে। তবে আমার যতটুকু মনে হয় এই জাতীয় কোন অভিযোগ সরকারের কাছে এখনও এসে পৌঁছায় নি। কেননা একটা Co-operative যে ৫••• মণ চাউল ration card holder দের না দিয়ে বাজারে বিক্রি করে দিয়েছে এই রকম একটা ঘটনা আমি কিছুতেই বিশ্বাস করতে পারিনা। তিনি আরো বলেছেন যে Civil Supply Deptt এর top ranking officer রা নাকি corrupted. কোন specific instance না দিয়ে এই জাতীয় একটা মন্তব্য কেমন করে করতে পারেন যে they are corrupt, এতে আমার মনে হয় তিনি একটা বিদ্বেষ মনোভাব নিয়ে আমাদের Civil Supply Deptt এর যারা officer তাদের সম্বন্ধে কটাক্ষ পাত করেছেন। কেননা এই অভিযোগটা প্রমাণ করার দায়িত্ব তার, যিনি তাদেরকে corrupt বলে অভিযুক্ত করেছেন। Unless it is proved that they are corruped আমি এই কথা মানতে রাজী নয়। আর তিনি যদি বাজার থেকে একটা গুজবের কথা এখানে বলে থাকেন, এবং সেটাকে মেনে নেওয়ার জন্য আমাদিগকে বলেন—তা আমরা কোন দিনই মেনে নিতে পারিনা। কোন দায়িত্বশীল সরকারী অফিসার সম্পর্কে যদি এই রকম কোন অভিযোগ তিনি করেন যে they all are corrupted, আমি বলছি এটা defamatory মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের যে সমস্ত officer রয়েছেন তাদের assets and liability statement দিতে হয়। মাননীয় সদস্যের এটা জানা আছে যে তারা assets and liability statement দিয়ে থাকেন। সকলেই দিয়ে থাকেন। এটা রুটিন এবং দিতে হয়। এটা না দিয়ে পারেন না। তিনি বলেছেন যে আমরা সময়মত ration shop খুলিনা। তিনি অভিযোগ করেছেন যে ত্রিপুরার যেখানে চাউলের প্রয়োজন সেখানে Civil Supply Deptt চাউল দিচ্ছে না। আমি শুধু এই বৎসরের কথাই বলব। এপর্যান্ত ৬৪টি ration shop ত্রিপুরার বিভিন্ন জায়গায় খোলা হয়েছে। যেখানে চাউলের দাম বেড়েছে, যেখানে লোকের ক্রয়ক্ষমতা নেই সেখানেই ration shop খোলা হয়েছে। যখনই প্রয়োজন হবে তখনই খোলা হবে। তিনি আর এক জায়গায় বলেছেন আমরা profit of margin ঠিক করে দিচ্ছি না। মাননীয় সদস্য বোধ হয় জানেনই না যে, কোন কোন commodities এর আমরা profit of margin ঠিক করে দেই, fixed up করে দেই। ত্রিপুরাতে মাত্র দুটি commodities আছে যার আমরা profit of margin fixup করে দেই। একটি হচ্ছে Sugar, আর একটি হচ্ছে Wheat products. বোধ হয় মাননীয় সদস্যের তা জানা নেই, তাই তিনি একথা বলছেন। আমরা profit of margin সমস্ত প্রকার commodities এর উপর করতে পারি না, only সেই সমস্ত commodities, যে সমস্তগুলিকে আমরা লাইসেন্স দিয়ে থাকি সরকারের কাছে যাদের Quota থাকে যে এই পরিমাণ তারা দেবে কেবল সেই ক্ষেত্রেই profit of margin, — Sugar এবং Wheat products এ আমরা দিচ্ছি। মাননীয় সদস্য শ্রী অঘোর দেববর্ম্মা বলেছিলেন যে Levy প্রথা চালু করার ব্যবস্থা হয়েছিল, সেটাও একটা রাজনৈতিক উদ্দেশ্যে। Lavy প্রথা introduce করার যে চেষ্টা হয়েছিল। কি কারণে

Levy system withdraw করা হলো? সব কথাই মাননীয় সদস্যেরা জানেন। তবুও এই ঘটনাকে বিকৃতভাবে আমাদের Assembly তে তারা ব্যাখ্যা করার চেষ্টা করলেন। আমি বিস্মিত হয়ে যাই কি করে একজন মাননীয় সদস্য এইভাবে একটা ঘটনাকে উপস্থাপিত করলেন যেখানে তারা জানেন যে কি কারণে আমরা Levy system withdraw করলাম। এই যে withdraw করা হলো, সেটা ত্রিপুরার কৃষকদের স্বার্থের জন্যই করা হলো। তারাও তা ভাল করে জানেন, তথাপি তারা বলছেন যে এটা রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত হয়ে, যে হেতু নির্বাচন খুব সামনে সেই জন্যই করা হয়েছে। তারপর তিনি বলেছেনযে এই Levyর notice ... ... ··· ··· ···

Mr. Spaker—Your time is over.

Shri M. L. Bhowmick— Hon'ble Speaker, Sir, I want five munites more.

মাননীয় অধ্যক্ষ মহোদয়, তিনি বলেছেন যে প্রত্যেককে Notice দেওয়া হয়েছে। হাঁা, প্রত্যেককে Notice দেওয়া হয়েছে, এটা আমি স্বীকার করি। কারণ আমাদের সরকারের নীতি ছিল যে 10 acres and above আমরা Levey করবো। কিন্তু আমরা এটার খবর নেওয়ার চেষ্টা করেছি যে আমাদের যে উৎপাদক তাদের ত্রিপুরা রাজ্যে কি পরিমাণ জমি আছে। কে কতটুকু উৎপাদন করছেন তার একটা ফিগার আমাদের জানা দরকার। কারণ আমরা Ration Card দিব। 10 acres এর নীচে যাদের জমি থাকবে অথবা এক পরিবারের যা প্রয়োজন তা যদি মিটে যায় তার সেই জমির ধানে, সেই জন্য আমাদের জানা দরকার যে আমাদের ত্রিপুরা রাজ্যে সেই যে producer তার সংখ্যা কত এবং তার জমির পরিমাণ কত এবং তিনি কি পরিমাণ উৎপাদন করছেন এই সমস্ত তথ্য আমাদের সরকারের জানা প্রয়োজন। যদি আমরা সুষ্ঠু-ভাবে বিলি বণ্টন করতে চাই, Distribution করতে চাই তাহলে এটা আমাদের প্রয়োজন। সেই জন্যই আমরা প্রত্যেক Producerকে এই Levey Notice দিয়েছি।

তারপর Air lifting এর কথা মাননীয় সদস্য শ্রীসুনীল বাবুর আলোচনায় বলা হয়েছে। আমি শুধু একটা কথা বলতে চাই যে air lifting এর জন্য আমরা Budget এ token Provision রেখেছি এটাকেও তিনি inadequate বলে বলেছেন। আমি শুধু এই কথাই বলবো air lifting এর যদি প্রয়োজন হয় তাহলে আমরা air lifting করতে পারব। তার ব্যবস্থা বাজেটে আমরা করে নিতে পারব। এইজন্য কোন lifting আটকাবে না। এ কথা আমি Houseকে assure করতে পারি। Air lifting এর Provision যদিও অল্প তার দ্বারা আমাদের air lifting প্রয়োজন হলে পর, কোন commodities যদি আমাদের Air lifting করতে হয় তার জন্য আমাদের কোন রকম অসুবিধার সৃষ্টি হবে না। বর্তমানে যে অবস্থা তাতে air lifting এর কোন

প্রয়োজনীয়তা নেই। কারণ All India routeএ আমাদের মাল আসছে। যখন প্রয়োজন হবে তখনই আমরা air liftingএর মাল import করবো, এরজন্য আমাদের কোন অসুবিধা হবে না। কাজেই মাননীয় সদস্যরা আমাদের এই Demandএর উপর যে সমস্ত Cut Motion এনেছেন মোটামুটি আমি তার প্রত্যেকটির উত্তর দিলাম এবং আমাদের পক্ষ থেকে মাননীয় সদস্যগণও উত্তর দিয়েছেন। কাজেই তারা তাদের cut motionএ যে সব যুক্তি দেখিয়েছেন, সেই যুক্তির কোন সারবস্তু নেই। কাজেই আমি সমস্তগুলি cut motionএর বিরোধীতা করছি। আমি আশা করি House আমার এই Demandকে সর্বসম্মতিক্রমে গ্রহণ করবেন।

Mr. Speaker—The discussion is over. I now put the Demand No. 13 to vote. I put to vote the cut motions one by one. The cut motion moved by Shri Atiqual Islam. The question is that the demand be reduced by Rs. 100/- to discuss on mismanagement in the Civil Supplies Deptt.

As many as are of that opinion will please say 'Ayes'

Voice—'Ayes'

As many as are of contrary opinion will please say 'Noes'

Voice—'Noes'

'Noes' have it, 'Noes' have it.

So the Cut Motion is lost. Another cut motion moved by Shri Atiqui Islam. The question is that the demand be reduced by Rs. 100/- to discuss on mismanagement in the Fire Service, Agartala.

As many as are of that opinion will please say 'Ayes'

Voice—'Ayes'

As many as are of contrary opinion will please 'Noes'

Voice—'Noes'

'Noes' have it, 'Noes' have it.

So, the cut motion is lost.

Another cut motion movet by Shri Atiqul Islam. The question is that Demand be reduced by Rs. 100/- to discuss on Failure to fix up profit margin of the essential commodities.

As many as are of that penion will please say 'Ayes'

Voice—AYES

As many as are of contrary opinion will please say 'Noes'

Voice—NOES

'Noes' have it, 'Noes' have it.

So, the cut motion is lost.

Another cut motion moved by Shri Sunil Kr. Choudhury. The question is that the demand be reduced by Rs. 100/- to discuss on inadequacy of provision for Air lifting of essential commodities.

As many as are of that opinion will please say 'Ayes'

Voice—AYES

As many as are of contrary opinion will thare say 'Noes'

Voice—NOES

'Noes' have it, 'Noes' have it.

So, the motion is lost.

I would now put the main Motion to Vote. The question is that a sum not exceeding Rs. 6,00,000/-, [inclnsive of the sums specified in column 3 of the schedule to the Appropriation (Vote on Account) Bill 1966], be granted to defray the charges which will come in course of payment during the year ending on the 31st day of March, 1967 in respect of Demand No. 13— Miscellaneous Departments.

As many as are of that opinion will please say 'Ayes'

(Voice—'Ayes')

As many as are of contrary opinion will please say 'Noes'

(No Voice)

'Ayes' have it, Ayes have it. So the Motion is carried. The discussion on Demand No.23 is over. I would now put the Motions to Vote. First I would put to vote the cut Motion moved by Shri Atiqul Islam. The question is that the Demand be reduced by Rs. 100/- to discuss on mismanagement in the Statistical Department.

As many as are of that opinion will please say 'Ayes'

(Vcice—'Ayes')

As many as are of contrary opinion will please say 'Noes'

(Voice—'Noes')

'Noes' have it. 'Noes' have it. So the Cut Motion is lost.

I would now put the main Motion to vote. The question is that a sum not exceeding Rs. 13,24,000/-. [inclusive of the sums specified in column 3 of the Schedule to the Appropriation (Vote on Account) Bill 1966], be granted to defray the charges which will come in course of payment during the year nding on the 31st day of March, 1967 in respect of Demand No. 23— Miscellaneous, Social and Developmental Organisation.

As many as are of that opinion will please say 'Ayes'

(Voice—'Ayes')

As many as are of contrary opinion will please say 'Noes'

(No—Voice).

'Ayes' have it. 'Ayes' have it. So the Motion is carried.

Now I would call on the Hon'ble Minister to move his Demand for Grant No. 44.

Shri B. Das—Hon'ble Speaker Sir, I am authorised by the Hon'ble Chief Minister to move the Demand. Hon'ble Speaker Sir, on the recommendation of the Administrator, I beg to move that a sum not exceeding Rs. 4,93,58,000/-, [inclusive of the sums specified in column 3 of the Schedule to the Appropriation (Vote on Account) Bill 1966], be granted to defray the charges which will come in course of payment during the year ending on the 31st day of March, 1967 in respect of Demand No. 44— Capital outlay on Schemes of Government Trading.

মাননীয় অধ্যক্ষ, মহোদয়, এই Demandটি আমি House এর সামনে এনেছি এবং Food Scheme এবং Grow more Foodকে successful করার জন্য এই Demand এ যে ব্যয় বরাদ্দ রাখা হয়েছে তা House সর্ব্বসম্মতিক্রমে গ্রহণ করে Grow more Food campaignকে শক্তিশালী করার জন্য আমি House এর সামনে অনুরোধ রাখছি।

Mr. Speaker—There are three Cut Motions against this Demand (1) moved by Shri Bulu Kuki that the Demand be reduced by Rs. 100/- to discuss on inadequacy of provision for distribution of improved paddy seeds at subsidised rates. Another Cut Motion is moved by Shri Hlura Aung Mag that the Demand be reduced by Rs. 100/- to discuss on inadequacy of provision for grow more food scheme. Another Cut Motion is moved by Shri Hemanta Deb that the Demand be reduced hy Rs. 100/- to discuss on inadequacy of provision for distribution of patato seeds in time. Now I would call on Shri Bulu Kuki to move his Cut

Motion. As the Hon'ble Member is absent the Cut Motion falls throw. So I call on Shri Hlura Aung Mag.

Shri Hlura Aung Mag—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমার এই Cut Motion এই হাউসের সামনে রাখার উদ্দেশ্য হচ্ছে যে grow more food programmeকে কাজে লাগাবার জন্যই এবং এই programme যাতে আরও উন্নতির দিকে এগিয়ে যেতে পারে তার ব্যবস্থা করার জন্য। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের ত্রিপুরা রাজ্যে খাদ্যের যে অভাব এই কথা আমরা প্রত্যেক বৎসরই শুনতে পাচ্ছি। খাদ্যের অভাব ত্রিপুরা রাজ্যে বৎসরের প্রথম থেকে শুরু করে শেষ পর্য্যন্ত লেগেই আছে এবং গত ১৮ বৎসর ধরে ইহা আমরা ভোগ করে আসছি। এই ১৮ বৎসরের মধ্যে কোন বৎসর, কোন এলাকাতে খাদ্যের অভাব নেই একথা আমরা কখনও শুনি নাই—দীর্ঘ কংগ্রেসী রাজত্বে সরকার এ সম্পর্কে কি ব্যবস্থা অবলম্বন করেছে, এই ব্যপারে আমরা কোন কিছু দেখছি না। এই Cut Motion এখানে রাখছি এই কারণে যে grow more food programme টাকে ঠিক ঠিক ভাবে গ্রহণ করে যাতে দেশের মধ্যে খাদ্য উৎপাদন করতে পারি। এই দিকে আমাদের দৃষ্টি দেওয়া একান্ত প্রয়োজন। আমরা একথা পূর্ব্বে বলেছিলাম যে এভাবে সরকার grow more food সম্পর্কে যে budget করাতে যাচ্ছে তা অতি গুরুত্বপূর্ণ হবে। কিন্তু সে আশাটা একেবারে বৃথা হয়ে গেছে। কারণ grow more food এর scheme এ যে টাকাটা রেখেছেন তা হচ্ছে মাত্র ১৮,৩৫০০০৲ এই টাকাটা পরিকল্পনা অনুযায়ী রাখা হয়েছে কিনা তাতে আমার সন্দেহ আছে। মানে একটা scheme করতে গেলে তার পেছনে আমাদের অনেক কিছু করতে হয়। যেমন খাদ্য উৎপাদন বৃদ্ধির জন্য যে সব জায়গায় আমরা বাঁধ তৈরী করি, সে ধরণের অনেক বাঁধের কথা এখানে নেই। অনেক বাঁধ আছে যার construction এ বৎসরেই complete হল ; কিন্তু তাতেও সেখানকার জমিতে জল পাওয়া যায় না। যেমন বগাফা বাঁধ, শান্তির বাজার এলাকায় বাঁধ দেওয়া হল কিন্তু একফোটা জলও জমিতে দেওয়ার জন্য পাওয়া গেল না। জলের ব্যবস্থা আমরা কৃষকদের ঠিকমত করে দিতে পারলাম না। আর কথা হচ্ছে যে সরকার যে ধানের বীজ বিলি করেন তা একেবারে পঁচা। পচা বীজ কোন কাজের উপযুক্ত নয়, এ ধরণের বীজ বিলি করা হচ্ছে সমস্ত এলাকার মধ্যে। এবারে যে সমস্ত আলুর বীজ বিলি করা হয়েছে তার মধ্যে অনেক defect আছে। পরিষ্কার কথা, সেগুলি অঙ্কুরিত হয় না।

(Interruption)

শুনুন, শুনুন, আরও কিছু আছে। আরো কথা হচ্ছে এই বীজগুলি সরকার থেকে সময়মত বিলি বন্টন করা হয় না এবং যখন সময় চলে যায় তখন এলাকায় গিয়ে বীজ বিলি বন্টন করা হয়।

এ বৎসরের জুলাই বাড়ীতে যে সমস্ত বীজ বিলি করা হচ্ছে সেই বীজগুলি অনেকাংশে খারাপ। আবার দেখা গেছে যে, যে কৃষকরা বীজ নিতে নারাজ তাদের কে বাধ্যতামূলক ভাবে বীজ গ্রহণ করতে হয়েছে। আমি জানি জুলাই বাড়ীতে আলুর বীজের চাহিদা অনেক বেশী এবং ২ লক্ষ কেজির বেশীই তারা indent দিয়েছে। কিন্তু তারমধ্যে কম বীজ দিয়েছে সরকার। তারমধ্যেও আবার সব বীজ বিলি হয় নাই। তারপরে সরকার লোকদের বাধ্য করে সেই বীজ দিয়ে এসেছে, হাওলাত সুত্রে ঋণসুত্রে লোকে নেবে কেন? সময় চলে গেলে কোন ফল হবে না, কেন তা নিতে যাবে? এ বৎসরেই মাননীয় Deputy Minister শ্রীরাজপ্রসাদ চৌধুরী এবং শ্রীবিনোদ বিহারী দাস জুলাই বাড়ীতে grow more food সম্পর্কে বলার জন্য মিটিং করার জন্য গিয়েছিলেন তখন একথা তাদেরে বলা হয়েছিল। আমাদের A.D.M. সেখানে এমন একটা কথা বলে ফেললেন যে যদি তিনি জানাতন যে জুলাইবাড়ীর জন্য এ ধরণের বীজ দেওয়া হবে তাহলে এক কেঃজিও দেওয়া হত না এবং তাহার অজানাতেই বীজ মঞ্জুর হয়ে এসেছে। এ ধরণের কথা আমরা আশা করি নাই। কথা হচ্ছে জুলাই বাড়ী এলাকাতে যে আলুর বীজের চাহিদা, সেই চাহিদা অনুযায়ী সরকার সরবরাহ করতে পারেন নাই, failure হয়েছেন সরকার সেইখানে। এবং যে সময় আলুর বীজ পাঠানো হয়েছে সেটা ঠিক সময় নয়।

Grow more food কে জয়যুক্ত করার জন্য আমরা নানা জায়গায় বক্তৃতা দেই, বিভিন্নভাবে কৃষকদের আমরা এই সম্পর্কে উপদেশ দেই। অনেক ফলন ফলায়, অনেক শাকশব্জি ফলায়, শাকশব্জি ফলাতে গিয়ে দেখা যায় বাজারে সে ধরণের দাম নেই। বেগুনের সের ছয় নয়া পয়সা। শান্তির বাজারে বা লাউগাং বাজারে, বেতাগা বাজারে ২ নঃ পঃ বা ৪ নয়া পয়সা করেই বিক্রী করা হয়। সরকারের সে দিকে দৃষ্টি দিতে হবে। কৃষকরা যদি ফসল ফলিয়ে তার উপযুক্ত দাম না পায় তাহলে কেন তারা ফলাবে? কাজেই তাদের উৎপন্ন ফসল সরকারকে কিনে এনে অন্যত্র বিক্রী করার ব্যবস্থা করতে হবে।

আর একটি কথা আমি এখানে রাখব যে Grow more Foodএর যে campaign সেটা একেবারেই failure হয়েছে। ধান চাউল মোটেই সেইভাবে উৎপন্ন হচ্ছে না। আর যে টুকু বা উৎপন্ন হচ্ছে, সেটা রাঘব বোয়ালের পেটেই যাচ্ছে। এই সমস্ত ব্যবসায়ীদের লাইসেন্স দিয়ে সুযোগ সুবিধা দিচ্ছে সরকার। ঠিক ঠিক সময় যদি সরকার এই ধান চাউল কিনত তাহলে তাহা সরকারের ঘরে আসত কিন্তু ব্যবসায়ীদের লাইসেন্স দিয়ে সুযোগ করে দিচ্ছেন এবং বৎসরের পর বৎসর খাদ্যের এই ঘাটতি ও সংকট জিয়াইয়া রাখছেন তাদের দলীয় স্বার্থের জন্য। সুতরাং আমার কথা হল, এই ধান চাউল procure করার জন্য সরকারেরই দায়িত্ব নেওয়া উচিৎ এবং সেই জন্য বাজেটে বরাদ্দ রাখা দরকার। যদি তা করেন তাহলে আমরা জনসাধারণকে ঠিক ঠিক ভাবে ধান চাউল সরবরাহ করতে পারব। কাজেই আমি বলছি যে সরকার যাতে ধান চাউল খরিদ করে তার

গুদামে রাখতে পারে তার ব্যবস্থা করা হউক। এই বলেই আমার cut motionএর সমর্থনে আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker—I would now call on Shri Hemanta Deb.

Shri Hemanta Deb—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি যে cut motion রেখেছি সেটা খুবই যুক্তি সঙ্গত। আমার cut motion এ আছে Inadequacy of provision for distribution of potato seed in time. কাজেই আলুর বীজ, তার চাষ এবং এখানের যে মাটি তাতে আলু চাষ সম্পর্কে সরকারের যে কাজ সেটা কতদূর helpful হয়েছে সেই সম্পর্কেই আমার আলোচনা। আমাদের ত্রিপুরা সরকার খুব বলে থাকেন, খাদ্য বাড়াও, ফসল বাড়াও ইত্যাদি; কিন্তু এই সব প্রচারের সঙ্গে সরকারের সে কার্য্য ধারা বা ব্যবস্থা তার কোন সামঞ্জস্যই নাই। তা যদি থাকত তা হলে পরে সত্যই ত্রিপুরাকে আমরা একটি খাদ্যে স্বয়ং সম্পূর্ণ অঞ্চল করে গড়ে তুলতে পারতাম। তারা মুখে বলেন এক কথা আর কাজে করেন অন্য রকম—কোনটার সঙ্গে কোনটার যোগাযোগ নাই। ত্রিপুরা রাজ্যে কোন কোন ফসল, কোন কোন তরকারী উৎপাদন করার মত মাটি তৈরী হয়েছে। সকলেই বলবেন যে এখানে আলুর চাষ হয়, কিন্তু আলুর চাষ করতে গিয়ে সরকারের কথা ও কাজের সঙ্গে কোন মিল থাকে না। আমি যত দূর জানি ত্রিপুরাতে বৎসর অন্তত: ২ বার আলুর চাষ করা যায় কিন্তু আমাদের মন্ত্রীরা বৎসরে ১ বার আলুর চাষ করাতেই হিমসিম খান। আলুর চাষ প্রধানতঃ August মাসে আরম্ভ করতে হয় এবং ভাল ভাল কৃষকরা October-Novemberএ আলু বাজারে বিক্রী করে থাকেন। আমাদের সরকার ঐ October-November মাসে আলুর বীজ Block গুলিতে দিতে আরম্ভ করেন মাত্র, আবার তাও পঁচা বীজ, তাতে ফসল হয় না। আমি নিজে তার ভুক্তভোগী, আমি নিজে ঐ বীজ নিয়েছি এবং তাতে কোন কাজই হয় না। আমি বলেছি যে আপনি ঐ বীজ নিয়ে যান এবং মাটির সাথে মিশিয়ে দেখুন তাতে কোন সুফল হয় কিনা। কাজেই ঐ বিষয়ে আর কোন অভিজ্ঞতাই নাই সেই রকম লোককে দিয়া সরকার কাজ করান। এই বৎসরে সরকার যে আলু বীজ দিয়াছেন তার ২৫ শতাংশও কোন কাজে আসে নাই। আমাদের সরকার যখন আলু বীজ বিক্রী করেন তখন বাজারে নূতন আলু বাহির হইয়া যায়। শ্রাবণ ভাদ্র মাসে একবার ও September, October ও November এ আরো একবার আলুর ফসল লগোনো যায়। কিন্তু এখানে বৎসরে একবারও আলুর ফসল ঠিকমত করা যায় না কারণ প্রতি বৎসরই সরকার থেকে ঐ রকম পঁচা বীজও তাহা অসময়ে বিক্রি করে থাকেন। আলু একটা খাদ্য যাহা প্রায় বার মাস রাখা যায় এবং সেটা পুষ্টিকরও বটে। কাজেই আলুর চাষ যাহাতে বাড়ানো যায় সেই দিকে

আমাদের মন্ত্রীরা একটু নজর দেবেন। আলুর বীজ যাহাতে ভাল হয় এবং সময়মত বিক্রী করা হয় এবং সুযোগ্য লোক দিয়ে তা পরিচালনা করেন এই জন্য আমি আমার এই cut motion রাখছি। আমরা যখন এই হাউসে বক্তৃতা দেই সেই সময় কোন কোন মন্ত্রী আরামে নিদ্রা যান, তাই জানিনা তাদের রাজ্যে জনগণের কি সুখ সুবিধা হবে। এখানে বহু মন্ত্রী আছেন যাদের মাটির সঙ্গে কোন সম্পর্কই নাই, শুধু এই এসেম্বলীতে বসে সত্য মিথ্যা বলে যান, তাদের থেকে আমরা আর কি আশা করতে পারি। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আগামী বৎসরে এখানকার কৃষকরা যাহাতে ভাল বীজ পেতে পারে এবং ভাল আলুর ফসল করতে পারে এই আশা রেখেই আমি এই cut motion রাখছি, আশা করি এই হাউস তা সর্ব্বসম্মতিক্রমে গ্রহণ করবেন।

Mr. Speaker—I would now call on Shri Kamaljit Singh.

Shri Kamaljit Singh—মাননীয় অধ্যক্ষ মহোদয় 44—Capital out lay on scheme of Government Trading এ যে ব্যয় বরাদ্দ ধরা হয়েছে তার সমর্থনে এবং তার জন্য যে cut motion এখানে আনা হয়েছে তার বিরোধীতা করে আমার বক্তব্য রাখছি। মাননীয় সদস্য শ্রী লুড়া অংগ মগ বলেছেন যে grow more food scheme এ যে টাকা ধরা হয়েছে তাহা inadequate. গত বৎসর যে টাকা রাখা হয়েছিল, কত খরচ হয়েছিল এবং এ বৎসর কত টাকা রাখা হয়েছে এবং কিভাবে তা কম হল সে সম্বন্ধে বিস্তারিত কোন কিছু তিনি বলেন নাই। পঁচা ডিম খাবার উপযুক্ত নয় এই সব অবান্তর কথা বলে এ হাউসকে ভুল পথে চালাবার চেষ্টা করছেন। Grow more food scheme যেটা আছে সেটা যদি আমরা দেখি তাহলে দেখব যে কোন specific food কে বাড়াবার জন্য এটা করা হয় নাই, ত্রিপুরা রাজ্যের খাদ্যের জন্য ও অধিক ফসল ফলাবার জন্য যা যা খাদ্যের দরকার সেই দিকে দৃষ্টি রেখেই এই Budget করা হয়েছে। কোন জিনিষ আমাদের দরকার এখনই তার প্রয়োজন, এমন কিছু করা সম্ভবপর নয়। মাননীয় সদস্য স্বীকার করেছেন যে সব season এ এই সব কিছু ফসল উৎপন্ন করা যায় না, এখন আমার ধানের দরকার কাজেই এখন আমার ধান উৎপন্ন করা এ সম্ভব নয়। অতএব আমাদের season অনুযায়ী, এখানে খাদ্য ফসলের ratioতে যা সম্ভব হয়, যত accreage আছে, কোন কোন জায়গায় কি কি ফসল উৎপন্ন করা যায় তার উপর নির্ভর করে আমরা প্রত্যেক বৎসরই পরিকল্পনা করছি। গত বৎসরের তুলনায় এই বৎসর আরো বেশী টাকা আমরা খাদ্যের জন্য রেখেছি, সামনে আমাদের কতকগুলি স্কীম নিয়ে। কারণ এই যে grow more food এর পরিকল্পনায় যে কর্ম্মধারা আকৃষ্ট হয়ে আমাদের কৃষকরা অধিক খাদ্য বাড়ানোর চেষ্টা করছে। এখানে দুই প্রকারে ফসল বাড়ানো যায় একটা হচ্ছে এখানে

যে জমি আছে তাকে properly utilise করে যাতে অধিক ফসল তাতে ফলানো যায়। যে পতিত জমি রয়েছে তাকে reclamation করে কি ভাবে ফলপ্রসু করা যায়। আর একটা হচ্ছে বাঁধ বেধে minor irrigation করে ফসল বাড়ানো। কিন্তু আজকে যে grow more food এর scheme এর মধ্যে কোন বাঁধের provision নাই এ কথা মাননীয় সদস্য শ্রীমগ বলেছেন: কিন্তু আমাদের একটা জিনিষ খেয়াল করা দরকার যে এই যে plan, এই scheme এর জন্য কোন বাজেট ধরা নেই। Irrigation এর জন্য এটা আলাদা ভাবে ধরা হইয়াছে। অতএব হাউসের আপনাদিগকে আমাদের grant এর বিরোধীতা করতে হবে এই ভেবেই উনারা একটা কিছু বলে বিরোধীতা করেছেন, সেখানে কোনরকম যুক্তি নেই। আর আমাদের মাননীয় সদস্য শ্রীহেমন্ত বাবু বলেছেন যে আমাদের মাটির সঙ্গে কোন সম্পর্ক নেই। মাটির সঙ্গে যদি অমোদের সম্পর্ক না থাকত তা হ'লে আমরা যে আলুবীজ দিয়েছি তা আপনারা গ্রহণ করেছেন; এরা যারা পান নাই তারা চীৎকার করে বলেছেন যে আমরা পাই নাই এবং পঁচা দিয়েছেন কিন্তু আমরা আরো বেশী বীজ দেওয়ার চেষ্টা করছি। যদি একটা হিসেব করা যায় তাহলে দেখা যাবে ত্রিপুরা রাজ্যে মোট ১২ হাজার একর জমিতে আলুর চাষ করা হয় এবং 14% of the landএর জন্য আমরা improved seeds দিয়েছি।

আর একটা কথা হচ্ছে September এবং Octoberএর কথা। মাননীয় সদস্যের ওয়াকিবহাল থাকা দরকার। তিনি বলেছেন যে বারমাস বীজ রাখার জন্য। ত্রিপুরা রাজ্যে আপনারা যদি সেটা রেখে প্রমাণ করাতে পারেন তাহলে বাইরে থেকে এভাবে আর বীজ আলু আনাবার প্রয়োজন হবে না। আমি অনুরোধ করব মাননীয় সদস্যকে যে বারমাস বীজ রেখে ভাল improved বীজ যাতে গ্রহণ করতে পারেন সেটা পরিকল্পনা বা কাজে দেখিয়ে আমাদিগকে সাহায্য করবেন।

......তাহলে আমাদের বাইরের থেকে আলু আনার প্রয়োজন পড়ে না। আমি অনুরোধ করবো মাননীয় সদস্যকে যে আমরা যাতে বার মাস ভাল বীজ রাখতে পারি এবং সে বীজকে ভাল improved বীজ বলে প্রমাণ করতে পারেন সে বিষয়ে পরিকল্পনা বা হাতে কলমে দেখিয়ে সাহায্য করেন তাহলে আমরা খুশী হবো। আমাদের ত্রিপুরা রাজ্যে যে improved বীজ আনা হয় সেগুলি শিলং থেকে আনা হয়। আমরা এখানকার স্থানীয় Demand থেকে প্রত্যেক কৃষককে অনুরোধ করি তাদের কি পরিমাণ বীজ প্রয়োজন, সেই অনুসারে Sept. Oct. এর মধ্যে আমরা তাদের Demand গ্রহণ করবার চেষ্টা করি এবং Oct. থেকে তাদের প্রয়োজনীয় বীজ supply করবার চেষ্টা করি। সেই অনুযায়ীই আমরা এখানে বীজ দিয়েছি। এবং আস্তে আস্তে আমাদের এই বীজের Demand বাড়ছে। এই বৎসর আমরা আরও বেশীর জন্য ব্যবস্থা রেখেছি। অতএব Inadequacy of provision for distribution of potato

seeds in time এ কথা ঠিক নয়, যুক্তি সঙ্গত নয়। কাজেই এই Demandএ যে cut motion আছে সেই cut motionএর বিরোধীতা করে মূল Demandএর সমর্থনে আমি আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker—I would now call on Shri Nishi Kanta Sarkar.

Shri Nishi Kanta Sarkar—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের মাননীয় Demand No. 44 যা Houseএর কাছে রেখেছেন তা আমি সমর্থন করছি। আর বিরোধী পক্ষ থেকে যে cut motion এসেছে তার বিরোধীতা করছি এই জন্য যে তারা যা যুক্তি দেখিয়েছেন একটার সঙ্গে আর একটার কোন মিল নেই। এক জায়গায় যে টাকা রাখা হয়েছে তাতে তারা বলছেন কম। কিন্তু Grow more food campaign successful করতে গিয়ে সরকার কৃষকের জন্য বা কৃষি উৎপাদনের জন্য কতভাবে কত scheme এ যে টাকা রাখেন সেটা উনারা দেখেন নি। যদি দেখতেন তাহলে টাকা কম বা বেশী ইত্যাদি প্রশ্ন আসত না। আমাদের একজন মাননীয় সদস্য বলেছেন যে ত্রিপুরা রাজ্যে আশ্বিন, কার্ত্তিক দুই মাস এবং ফাল্গুন, চৈত্র, দুই মাস অভাব লেগেই আছে। অভাব যে কোন রাজ্যে নাই তা আমি জানিনা। উনার কথামত বৎসরে ৮ মাস আমরা খুব সুখে থাকছি। কোন অভাব নাই। আর বাকী ৪ মাস আমরা অভাব ভোগ করছি। কিন্তু আমাদের সরকার এই ৪ মাসের অভাবও মিটিয়ে থাকেন। এই মাত্র আমাদের মন্ত্রী মহোদয় বলেছেন যে যখনই অভাব দেখা দেয় তখনই আমরা Fair Shopএর মাধ্যমে প্রত্যেক এলাকায় কম দামে চাউল দিয়ে থাকি। অতএব আমি দেখছি যে এই cut motionএর কোন অর্থই নেই।

আবার আর একটি কথা উনি বলেছন যে বগাফায় ৪০ হাজার টাকা খরচ করে একটি বাঁধ দেওয়া হয়েছে, Sluice gateও হয়েছে অথচ জল নেই। আমার মনে হয় উনি বাস্তবের সঙ্গে সম্পর্ক রাখেন না। আমার যতটুকু মনে হয় যে সেখানে বোধ হয় (Interruption) বাইরের জল এসে সেই বগাফা মাঠটাকে নষ্ট করে দিয়েছে। মনে হয় বাইরের জল গিয়ে বগাফার মাঠটাকে নষ্ট করে দিত, তাই বাইরের জল যাতে না আসতে পারে তার জন্যই এই বাঁধ এবং Sluice gate দেওয়া হয়েছে। এখন কথা হলো যে বৃষ্টি যখন থাকবে না তখন জল পাবে না। সেটা হলো আলাদা কথা। সেটা এখানে আসতেই পারে না।

তারপর বলেছেন ছোট খাট বাঁধ এই সেই, তার জন্য আলাদা টাকা রয়েছে। আবার বলেছে Grow more food, grow more food করে ঢাক ঢোল বাজিয়ে প্রচার করেছি। হাঁ, আমরা প্রচারের মাধ্যমে ঢাক ঢোল বাজাই। তাতে কৃষকের ফসল বেড়েছে. শাক সব্জী, বেগুন, টমেটো ইত্যাদি প্রচুর হয়েছে। বাজারে তরকারীর মূল্য কমেছে। তাহলে দেখা যায় আমাদের প্রচারে

কৃষকরা উৎসাহিত হয়েছে, আমরাও successful হয়েছি ফসলের দিক দিয়ে। আমি বলতে বাধ্য হলাম যে লাভ লোকসানের হিসাবই তারা জানে না। বলা দরকার বলে গেলাম। যেমন এক গ্রামের স্ত্রী বলছিল স্বামীকে, আরে শোন শোন ভাসুরে নয় টাকা দিয়ে খরিদ করলো আর ছয় টাকায় বিক্রী করলো, কি রকম ভাল খায়, তুমি করছ কি? স্বামী বললেন, নয় টাকায় ক্রয় করে ছয় টাকায় বিক্রী করলো। এতে তো তিন টাকা লোকসান হলো। স্ত্রী বললো যে লাভ লোকসানের কথা আমি কি জানি। আমি মেয়ে মানুষ। ভাল খায় তাই জানি। তাই উনারা বিরোধীতা করে উৎপাদনের সঙ্গে তাল রেখে কথার সঙ্গে সামঞ্জস্য মোটেই রাখলেন না। আর তাছাড়া একজন সদস্য বলছেন আলুর বীজ, আলুর বীজ সব পঁচা। সময়মত বীজ দেওয়া হয় না, আর আমাদের আলু দ্বারা গাছ হয় না। এতে আমি একমত নই, কারণ আমি জানি, প্রথম দিকে উদয়পুর, অমরপুর, সাব্রুম, বিলোনীয়ায় যখন আলু যায় তখন আমার সেখান দিয়েই গিয়েছে। আমি জানি আলু যখন শিলং থেকে আসে ৮ | ১০ | ২০ দিন দেরী হয় তাতে একটা কিছু অংশ তার পঁচতেই হবে, কারণ তিন দিন পূর্ব্বে আলু তুলে ঘরে রাখলেও কিছুটা পঁচে। সব জিনিষই শাক শব্জী তরীতরকারী, বীজ বলতে কিছুটা অংশ পচে নষ্ট হবেই। অন্য একজন সদস্য বলছেন যে দামে বীজ দেওয়া হচ্ছে তাতে গাছই উঠছে না। আমরা যে বীজগুলি দিয়ে থাকি তার একটা Percentage নষ্ট হয়। তার জন্য উনারা বলছেন মোটেই গাছ হয় না। কিন্তু আমি বলবো চিরদিন কেন আমরা বাইরের বীজের উপর নির্ভর করবো। আমি House এর সামনে একথা বলতে পারি যে আমার উদয়পুর সাব ডিভিশনে, পরের বীজের উপর কেন নির্ভর করবো আমি তো গত বৎসর বীজ নেইনি, বোরোর বীজ নেই নি বরং আমি supply দিয়েছি। আউসের বীজ নেইনি। এবার B. D. C. meeting এ প্রত্যেক প্রধানদের জিজ্ঞাসা করেছি যে তোমাদের আউস বীজ লাগবে কি না? বললো না! বোধ হয় ১০০/৫০ মণ লাগে কিনা তাও সন্দেহ। আলুর বীজ সম্বন্ধে আমি, একথা বলতে যাব, যে হাঁ এবার আমাদের একটু দেরী হওয়ার কারণ আছে।

(Interruption)

কেন আমরা বলবো। বলবো এই জন্য যে প্রত্যেক বারই B. D. C. meeting এ প্রত্যেক প্রধানের কাছে appeal করা হয় যে তোমার আলুর বীজ কি লাগবে, ধানের বীজ কি লাগবে এই সমস্ত। সেই সব কর্মচারী বিভিন্ন গ্রাম থেকেই আসে; হয়তো এবারে আমাদের আলুর বীজ দিতে দেরী হয়েছে, তবে এবারে আলুর বীজের বেশ চাহিদা ছিল, এই জন্য বিভিন্ন মহল থেকে নানা রকম কথা উঠেছে। এই দেরী হওয়ার কারণ অবশ্যই আছে, কারণ আলুর বীজ পেতে আমাদের দেরী হয়েছে এবং allotment করতেও দেরী হয়েছে; তা সত্বেও আমরা যে কৃষকের এক কেজি আলুর বীজের দরকার আছে, তাকে আমরা ২৫ গ্রাম দিয়েছি। এভাবে সর্ব্বত্র

দেওয়া হয়েছে। কিন্তু একেবারেই যে দেওয়া হয়নি, তা ঠিক নয়। আর এখানে অনেকে অভিযোগ করেছেন যে বীজ দেওয়া হয়েছে, প্রায় সবগুলি নষ্ট বীজ, কিন্তু আমি বলব যারা এরূপ বলেছেন তাদের কৃষি কাজে কোন অভিজ্ঞতা নেই। আবার কেউ বলেছেন যে জমির মাটি পরীক্ষা করা দরকার ছিল। আমাদের তো সেই soil experiment করার expert ও রয়ে গেছেন। আর আমাদের এখানে যারা V.L.W. রয়েছেন তারা সবাই training প্রাপ্ত এবং গ্রামের প্রত্যেকটি কৃষকের সাথে মিশে মিশে কোন জমিতে কি হবে না নাহবে সবই তারা আলাপ আলোচনা করে থাকেন। আমার মনে হয় পূর্ব্বে কৃষকদের যে অভিজ্ঞতা ছিল বর্ত্তমানে তা প্রায় দ্বিগুণের বেশী বেড়ে গেছে। কৃষি বিভাগের অফিসারেরা যখন গ্রামাঞ্চলে গিয়ে কৃষকদের সাথে আলাপ আলোচনা করে; তখন তারা বলে থাকেন যে আমরা কৃষির উৎপাদন বাড়াতে চাই। এমন কি তাদের মধ্যে ক্রমশঃ একটা প্রতিযোগীতার মনোভাবও গড়ে উঠছে যাতে করে প্রত্যেকে নিজ নিজ জমিতে বেশী পরিমাণ ফসল ফলাতে পারে। এই যে মনোভাব তা আমাদের স্বয়ং সম্পূর্ণতার লক্ষ্যে পৌঁছাতে অনেকটা সাহায্য করবে বলে আমার মনে হয়। কিন্তু বিরোধী পক্ষের সদস্যদের একমাত্র কাজই হ'ল এখানে একটা cut motion রেখে তার উপর স্বেচ্ছাকৃত ভাবে কতগুলি বিকৃত তথ্য পরিবেশন করে, বাহিরে গিয়ে বলবে যে হাঁ আমরা তো তোমাদের অভাব অভিযোগ সম্বন্ধে অনেক কথাই বলেছি। আজ পর্য্যন্ত ত'দের কারো মুখ দিয়ে কৃষকদের এই কথা বলতে শুনিনি যে তোমাদের বীজই একমাত্র সম্বল, কাজেই তোমরা যেমন করে হউক বীজ ধান জমা রাখ, তা হ'লে তোমরা সময়মত ফসল করতে পারবে কারো উপর নির্ভর করতে হবে না বা বাহির থেকে বীজ ধান নেওয়ারও প্রয়োজন হবে না। তবে হয়তো ওনারা বলতে পারেন যে আমাদের দলকে জোরদার করার জন্য এগুলি বলতে হবে, কার্য্যতঃ তা হবেনা—শেষ পর্য্যন্ত ঐ সাদা টুপিই মাথায় দিতে হবে। এই বলে আমি cut motion এর বিরোধীতা করছি এবং main motion এর সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker—Here I quoting a rule for the enformation of the Hon'ble members. The rule is "No member is to argue with another member when the later is addressing the House. He may however put through the chair any question with view to obtain information from the member who is speaking, but a member who is addressing the House with the permission of the chair should not be interrupted by another member persistantly."

Now I would call on Shri Promode Ranjan Das Gupta.

Shri Promode Ranjan Das Gupta—Hon'ble Speaker, Sir, demand for

grant No. 44 এর সমর্থনে এবং cut motion এর বিরোধীতা করে আমি আমার বক্তব্য রাখছি। এই demand টির প্রতি একটু লক্ষ্য করলে দেখা যাবে যে ১৯৬৪-৬৫ সালে এই খাতে প্রথমে ৩ লক্ষ টাকা রাখা হয়েছিল, আর revised estimateএ সেটাকে বাড়িয়ে ১৫ লক্ষ ৫০ হাজার করা হয়েছে, অতএব দেখা যাচ্ছে যে ৩ লক্ষ থেকে সেখানে ১২ লক্ষ ৫০ হাজার টাকা বেড়ে গেছে। এবারে ১৯৬৬-৬৭ এ আমরা দেখেছি যে ১৮ লক্ষ ৩৫ হাজার টাকা রাখা হয়েছে। অতএব এখানে যে provision of inadequacy বলে cut motion রাখা হয়েছে, তা যে কিভাবে হল আমি বুঝতে পারছি না। কারণ demand যা, যে সরকার ৩ লক্ষ থেকে ১৫ লক্ষ ৫০ হাজার টাকা পর্যন্ত যেতে পারে তাতে বুঝা যায়, তখন grow more food এর প্রশ্নে ... ... যখন পাক-ভারত যুদ্ধ চলছিল, কোন কোন দেশ তখন সাহায্য দেওয়া বন্ধ করেছিল, তখনই আমাদের আত্মনির্ভরশীলতার প্রশ্ন উঠেছিল তাই সেখানে আমাদের বাজেটে ১৫ লক্ষ ৫০ হাজার টাকা ধরা হয়েছে। অতএব inadequacy of provision একথাটা ঠিক নয়। কেন যে ঠিক নয় তা এই বাজেটের অঙ্কগুলি তুলে ধরে বুঝাতে চেষ্টা করেছি। আমাদের ১৯ কোটি টাকার বাজেট, তার সবটাই আমরা Central Govt. থেকে পাই। এই বাজেটে বরাদ্দকৃত অর্থের একটি অংশ food & civil supply এর জন্য। এই অর্থ রাখা হয়েছে ২টি বিশেষ কারণে—একটি হচ্ছে সরকার নিজের নিয়ন্ত্রাধীনে পণ্যদ্রব্য ক্রয় এবং সরবরাহ করবে, যারফলে দ্রব্যমূল্য stabalised থাকবে। দ্বিতীয়তঃ হচ্ছে খাদ্যশস্য procure করে আমাদের deficit পূরণ করার জন্য। এই বরাদ্দকৃত অর্থ হ'তে আর একটি অংশ ব্যয়িত হবে grow more food এর জন্য। আমাদের total production হচ্ছে 80·70 million tons ৩য় পঞ্চ বার্ষিকী পরিকল্পনায় এবং এই হিসাবে আমাদের ঘাটতির পরিমাণ হচ্ছে ৬০ লক্ষ টন। এই বিরাট ঘাটতি পূরণের জন্য Grow more food scheme এর বিশেষ প্রয়োজনীয়তা আছে এবং তদ্ অর্থে বাজেটের অর্থ বরাদ্দ রাখা হয়েছে। Grow more food scheme রূপায়ণের ক্ষেত্রে সবিশেষ প্রয়োজন হ'ল জমির উর্ব্বরা শক্তিকে বৃদ্ধি করা। আমাদের জমিতে per acre উৎপাদন ক্ষমতা গড়ে ১০ মণ। সরকারী একটি হিসাবে দেখা যায় যদি একটন fertilizer ৭৫ একর জমিতে ব্যবহার করা যায় তাহলে আমাদের জমির উর্ব্বরতা বৃদ্ধি পায় এবং উৎপাদনের হার ও বেড়ে যায় এবং এই ক্ষেত্রে আমাদের production by ten tons বেড়ে যায়। সুতরাং এই দিকে লক্ষ্য রেখে আমরা ৭ লক্ষ টাকা বরাদ্দ করেছি। তাছাড়া agriculture খাতে seeds সরবরাহ করার জন্য ১ লক্ষ্য ৮০ হাজার টাকা রেখেছি। সুতরাং এই যে cut motion-inadequacy of provision for grow more foods and distribution of improve seeds at subsidised rates and distribution of Potato seeds in time, তার কোন যৌক্তিকতা নেই! Under the schemes for distribution of improve paddy seeds at subsidised rate, আমরা দেখতে পাই যে সরকার এজন্য ৬ শত টনের বরাদ্দ রেখেছেন, তার মধ্যে ২৭৫ টন আউস আর ২৭৫ টন আমন ও ৫০ টন বরো ধানের। আলু সম্পর্কে আমি বলব যে ১০০ মেট্রিক টনের স্থলে সরকার ৫০০ মেট্রিক টন বীজ আনবার ব্যবস্থা

করেছেন। বর্ত্তমান বাজেটে বরাদ্দকৃত অর্থ যদি শেষ পর্য্যন্ত প্রয়োজনের তুলনায় যথেষ্ট না হয়, তাহ'লে পরে supplementary প্রয়োজনীয় অর্থ মঞ্জুর করা যাবে। আলুর বীজের quality সম্পর্কে যা বলা হয়েছে, সেই সম্পর্কে আমি বলব যে কিছু পরিমাণ বীজ ছিল যেটা graminate হয়নি। Supply in time এই সম্পর্কে আমার বক্তব্য হ'ল October এবং November মাসে আলুর বীজ লাগানোর উৎকৃষ্ট সময়। August & September এ বৃষ্টি হওয়ার সম্ভাবনা থাকায়, আলুর বীজ নষ্ট হয়ে যায়। আর একটা বিষয়ের প্রতি আমি এই হাউসের দৃষ্টি আকর্ষণ করছি, সেটা হচ্ছে যে বিলির আগে বীজগুলি বাছাই করা, একথা সত্য যে আমদানীকৃত বীজের একটা অংশ fermented হবে, সুতরাং বাছাই করে যদি বীজ সরবরাহ করা হয় তাহলে কৃষকদের ক্ষতির কোন সম্ভাবনা নেই। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker—I would call on Hon'ble Binode Behari Das, Dy. Minister.

Shri Binode Behari Das—মাননীয় অধ্যক্ষ মহোদয়, যে cut motions এসেছে আমি তার বিরোধীতা করছি। cut motionsএর উপর বক্তৃতা দিতে গিয়ে বলা হয়েছে যে ত্রিপুরা রাজ্যে খাদ্যের অভাব। আমি বলব খাদ্যের অভাব নয় খাদ্যের ঘাটতি। সেই ঘাটতি পুরণের জন্য চেষ্টা করছি এবং বাইর থেকেও খাদ্য শস্য আমদানির ব্যবস্থা করা হচ্ছে। অভিযোগ করা হয়েছে যে আমরা যে বীজ ধান সরবরাহ করি সেগুলো পঁচা। এসম্পর্কে আমি বলব যে আমরা direct growerএর কাছ থেকে বীজধান কিনি এবং সেগুলো ঝাড়াই বাছাই করে কৃষকদের দিয়ে থাকি। সুতরাং পঁচা ধান কোনদিনই বিলি করা হয় না। এই অভিযোগ ওনারা কোথা থেকে আনলেন তা আমি জানি না। দ্বিতীয় অভিযোগ হচ্ছে যে আলুর বীজ যেটা দেওয়া হয়েছে সেটা পঁচা। কিন্তু আমি Houseএর সামনে একথা রাখতে চাই যে, এবারকার productionএর দিকে একটু লক্ষ্য রাখলেই বুঝা যাবে যে আমরা পঁচা আলুর বীজ দেইনি। এ সম্পর্কে একটি কথা উল্লেখ করার বিশেষ প্রয়োজন যে আলুর বীজ সরকার থেকে supply করা হয় only to encaurage the cultivators. এই কথা Bagafaতে যে meeting হয়েছিল সেখানে বলা হয়েছিল এবং সেখানে যে list তৈরী হয়েছিল তদনুযায়ী ১ লক্ষ ৭০ হাজার কেজি আলুর বীজ বগাফা, ঘোড়া কাপা প্রভৃতি এলাকার কৃষকদের মধ্যে বিলি করা হয়েছে। বীজ কিছু দেরীতে দেওয়া হয়েছে একথা আংশিক সত্য। কিন্তু আমরা কৃষককে এবার আলুর বীজ পৌঁছে দিয়েছি। এ প্রসঙ্গে একটি কথা উল্লেখ না করে আমি পারছি না। বগাফাতে যে meeting হয়েছিল সেই meetingএ মাননীয় সদস্য উপস্থিত ছিলেন এবং এই কথাটা সেখানেও তিনি উত্থাপন করেছিলেন। জনসাধারণ যখন তাকে চেপে ধরেছিল যে আপনি আজ কেন এই কথা বলছেন। এই দু'বছর কোথায় ছিলেন, তখন তিনি

সে কথার উত্তর দিতে না পেরে সে মিটিং থেকে চলে এসেছিলেন। পঁচা বীজ কোন দিনই দেওয়া হয় না কেননা আমাদের যে carrying contractor আছে তার কাছ থেকে contract মত আমরা প্রত্যেকটি বীজ বাছাই করে নিয়ে থাকি সুতরাং সে ক্ষেত্রে পঁচা বীজ দেওয়ার কোন প্রশ্নই উঠতে পারে না। মাননীয় অধ্যক্ষ মহোদয়, grow more foodএ যে টাকা আমরা এবৎসর রেখেছি তা গতবারের তুলনায় প্রায় ৬ লক্ষের মত বেশী। Inadequacy of provision for distribution of improved paddy seeds at subsidised rate, এ সম্বন্ধে বলতে গিয়ে আমাদের মাননীয় সদস্য শ্রীপ্রমোদ দাসগুপ্ত বিস্তারিত ভাবে বলেছেন। তার বক্তৃতায় তিনি দেখিয়েছেন যে Paddy seeds এবং manure খাতে গতবারের তুলনায় এবার বেশী টাকা রাখা হয়েছে। আমি যদি Demand No. 44 এ যে provision আছে তা ভালভাবে লক্ষ্য করি তাহলে দেখতে পাব যে, সর্ব্বক্ষেত্রে provision গতবারের তুলনায় বেশী রাখা হয়েছে। সুতরাং inadequacy of provision এই অজুহাতে এই demandএর উপর যে cut motion এসেছে তা ধোপে টেকেনা।

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আলুর বীজ সম্পর্কে বলা হয়েছে যে আলুর বীজ যেটা দেওয়া হয় সেটা germinate করে না। আমাদের এখানে Novemberএর 2nd week থেকে Decemberএর 1st week পর্য্যন্ত আলু লাগাবার সময়। মাননীয় সদস্য অভিজ্ঞ কৃষকের মত বলতে গিয়ে বলেছেন যে এই ত্রিপুরার মাটিতে বৎসরে দুবার আলুর চাষ করা যায়। মাননীয় সদস্যের জ্ঞাতার্থে আমি বলিতে চাই যে, ত্রিপুরা রাজ্যে দুবার আলু ফলান যায় না। জুলাইবাড়ীর জমিটা আলুর পক্ষে ভাল। এবং সেখানে আলুর ফলনের জন্য আমরা যথেষ্ট আলুর বীজ দিয়েছি তবে হয়ত একটু দেরীতে দেওয়া হয়েছে। কিন্তু তখনও আলু ফলানর সময় ছিল কাজেই সরকারের দৃষ্টি সেই এলাকার প্রতি আছে।

75% আলুর বীজ germinate হয়নি বলে অভিযোগ করেছেন। সে সম্পর্কে আমি বলতে চাই যে শীত প্রধান দেশের আলুর বীজ আমরা দিয়েছিলাম। যেহেতু ত্রিপুরা গ্রীষ্ম প্রধান সে জন্য সেই বীজগুলো greminate করতে একটু সময় নিয়েছে।

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি এই ছাটাই প্রস্তাবগুলোর বিরোধীতা করছি এবং Demandএর সমর্থন করছি। এই বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker—The discussion on Demand for grant No. 44 is over. I would now put the motions to vote. First I would put the cut motions to vote one by one.

The question before the House is the cut motion of Shri Hlura Aung Mag,

that the Demand be reduced by Rs. 100/- to discuss on inadequacy of provision for grow more food scheme.

As many as are of that opinion will please say 'Ayes'.

Voice—AYES

As many as are of contrary opinion will please say 'Noes'

Voice—NOES

'Noes' have it. 'Noes' have it. The cut motion is lost.

I would now put to vote the cut motion of Shri Hemanta Deb. That the Demand be reduced by Rs. 100/- to discuss on inadequacy of provision for distribution of potato seeds in time.

As many as are of that opinion will please say 'Ayes'

Voice—AYES

As many as are of contrary opinion will please say 'Noes'

Voice—NOES

'Noes' have it ; 'Noes' have it. The cut motion is lost.

I would now put the main motion to vote. The question is that a sum not exceeding Rs. 4,93,58,000/- [inclusive of the sums specified in column 3 of the Schedule to the Appropriation (Vote on Account) Bill 1966], be granted to defray the charges which will come in courpe of Payment during the year ending on the 31st day of March 1967 in respect of Demand No. 44—Capital outlay on schemes of Government Trading.

As many as are of that opinion will please say 'Ayes'

Voice—AYES

As many as are of contrary opinion will please say 'Noes'

(No Voice)

'Ayes" have it, 'Ayes' have it. The motion is carried.

I would call on the Hon'ble minister to move his Demand for grant No. 32 Stationary & Printing.

Shri B. Das— Hon'ble Speaker Sir, on the recommendation of the Administrator, I bag to move that a sum not exceeding Rs. 11,60,000/- [inclusive of the sums specified in column 3 of the schedule to the Appropriation (Vote on Account) Bill 1966], be granted to defray the charges which will come in course of payment during the year ending on the 31st day of March, 1967 in respect of Demand No. 32— Stationary and Printing.

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি এই Demand No. 32 Houseএর সামনে রাখছি। আশা করি House তা সর্বসম্মতিক্রমে গ্রহণ করবে।

Mr. Speaker—There is one cut motion against this Demand of Shri Atiqul Islam that the Demand be reduced by Rs. 100/- to discuss on mismanagement in the Stationary & Printing Department.

Mr. Speaker— I request the Hon'ble Member to move his Cut Motion,

Shri Atiqul Islam—Hon'ble Speaker Sir. Stationary and Printing সম্পর্কে আমি গত বাজেট সেশনেও অনেকগুলি complain রেখেছিলাম এবং বলেছিলাম যদি enquiry

করা হয় তাহলে এ সমস্ত prove করার responsibility আমি নিতে পারি। কিন্তু আমার allegation গুলিকে enquiry করা হয়েছে কিনা জানি না, আমাকে কিন্তু ডাকা হয়নি সাক্ষী দেওয়ার জন্যে বা তাকে prove করার জন্য। সে সমস্ত অভিযোগগুলির আমি আর পুনোরুক্তি করতে চাই না। তবে আজকে আমি আরো কতকগুলি নুতন ঘটনা তুলতে চাই যে আমাদের প্রেস ডিপার্টমেণ্ট কি রকম mismanagement বা কি রকম অরাজকতা সেখানে চলছে। আমি প্রথমে employee সম্বন্ধে শুরু করি। তারপর আস্তে আস্তে অন্যান্য subject সম্পর্কে বলব। Employee সম্পর্কে আমি আগেও বলেছি। যারা নাকি casual leave নেয় তাদের নিকট Medical Certificate চাওয়া হয়। যা চাওয়ার কোন যুক্তি সঙ্গত কারণ নেই এবং তখন আবার একথা শুনে Minister Mr. Bhowmikও বলেছিলেন যে এ কি করে সম্ভব casual leaveএর জন্য medical certificate চাওয়া হবে কেন? এখন সেই ধারণা পাল্টে গেছে। পাল্টে গিয়ে হয়েছে কি, এখন Casual Leave চাইলে পর যদি দেওয়াই হয়, refuse করে দেওয়া হয় vague সমস্ত কথা বলা হচ্ছে কাজেই casual leave তিনি পাবেন না। From January to July '65 যারা casual leaveএর জন্য দরখাস্ত করেছিলেন, or after July সেগুলা হয় refuse করা হয়েছে নয় Extra ordinary leave হিসাবে grant করা হয়েছে। এখন নিয়ম হয়েছে যখন কেউ casual leave চাইবে তখন সাধারণতঃ তাকে inform করানো, কিন্তু তা সেখানে করা হয় না। Januaryতে আমি leave নিলাম, Januaryর পর আমি regular monthly বেতন নিতে শুরু করলাম। July মাসে গিয়ে আমাকে জানানো হলো যে তোমার casual leave grant করা হলো না। অতএব তুমি refused এবং August মাসে তার monthly salary থেকে টাকাটা কেটে রাখা হলো। এখন এইটা according to fundamental rules ঠিক কিনা সেটা দেখতে আমি অনুরোধ করবো। আমি যতটুকু জানি fundameutal rulesএ এগুলি করা যায় না। এখন আমি casual leave যেখানে চাইলাম সেখানে আমার সেই leaveটাকে Extra-ordinary leave authority concern করতে পারেন কি না according to fundamental rule 97 and 85. অথচ সেই সব ক্ষেত্রে তাই করা হয়েছে। এখন যে ক্ষেত্রে নাকি আমি casual leave নিলাম, casual leave নিয়ে কদিন ছুটি enjoy করে সারলাম এবং ৪ মাস পরে আমাকে বলা হলো যে your leave has been refused. এখন আমার service এর যে continuity সেটার কি হবে? একদিন যে ছুটিতে গেলাম সেটা কিসের উপর ধরা হবে? আমি কি present না absent? অথবা সেদিনটা কিভাবে গণনা করা হবে? এটা কি একটা ত্রুটি, Irregular নয়? এটা কি একজন Employeeর Service এর পক্ষে black spot নয়? আমি যখন casual leave চাইলাম তখনই আমাকে জানাতে হবে কিন্তু তা না করে January তে আমি leave নিলাম আর August এ আমাকে inform করা হলো যে তোমার casual leave grant করা হলো না। তাহলে আমার অবস্থা কি দাঁড়ালো। যে leaveটা আমি enjoy করলাম সে leave ট ৪ মাস পরে refuse করা হলো। সেই দিনটা

কোথায় গেল ? এ সব ঘটনাই আজকাল প্রেস ডিপার্টমেন্টে হচ্ছে। Superintendent মহাশয় আজ কাল তাই করছেন। এগুলি সম্পর্কে Authority জানেন না তা নয়। Chief Minister জানেন না তা নয়। বিভিন্ন classএর employee রা complain যে করেন নি তা নয় ? করেছেন কিন্তু কোন step আজ পর্য্যন্ত নেওয়া হয়নি। এই সমস্ত সাধারণ ব্যাপারে যদি একজন employeeকে protection না দেওয়া হয় তাহলে আমি কেন মনে করবো না যে Ministerরা ওদেরে protection দেন। এই সমস্ত officerরা যারা সব সময় employee কে এভাবে হেরাসমেণ্ট করে তাদেরকে Ministerরা নিশ্চয়ই protection দেয়, তা না হলে আজকে house এর মধ্যে Mr. Bhowmik যে কথা বললেন সেটা কি করে সম্ভব হয়। একদিনের casual leave এর জন্য medical certificate চাওয়া হয়েছে, এটা কি করে সম্ভব হলো ? তিনি কি এর পরিবর্ত্তে enquiry করে দেখেছেন যে এটা কি করে হলো ? এই সমস্ত ঘটনা এখনো ঘটে। Casual leave তো এখন তাদেরে দেওয়াই হয় না। They are entitceled to get casual leave কিন্তু তা তারা পান না। এখন কোন কোন employee এর against এ কতগুলি complain করার ফলেতে তাদেরে suspend করা হয়েছে। Suspend করার পর সেগুলিকে Supdt. Mr. Gupta L.S.G. Deptt. Enquiry করেন। Enquiryর পর দেখা গেল যে এই সমস্ত alligationগুলি সত্যি নয়। তারপর সে as usual কাজে join করলো এখন সে as usual join করে কাজ করছে কিন্তু তার suspended periodএর যে টাকাটা সেটা Supdt. সাহেব দিচ্ছেন না, আটকে রাখছেন (Interruption) আমাদের pressএ অনেক compositorকে ইদানিংকালে নেওয়া হয়েছে on no work no pay basisএ। এই যে তাদেরে নেওয়া হয়েছে তার একটা system থাকতে হবে। আমাকে Employment Exchangeএর throughতে আসতে হবে, তাদের কাছ থেকে লোক চাইতে হবে। অথবা paperএ advertisement করতে হবে যে আমি লোক নিতে চাই on this basis, কারা কারা আছ apply কর, এ সমস্ত কোন কিছু করা হয়নি, তা না করে Supdt. সাহেব তার নিজের পছন্দমত কিছু লোককে নিয়োগ করলেন on no work no pay basisএ। Supdt. সাহেব directly envolved. তারা যাবেন না, They know badman is there. তিনি কে ? তিনি হলেন Foreman. Foreman is a badman এবং তার মারফতে এই সমস্ত কার্য্য হচ্ছে। Compositorকে ডেকে এনে Pressএ রাখা হচ্ছে এবং তাদের দিয়েই কাজ করানো হচ্ছে। এখন whether it is permissible. Employment Exchange মারফত নিয়োগ করাতে হবে অথবা Paperএ advertisement দিতে হবে, তারপর নিয়োগ করাতে হবে। কিন্তু তা কিছুই করা হয়নি। যাদের নেওয়া হয় তাদের বলা হয়েছিল যে পরবর্ত্তীকালে তোমাদের appoint করা হবে। অথচ আজ পর্য্যন্ত তাদেরে appointment দেওয়া হয়নি। গত বৎসর নেওয়া হয়েছে, এবারও নেওয়া হয়েছে কিন্তু কাউকে এখন পর্য্যন্ত appointment দেওয়া হয়নি। সে প্রশ্নটা আমি ছেড়ে দিলাম। এখন

সেই যে Foremanএর কথা বলছিলাম তাকে over time allowance দেওয়া হয়। এখন Foreman overtime allowance পেতে পারে কিনা according to the Financial rules অবশ্য আমি এখন File No. & Date দিচ্ছি না, দিতে আমি পারি। এই সম্পর্কে Factory Inspector objection দিয়েছেন যে foremanকে overtime দেওয়া যায় না, এটা বে-আইন। Finance Deptt. objection দিয়েছে যে foremanকে overtime দেওয়া যায়না। এত objection দেওয়া সত্বেও তাকে overtime allowance দেওয়া হচ্ছে। এটা কি করে সম্ভব হচ্ছে যে Finance Deptt ও Factory Inspector objection দেওয়া সত্বেও foremanকে overtime দেওয়া হচ্ছে। কাজেই এরকম objection দেওয়া সত্বেও Superintendent কি করে তাকে overtime allowance দিচ্ছেন? তাছাড়া Foreman postএ যে লোকটি কাজ করছেন তাকে ঐ postএ appointment দেওয়া চলে না। কারণ সে class iv/v পর্য্যন্ত পড়েছে। class iv/v পর্য্যন্ত পড়া একটা লোককে আমি foremanএর postএ appointment দিয়ে রাখলাম যেখানে Minimum qualification দরকার অন্ততঃ Matriculate. এই রকম অবস্থাই এদেশে চলছে যাহা আইনতঃ মোটেই চলতে পারে না। আমরা এরকমও জানি এই foremanএর মারফতে সমস্ত appointmet দেওয়া হয় এবং এই Supernitendent এখানে join করার পর যত সব appointment দেওয়া হয়েছে সবগুলিই দেওয়া হয়েছে through foreman এবং সম্ভব ক্ষেত্রে কিছু না কিছু আদায় করা হয়েছে। এমন অনেক complain আমি পেয়েছি যে এত টাকা দিয়েছি, এত টাকা চেয়েছে ইত্যাদি। এই গেল অভিযোগের এক দিক।

(Interruption)

আমিত বলেছি আমার allegation আমি প্রমাণ করব, আপনি enquiry commitee করুন তাতে আমি প্রমাণ করব। If I fail to establish my case, then you charge me. On 31. 1. 65 দুই ট্রাক কাগজ আমাদের Press Superintendent এর অফিস থেকে কোন কর্ম্মচারী, কোন অফিসার বা R. I. C. Deptt.এর কেহ নিয়ে গিয়েছে। এখন আমার Govt Press এর এই যে property তা বিনে পয়সায় কাউকে দিতে পারি কিনা? This is the question. There is one sett Brothers in Calcutta, সেখান থেকে Press বহু জিনিষ পত্র কেনে। কিছু দিন আগেও Hand numbering machine কিনে আনা হয়েছে ১২ টা। তার পরেও যেগুলি কেনা হয়েছে সেগুলি sett Bross থেকেই কিনে আনা হয়েছে। আনার পর ঐ গুলি পড়ে আছে কোন কাজে লাগেনা। এই Hand machine গুলির কোন প্রয়োজন ছিল না তবুও সেগুলি কেন কিনে আনলাম? কি উদ্দেশ্য ছিল সেখানে সেটা we must find out. যে জিনিষের প্রয়োজন নাই অথচ সেটা কেন কিনা হল। এ ছাড়া এত type কিনে রাখা হয়েছে সেখানে যেগুলির কোন প্রয়োজন নাই। এখনও গেলে দেখা যাবে যে

heaps of type বাক্স বন্ধ হয়ে পড়ে আছে —কোন কাছে লাগছে না। কিন্তু কেনা হয়েছে, আবার particular একটা firm থেকে কেনা হয়েছে, এটা শুধু আমার পয়সা নয়। Audit এ সম্বন্ধে serious objection দিয়েছে প্রত্যেকটি বছরই objection দিয়ে যাচ্ছে। Without assessment, without stock taking এত মাল কেনা হয় কেন? যদি Audit objection কেউ দেখেন তবে দেখবেন সেখানে serious objection আছে যে এই Press এ কি আছে না আছে তার কোন stock taking করা হয়না। আমার Press এর কি দরকার সে সম্বন্ধে কোন assessment ই করা হয় না। যেমন আমাদের form কি লাগবে, Press material কি লাগবে, type কি লাগবে. furniture কি লাগবে এই সম্পর্কে Audit objection দিয়ে বলেছে যে without any stock taking all the materials have been purchased. এমনও দেখা গেছে যে ৩|৪ মাস আগে type গুলি কিনে নেওয়া হয়েছে। এবং কিনে আনার পর এটাকে regularise করার জন্য একটা Tender call করা হয়। এখন যদি scrutiny করা যায় তবে দেখা যাবে যে purchasing date ও Tender call করার date এর মধ্যে গড়মিল রয়েছে। এমনও হতে পারে যে একই type ও qualityর Bill ২।৩ বার করা হয়েছে, কারণ সেখানে কোন Stock Register নাই। এখানে এমনও হতে পারে যে একই Bill ২।৩ বার payment করা হয়েছে। সন্দেহটা হচ্ছে এই জন্যে যে কোন stock taking সেখানে নাই।

আমাদের Pressএ একটা seniority list আছে কিন্তু promotion দেওয়ার সময় কোন seniority observe করা হয় না। খুসীমত Promotion দেওয়া হয়। এবং appointment দেওয়ার সময় particulars of qualification advertisement এ থাকে। Employment Exchange হয়ত একজন Graduate Candidate এর নাম পাঠালেন কিন্তু সেটা Press Supdt. এর মনোমত হল না, তখন তিনি নাম করে বললেন যে ঐ লোকটা যে Matric পাশ করেছে তার নাম পাঠাও। Employment Exchange থেকে তখন বলা হল যে আপনি চাচ্ছেন Graduate এখন Matriculate এর নাম কি করে পাঠাই? আপনি qualification কমিয়ে দিয়ে চিঠি দিন, তাহলে নাম পাঠাতে পারি। কাজেই এইভাবে এখানে কাজ চলছে।

Mr. Speaker— I call on Honble Deputy Minister Shri Benode Behari Das.

Shri Benode Behari Das, (Deputy Minister.)—মাননীয় অধ্যক্ষ মহোদয়, Demand No. 32র বাজেট বরাদ্দ সম্পর্কে আলোচনা করতে গিয়ে মাননীয় সদস্য যে ছাটাই প্রস্তাব উত্থাপন করেছেন আমি তার বিরোধীতা করছি। প্রথম কথাটা উনি বললেন যে অনেক কিছু ঘটনা আগের বার আমি তুলে ধরেছিলাম এগুলির কোন কিছুই নাকি হয়নি।

এবার নূতন ঘটনা তুলে ধরছেন। নূতন ঘটনা তুলতে গিয়ে এমন কতকগুলি কথাই বলছেন যে এগুলির কোন রকম ভিত্তি নেই। এর প্রমাণ আমি এই মুহূর্ত্তেই দিচ্ছি। প্রথম কথা উনি বলছেন যে casual leave গুলি Januaryতে চাইলে July মাসে সেটা refuse করা হয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের এই যে প্রেস, সেটা হল একটা production Deptt. কাজেই সেই Deptt.এ কেউ যদি leave নেয়, তাকে permision নিতে হয়। এখন সেখানে load of work এত বেশী এবং যারা নাকি employee আছেন,— মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি কথাটা বলছি যে এত বেশী কাজ আছে যে অনেক কর্ম্মচারী হয়ত সেই সময় কাজে আসতে চাইছেন না, সেই জন্যই সেখানে prior permision নিয়ে ছুটি নিতে হয়। এখন সেই কথাটাই উনি বলছেন যে সেখানে refuse করা হল। সারা বছরে মাত্র ১২ দিন casual leave পাওয়া যায়। সেই জায়গায় কেউ নিয়েছেন ১৪ দিন, কেউ নিয়েছেন ১৯ দিন, এখন ১৯ দিন ১৪ দিন নিয়ে চট করে এসে বললেন সেগুলি দিতে হবে—(Interruption from opposition) মাননীয় অধ্যক্ষ মহোদয়, যেখানে C. L. সারা বছরে ১২ দিন দেওয়া হয় সেখানে ১২ দিনত নিয়ে নেনই, এমনকি January মাসেই হয়ত ১৪ দিন নিয়ে বসে আছেন, কাজেই সেই ক্ষেত্রে কি করা হবে? একটা Production Deptt. সেখানে কাজ করতে হবে সেখানে ১২ দিনের জায়গায় ১৪/১৫ দিন, ১৯ দিন নেবে বললেন, যেটা refuse করা যাবে না, এবং Deptt. চলবে না, এইসব বক্তব্য মাননীয় সদস্য এখানে রাখছেন। কাজেই সেইসব বক্তব্যের যে কোন রকম ভিত্তি নেই এই কথাই আমি প্রমাণ করছি, এবং এই ধরণের উক্তি উনারাই করতে পারেন। Compositor সেখানে কিছু নেওয়া হয়েছে, no work no pay basisএ এবং সেটাও Superintendentএর খেয়াল খুশীমত। সেই মাননীয় সদস্যের জ্ঞাতার্থে আমি বলছি যে employment exchange থেকে যাদের নাম পাঠানো হয় সেইসব লোক তাদের মধ্য থেকেই নেওয়া হয়ে থাকে। বাহির থেকে foremanএর খেয়াল খুশীমত, foreman যাকে recommend করবেন তাকেই Superintendent নেবেন একথা ঠিক নয়, কাজেই এরও কোন ভিত্তি নেই। এতক্ষণ আমরা story শুনেছি এখন যাহা বলছি তা সত্য ঘটনা। কাজেই এখন দাঁতে ঘা লাগছে। কাজেই এখন শুনতে অসুবিধা লাগছে। কাজেই মাননীয় অধ্যক্ষ মহোদয়, যে কথাটা বলা হয়েছিল যে formanকে overtime allowance দেওয়া হয় এবং Seeretary, Labour Deptt. থেকে সেখানে objection এসেছে এ কথাটা উনি কোথেকে পেলেন। তবে উনাদের পক্ষে অনেক কিছু বলাই সম্ভব। তবে এটুকু মাননীয় সদস্যের জ্ঞাতার্থে আমি বলছি মাননীয় অধ্যক্ষ মহোদয়, foreman overtime allowance পেতে পারেন এবং কোন রকম objection সেখান থেকে আসে নি। কাজেই তারও কোন ভিত্তি নেই। যে কথার কোন ভিত্তি নেই সেটা নিয়ে গলাবাজি করা যায়, চেঁচামেচি করা যায়, গল্পই করা যায়। কাজেই কাজের কথাটা যখন আসবে তখন একটু অসুবিধা হয় বৈকি? (Interupption) আর enquiary

করার কোন প্রশ্ন আসে না, কোন objection নাই—সেটাত জানিই আমরা। 31/1/65 তারিখে যে দুই গাড়ী form সেই Rehabilitation Deptt নিয়ে নিয়েছে। সেইগুলি উনারা ছাপতে দিয়েছিলেন এবং ছাপানোর পর form ফেরৎ দিয়েছেন, তাতে এমন কি অন্যায় কাজটা করা হল? তাই গোড়াতেই আমি বলেছি যে story আমরা শুনে গেছি যার ভিত্তি মোটেই নাই। Sett Bross. Calcutta থেকে যে মেশিন কিনা হয়েছে তার কোন দরকার ছিল না এবং সব পড়ে আছে এই কথা তিনি বলেছেন। মাননীয় সদস্যের জ্ঞাতার্থে আমি এটাও বলছি, যে প্রেসের extension এর জন্য যে shed তৈয়ার করা হয়েছে সেখানে hand machine দিয়ে কাজ চলছে, তিনি গিয়ে দেখতে পারেন। মাননীয় সদস্য কবে পর্য্যন্ত গিয়েছিলে আমি জানি না, তিনি ৪। ৬ মাস আগেও গিয়েছিলেন কিনা আমার সন্দেহ আছে। তিনি একবার গিয়ে দেখে আসুন ঐ hand machine গুলি কাজ করছে এবং কাজে লাগছে।

Seniority list এখানে রাখা হয় না একথার উত্তর আমি দিয়েছি। Seniority list সেখানে মানা হয়, D. P. C. সেখানে বসানো হয় এবং বসে seniority cum merit এই সমস্ত বিচার করে তারপর তাদের promotion দেওয়া হয়। কাজেই তিনি যা বলেছেন সেগুলি ভিত্তিহীন। কাজেই মাননীয় অধ্যক্ষ মহোদয়, যে কথাগুলি তিনি এতক্ষন তুলে ধরছিলেন সেগুলি ঠিক নয়। ত্রিপুরা রাজ্যে Press এবং Stationary Deptt. যে ভাবে কাজ করছে তাদের যে একটু অগ্রগতি হয়েছে সেটা তুলে ধরেই, আমার বক্তব্য আমি শেষ করব। Year of issue from January to December, 61—Total Imrpession given by the machines হচ্ছে 60, 05,759. New form printed হয়েছিল ২২০৫ আর ১৯৬২ সনে সেখানে ছিল ৬৭,৭৮১৮৬ টি Impression আর New form printed হয়েছিল ২৬৪৯। ১৯৬৩ সালে ৭০, ০৭,২৫৭, Impression দেওয়া হয়েছে আর New form printed হয়েছে ৩,২২৪। ১৯৬৪ তে ছিল ৭৩, ৪৭, ৮০৫ আর form printed হয়েছিল ৩৬৩৮। ১৯৬৫ তে হয়েছে ৭৪ লক্ষের উপর আর New form printed হয়েছে ৩৯৫৭। কাজেই মাননীয় অধ্যক্ষ মহোদয়, ত্রিপুরা রাজ্যের stationary ও printing এর যে অগ্রগতির ইতিহাস সেটা আমি তুলে ধরলাম। আশা করি মাননীয় সদস্য যে ছাটাই প্রস্তাব রেখেছেন, তার যে কোন সারবত্তা নাই—এবং ভিত্তিহীন, তা প্রমাণ করতে আমি সক্ষম হয়েছি। তাই আশা করব যে এই ছাটাই প্রস্তাব তিনি withdraw করবেন এবং যে মূল প্রস্তাব তা সর্ব্বসম্মতিক্রমে গৃহীত হবে।

Mr. speaker—The discussion on Demand for Grant No. 32 is over. I would put the Motion to Vote. First I would put to vote the cut motion. The motion moved by Shri Atiqul Islam. The question is that the Demand

be reduced by Rs. 100/- to discuss on 'mismanagement in the Stationary and Printing Department. As many as are of that opinion will please say 'Ayes'.

Voice—AYES

As many as are of contrary opinion will please say 'Noes'.

Voice—NOES

'Noes' have it. 'Noes' have it. So the Cut Motion is lost.

I would now put the main Motion to vote. The question is that a sum not exceeding Rs. 11, 60, 000/-, [inclusive of the sums specified in column 3 of the Schedule to the Appropriation (Vote on Aceount) Bill 1966], be garnted to defray the charges which will come in course of payment during the year ending on the 31 st day of March, 1967 in respect of Demand No. 32—Stationary and Printing.

As many as are of that opinion will please say 'Ayes'.

Voice—AYES

As many as are of contrary opinion will please say 'Noes'.

No—VOICE

'Ayes' have it. 'Ayes' have it. So the Motion is carried.

Now I would call on the Hon'ble Minister to move his Demand No. 30 31, and 43 together.

-- **Shri M. L. Bhowmik**—Hon'ble Speaker Sir, on the recommendation of the Administrator I beg to move that a sum not exceeding Rs. 6, 57, 000/-, [inclusive of the sums specified in column 3 of the Schedule to the Appropriation

(Vote on Account) Bill 1966], be granted to defray the charges which will come in course of payment during the year ending on the 31st day of March, 1967 in respect of Demand No. 30—pensions and other Retirement Benefits.

Hon'ble Speaker, Sir, on the recommendation of the Adminisṭator I beg move that a sum not exceeding Rs. 2, 61, 000/-, [inclusive of the sums specified in column 3 of the schedule to the Appropriation (Vote on Account) Bill 1666], be granted to defray the charges which will come in course of payment during the year ending on the 31st day of March, 1967 in respect of Demand No. 31—Privy Purses and Allowances of India Rulers.

Hon'ble Speaker, Sir, on the recommendation of the Administrator I beg to move that a sum not exceeding Rs. 4, 000/-, [inclusive of the sums specified in column 3 of the schedule to the Appropriation (Vote on Account) Bill 1966], be granted to defray the charges which will come in course of payment during the year ending on the 31st day of March, 1967 in respect of Demand No 43— Payment of commuted value of pensions :

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি এই তিনটি Demand এ pension & other retirement Benefits, privy purses & allowances, Payment of commuted value of pensions খাতে ব্যয় বরাদ্দের দাবী উত্থাপন করেছি। আশা করি House এগুলি সর্ব্বসম্মতিক্রমে সমর্থন করবে।

Mr. Speaker—There is no cut motion against Demand No. 30. So I would put the Motion to vote. The question is that a sum not exceeding Rs. 6, 57, 000/- [inclusive of the sums specified in column 3 of the schedule to the Appropriation (Vote on Account) Bill 1966], be granted to defray the charges which will come in course of payment during the year ending on the 31st day of March, 1967 in respet of Demand No. 30—Pensions and other retirement Benefiits.

As many as are of that opinion will please say 'Ayes'

(VOICE – AYES)

As many as are of contrary opinion will please say 'Noes'

(NO—VOICE)

'Ayes' have it. 'Ayes' have it. So the Motion is carried.

There is no cut motion against the Demand No. 31. So I put the Motion to vote. The question is that a sum not exceeding Rs. 2, 61, 000/-, [inclusive of the sums specified in column 3 of the shedule to the Appropriation (Vote on Account) Bill 1966], be granted to defray the charges which will come in course of payment during the year ending on the 31st day of March, 1967 in respect of Demand No. 31—privy purses and allowances of India rulers.

As many as are of that opinion will please say 'Ayes'

(Voice—AYES)

As many as are of contrary opinion will please say 'Noes'

(No—VOICE)

'Ayes' have it. 'Ayes' have it. So the motion is carried.

There is no cut motion against the Demand No 43. So I put the motion to the vote. The question is that a sum not exceeding Rs. 4,000/- [inclusive of the sums specified in columnds 3 of the schedule to the Appropriation (Vote on Account) Bill 1966] be granted to defray the charges which will come in course of payment during the year ending on the 31st day of March, 1967 in respect of Demand No. 43— Payments of commuted value of pensions.

As many as are of that opinion will please say 'Ayes'

(voice —'Ayes')

As many as are of contrary opinion will please say 'Noes'

(No—Voice)

'Ayes' have it, 'Ayes' have it.

So the motion is carried.

Next item Private Members' Business (Resolution). Next item in the list of Business is Private Members' Resolution I would call on Shri Monoranjan Nath, M.L.A. to move his Resolution that "This Assembly is of opinion that the Government of Tripura should be moved to undertake expeditiously legislation in respect of Shops and Establishments in Tripura on the line of the latest West Bengal Act incorporating all amendments up to date."

I would now request the Hon'ble Member Shri Monoranjan Nath. to move his resolution.

Shri Monoranjan Nath—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি হাউসের সামনে এই Resolution রাখছি" This house is of opinion that the Government of Tripura should be moved to undertake expeditiously legislation in respect of shopes and Establishment in Tripura on the line of the latest West Bengal Act, incorporating all amendments upto date,

মাননীয় অধ্যক্ষ মহোদয়, ত্রিপুরায় আমাদের West Bengal Shope & Establishment Act ১৯৫৩ ইং সালে sextend করা হয় এবং Agartala Municipality অঞ্চলে তাহার effect দেওয়া হয়। এই যে West Bengal এর Act তাহা সেখানে পরিবর্তন করে West Bengal Shops & Establishment Act, 1963 হয়েছে কিন্তু এখানে ১৯৪০ সালের যে Act তাহাই রয়ে গেছে। তাই আমি এই হাউসের সামনে এই প্রস্তাব রাখছি যে ত্রিপুরার অবস্থা বিবেচনা করে তার পরিপ্রেক্ষিতে West Bengal Shops & Establishment যে Act সেই রকম একটা Act এখানে চালু করা হউক। আমরা দেখেছি ১৯৪০ সালের যে Act সেই Act এর তুলনায় ১৯৬৩ সালের যে Act তার সঙ্গে অনেক প্রভেদ আছে যেমন holiday, hour of works, leave ইত্যাদি। ১৯৪০ সালের আইনের তুলনায় ১৯৬৩ সালের আইনে অনেক ভালরকম সুবিধা দেওয়া হয়েছে এবং

যে সমস্ত দোকানদার এই আইন ভঙ্গ করে তাদের penalty দিবারও ব্যবস্থা আছে। দোকান কর্ম্মচারীদের সুখ সুবিধার জন্য আমি হাউসের সামনে এই প্রস্তাব রাখছি। আশাকরি হাউস ইহা সর্ব্বসম্মতিক্রমে গ্রহণ করবেন।

Mr. Speaker—I now call on Honbl'e Member Atiqul Islam.

Shri Atiqul Islam—মাননীয় স্পীকার স্যার, অবশ্য এই একটা বিল আমি প্রথমে এই সেসনে এনেছিলাম। তিনি এখানে প্রস্তাব করেছেন যে পশ্চিম বঙ্গের দোকান সংস্থা আইন যেটা সর্বশেষ চালু করা হয়েছে সেটা এখানে extend করা হউক। কিন্তু ঐ আইনের কি সুবিধা, অসুবিধা সেই সম্পর্কে মাননীয় সদস্য বিশেষ কিছু আলোকপাত করতে পারেন নি। আমি আগে যা বলেছিলাম, শুনে শুনে তারই কিছুটা তিনি বললেন, কারণ নুতন কোন কিছুই শুনলাম না। কাজেই যে বিল আমি আনলাম, সেইটা বাতিল করে দিয়ে, শ্রীমনোরঞ্জন নাথ মহাশয়ের মাধ্যমে আর একটা প্রস্তাব এনে একটা বাহবা নিবার চেষ্টা করা হল। এই প্রস্তাব সমর্থনে আমাদের বিশেষ কিছু আপত্তি নেই, কিন্তু দলীয় মনোভাব যে কত প্রকট তাহা আমি দাঁড়িয়ে দেখছি। যে প্রস্তাব opposition থেকে আনা হল তাহা পাশ করা যায় না, কাজেই ঘুরিয়ে পাশ করাতে হবে। অন্ততঃ আমার সার্থকতাটা এইটুকু যে, আমি যে বিল এনেছিলাম তাহা সরকার পক্ষে চেতনা জাগিয়েছে এবং তারা বুঝতে পেরেছে যে এই বিল আনা দরকার। এতটুকু চেতনা যে জাগাতে পেরেছি, সেইটাই আমাদের সার্থকতা। যেমন নাকি, পঞ্চায়েত সম্পর্কে যে বিলটা আমরা আনলাম তখন ঐটা বাতিল করে পালটা একটা প্রস্তাব তারা আনলেন। কাজেই অনেক অভিনয়ই তারা করছেন। কথা ছিল যে স্ত্রীশ্চরিত্রম দেবানা জানন্তি কুতো মানবাঃ—কাজেই কংগ্রেস মন্ত্রীর চরিত্র বুঝা বড় মুস্কিল। যাহোক, যে প্রস্তাব এখানে আনা হয়েছে সেটা কার্য্যকরী হউক তাহাই আমরা চাই। তাতে কর্ম্মচারী অনেক রকম সুখ-সুবিধা পাবে। তবে পশ্চিমবঙ্গের আইনটা এখানে extend না করে, আমরা চাই যে নিজেরা একটা আইন এখানে চালু করি। যখন নাকি এসেম্বলী ছিল না, তখন হয়ত অন্য কোন উপায় ছিল না, কাজেই পশ্চিমবঙ্গের আইন extend করত, কিন্তু এখন যখন Assembly হয়েছে তখন ঐ রকম আইন আমাদের নিজেরাই করা দরকার। আজকে যদি ঐ আইন এখানে extend করা হয় তাহলে এই Houseএর প্রতি অমর্য্যাদা দেখানো হয়, কারণ অনেকে ভাবে যে এখানে যারা আছে, তারা একটা আইন তৈয়ার করতে পারে না। কাজেই আমরা চাই যে West Bengalএর যে আইন সেটা এখানে চালু না করে, ঐ আইনের যেটা ভাল, তাকে নিয়ে আমরা একটা আইন চালু করি। কাজে ঐভাবে প্রস্তাবটা যদি নেওয়া হয় তবে খুব ভাল। আমি আশা করি এই

spirit নিয়েই করা হবে। এই হাউসে আমরা কয়েকটি Important Resolution নিয়েছে, একটা পঞ্চায়েৎ এবং একটা on Forest Reserve এবং আজকের এইটা। তিনটা Resolution যেগুলি আমরা নিয়েছি সেগুলি অত্যন্ত Important; কাজেই সেগুলি যাতে Imediately implement ও execute করা হয়, তাহলে আমরা খুব খুসী হব। আর যদি দেখি যে না এইগুলি একটা stunt প্রতীক হিসাবে নেওয়া হয়েছে, only election stunt, তাহলে আমরা অত্যন্ত ব্যথিত হব. এবং publicও এটা সুচক্ষে দেখবেন না। কাজেই আমি আশা করি যে এই হাউস adjourn হওয়ার পর থেকেই এই Houseএ আমরা যে কয়টা Resolution নিয়েছি তা বাস্তবে রূপ দেওয়ার চেষ্টা মন্ত্রীরা করবেন, তাহলেই এই প্রস্তাবের সার্থকতা থাকবে।

Mr. Speaker—Is there any hon'ble member to take part in this resolution ?

Now, I request the mover of the Resolution to give reply please.

Shri Monoranjan Nath—মাননীয় অধ্যক্ষ মহোদয়, বিরোধী পক্ষের সদস্য এমন কোন point উত্থাপন করেন নাই, যার উত্তর দিতে হবে, তবে কয়েকটি কথার জবাব আমি দেবার চেষ্টা করব। তিনি বলেছেন যে West Bengal, কোন Provision বা অন্য কোন Stateএর Act যাতে এখানে না আসে—এই কথাটার উত্তর দিতে আমি চেষ্টা করব। আমাদের ভারতের নীতিই হল যে ভাল জিনিষ সেটা যে কোন দেশেরই হউক না কেন তা আমরা গ্রহণ করব, খারাপ জিনিষ বর্জ্জন করব। আমাদের constitution যদি বিরোধী পক্ষের সদস্য দেখে থাকেন তাহলে দেখবেন যে England, Canada, America প্রভৃতি বিভিন্ন দেশের বিভিন্ন constitution থেকে যা ভাল তা আমরা গ্রহণ করেছি, সুতরাং Bombayএর একটা Act এখানে extend করা যাবে না এই কথা হতে পারে না। যে সংবিধান নিয়ে আমরা চলছি সেই সংবিধানেই আছে যে বিভিন্ন দেশ থেকে, Foreign থেকে বিভিন্ন constitution এর অংশ আমরা গ্রহণ করেছি। সুতরাং সে প্রশ্ন আসতে পারে না। সুতরাং তাঁর যে কথা Bengal, Bihar এবং Assam এর কোন Act এখানে আসতে পারবে না এ কথার কি উদ্দেশ্য বা যুক্তি থাকতে পারে আমি তা বুঝতে পারছি না। সুতরাং আমি এই সমস্ত যুক্তিহীন কথা সমর্থন করতে পারছি না। এবং তিনি যে সন্দেহ প্রকাশ করছেন যে আমরা এই যে resolution নিচ্ছি তা কার্য্যকরী হবে কি না তার কারণ আমি বুঝতে পারছি না। তিনি এমন কি একটা কিছু পেলেন যে resolution নেওয়া হয়েছে বা হয় নাই এমন সন্দেহ প্রকাশ করার কি কারণ থাকতে

পারে তাও আমি বুঝতে পারছি না। সুতরাং তিনি এমন কোন point উত্থাপন করেন নাই যে reply দিতে হবে। কাজেই এখানে আমি আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker— The discussion is over I now put the motion to vote. The question before the House is that "This Assembly is of opinion that the Government of Tripura should be moved to undertake expeditiously legislation in respect of Shops and Establishments in Tripura on the line of the latest West Bengal Act incorporating all amendments upto date.

As many as are of that opinion will please say 'Ayes'

Voices – AYES

As many as are of contrary opinion will please say 'Noes'

No—VOICE

'Ayes' have it. 'Ayes' have it.

So the resolution is carried. The House stands adjourned till 11 a,m. on Monday. the 11th April, 1966.

APPENDIX "A'

PAPERS LAID ON THE TABLE

UNSTARRED QUESTION No. 361
by **Sri Nripendra Chakraborty**, M.L.A.

QUESTION	ANSWER
1. Total number of Jeep, cars and other type of motor vehicles under each Deptt. of the Govt.	
2. total amount of money spent in each Deptt. for repair aud running of these jeeps, cars and other vehicles during 1964-65 and 1965-66.	A Statement is laid on Table.
3. Whether the amount is on the increase :	
4. if so, steps taken to reduce the oost of running and repair of these vehicles ?	

DETAILED STATEMENT OF THE JEEPS, CARS AND OTHER VEHICLES OWNED BY VARIOUS DEPARTMENTS & EXPENDITURE INCURRED THEREON RELATING TO UNSTARRED QUESTION NO. 361

Sl. No.	Name of Deptt.	Total No of Jeep, Cars & other vehicles.	1964—65 Repairing	1964—65 Running	1965—66 Repairing	1965—66 Running	Whether the amount is on the increase	If so, steps taken to reduce the cost of running and repair of these vehichles.
1	2	3	4	5	6	7	8	9
1.	Office of the Addle. Dist. Magistrate. (Food Section)	Jeep—1 Truck—2	416,25	2,539·38	87,20·00	4,414·11	Expenditure on running has increased.	During 1965-66 2 (two) new trucks were put into operation and as such there has been increase in expenditure for running.
2.	D. M. & Collector (Nazarat Sec.)	Jeep—10 Station Wagon—1 (1964—65) Jeep—16 Station Wagon—1 (1965—66)	7,307·61	19,933·10	8,712·34	15,992·10 (upto Dec. 65)	Expenditure on repairs has increased as the old Jeeps require repairs every now and then due to use in the hilly areas.	Every attempt is being made to reduce the expenditure by coordinating tours of officers. Steps are also being taken to replace the old jeeps by new ones.
3.	Office of the Registrar Co-operative Societies.	Jeep—1	1,996·96	1,591·57	3,988·00	2,018·10 (upto Dec.65)	Yes.	Increase in expending is unavoidable as extensive tours are required to be

1	2	3	4	5	6	7	8	9
								made for implementation of the Plan Scheme, Govt. polices and constant supervision of the Co-operatives in the interior to put the Coop. Movement on right footing. However, strict restrictions have been imposed in the matter of using jeeps, with a view to reducing expenditure.
4.	Rehabilitation Department.	Jeep—2	6,513·37	8,891·20	5,290·72	5,668·64	No.	Does not arise.
5.	Office of the Addl. Dist. Magistrate & Collector (Tribal) Welfare Section)	Jeep—1 (purchased on 18. 1. 66)	—	—	—	30 ·00	Only one jeep purchased on 18. 1. 66. So question of increase in expenditure does not arise at this stage.	Does not arise.
6.	Office of the Public Relation Officer.	Jeep—5 Van—3	5,203 ·12	16,946 ·63	7,103 ·10	26,509 ·79 (upto Jan. 66)	Yes	Mass contact has to be made frequently in the existing emergency. Moreover old vehicles

1	2	3	4	5	6	7	8	9
								require frequent repairing. Attempts are however made to effect as much economy in expenditure as possible consistant with efficiency of the work
7.	Officer of the Director of Fire Service	Jeep—3 Water Tender—2 Jeep Fire Engine—1 Trailor Pump—3	1,830.00	7,555.00	1,472.00	3,314.00	NO.	Does not arise
8.	Legislative Assembly Secretariat	Jeep Van—1	631.39	285.61	694.13	1,957.57	YES	All possible steps are being taken to reduce the expenditure
9.	Office of the Settlement Officer	Jeep—5 Pickup Van—1	12,141.87	16,016.76	7,365.88	10,854.55	NO.	Does not arise
10.	Agartala Municipality	Jeep—2 Other Vans—9	7,684.60	30,352.00	4,539.00	24,374.00	NO.	Does not arise

1	2	3	4	5	6	7	8	9
11.	Statistical Deptt.	Jeep—1	1,154.71	3,502.37	37,82.17	3,982.09	YES	There is a very old jeep which requires frequent repairing Steps have already been taken to reduce the use of Jeep with a view to reducing expenditure
12.	Office of the Animal Husbandry Officer	Jeep—7	7,880.94	14,409.05	7,774.92	14,440.27	Sight increasel in expenditure on running.	Departmental Officers, staff have been instructed to minimise the use of the vehicles consistent with necessity and also to maintain vehicles preperly in order to reduce expenses on repairs etc.
13.	Office of the Controller of Supplies. Calcutta.	Ambasador—2	843.00	2,107.00	1,561.07	2,242.42	Increase is due to purchase of a new car during 1965-66 Moreover an old car met with 2 (two) major accidents during 1965-66	As a new car has been purchased expenditure on repairing and running the old car will be less.

1	2	3	4	5	6	7	8	9
14.	Office of the Supdt. of Police (Special Branch).	Jeep—29 Power Wagon—4 Three Ton Truck—8 Prisoner Van—2	57,475.54	31,819.72	8,232.90	29,262.10	No	Does not arise
15.	Office of the Dairy Development officer.	Jeep—1 Vans—2 Truck—1	15,640.20	15,996.93	12,314.58	21,917.41	Increase in expenditure on running.	As the vehicles are old, expenditure on running increases. Steps are taken to use the vehicle only for unavoidable purposes of the Department.
16.	Director of Industries.	Jeep—8 Van—3 Truck—1	38,588.45	23,350.81	16,845.13	11,693.92	No	Doesnot aris
17.	Medical & Public Health Department.	Jeep—37	51,706.00	78,863.00	42,111.00	84,541·00 (upto Jan. 66	Expenditure on ruuning has increased.	Seps are taken to use vehicle only in unavoidable circumnstances

1	2	3	4	5	6	7	8	8
18.	Secretariate Administraton Department.	Car—1 Jecps—3 Van—3	3,012.40	3,873.34	2,276.68	3,498.64	No	Does not arise
19.	Dsrector of Panchayat Raj.	Jeep—1	1,800.00	1,670.00	1,000.00	390.00	No	Does not arise
20.	L. S. G. Deprtment.	Jeep—1	—	—	—	380.60 (upto 28.1.66)	No	Does not arise
21.	Office of the Chief Forest Officer.	Jeep—9	16,516.82	17,581.32	8,140.32	13,104.66	No	Does not arise
22.	Education Department	Jeep—11 Other Vehicles—15	43,973.23	58,546.27	23,316.91	43,108.76	No.	Does not arise

1	2	3	4	5	6	7	8	9
23.	Addl. Dist. Magistrate & Collector (C.D. Section)	Jeep— 15	1,00,281.00	36,500.00	15,445.16	34,634.80	No.	Does not arise.
24.	Public works Department.	Jeep— 53 Oter type Vehicles—45	84,615.00	2,68,775.00	63,200.00	1,83,755.00	No.	Does not arise.

UNSTARRED QUESTION NO. 829
by **Shri Nripendra Chakraborty**, M. L. A.

Question	Reply
1. Whether the Govt. has made any survey of the indebtedness of the Government employees and of the class iv employees in particular.	No.
2. Whether the Govt. has nny knowledge of such indebtedness ;	No.
3. if so. whether Govt. has any scheme to give them relief in matters of indebtedness ,	Does not arise.
4, if so, details of that scheme ?	Does not arise.

UNSTARRED QUESTION NO. 930
by **Shri Nishi Kanta Sarkar,** M.L.A.

QUESTION	REPLY
১। ট্রাইবেল ওয়েলফেয়ার বিভাগ হইতে উদয়পুরে কোন রাস্তা হইয়াছে কি না ;	হাঁ
২। হইয়া থাকিলে কোন্ কোন্ স্থানে হইয়াছে এবং সংস্কার কার্য্য হইয়াছে কি না ?	১। মীরজা হইতে রাণীকিল্লা। ২। রাণী কিল্লা কলোনীর সংযোগ রাস্তা। ৩। তুইনানী হইতে হাচুপাড়া। ৪। মহারাণী বাজার হইতে হাতীছড়া। ৫। উদয়পুর হইতে পিত্রা এবং পবিত্র রায় বাড়ী হইয়া নোয়াবাড়ী। ৬। রাজনগর হইতে গকুলপুর। ৭। শ্রীকান্তবাড়ী হইতে জলাইয়া। ৮। শ্রীকান্ত বাড়ী হইতে উদয়পুর সাক্রম রাস্তা। (৫ম ও ষষ্ঠ রাস্তাদ্বয়ের কাজ এখনও সমাপ্ত হয় নাই) উপরোক্ত রাস্তাগুলির সংস্কার বা মেরামতের প্রয়োজন হয় নাই।

Printed by the Superintendent, Government Printing,
Tripura Government Press, Agartala, Tripura.